পশ্যেৎ নার্জ্জয়েৎ। যচ্চ কেবলম্ আদ্যং পরং ব্রহ্ম, পঞ্চবিংশং জীবব্রহ্ম, অকেবলং পরস্পরসংসৃষ্টম্, পরঞ্চ প্রকৃত্যাদিজড়বৃন্দঞ্চ বর্ত্ততে; তদপি যো ন পশ্যেৎ, স পুনঃ পুনরাবর্ত্তত এবেতি শেষঃ ॥৮২॥

তথ্যমিতি। ক্ষেম্যং সর্ব্বথা ক্ষেমজনকম্, দৈবতাদ্যং দেবেভ্যোঽপি পূর্ব্ববর্ত্তি পরং ব্রহ্ম। স্বস্তি মঙ্গলম্। বুদ্ধ্যা তত্ত্বজ্ঞানেন, তে মনশ্চ সদা বুদ্ধিযুক্তম্ তত্ত্বজ্ঞানান্বিতমস্তু ॥৮৩॥

এবমিতি। মহাত্মা স বিশ্বাবসুঃ। ময়া পরয়া তুষ্ট্যা দৃষ্টঃ সন্, মাম্ অভিবাদ্য মম প্রদক্ষিণঞ্চ কৃত্বা, শ্রীমতা সুন্দরেণ দর্শনেন, বিভ্রাজন্ বিরাজন্ সন্, এবমুক্ত্বা, দিবং স্বর্গং সংপ্রয়াতঃ ॥৮৪॥

ভারতভাবদীপঃ

॥৭৮॥ তেনেতি সার্দ্ধশ্লোকো ব্যাখ্যাতঃ ॥৭৯—৮০॥ অপ্রতিবুদ্ধঃ প্রধানম্, বুধ্যমানো জীবঃ, বুদ্ধো ব্রহ্ম ॥৮১॥ ধীফলমাহ—পশ্যেতি। পশ্যং দ্রষ্টারম্, অপশ্যং দৃশ্যম্, ক্ষেম্যং ক্ষেমায় সাধু, তত্ত্বং দৃগ্দৃশ্যয়োরন্যত্বঞ্চ নির্ব্বিকল্পকতয়া যো ন পশ্যেৎ স এব কেবলং সাক্ষ্যেণাপি নির্ম্মুক্তম-কেবলং সাক্ষিরূপং পঞ্চবিংশং চিদাভাসরূপম্, আদ্যং জগৎকারণং, পরং মহদাদিকার্য্যম্। অনেন "য এবং বেদাহং ব্রহ্মাস্মীতি স ইদং সর্ব্বং ভবতী"তি শ্রুতৌ ব্রহ্মপদেন নির্ব্বিশেষং সর্ব্বপদেন

কশ্যপনন্দন! যে লোক জীবাত্মা ও প্রকৃত্যাদি জড়বর্গকে পৃথক্‌রূপে না জানে এবং মঙ্গলজনক তত্ত্বজ্ঞান অর্জ্জন করিতে না পারে, আর যাহা কেবল অর্থাৎ অন্যাসংসৃষ্ট পরমাত্মা ও জীবাত্মা এবং অকেবল অন্যান্যসংসৃষ্ট প্রকৃত্যাদি জড়বর্গ রহিয়াছে, সে সমস্তও পৃথক্ পৃথক্‌রূপে না বোঝে, সে লোকের বার বার সংসারে আগমন অবশ্যই হইয়া থাকে' ॥৮২॥

বিশ্বাবসু বলিলেন—'প্রভু! তত্ত্বজ্ঞানী ব্রাহ্মণ! আপনি এই সত্য, শুভ ও সমীচীনভাবে মুক্তিজনক পরব্রহ্মের কথা যথাযথভাবে বলিলেন—আপনি সর্ব্বদা তত্ত্বজ্ঞানযুক্ত বলিয়া আপনার অক্ষয় মঙ্গল হউক এবং আপনার মন সর্ব্বদা তত্ত্বজ্ঞানযুক্ত থাকুক' ॥৮৩॥

যাজ্ঞবল্ক্য বলিলেন—'তাহার পর আমি পরম সন্তোষের সহিত সেই গন্ধর্ব্বরাজের প্রতি দৃষ্টিপাত করিলাম; তখন সেই মহাত্মা গন্ধর্ব্বরাজ আমাকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া সুন্দরদর্শনে প্রকাশ পাইতে থাকিয়াও এইরূপ বলিয়া স্বর্গে প্রস্থান করিলেন—॥৮৪॥

ব্রহ্মাদীনাং খেচরাণাং ক্ষিতৌ চ যে চাধস্তাৎ সংবসন্তে নরেন্দ্র ! ।
তত্রৈব তদ্দর্শনং দর্শয়ন্ বৈ সম্যক্ ক্ষেম্যং যে পথং সংশ্রিতা বৈ ॥৮৫॥
সাংখ্যাঃ সর্ব্বে সাংখ্যধর্ম্মে রতাশ্চ তদ্বদ্‌যোগা যোগধর্ম্মে রতাশ্চ।
যে চাপ্যন্যে মোক্ষকামা মনুষ্যাস্তেষামেতদ্দর্শনং জ্ঞানদৃষ্টম্ ॥৮৬॥
জ্ঞানান্মোক্ষো জায়তে রাজসিংহ ! নাস্ত্যজ্ঞানাদেবমাহুর্নরেন্দ্র ! ।
তস্মাজ্‌জ্ঞানং তত্ত্বতোঽন্বেষিতব্যং যেনাত্মানং মোক্ষয়েজ্জন্মমৃত্যোঃ ॥৮৭॥
প্রাপ্য জ্ঞানং ব্রাহ্মণাৎ ক্ষত্রিয়াদ্বা বৈশ্যাচ্ছূদ্রাদপি নীচাদভীক্ষ্ণম্।
শ্রদ্ধাতব্যং শ্রদ্দধানেন নিত্যং ন শ্রদ্ধিনং জন্মমৃত্যূ বিশেতাম্ ॥৮৮॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। হে নরেন্দ্র ! মিথিলারাজ ! যে ক্ষিতৌ, অধস্তাৎ পাতালে চ সংবসন্তে তিষ্ঠন্তি তেষাং সমীপ ইতি শেষঃ, তথা ব্রহ্মাদীনাং খেচরাণাং দেবানাঞ্চ সমীপে, যে চ সম্যক্, ক্ষেম্যং মঙ্গলজনকং পথং মুক্তিমার্গং সংশ্রিতাঃ, তেষাং সমীপে চ তৎ দর্শনং সাংখ্যজ্ঞানম্, তত্র তদানীমেব দর্শয়ন্ প্রকাশয়ন্নাসীৎ বিশ্বাবসুরিতি শেষঃ ॥৮৫॥

সাংখ্যা ইতি। সাংখ্যাঃ সাংখ্যমতাবলম্বিনঃ। এবং যোগা অপি। এতদ্দর্শনং সাংখ্যযোগদর্শনজ্ঞানফলম্ জ্ঞানেন প্রত্যক্ষেণৈব দৃষ্টম্ ॥৮৬॥

জ্ঞানাদিতি। অজ্ঞানাৎ নাস্তি মোক্ষো ন ভবতি। আহুর্নয়ঃ ॥৮৭॥

প্রাপ্যেতি। "নীচাদপ্যুত্তমাং বিদ্যাম্" ইতি ন্যায়েনেতি ভাবঃ। নীচাচ্চাণ্ডালাদেরপি। অভীক্ষ্ণং সর্ব্বদা, শ্রদ্ধাতব্যম্ এতজ্‌জ্ঞানং মোক্ষজনকতয়া বিশ্বসিতব্যম্। জন্মমৃত্যূ শ্রদ্ধিনং জ্ঞানাভ্যাসে বিশ্বাসবন্তম্। "ইন্নেকস্বরাদতঃ" ইতি শ্রদ্ধাশব্দাদিন্, অতঃ অবর্ণাদিত্যর্থঃ। বিশেতাম্ আশ্রয়েতাম্ ॥৮৮॥

নরনাথ মিথিলাপতি ! যাঁহারা পৃথিবীতে ও পাতালে বাস করেন এবং যাঁহারা সম্যক্ মুক্তিমার্গ আশ্রয় করিয়াছেন, তাঁহাদের নিকটে এবং ব্রহ্মাদিদেবগণের নিকটে তখনই যাইয়া তিনি সেই সকল সাংখ্যদর্শনোক্ত জ্ঞানের কথা প্রকাশ করিয়াছিলেন ॥৮৫॥

সাংখ্যমতাবলম্বী সকলেই সাংখ্যধর্ম্মাচরণে ব্যাপৃত থাকেন এবং সেইরূপ যোগমতাবলম্বীরাও যোগধর্ম্মাচরণে নিরত রহেন। অন্য যে সকল মানুষ মোক্ষকামনা করে, তাহাদেরও এই দুইটী দর্শনানুসারী জ্ঞানের ফল প্রত্যক্ষ দেখা যায় ॥৮৬॥

নরনাথ রাজশ্রেষ্ঠ ! মুনিরা এইরূপ বলেন যে তত্ত্বজ্ঞান হইতেই মুক্তি হয় ; কিন্তু অজ্ঞান হইতে মুক্তি হয় না ; অতএব যথার্থভাবে সেই জ্ঞানের অন্বেষণ করিতে হইবে ; যে জ্ঞানদ্বারা মানুষ আপনাকে জন্ম ও মৃত্যু হইতে মুক্ত করিতে পারে ॥৮৭॥

সর্ব্বে বর্ণা ব্রাহ্মণা ব্রহ্মজাশ্চ সর্ব্বে নিত্যং ব্যাহরন্তে চ ব্রহ্ম।
তত্ত্বং শাস্ত্রং ব্রহ্মবুদ্ধ্যা ব্রবীমি সর্ব্বং বিশ্বং ব্রহ্ম চৈতৎ সমস্তম্ ॥৮৯॥
ব্রহ্মাস্যতো ব্রাহ্মণাঃ সংপ্রসূতা বাহুভ্যাং বৈ ক্ষত্রিয়াঃ সংপ্রসূতাঃ।
নাভ্যাং বৈশ্যাঃ পাদতশ্চাপি শূদ্রাঃ সর্ব্বে বর্ণা নান্যথা বেদিতব্যাঃ ॥৯০॥
অজ্ঞানতঃ কর্ম্মযোনিং ভজন্তে তাং তাং রাজংস্তে যথা যান্ত্যভাবম্।
তথা বর্ণা জ্ঞানহীনাঃ পতন্তে ঘোরাদজ্ঞানাৎ প্রাকৃতং যোনিজালম্ ॥৯১॥
তস্মাজ্‌জ্ঞানং সর্ব্বতো মার্গিতব্যং সর্বত্রস্থং চৈতদুক্তং ময়া তে।
তৎস্থো ব্রহ্মা তস্থিবাংশ্চাপরো যস্তস্মৈ নিত্যং মোক্ষমাহুর্নরেন্দ্র ॥৯২॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। ব্রহ্মজা ব্রাহ্মণাজ্জাতাঃ, সর্ব্বএব বর্ণা ব্রাহ্মণা এব ভবন্তি, অতস্তে সর্ব্বে নিত্যং ব্রহ্ম পরমাত্মানং ব্যাহরন্তে ব্রুবন্তি। তত্ত্বং যথাযথম্ ॥৮৯॥

ব্রহ্মেতি। ব্রহ্মণো হিরণ্যগর্ভস্য আস্যামুখাৎ, সংপ্রসূতা জাতাঃ। নাভ্যাং নাভিনীচাদূরুদ্বয়াৎ "উরূ তদস্য যদ্বৈশ্যঃ" ইতি শ্রুতেঃ ॥৯০॥

অজ্ঞানত ইতি। কর্ম্মযোনিং স্বস্বকর্ম্মানুরূপাং জাতিম্। অভাবং নাশম্। পতন্তে গচ্ছন্তি, প্রাকৃতং প্রকৃতিজনিতম্ ॥৯১॥

ভারতভাবদীপঃ

কেবলাদিকঞ্চ গ্রাহ্যমিতি দর্শিতম্ ॥৮২॥ ক্ষেম্যং মোক্ষায় হিতং দৈবতাগ্র্যং ব্রহ্ম ॥৮৩—৮৪॥ দর্শনং শাস্ত্রং, দর্শয়ন্নদর্শয়ন্, পথঃ পন্থানম্ ॥৮৫॥ জ্ঞানদৃষ্টং প্রত্যক্ষফলমিত্যর্থঃ ॥৮৬—৮৭॥ শ্রদ্দিনং

শ্রদ্ধাবান্ মানুষ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র কিংবা নীচ জাতি হইতেও জ্ঞান লাভ করিয়া সর্ব্বদা তাহার উপরে শ্রদ্ধা পোষণ করিবে। কারণ, সেইরূপ শ্রদ্ধাশীল লোকের জন্ম ও মৃত্যু হয় না ॥৮৮॥

ব্রাহ্মণ হইতে উৎপন্ন সমস্ত বর্ণই ব্রাহ্মণ হয়; সুতরাং তাঁহারা সকলেই ব্রহ্ম বলিতে পারেন। আমি ব্রহ্মজ্ঞান অনুসারে যথার্থ শাস্ত্র বলিতেছি—এই সমগ্র জগৎ কিংবা এই দৃশ্যমান বস্তু সকলই ব্রহ্ম ॥৮৯॥

ব্রহ্মার মুখ হইতে ব্রাহ্মণ, বাহুযুগল হইতে ক্ষত্রিয়, উরুদ্বয় হইতে বৈশ্য এবং পাদযুগল হইতে শূদ্র জন্মিয়াছেন। অতএব সমস্ত বর্ণকেই ব্রহ্মা হইতে উৎপন্ন বলিয়া জানিবে, কিন্তু অন্য প্রকার নহে ॥৯০॥

রাজা! মনুষ্যগণ অজ্ঞানবশতই কর্ম্মজনিত সেই সেই জাতি প্রাপ্ত হয় এবং তাহারা মৃত্যুমুখে পতিত হইয়া থাকে। জ্ঞানহীন লোকেরা ভয়ঙ্কর অজ্ঞানবশতঃ প্রকৃতিজনিত নানা যোনিতে পতিত হয় ॥৯১॥

যত্তে পৃষ্টং ত্বয়া চোপদিষ্টং যাথাতথ্যং তদ্বিশোকো ভবস্ব।
রাজন্! গচ্ছস্বৈতদর্থস্য পারং সম্যক্ প্রোক্তং স্বস্তি তেঽস্ত্ত নিত্যম্ ॥৯৩॥

ভীষ্ম উবাচ।

স এবমনুশাস্তস্তু যাজ্ঞবল্ক্যেন ধীমতা।
প্রীতিমানভবদ্রাজা মিথিলাধিপতিস্তদা ॥৯৪॥
গতে মুনিবরে তস্মিন্ কৃতে চাপি প্রদক্ষিণম্।
দৈবরাতির্নরপতিরাসীনস্তত্র মোক্ষবিৎ ॥৯৫॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। সর্ব্বত্রস্থং সর্ব্বেষু বর্ণেষু স্থিতম্। তস্মিন্ জ্ঞানে তিষ্ঠতীতি তস্থঃ, ব্রহ্মা ব্রাহ্মণঃ, অপরো যঃ ক্ষত্রিয়াদিঃ, সোঽপি তস্মিন্ জ্ঞানে তস্থিবান্। অতএব তস্মৈ জ্ঞানায় যতিতব্যমিতি শেষঃ। তস্মাৎ জ্ঞানাচ্চ নিত্যম্ মোক্ষম্ আহুঃ ॥৯২॥

যদিতি। তে ত্বয়া। এতদর্থস্য তত্ত্বজ্ঞানস্য ॥৯৩॥

স ইতি। অনুশাস্ত উপদিষ্টঃ ॥৯৪॥

গত ইতি। দেবরাতস্যাপত্যং দৈবরাতিঃ ॥৯৫॥

ভারতভাবদীপঃ

শ্রদ্ধাবন্তম্, আদদ্যাদপি মন্থর্থীয় ইনিঃ ॥৮৮—৯২॥ সর্ব্বত্রস্থং সর্ববর্ণগতং ; তৎস্থো জ্ঞাননিষ্ঠো যঃ স এব ব্রহ্মা ব্রাহ্মণঃ, অপরঃ ক্ষত্রিয়াদিরপি তস্থিবান্ তস্থৌ জ্ঞানে ইতি শেষঃ। তস্মৈ তদর্থং

অতএব নরনাথ! সর্ব্ববর্ণগত তত্ত্বজ্ঞানের অন্বেষণ সর্ব্বপ্রকারে করিতে হইবে, ইহা আমি আপনার নিকট বলিলাম। ব্রাহ্মণগণ সেই তত্ত্বজ্ঞানবশতই স্বপদে রহিয়াছেন এবং অন্য যে সকল বর্ণ আছে, তাহারাও সেই তত্ত্বজ্ঞানে অবস্থান করে ; অতএব সর্ব্বদাই সেই তত্ত্বজ্ঞান লাভের জন্য যত্ন করিবে। কারণ, মুনিরা মুক্তিকে তত্ত্বজ্ঞানেরই ফল বলেন ॥৯২॥

রাজা! আপনি যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, আমি তাহা যথাযথভাবে বলিলাম, অতএব আপনি শোকবিহীন হউন এবং এই তত্ত্বজ্ঞানের পারে গমন করুন। আমি আপনাকে সমীচীন কথাই বলিয়াছি, সর্ব্বদাই আপনার মঙ্গল হউক' ॥৯৩॥

ভীষ্ম বলিলেন—'জ্ঞানী যাজ্ঞবল্ক্য এইরূপ উপদেশ দিলে, তখন মিথিলাধিপতি রাজা জনক সন্তুষ্ট হইলেন ॥৯৪॥

জনকরাজা প্রদক্ষিণ করিলে, মুনিশ্রেষ্ঠ যাজ্ঞবল্ক্য তথা হইতে চলিয়া গেলেন।

---

(৯৩) তদ্বিশোকো ভবস্ব—বিনি।

গোকোটিং স্পর্শয়ামাস হিরণ্যস্য তথৈব চ।
রত্নাঞ্জলিমথৈকৈকং ব্রাহ্মণেভ্যো দদৌ তদা ॥৯৬॥
বিদেহরাজ্যঞ্চ তদা প্রতিষ্ঠাপ্য সুতস্য বৈ।
যতিধর্ম্মমুপাসংশ্চাপ্যবসন্মিথিলাধিপঃ ॥৯৭॥
সাংখ্যজ্ঞানমধীয়ানো যোগশাস্ত্রঞ্চ কৃৎস্নশঃ।
ধর্ম্মাধর্ম্মঞ্চ রাজেন্দ্র! প্রাকৃতং পরিগর্হয়ন্ ॥৯৮॥
অনন্ত ইতি কৃত্বা স নিত্যং কেবলমাস্থিতঃ।
ধর্ম্মাধর্ম্মৌ পুণ্যপাপে সত্যাসত্যে তথৈব চ ॥৯৯॥
জন্মমৃত্যু চ রাজেন্দ্র! প্রাকৃতং তদচিন্তয়ৎ।
ব্যক্তাব্যক্তস্য কর্ম্মেদমিতি নিত্যং নরাধিপ! ॥১০০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

গবিতি। স্পর্শয়ামাস দদৌ "ত্যাগো বিহাপনং দানং স্পর্শনং প্রতিপাদনম্" ইত্যমরঃ। হিরণ্যস্য ধনস্য ॥৯৬॥

বিদেহেতি। সুতস্য উপরি। যতিধর্ম্মং জিতেন্দ্রিয়াচারম্, উপাসন্ উপাসীন আশ্রয়ন্ ॥৯৭॥

সাংখ্যেতি। অধীয়ানঃ শিক্ষমাণ আসীৎ। প্রাকৃতং স্বাভাবিকম্ ॥৯৮॥

অনন্ত ইতি। অহম্ অনন্তঃ অসীম ইতি মনসি কৃত্বা। ধর্ম্মাধর্ম্মৌ ন্যায়ান্যায়ৌ। প্রাকৃতং সর্ব্বমেতৎ প্রকৃতিঘটিতমিতি চ মনসি কৃত্বা। ব্যক্তং মহদাদি অব্যক্তঞ্চ প্রকৃতিস্তস্য, ইদং ধর্ম্মাদিকং কর্ম্ম ইতি চ মনসি কৃত্বা, নিত্যং সর্ব্বদা, নিত্যং সনাতনম্, কেবলং মুক্তঞ্চ তদ্ব্রহ্ম অচিন্তয়ৎ ॥৯৯—১০০॥

ভারতভাবদীপঃ

মোক্ষং নিত্যং নিত্যসিদ্ধম্ ॥৯৩—৯৫॥ স্পর্শয়ামাস দদৌ ॥৯৬॥ উপাসন্নুপাসীনঃ ॥৯৭॥ প্রাকৃতমাবিদ্যকম্ ॥৯৮॥ অনন্তস্ত্রিবিধপরিচ্ছেদশূন্যোঽহমিতি মনসি নিশ্চয়ং কৃত্বা নিত্যং সর্বদা যতো

তখন দেবরাতের পুত্র রাজা জনক মোক্ষজ্ঞান লাভ করিয়া, সে স্থানেই উপবিষ্ট রহিলেন ॥৯৫॥

তখন জনকরাজা ব্রাহ্মণগণকে কোটি কোটি গরু ও ধন দান করিতে লাগিলেন এবং এক একজন ব্রাহ্মণকে এক এক অঞ্জলি রত্ন বিতরণ করিতে লাগিলেন ॥৯৬॥

ক্রমে তিনি পুত্রের উপরে মিথিলারাজ্য স্থাপন করিয়া, যতিধর্ম্ম অবলম্বনপূর্বক বাস করিতে লাগিলেন ॥৯৭॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে তিনি স্বাভাবিক ধর্ম্ম ও অধর্ম্মের নিন্দা করিয়া, সমস্ত সাংখ্য ও যোগশাস্ত্রশিক্ষায় প্রবৃত্ত হইলেন ॥৯৮॥

(৯৬) রত্নাঞ্জলিমথৈকঞ্চ—বঙ্গ বর্দ্ধ।

পশ্যন্তি যোগাঃ সাংখ্যাশ্চ স্বশাস্ত্রকৃতলক্ষণাঃ।
ইষ্টানিষ্টবিমুক্তং হি তস্থৌ ব্রহ্ম পরাৎ পরম্ ॥১০১॥
নিত্যং তদাহুর্ব্বিদ্বাংসঃ শুচি তস্মাচ্ছুচির্ভব।
দীয়তে যচ্চ লভতে দত্তং যচ্চানুমন্যতে ॥১০২॥
দদাতি চ নরশ্রেষ্ঠ! প্রতিগৃহ্লাতি যচ্চ হ।
দদাত্যব্যক্ত ইত্যেতৎ প্রতিগৃহ্লাতি যচ্চ বৈ ॥১০৩॥
আত্মা হ্যেবাত্মনো হ্যেকঃ কোঽন্যস্তস্মাৎ পরো ভবেৎ।
এবং মন্যস্ব সততমন্যথা মা বিচিন্তয় ॥১০৪॥

ভারতকৌমুদী

পশ্যন্তীতি। ইষ্টানিষ্টবিমুক্তং প্রিয়াপ্রিয়রহিতম্, পরাৎ প্রধানাদপি পরং প্রধানঞ্চ যদ্ ব্রহ্ম চিরং তস্থৌ; স্বেন শাস্ত্রেণ যোগদর্শনেন সাংখ্যদর্শনেন চ কৃতং নিরূপিতং লক্ষণং স্বরূপং যেষু তে তাদৃশা যোগাঃ সাংখ্যাশ্চ তদ্ ব্রহ্ম পশ্যন্তি ॥১০১॥

নিত্যমিতি। যদ্বস্তু দীয়তে যদ্বস্তু লভতে, যদ্বস্তু দত্তং যচ্চ বস্তু দাতুম্ অনুমন্যতে, তৎসর্ব্বমেব নিত্যং শুচি চ তদ্ব্রহ্ম ইতি বিদ্বাংস আহুঃ তস্মাৎ ত্বমপি শুচিঃ রাগদ্বেষাদিশূন্যো ভব ॥১০২॥

দদাতীতি। হে নরশ্রেষ্ঠ! লোকো যদ্বস্তু দদাতি, যদ্বস্তু চ প্রতিগৃহ্লাতি, যৎকর্ত্তৃ দদাতি যচ্চ কর্ত্তৃ প্রতিগৃহ্লাতি ইত্যেতৎ সর্ব্বমেব অব্যক্তঃ পরমাত্মা "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ ॥১০৩॥

আত্মেতি। আত্মা এক এব আত্মনঃ স্বস্য পর উত্তমো বন্ধুঃ; তস্মাদন্যঃ কঃ পরো বন্ধুর্ভবেৎ। হে যুধিষ্ঠির! ত্বম্ এবং সততং মন্যস্ব, অন্যথা মা বিচিন্তয় ॥১০৪॥

নরনাথ রাজশ্রেষ্ঠ! এক আমি অনন্ত; কিন্তু ন্যায় ও অন্যায়, পুণ্য ও পাপ, সত্য ও মিথ্যা এবং জন্ম ও মৃত্যু—এ সমস্তই প্রকৃতির কার্য্য কিংবা মহত্তত্ত্বপ্রভৃতি ও মূলপ্রকৃতির কর্ম্ম—এইরূপ মনে মনে ভাবিয়া, সর্বদা নিত্য ও নিত্যমুক্ত পরমাত্মার চিন্তা করিতে লাগিলেন ॥৯৯—১০০॥

প্রিয় ও অপ্রিয়রহিত এবং শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ যে ব্রহ্ম চিরকাল আছেন; আপন আপন শাস্ত্রনিরূপিত সেই ব্রহ্মকে যোগমতাবলম্বী ও সাংখ্যমতাবলম্বী মহাপুরুষেরা প্রত্যক্ষ দেখিতে পান ॥১০১॥

লোকে যাহা দান করে, যাহা লাভ করে, যাহা দিয়াছে এবং যাহা দান করিবার অনুমতি করে, সে সমস্তই ব্রহ্ম এবং তিনি নিত্য ও রাগদ্বেষাদিশূন্য, ইহা জ্ঞানীরা বলেন। অতএব যুধিষ্ঠির! তুমি সেই রাগদ্বেষাদি শূন্য হও ॥১০২॥

নরশ্রেষ্ঠ! যাহা দান করে বা গ্রহণ করে, যে দেয় বা যে লয়, সে সকলই সেই পরমাত্মা ॥১০৩॥

যস্যাব্যক্তং ন বিদিতং সগুণং নির্গুণং পুনঃ।
তেন তীর্থানি যজ্ঞাশ্চ সেবিতব্যা বিপশ্চিতা ॥১০৫॥
ন স্বাধ্যায়ৈস্তপোভির্বা যজ্ঞৈর্বা কুরুনন্দন।।
লভতেঽব্যক্তিকং স্থানং জ্ঞাত্বাব্যক্তং মহীয়তে ॥১০৬॥
তথৈব মহতঃ স্থানমাহঙ্কারিকমেব চ।
অহঙ্কারাৎ পরং চাপি স্থানানি সমবাপ্নুয়াৎ ॥১০৭॥
যে ত্বব্যক্তাৎ পরং নিত্যং জানতে শাস্ত্রতৎপরাঃ।
জন্মমৃত্যুবিমুক্তঞ্চ বিমুক্তং সদসচ্চ যৎ ॥১০৮॥

ভারতকৌমুদী

যস্যেতি। যস্য পুনঃ সগুণম্ ইচ্ছাদ্বেষাদিগুণযুক্তম্ ঈশ্বরভূতম্, নির্গুণম্ ইচ্ছাদিসর্ব্বগুণশূন্যম্ তুরীয়ম্ অব্যক্তং ব্রহ্ম ন বিদিতং জ্ঞাতুং ন শক্যম্, তেন বিপশ্চিতা বুধেন তীর্থানি যজ্ঞাশ্চ সেবিতব্যা ॥১০৫॥

নেতি। হে কুরুনন্দন! স্বাধ্যায়ৈর্বেদপাঠৈঃ, তপোভির্ব্বা যজ্ঞৈর্ব্বা, আব্যক্তিকং ব্রহ্মসম্বন্ধি স্থানং ন লভতে; কিন্তু অব্যক্তং ব্রহ্ম জ্ঞাত্বা, মহীয়তে তৎস্থানে গচ্ছতি। লভতেঽব্যক্তিকমিতি সন্ধিরার্ষঃ ॥১০৬॥

তথেতি। অব্যক্তং ব্রহ্ম জ্ঞাত্বা, মহতো মহত্তত্ত্বস্য স্থানম্ আহঙ্কারিকঞ্চ স্থানম্ অহঙ্কারাৎ পরঞ্চাপি স্থানম্, এতানি স্থানানি সমবাপ্নুয়াৎ ॥১০৭॥

ভারতভাবদীপঃ

ধর্ম্মাদিকং প্রাকৃতং মিথ্যাতঃ কেবলমেবাচিন্ত্যমিতি সার্দ্ধঃ শ্লোকঃ ॥৯৯॥ ইদং ধর্ম্মাদি, ব্যক্তং বুদ্ধ্যাদি, অব্যক্তমজ্ঞানম্ ॥১০০॥ তস্মৈ স্থাণুবদচলমস্তীত্যর্থঃ ॥১০১॥দীয়মানং গবাদিকং সর্ব্বমাত্মৈবেত্যর্থঃ ॥১০২—১০৩॥ এবমুক্তপ্রকারেণ মমত্ব জানীহি ॥১০৪—১০৫॥ অব্যক্তাদীনাং মধ্যে

যুধিষ্ঠির! এক পরমাত্মাই আত্মার পরম বন্ধু, তদ্ভিন্ন কে পরম বন্ধু হইতে পারে? তুমি সর্ব্বদা এইরূপ চিন্তা কর, অন্যরূপ চিন্তা করিও না ॥১০৪॥

যিনি সগুণ বা নির্গুণ ব্রহ্মকে জানিতে পারেন নাই, তিনিই তীর্থ পর্য্যটন ও যজ্ঞানুষ্ঠান করিবেন ॥১০৫॥

কৌরবনন্দন! মানুষ বেদপাঠ, তপস্যা কিংবা যজ্ঞদ্বারা ব্রহ্মপদ লাভ করিতে পারে না; কিন্তু ব্রহ্মকে জানিয়াই ব্রহ্মপদ লাভ করিতে পারে ॥১০৬॥

এবং মহত্তত্ত্বের স্থান, অহঙ্কারের স্থান কিংবা অহঙ্কারের স্থান হইতেও উত্তম স্থান—এই সকল স্থানই ব্রহ্মজ্ঞ লোক লাভ করিতে পারেন ॥১০৭॥

এতন্ময়াপ্তং জনকাৎ পুরস্তাত্তেনাপি চাপ্তং নৃপ! যাজ্ঞবল্ক্যাৎ।
জ্ঞানং বিশিষ্টং ন তথাহি যজ্ঞা জ্ঞানেন দুর্গং তরতে ন যজ্ঞৈঃ ॥১০৯॥
দুর্গং জন্মনিধনঞ্চাপি রাজন্! ন ভৌতিকং জ্ঞানবিদো বদন্তি।
যজ্ঞৈস্তপোভির্নিয়মৈর্ব্রতৈশ্চ দিবং সমাসাদ্য পতন্তি ভূমৌ ॥১১০॥
তস্মাদুপাসস্ব পরং মহচ্ছুচি শিবং বিমোক্ষং বিমলং পবিত্রম্।
ক্ষেত্রং জ্ঞাত্বা পার্থিব! জ্ঞানযজ্ঞমুপাস্য বৈ তত্ত্বমৃষির্ভবিষ্যসি ॥১১১॥

ভারতকৌমুদী

য ইতি। যে শাস্ত্রতৎপরা জনাঃ, অব্যক্তাৎ প্রকৃতেরপি, পরং শ্রেষ্ঠম্, নিত্যং, জন্মমৃত্যুভ্যাম্, বিমুক্তং বিরহিতম্, বিমুক্তং নিত্যমুক্তম্, সৎ কারণাবস্থায়াং বিদ্যমানম্, অসৎ কার্য্যাবস্থায়াঞ্চ অবিদ্যমানম্, অথবা আস্তিকমতে সৎ, নাস্তিকমতে চ অসৎ, যদ্ব্রহ্ম, তে তল্লভন্তে ইতি শেষঃ ॥১০৮॥

এতদিতি। হে নৃপ! ময়া এতজ্ জ্ঞানম্, পুরস্তাৎ পূর্ব্বম্, জনকাদাপ্তম্ তেন জনকেনাপি চ যাজ্ঞবল্ক্যাদাপ্তম্। জ্ঞানং বিশিষ্টং যজ্ঞাদিকর্ম্মভ্যঃ শ্রেষ্ঠম্, তথা যজ্ঞা ন। যেন হি তেন জ্ঞানেন দুর্গং দুর্গবৎকষ্টদায়কং জন্ম মরণঞ্চ তরতে, কিন্তু যজ্ঞৈর্ন ॥১০৯॥

দুর্গমিতি। হে রাজন্! জ্ঞানবিদঃ, ভৌতিকং জন্ম নিধনঞ্চ দুর্গং বদন্তি। অতএব লোকা যজ্ঞৈস্তপোভিঃ, নিয়মৈস্তন্ত্রোপৈর্ব্রতৈশ্চ মরণানন্তরং দিবং স্বর্গং সমাসাদ্য পুনর্ভূমৌ পতন্তি তৎপুণ্যক্ষয়াৎ ॥১১০॥

তস্মাদিতি। হে পার্থিব! তস্মাৎ ত্বম্, পরং সর্ব্বশ্রেষ্ঠম্, মহৎ সর্ব্বতো বিশালম্, শুচি শুভ্রম্, শিবং মঙ্গলময়ম্, বিমোক্ষং নিত্যমুক্তম্, বিমলং রাগদ্বেষাদিমলশূন্যম্ পবিত্রম্, স্বজ্ঞানেনাপি পবিত্রতাজনকঞ্চ ব্রহ্ম, উপাস্ স্ব উপাসস্ব। তৎক্ষেত্রম্ উপাসনাস্থানং জ্ঞাত্বা, জ্ঞানযজ্ঞম্ উপাস্য বিধায় ত্বমপি ঋষিরেব ভবিষ্যসি ॥১১১॥

শাস্ত্রপরায়ণ যে সকল লোক প্রকৃতি অপেক্ষা শ্রেষ্ঠ, জন্মমৃত্যুশূন্য, নিত্যমুক্ত, আস্তিকমতে বিদ্যমান, নাস্তিকমতে অবিদ্যমান এবং সনাতন ব্রহ্মকে জানিতে পারেন, তাঁহারা মুক্তিলাভ করেন ॥১০৮॥

রাজা! আমি পূর্ব্বে করালজনকের নিকট এই জ্ঞান লাভ করিয়াছিলাম, তিনিও যাজ্ঞবল্ক্যের নিকট হইতে পাইয়াছিলেন। সে যাহা হউক, জ্ঞান যেরূপ শ্রেষ্ঠ, যজ্ঞ সেরূপ শ্রেষ্ঠ নহে। সুতরাং মানুষ জ্ঞানের বলে জন্ম ও মৃত্যু অতিক্রম করিতে পারে, কিন্তু যজ্ঞদ্বারা নহে ॥১০৯॥

রাজা! জ্ঞানীরা ভৌতিক জন্ম ও মৃত্যুকে দুর্গ বলেন। সুতরাং মানুষ সেই যজ্ঞ, তপস্যা ও ব্রতদ্বারা সেই ভৌতিক মরণের পর স্বর্গে যাইয়া আবার পুণ্য ক্ষয় হইলে পর ভূতলে পতিত হইয়া থাকে ॥১১০॥

যদুপনিষদমুপাকরোত্তথাসৌ জনকনৃপস্য পুরা হি যাজ্ঞবল্ক্যঃ।
যদুপগণিতশাশ্বতাব্যয়ং তচ্ছুভমমৃতত্বমশোকমর্চ্ছতি ॥১১২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে যাজ্ঞবল্ক্যজনকসংবাদে অষ্টাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

নবাধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—:০:—

যুধিষ্ঠির উবাচ।

ঐশ্বর্য্যং বা মহৎ প্রাপ্য ধনং বা ভরতর্ষভ !।
দীর্ঘমায়ুরবাপ্যাথ কথং মৃত্যুমতিক্রমেৎ ॥১॥

ভারতকৌমুদী

যদিতি। অসৌ যাজ্ঞবল্ক্যঃ, পুরা জনকস্য সমীপে, যৎ উপনিষদম্ উপনিষৎস্বরূপসাংখ্যযোগপ্রতিপাদ্যম্ ব্রহ্ম উপাকরোৎ, উপকারজ্ঞানেন আবিরকরোৎ। যচ্চ উপগণিতং তুরীয়ত্বেন নিরূপিতম্, শাশ্বতং সনাতনম্, অব্যয়ং হ্রাসবৃদ্ধিহীনঞ্চ ব্রহ্ম; শুভম্ অমৃতত্বম্, স্বার্থে ত্বপ্রত্যয়াৎ নিত্যমুক্তম্ অশোকঞ্চ তদ্ব্রহ্ম, অর্চ্ছতি মানুষো জ্ঞানেন লভতে ॥১১২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে অষ্টাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

যদ্যদুপাস্তে তত্তত্তাদাত্ম্যং প্রাপ্নোতীত্যাহ—লভত ইত্যাদিনা। ব্যক্তং স্পষ্টম্ আপরোক্ষ্যেণেত্যর্থঃ ॥১০৬॥ শেষং স্পষ্টার্থম্ ॥১০৭—১১২॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩০৮॥

অতএব রাজা! সর্ব্বশ্রেষ্ঠ, সর্ব্বাপেক্ষা বৃহৎ, শুভ্র, মঙ্গলময়, নিত্যমুক্ত, রাগদ্বেষাদিশূন্য ও পবিত্রতাজনক সেই পরব্রহ্মের তুমি উপাসনা কর। তাঁহাকে জানিয়া এবং সেই জ্ঞানযজ্ঞ করিয়া তুমিও ঋষি হইতে পারিবে ॥১১১॥

পূর্ব্বকালে মহর্ষি যাজ্ঞবল্ক্য জনকরাজার নিকটে উপনিষদের তুল্য প্রমাণ সাংখ্য ও যোগশাস্ত্রপ্রতিপাদ্য যে ব্রহ্মকে প্রকাশ করিয়াছিলেন এবং যে ব্রহ্ম তুরীয়, সনাতন ও হ্রাসবৃদ্ধিবিহীন, মানুষ জ্ঞানের বলে সেই মঙ্গলময়, নিত্যমুক্ত ও শোকশূন্য ব্রহ্মকে লাভ করিতে পারে' ॥১১২॥

---

(১১২) যদুপগণিতং—পি বঙ্গ বৰ্দ্ধ। * '...অষ্টাদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ নি।

তপসা বা সুমহতা কর্ম্মণা বা শ্রুতেন বা।
রসায়নপ্রয়োগৈর্ব্বা কৈর্নাপ্নোতি জরান্তকৌ ॥২॥

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
ভিক্ষোঃ পঞ্চশিখস্যেহ সংবাদং জনকস্য চ ॥৩॥
বৈদেহো জনকো রাজা মহর্ষিং বেদবিত্তমম্।
পর্য্যপৃচ্ছৎ পঞ্চশিখং ছিন্নধর্ম্মার্থসংশয়ম্ ॥৪॥
কেন বৃত্তেন ভগবন্! অতিক্রামেজ্জরান্তকৌ।
তপসা বাথবা বুদ্ধ্যা কর্ম্মণা বা শ্রুতেন বা ॥৫॥
এবমুক্তঃ স বৈদেহং প্রত্যুবাচাপরোক্ষবিৎ।
নিবৃত্তির্ন তয়োরস্তি নানিবৃত্তিঃ কথঞ্চন ॥৬॥

ভারতকৌমুদী

ঐশ্বর্য্যমিতি। ঐশ্বর্য্যং প্রভুত্বম্। অতিক্রমেদিতি দীর্ঘাভাব আর্ষঃ ॥১॥

তপসেতি। কর্ম্মণা যজ্ঞাদিনা, শ্রুতেন শাস্ত্রাধ্যয়নেন। রসায়নপ্রয়োগৈ ঔষধবিশেষসেবনৈঃ, জরান্তকৌ জীর্ণতাযমৌ ॥২॥

অত্রেতি। ভিক্ষোঃ সন্ন্যাসিনঃ, পঞ্চশিখস্য তদাখ্যস্য ॥৩॥

বৈদেহ ইতি। ছিন্নো গুরুবেদান্তবাক্যাদিনা নাশিতো ধর্ম্মার্থয়োঃ সংশয়ো যেন তম্ ॥৪॥

কেনেতি। বৃত্তেন ব্যবহারেণ ॥৫॥

এবমিতি। বৈদেহেন এবমুক্তঃ, অপরোক্ষবিৎ অতীন্দ্রিয়াণামপ্যভিজ্ঞঃ স পঞ্চশিখঃ বৈদেহং প্রত্যুবাচ। কিং প্রত্যুবাচেত্যাহ নিবৃত্তিরিতি। অজ্ঞানিনাং তয়োর্জন্মমরণয়োর্নিবৃত্তির্নাস্তি; তথা কথঞ্চন অনিবৃত্তিরপি নাস্তি। জ্ঞানাত্তু, নিবৃত্তির্ভবত্যপি ন পুনরৈশ্বর্য্যাদিনেতি ভাবঃ ॥৬॥

যুধিষ্ঠির বলিলেন—"ভরতশ্রেষ্ঠ পিতামহ! বিশেষ প্রভুত্ব, প্রচুর ধন কিংবা দীর্ঘ আয়ু লাভ করিয়া, মানুষ কি প্রকারে মৃত্যুকে অতিক্রম করিতে পারে? ॥১॥

গুরুতর তপস্যা, বিশাল কর্ম্ম, বিশেষ শাস্ত্রাধ্যয়ন কিংবা রসায়ন সেবন ইহার কোন্ কোন্টা দ্বারা মানুষ জরা ও যমকে নিবারণ করিতে পারে?" ॥২॥

ভীষ্ম বলিলেন—'এই বিষয়েও মনস্বীরা সন্ন্যাসী পঞ্চশিখ ও রাজা জনকের সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥৩॥

একদা বিদেহাধিপতি জনকরাজা বেদজ্ঞশ্রেষ্ঠ ও ধর্ম্মার্থসংশয়শূন্য মহর্ষি পঞ্চশিখের নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন—॥৪॥

'ভগবন্! তপস্যা, বুদ্ধি, কর্ম্ম ও শাস্ত্রজ্ঞান—ইহার কোন্টা দ্বারা জরা ও যমকে অতিক্রম করা যায়' ॥৫॥

ন হ্যহানি নিবর্ত্তন্তে ন মাসা ন পুনঃ ক্ষপাঃ।
সোঽয়ং প্রপদ্যতেঽধ্বানং চিরায় ধ্রুবমধ্রুবঃ ॥৭॥
সর্ব্বভূতসমুচ্ছেদঃ স্রোতসেবোহ্যতে সদা।
উহ্যমানং নিমজ্জন্তমপ্লবে কালসাগরে ॥৮॥
জরামৃত্যুমহাগ্রাহে ন কশ্চিদতিবর্ত্ততে।
নৈবাস্য কশ্চিদ্ভবতি নাসৌ ভবতি কস্যচিৎ ॥৯॥
পথি সঙ্গতমেবেদং দারৈরন্যৈশ্চ বন্ধুভিঃ।
নায়মত্যন্তসংবাসো লব্ধপূর্ব্বো হি কেনচিৎ ॥১০॥

ভারতকৌমুদী

নেতি। অহানি দিবসাঃ। ক্ষপা রাত্রয়ঃ। অধ্রুবঃ অনিত্যঃ, সোঽয়ং মানুষঃ চিরায় ধ্রুবম্ অধ্বানং নিত্যং পন্থানং প্রপদ্যতে জ্ঞানেন লভতে ॥৭॥

সর্ব্বেতি। কালে সর্ব্বেষামেব ভূতানাং সমুচ্ছেদো নাশো ভবেৎ; স চ সর্ব্বভূতসমূহঃ সদা স্রোতসেব কালেনোহ্যতে। ইত্থঞ্চ উহ্যমানং তং ভূতসমূহম্, অপ্লবে তরণীশূন্যে কালসাগরে নিমজ্জন্তম্ লক্ষয়াম ইতি শেষঃ ॥৮॥

জরেতি। জরামৃত্যু এব মহান্তৌ গ্রাহৌ জলজন্তূ যত্র তস্মিন্ কালসাগরে, প্লবমানঃ কশ্চিদপি নাতিবর্ত্ততে জ্ঞানাভাবে জরামৃত্যু নাতিক্রামতি। অস্য প্রাণিনঃ, কশ্চিদপি সহায়ো ন ভবতি, অসৌ প্রাণ্যপি কস্যচিৎ সহায়ো ন ভবতি ॥৯॥

পথীতি। অত্রৈবশব্দ ইবার্থে। তথা চ পথি কেনচিৎ সহ কস্যচিৎ সঙ্গতং মেলনম্ ইব, দারৈরন্যৈর্ব্বন্ধুভিশ্চ সহ, কিয়ন্তং দিবসং যাবৎ ইদং সঙ্গতং মেলনং ভবতি। কেনচিদপি জনেন দারাদিভিঃ সহ অয়ম্ অত্যন্তসংবাসো ন লব্ধপূর্ব্বঃ ॥১০॥

জনকরাজা এইরূপ বলিলে, অতীন্দ্রিয়াভিজ্ঞ পঞ্চশিখ তাঁহাকে বলিলেন—'জন্ম ও মৃত্যুর নিবৃত্তি হয় না; আবার কোন প্রকারেও যে তাহার নিবৃত্তি হয় না, এমনও নহে ॥৬॥

দিন, রাত্রি ও মাসপ্রভৃতি ফিরিয়া আসে না। তবে মানুষ অনিত্য হইয়াও বহুকালের পর নিত্যপথ অবলম্বন করিতে পারে ॥৭॥

কালে সর্ব্বভূতেরই উচ্ছেদ হয়, স্রোতের ন্যায় সেই কাল সর্ব্বদাই প্রাণিগণকে বহন করিয়া লইয়া চলিয়াছে; তাহার মধ্যে কোন মানুষ সেই তরণীশূন্য কালসাগরে ভাসিতে থাকিয়া নিমগ্ন হইয়া যায়, ইহা আমরা দেখিতে পাই ॥৮॥

এই কালসাগরে জরা ও মৃত্যু ভীষণ জলজন্তু; সুতরাং কেহই তাহাদিগকে অতিক্রম করিতে পারে না। তা'র পর, কেহই কাহারও আত্মীয় হয় না, আবার সেও কাহারও আত্মীয় হইতে পারে না ॥৯॥

ক্ষিপ্যন্তে তেন তেনৈব নিষ্টনন্তঃ পুনঃ পুনঃ।
কালেন জাতা যাতা হি বায়ুনেবাভ্রসঞ্চয়াঃ ॥১১॥
জরামৃত্যু হি ভূতানাং খাদিতারৌ বৃকাবিব।
বলিনাং দুর্ব্বলানাঞ্চ হ্রস্বানাং মহতামপি ॥১২॥
এবংভূতেষু ভূতাত্মা নিত্যভূতোঽধ্রুবেষু চ।
কথং হি হৃষ্যেজ্জাতেষু মৃতেষু চ ন সংজ্বরেৎ ॥১৩॥
কুতোঽহমাগতঃ কোঽস্মি ক্ব গমিষ্যামি কস্য বা।
কস্মিন্ স্থিতঃ ক্ব ভবিতা কস্মাৎ কিমনুশোচসি ॥১৪॥

ভারতকৌমুদী

ক্ষিপ্যন্ত ইতি। কালেন জাতাঃ প্রাণিনঃ, পুনঃ পুনর্নিষ্টনন্তো রুদন্তঃ সন্তঃ, তেন তেন দারাদিবন্ধুজনেন ক্ষিপ্যন্ত এব কালসাগরে নিক্ষিপ্য ত্যজ্যন্ত এব; পরঞ্চ বায়ুনা অভ্রসঞ্চয়া মেঘসমূহা ইব যাতা লয়ং প্রাপ্তা ভবন্তি ॥১১॥

জরেতি। বৃকৌ ব্যাঘ্রবিশেষৌ। মহতাং দীর্ঘানাম্ ॥১২॥

এবমিতি। নিত্যভূতো ভূতাত্মা জীবাত্মা, অধ্রুবেষু অনিত্যেষু ভূতেষু প্রাণিষু এবং জরামৃত্যুবিষয়ঃ সন্, বর্ত্তত ইতি শেষঃ। অতএব মানুষঃ পুত্রাদিষু জাতেষু কথমপি ন হৃষ্যেৎ, মৃতেষু চ কথমপি ন সংজ্বরেৎ ন সন্তপেৎ ॥১৩॥

কুত ইতি। কিম্ অনুশোচসি, সর্ব্বত্রৈব সম্বন্ধাভাবাৎ শোকো ন কার্য্য ইত্যাশয়ঃ ॥১৪॥

পথে যেমন এক পথিকের সহিত অপর পথিকের মিলন হয়, সেইরূপ এই সংসারে ভার্য্যা ও অন্যান্য বন্ধুদের সহিত মানুষের মিলন হইয়া থাকে। কিন্তু কোন মানুষই দীর্ঘকাল বন্ধুগণের সহবাস লাভ করে নাই ॥১০॥

প্রাণিগণ কালক্রমে জন্মগ্রহণ করে; তাহার পর তাহাদিগকে রোদনব্যাপৃত অবস্থায় সেই সেই বন্ধু পরিত্যাগ করিয়া চলিয়া যায়; সুতরাং মেঘসমূহ যেমন বায়ুবেগে লয় পায়, তেমন প্রাণিগণও কালপ্রভাবে লয় পাইয়া থাকে' ॥১১॥

প্রাণিগণ বালবান্ই হউক বা দুর্ব্বলই হউক কিংবা খর্ব্বই হউক বা দীর্ঘই হউক, ব্যাঘ্র যেমন ক্ষুদ্র জন্তুকে গ্রাস করে, তেমন জন্ম ও মৃত্যু প্রাণিগণকে অবলম্বন করিবেই ॥১২॥

এইরূপ অনিত্য প্রাণিগণে নিত্য জীবাত্মা রহিয়াছেন। (সুতরাং জন্ম ও মৃত্যু দেহেরই ধর্ম্ম)। অতএব মানুষ পুত্রপ্রভৃতি জন্মিলেও কোন প্রকারেই আনন্দিত হইবে না, আবার মরিলেও অনুতাপ করিবে না ॥১৩॥

আমি কোথা হইতে আসিলাম, কোথায় যাইব, আমি কে, কাহারই বা আমি,

দ্রষ্টা স্বর্গস্য কোঽন্যোঽস্তি তথৈব নরকস্য চ।
আগমাংস্ত্বনতিক্রম্য দদ্যাচ্চৈব যজেত চ ॥১৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে পঞ্চশিখজনকসংবাদে নবাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

দশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—::—

যুধিষ্ঠির উবাচ।
অপরিত্যজ্য গার্হস্থ্যং কুরুরাজর্ষিসত্তম!।
কঃ প্রাপ্তো ভূপতিঃ সিদ্ধিং মোক্ষতত্ত্বং বদস্ব মে।১॥

ভারতকৌমুদী

দ্রষ্টেতি। অন্যো ভূতাদ্ভিন্নঃ, কঃ পদার্থঃ। আগমান্ শাস্ত্রাণি ॥১৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নবাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

অপরীতি। হে কুরুরাজর্ষিসত্তম! পিতামহ! কো ভূপতিঃ, গার্হস্থ্যম্ অপরিত্যজ্যাপি, মোক্ষ-তত্ত্বং তদ্রূপাং সিদ্ধিম্, প্রাপ্ত ইতি মে বদস্ব ॥১॥

ভারতভাবদীপঃ

সমাপ্তা শ্রুতিমুক্তিপ্রধানা ব্রহ্মবিদ্যা অথ সাধনপ্রধানাং বক্তুমুপক্রমতে—ঐশ্বর্য্যং বা মহৎ প্রাপ্যেত্যাদিনা। স্বধর্ম্মাচরণপূর্ব্বকং নিবৃত্তিমার্গনিষ্ঠো জরান্তকাবতিক্রামতি নান্যথেত্যধ্যায়তাৎ-পর্য্যম্ ॥১—১৫॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩০৯॥

কোথায় আছি এবং কোথায় জন্মিব, ইহার কিছুই স্থিরতা নাই। সুতরাং তুমি কি নিমিত্ত কাহার শোক করিতেছ ? ॥১৪॥

মানুষ ভিন্ন অন্য কোন্ প্রাণীর স্বর্গদর্শন বা নরকদর্শন হইতে পারে ?। সে যাহা হউক, মানুষ শাস্ত্র অতিক্রম না করিয়া, দান ও যাগ করিতে থাকিবে' ॥১৫॥

যুধিষ্ঠির বলিলেন—'কুরুরাজর্ষিশ্রেষ্ঠ! কোন্ রাজা গৃহস্থধর্ম্ম পরিত্যাগ না করিয়াও মোক্ষরূপ সিদ্ধিলাভ করিয়াছিলেন, তাহা আপনি আমার নিকট বলুন ॥১॥

---

(১৫) দ্রষ্টা স্বর্গস্য ন হ্যস্তি—নি।

* '…একোনবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ বঙ্গ, '…চতুর্বিংশত্যধিকত্রিশততম-মোঽধ্যায়ঃ' নি।

সংন্যস্যতে যথাত্মায়ং ব্যক্তস্যাত্মা যথা চ যৎ।
পরং মোক্ষস্য যচ্চাপি তন্মে ব্রূহি পিতামহ ! ॥২॥

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
জনকস্য চ সংবাদং সুলভায়াশ্চ ভারত ! ॥৩॥
সন্ন্যাসফলিকঃ কশ্চিদ্বভূব নৃপতিঃ পুরা।
মৈথিলো জনকো নাম ধর্ম্মধ্বজ ইতি শ্রুতঃ ॥৪॥
স বেদে মোক্ষশাস্ত্রে চ স্বে চ শাস্ত্রে কৃতশ্রমঃ।
ইন্দ্রিয়াণি সমাধায় শশাস বসুধামিমাম্ ॥৫॥

ভারতকৌমুদী

সমিতি। যথা অয়ম্ আত্মা স্থূলদেহঃ, সংন্যস্যতে মানুষেণ পরিত্যজ্যতে, যথা চ ব্যক্তস্য স্থূলদেহস্য আত্মা লিঙ্গদেহঃ যৎ সংন্যস্যতে পরিত্যজ্যতে যচ্চাপি মোক্ষস্য পরং তত্ত্বং তন্মে ব্রূহি ॥২॥

অত্রেতি। সুলভায়াস্তদাখ্যায়াঃ কস্যাশ্চিৎ স্ত্রিয়াঃ ॥৩॥

সন্ন্যাসেতি। সন্ন্যাসফলমৌদাসীন্যমস্যাস্তীতি সন্ন্যাসফলিকঃ, ইন্‌বিষয়ে ইকো বাচ্যঃ ॥৪॥

স ইতি। মোক্ষশাস্ত্রে সাংখ্যাদৌ, স্বে স্বকীয়ে শাস্ত্রে দণ্ডনীতৌ ॥৫॥

ভারতভাবদীপঃ

ইদানীং গার্হস্থ্যেঽপি নিবৃত্তিনিষ্ঠা মুক্তিবীজভূতা সম্ভবতীতি দর্শয়িতুং সুলভাজনকসংবাদ আরভ্যতে—অপরিত্যজ্যেতি। বুদ্ধ্যা বুদ্ধেঃ, বিনীয়তে নীয়তেঽস্মিন্নিতি বিনয়ো লয়স্থানং মোক্ষতত্ত্বম্ ॥১॥ আত্মা লিঙ্গদেহঃ, ব্যক্তস্য স্থূলদেহস্য আত্মা স্বরূপং দেহদ্বয়ং যথা ত্যজ্যতে যচ্চ মোক্ষস্য পরং তত্ত্বং তদ্বদিত্যর্থঃ ॥২—৩॥ সন্ন্যাসফলং সম্যগ্‌দর্শনং তদস্যাস্তীতি সন্ন্যাসফলিকঃ ॥৪॥ স্বে

আর পিতামহ ! এই স্থূলদেহ ও লিঙ্গদেহ যে প্রকারে ত্যাগ করা যায় এবং মোক্ষের যাহা পরমতত্ত্ব, তাহা আপনি আমার নিকট বলুন ॥২॥

ভীষ্ম বলিলেন—"ভরতনন্দন ! এই বিষয়েও মনস্বীরা জনক ও সুলভার সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥৩॥

পূর্ব্বকালে ধর্ম্মধ্বজনামে জনকবংশীয় কোন রাজা মিথিলারাজ্যে বাস করিতেন ; তিনি গৃহস্থ হইয়াও সন্ন্যাসের ফল লাভ করিয়াছিলেন ॥৪॥

সেই ধর্ম্মধ্বজ বেদে, মোক্ষশাস্ত্রে এবং স্বকীয় দণ্ডনীতিশাস্ত্রে পরিশ্রম করিয়াছিলেন এবং তিনি ইন্দ্রিয়গণকে সংযত রাখিয়া, এই পৃথিবী শাসন করিতেন ॥৫॥

---

(১) অত্র পুস্তকভেদে এব পাঠভেদঃ।

তস্য বেদবিদঃ প্রাজ্ঞাঃ শ্রুত্বা তাং সাধুবৃত্ততাম্।
লোকেষু স্পৃহয়ন্ত্যন্যে পুরুষাঃ পুরুষেশ্বরম্ ॥৬॥
অথ ধর্ম্মযুগে তস্মিন্ যোগধর্ম্মমনুষ্ঠিতা।
মহীমনুচচারৈকা সুলভা নাম ভিক্ষুকী ॥৭॥
তয়া জগদিদং কৃৎস্নমটন্ত্যা মিথিলেশ্বরঃ।
তত্র তত্র শ্রুতো মোক্ষে কথ্যমানস্ত্রিদণ্ডিভিঃ ॥৮॥
সাতিসূক্ষ্মাং কথাং শ্রুত্বা তথ্যং নেতি সসংশয়া।
দর্শনে জাতসঙ্কল্পা জনকস্য বভূব হ ॥৯॥
তত্র সা বিপ্রহায়াথ পূর্ব্বরূপং হি যোগতঃ।
অবিভ্রদনবদ্যাঙ্গী রূপমন্যদনুত্তমম্ ॥১০॥

ভারতকৌমুদী

তস্যেতি। সাধুবৃত্ততাং সাধুব্যবহারম্। পুরুষেশ্বরং তং জনকম্ ॥৬॥
অথেতি। ধর্ম্মযুগে সত্যযুগে। অনু লক্ষ্যীকৃত্য স্থিতা ॥৭॥
তয়েতি। ত্রিদণ্ডিভিঃ সন্ন্যাসিভিঃ, মোক্ষে বিষয়ে পরস্পরং কথ্যমানঃ স মিথিলেশ্বরঃ শ্রুতঃ ॥৮॥
সেতি। সা ভিক্ষুকী, অতিসূক্ষ্মাম্ অতিসূক্ষ্মব্রহ্মবিষয়াম্, তথ্যং তত্ত্বচনং সত্যং নবেতি সসংশয়া ॥৯॥

ভারতভাবদীপঃ

শাস্ত্রে দণ্ডনীতৌ ॥৫॥ তস্য সাধুবৃত্ততাং শ্রুত্বা তাং স্পৃহয়ন্তীতি সম্বন্ধঃ ॥৬॥ ধর্ম্মযুগে সত্যযুগে অনুষ্ঠিতা, কর্ত্তরি ক্তঃ। ভিক্ষুকীত্যনেন স্ত্রীণামপি প্রাগ্ বিবাহাদ্বৈধব্যাদূর্দ্ধং বা সন্ন্যাসে অধিকারো হস্তীতি দর্শিতম্; তেন ভিক্ষাচর্য্যং মোক্ষশাস্ত্রশ্রবণমেকান্তে আত্মধ্যানঞ্চ তাভিরপি কর্ত্তব্যম্,

প্রাজ্ঞ লোকেরা সেই বেদবিৎ জনকরাজার সাধুতা শ্রবণ করিয়া, তাঁহার প্রতি স্পৃহা করিতেন ॥৬॥

পরে সেই সত্যযুগে সুলভানাম্নী এক সন্ন্যাসিনী যোগধর্ম্মের অনুষ্ঠান করিতে থাকিয়া, পৃথিবী বিচরণ করিতেছিলেন ॥৭॥

সেই সুলভা এই সমগ্র জগতে বিচরণ করিতে থাকিয়া, সেই সেই স্থানে সন্ন্যাসিগণ-কথিত জনকরাজার মোক্ষবিষয়ের জ্ঞান শুনিতে লাগিলেন ॥৮॥

সুলভা অতিসূক্ষ্ম পরব্রহ্মের কথা শুনিয়া, এই ঘটনা সত্য কিনা—এইরূপ, সংশয়াপন্ন হইলেন। ক্রমে তিনি জনকরাজাকে দর্শন করিবেন বলিয়া সঙ্কল্প করিলেন ॥৯॥

(৬) পুরুষাঃ পুরুষেশ্বর।—বঙ্গ বর্দ্ধ।

চক্ষুর্নিমেষমাত্রেণ লঘ্বস্ত্রগতিগামিনী।
বিদেহানাং পুরীং সুভ্রূর্জগাম কমলেক্ষণা ॥১১॥
সা প্রাপ্য মিথিলাং রম্যাং সমৃদ্ধজনসঙ্কুলাম্।
ভৈক্ষ্যচর্য্যাপদেশেন দদর্শ মিথিলেশ্বরম্ ॥১২॥
রাজা তস্যাঃ পরং দৃষ্ট্বা সৌকুমার্য্যং পুনস্তদা।
কেয়ং কস্য কুতো বেতি বভূবাগতবিস্ময়ঃ ॥১৩॥
ততোঽস্যাঃ স্বাগতং কৃত্বা ব্যাদিশ্য চ বরাসনম্।
পূজিতাং পাদশৌচেন বরান্নেনাপ্যতর্পয়ৎ ॥১৪॥
অথ ভুক্তবতী প্রীত্যা রাজানং মন্ত্রিভির্বৃতম্।
সর্ব্বভাষ্যবিদাং মধ্যে চোদয়ামাস ভিক্ষুকী ॥১৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। সা ভিক্ষুকী, যোগতো যোগবলেন, পূর্ব্বরূপং বিপ্রহায় পরিত্যজ্য ॥১০॥

চক্ষুরিতি। লঘ্বস্ত্রাণাং বাণাদীনামিব গত্যা গচ্ছতীতি লঘ্বস্ত্রগতিগামিনী ॥১১॥

সেতি। ভৈক্ষ্যচর্য্যাপদেশেন ভিক্ষাচ্ছলেন ॥১২॥

রাজেতি। সৌকুমার্য্যং কোমলতাম্। কস্য ভার্য্যা কন্যা বা কুতো বা আগতেতি শেষঃ ॥১৩॥

তত ইতি। ব্যাদিশ্য নির্দ্দিশ্য। পাদশৌচেন পদপ্রক্ষালনেন ॥১৪॥

অথেতি। সর্ব্বাণি ভাষ্যাণি সূত্রবিবরণগ্রন্থান্ বিদন্তীতি তেষাম্ ॥১৫॥

তখন সুলভা যোগবলে পূর্ব্বের রূপ পরিত্যাগ করিয়া অনিন্দ্যগাত্রী হইয়া অত্যুত্তম রূপ ধারণ করিলেন ॥১০॥

সুন্দর ভ্রূযুগলা, পদ্মনয়না এবং ভারশূন্য অস্ত্রের ন্যায় দ্রুতগামিনী সুলভা চক্ষুর নিমেষমাত্রে বিদেহরাজধানী মিথিলায় গমন করিলেন ॥১১॥

ক্রমে সুলভা মনোহরা ও সম্পন্নজনে পরিপূর্ণা মিথিলা রাজধানীতে উপস্থিত হইয়া, ভিক্ষার ছলে জনকের সহিত সাক্ষাৎ করিলেন ॥১২॥

তখন জনকরাজা সুলভার পরম সৌন্দর্য্য দর্শন করিয়া 'ইনি কে, কোথা হইতেই বা আসিয়াছেন, কাহারই কন্যা বা ভার্য্যা' ইহা ভাবিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥১৩॥

তদনন্তর জনকরাজা সুলভার নিকটে স্বাগতপ্রশ্ন করিয়া, উত্তম আসনে বসিবার ইঙ্গিত দেখাইয়া, পাদপ্রক্ষালনে সম্মানিত করিয়া, উত্তম অন্নদ্বারা তাঁহার তৃপ্তি করাইলেন ॥১৪॥

---

(১২) প্রভূতজনসঙ্কুলাম্—বঙ্গ বর্দ্ধ। (১৩) বপুস্তদা—বঙ্গ বর্দ্ধ।

সুলভা ত্বস্য ধর্ম্মেষু মুক্তো নেতি সসংশয়া।
সত্ত্বং সত্ত্বেন যোগজ্ঞা প্রবিবেশ মহীপতেঃ ॥১৬॥
নেত্রাভ্যাং নেত্রয়োরস্য রশ্মীন্ সংযম্য রশ্মিভিঃ।
সা স্ম তং চোদয়িষ্যন্তী যোগবন্ধৈর্ববন্ধ হ ॥১৭॥

ভারতকৌমুদী

সুলভেতি। যোগজ্ঞা সুলভা তু ধর্ম্মেষু যোগাচারেষু অনুষ্ঠিতেষু সৎসু, অয়ং রাজা, মুক্তো জীবন্মুক্তিং প্রাপ্তো ন নবেতি অস্য জনকস্য সম্বন্ধে সসংশয়া সতী, সত্ত্বেন আত্মনো বুদ্ধ্যা, মহীপতের্জনকস্য, সত্ত্বং বুদ্ধিম্, প্রবিবেশ তস্য পরীক্ষণায় ॥১৬॥

প্রবেশমার্গমাহ নেত্রাভ্যামিতি। সা সুলভা, চোদয়িষ্যন্তী রাজানং প্রক্ষ্যন্তী সতী, আত্মনো নেত্রাভ্যাম্, তয়োশ্চ রশ্মিভিঃ রজ্জুভিরিব কিরণৈঃ, অস্য জনকস্য, নেত্রয়ো রশ্মীন্ রজ্জুরিব কিরণান্ সংযম্য বদ্ধা, যোগবন্ধৈঃ, তং জনকম্ ববন্ধ ॥১৭॥

ভারতভাবদীপঃ

ত্রিদণ্ডাদিকঞ্চ ধার্য্যম্ ॥৭॥ মোক্ষে মোক্ষশাস্ত্রে নিষ্ণাত ইতি শেষঃ ॥৮॥ ন্বি তি ন বেতি ॥৯—১০॥ লঘু শীঘ্রগমনগত্যা গচ্ছতীতি সা ॥১১—১২॥ সৌকুমার্য্যং সৌন্দর্য্যম্ ॥১৩—১৪॥ ভাষ্যবিদাং সূত্রার্থজ্ঞানাং মধ্যে ॥১৫॥ অস্য এনং জনকং ধর্ম্মেষু মোক্ষধর্ম্মেষু বিষয়েষু অন্তাননাদৃত্য চোদয়ামাস পৃষ্টবতী। অয়ং মুক্তো নেতি নবেতি সসংশয়া, সত্ত্বমিতি স্বস্য যোগৈশ্বর্য্যখ্যাপনার্থং জনকস্য সত্ত্বং বুদ্ধিং সত্ত্বেন স্বয়া বুদ্ধ্যা প্রবিবেশ ॥১৬॥ স্ববুদ্ধের্ব্বহিরস্বাতন্ত্র্যাৎ পরবুদ্ধেশ্চাপ্রত্যক্ষত্বাৎ কথং প্রবিবেশেত্যাশঙ্ক্যাহ—নেত্রাভ্যামিতি। বুদ্ধিসত্ত্বং "অন্নময়ং হি সোম্য মন" ইতি শ্রুতের্ভৌতিকং দ্রব্যং রবিপ্রভাবৎ সূক্ষ্মং, তদ্‌যদা চক্ষুরাদিচ্ছিদ্রেভ্যো বহির্নির্গত্য ঘটাদিকং প্রকাশয়তি ঘটচ্ছিদ্র-নির্গতপ্রদীপপ্রভাবত্তদা চক্ষুরিন্দ্রিয়মিত্যুচ্যতে। তত্রৈকস্মিন্ দেশে যুগপৎপ্রদীপয়োরিব বুদ্ধ্যোরংশযঃ সংসৃজ্যন্তে, তত্র যক্ষরাক্ষসাদয়ো বীরাঃ স্বীয়েন বুদ্ধ্যস্ত্রেণ সংসৃষ্টাং পরবুদ্ধিমভিভূয় তদীয়ৈর্দেহাদিভির্ব্ব্যবহরন্তীতি প্রসিদ্ধং লোকে। যদি তু দ্বাবপি যোগিবীরৌ বুদ্ধ্যস্ত্রপ্রয়োগসংহারাভিজ্ঞৌ তদাস্ত্রদ্বয়বদ্ধীদ্বয়ং মিথো নাভিভূয়তে তত একস্মিন্ দেহে দ্বয়োর্ব্বিবাদো ভবতি। সঙ্কোদয়ি-

তদনন্তর সুলভা ভোজন করিয়া, প্রীতিসহকারে মন্ত্রিগণে পরিবেষ্টিত ও শাস্ত্রজ্ঞগণের মধ্যে উপবিষ্ট জনকরাজার নিকট প্রশ্ন করিলেন ॥১৫॥

'যৌগিকনিয়মগুলির অনুষ্ঠান করায়, এই রাজা জীবন্মুক্ত হইয়াছেন কিনা' জনকরাজার বিষয়ে এইরূপ সন্দেহ করিয়া, যোগবলসম্পন্না সুলভা, আপন বুদ্ধি-দ্বারা জনকরাজার বুদ্ধিমধ্যে প্রবেশ করিলেন ॥১৬॥

সুলভা জনকরাজার নিকটে প্রশ্ন করিবেন বলিয়া, আপন নয়নযুগলের কিরণ-দ্বারা জনকরাজার নয়নের কিরণগুলিকে বদ্ধ করিয়া, তাঁহাকে যোগবন্ধনে বদ্ধ করিলেন ॥১৭॥

(১৭) সংযোজ্য রশ্মিভিঃ—নি। সা স্ম সঙ্কোদয়িষ্যন্তী—পি বঙ্গ বর্দ্ধ।

জনকোঽপ্যুৎস্ময়ন্ রাজা ভাবমস্যা বিশেষয়ন্।
প্রতিজগ্রাহ ভাবেন ভাবমস্যা নৃপোত্তম! ॥১৮॥
তদেকস্মিন্নধিষ্ঠানে সংবাদঃ শ্রূয়তাময়ম্।
ছত্রাদিষু বিমুক্তস্য মুক্তায়াশ্চ ত্রিদণ্ডকৈঃ ॥১৯॥

জনক উবাচ।

ভগবত্যাঃ ক চর্য্যেয়ং কৃতা ক চ গমিষ্যসি।
কস্য চ ত্বং কুতো বেতি পপ্রচ্ছৈনাং মহীপতিঃ ॥২০॥

ভারতকৌমুদী

জনক ইতি। হে নৃপোত্তম! যুধিষ্ঠির! জনকো রাজাপি, উৎস্ময়ন্ সুলভায়াঃ শক্তিদর্শনেন বিস্ময়মানঃ সন্, অস্যাঃ সুলভায়াঃ, ভাবং চেষ্টাম্, বিশেষয়ন্ অতিক্রামন্, ভাবেন আত্মনোঽপি তাদৃশ্যৈব চেষ্টয়া, অস্যাঃ সুলভায়াঃ, ভাবং তাং চেষ্টাম্, প্রতিজগ্রাহ ॥১৮॥

তদিতি। তৎ তস্মাৎ উভাভ্যামেব উভয়োর্দেহে তথৈব প্রবেশাৎ, একস্মিন্ অধিষ্ঠানে দেহে স্থিতয়োরিতি শেষঃ, অয়ং সংবাদঃ পরস্পরালাপঃ, শ্রূয়তাম্। তাবুভৌ বিবৃণোতি ছত্রেতি। ছত্রাদিষু রাজচ্ছত্রদণ্ডাদিষু, সৎস্বপি তৈর্ব্বিমুক্তস্য জনকস্য, ত্রিদণ্ডকৈঃ বৈল্বপালাশবৈণবৈঃ, মুক্তায়া রহিতায়াঃ সুলভায়াশ্চ, অয়ং সংবাদঃ শ্রূয়তামিতি সম্বন্ধঃ ॥১৯॥

ভগেতি। ভগবত্যা মাহাত্ম্যবত্যা ভবত্যাঃ, ইয়ং চর্য্যা বিচরণম্, ক কস্মিন্ অর্থে কৃতা, ত্বঞ্চ ক গমিষ্যসি, ত্বঞ্চ কস্য সম্বন্ধিনী কন্যা বা ভার্য্যা, কুতো বা আগতেতি শেষঃ, ইতি মহীপতির্জনকঃ, এনাং সুলভাং পপ্রচ্ছ ॥২০॥

ভারতভাবদীপঃ

যুস্তী প্রষ্টুমিচ্ছন্তী যোগবন্ধৈর্যোগবলেন চিত্তবন্ধৈর্ব্ববন্ধ বশীচকার ॥১৭॥ উৎস্ময়ন্ স্বস্যাজেয়ত্বাভিমানে গর্ব্বং কুর্ব্বন্, অস্যাঃ সুলভায়াঃ ভাবমাশয়মেনং মূকং করিষ্যামীত্যেবংরূপং বিশেষয়ন্নভিভবন্ ভাবেন ভাবং জগ্রাহ ॥১৮॥ তয়া সহ সমবেত্যৈকস্মিন্ দেহে উবাস; অধিষ্ঠানে দেহে। ছত্রেতি উভাবপি স্থূলদেহোপস্কারং ত্যক্তবন্তাবিত্যর্থঃ ॥১৯॥ এতদাখ্যানতাৎপর্য্যং ত্বেকস্মিন্ গেহে ইব লিঙ্গদেহেঽপি দ্বয়োর্জীবয়োরবস্থানং ভবতি তেন স্থূলসূক্ষ্ম-

রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির! তখন জনকরাজাও সুলভার শক্তিদর্শনে বিস্ময়াপন্ন হইয়া এবং তাঁহার কার্য্য অতিক্রম করিবার ইচ্ছা করিয়া, আপন চেষ্টাদ্বারা সুলভার চেষ্টা স্বীকার করিলেন ॥১৮॥

সেইরূপ হওয়ায়, ছত্রদণ্ডাদিবিহীন জনকরাজা এবং ত্রিদণ্ডশূন্য সুলভা এক এক অধিষ্ঠানে অর্থাৎ এক এক দেহে অবস্থান করিতে লাগিলেন; যুধিষ্ঠির! তৎকালে তাঁহাদের যে পরস্পর আলাপ হইতেছিল, তাহা তুমি শ্রবণ কর ॥১৯॥

(১৯) ত্রিদণ্ডকে—পি বঙ্গ বর্দ্ধ।

শ্রুতে বয়সি জাতৌ চ সদ্ভাবো নাধিগম্যতে।
এষ্বর্থেষূত্তরং তস্মাৎ প্রবেদ্যং মৎসমাগমে ॥২১॥
ছত্রাদিষু বিশেষেষু মুক্তং মাং বিদ্ধি তত্ত্বতঃ।
স ত্বাং সংবেত্তুমিচ্ছামি মানার্হা হি মতাসি মে ॥২২॥
যস্মাচ্চৈতন্ময়া প্রাপ্তং জ্ঞানং বৈশেষিকং পুরা।
যস্য নান্যঃ প্রবক্তাস্তি মোক্ষং তমপি মে শৃণু ॥২৩॥
পরাশরসগোত্রস্য বৃদ্ধস্য সুমহাত্মনঃ।
ভিক্ষোঃ পঞ্চশিখস্যাহং শিষ্যঃ পরমসম্মতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

শ্রুত ইতি। শ্রুতে কীদৃশে শাস্ত্রজ্ঞানে কস্মিন্ বয়সি, কস্যাং জাতৌ চ, তব সদ্ভাবো বিদ্যমানতা নাধিগম্যতে ময়া ন জ্ঞায়তে। তস্মাৎ মৎসমাগমে, এষু অর্থেষু বিষয়েষু, উত্তরং প্রবেদ্যম্ ত্বয়া ময়ি জ্ঞাপনীয়ম্ ॥২১॥

ছত্রেতি। ছত্রাদিষু ছত্রদণ্ডপ্রভৃতিষু, বিশেষেষু রাজচিহ্নেষু সৎস্বপি তৈর্মুক্তং রহিতম্, মাম্, তত্ত্বতো যাথার্থ্যেন বিদ্ধি। সোঽহম্, ত্বাম্, সংবেত্তুং সম্যগ্ জ্ঞাতুমিচ্ছামি। হি যস্মাৎ, ত্বং মে মানার্হা সম্মানযোগ্যা মতা ॥২২॥

যস্মাদিতি। বৈশেষিকং সর্ব্বেভ্যো বিশেষভূতম্। মোক্ষং জীবন্মুক্তিম্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

দেহে গৃহবজ্জীবস্যানাত্মানাবিত্যুক্তম্। এবং সতি স্বস্যানভিভূতত্বং দর্শয়ন্ জনক উবাচ—ভগবত্যা ইতি ॥২০॥ পরকীয়ং শ্রুতাদিকমজ্ঞাতমতঃ পৃষ্টেন ত্বয়া বেদনীয়মিত্যর্থঃ ॥২১॥ রাজাপ্যহং রাজ্যান্মুক্তো-

---

জনক বলিলেন—দেবি! আপনি কি নিমিত্ত এই বিচরণ করিতেছেন, কোথায়ই বা যাইবেন এবং আপনি কাহার, কোথা হইতেই বা আসিলেন” এইরূপ জনকরাজা সুলভার নিকট প্রশ্ন করিলেন—॥২০॥

“সন্ন্যাসিনি! কীদৃশ শাস্ত্রজ্ঞানে, কোন্ বয়সে বা কি জাতিতে আপনি রহিয়াছেন, তাহা আমি জানি না। অতএব আমার এই সম্মেলনে, এই সকল বিষয়ে প্রকৃত উত্তর আমাকে আপনার জানাইতে হইবে ॥২১॥

আমি ছত্র ও দণ্ডপ্রভৃতি রাজচিহ্ন পরিত্যাগ করিয়াছি; এখন আপনি আমাকে যথাযথরূপে অবগত হউন; আবার আমিও আপনাকে সমীচীন ভাবে জানিতে ইচ্ছা করি। কারণ, আমি মনে করি, আপনি আমার সম্মানযোগ্যাই হইবেন ॥২২॥

আমি পূর্ব্বে যাঁহার নিকট হইতে এই শ্রেষ্ঠজ্ঞান লাভ করিয়াছি এবং যে মুক্তির বক্তা অন্য কেহ নাই, সেই উভয়ই আপনি আমার নিকট শ্রবণ করুন ॥২৩॥

---

(২২) স ত্বাং সংমন্তুমিচ্ছামি—পি বজ বর্দ্ধ।

সাংখ্যজ্ঞানে চ যোগে চ মহীপালবিধৌ তথা।
ত্রিবিধে মোক্ষধর্ম্মেঽস্মিন্ গতাধ্বা ছিন্নসংশয়ঃ ॥২৫॥
স যথাশাস্ত্রদৃষ্টেন মার্গেণেহ পরিভ্রমন্।
বার্ষিকাংশ্চতুরো মাসান্ পুরা ময়ি সুখোষিতঃ ॥২৬॥
তেনাহং সাংখ্যমুখ্যেন সুদৃষ্টার্থেন তত্ত্বতঃ।
শ্রাবিতস্ত্রিবিধং মোক্ষং ন চ রাজ্যাদ্বিচালিতঃ ॥২৭॥
সোঽহং তামখিলাং বৃত্তিং ত্রিবিধাং মোক্ষসংহিতাম্।
মুক্তরাগশ্চরাম্যেকঃ পদে পরমকে স্থিতঃ ॥২৮॥

ভারতকৌমুদী

কস্মাজ্জ্ঞানং প্রাপ্তমিত্যাহ পরেতি। পরমসম্মতঃ অতীব প্রিয়ঃ ॥২৪॥

সাংখ্যেতি। মহীপালবিধৌ রাজধর্ম্মে। অস্মিন্ ত্রিবিধে মোক্ষধর্ম্মে গতঃ পঞ্চশিখাদেব প্রাপ্তঃ অধ্বা জ্ঞানমার্গো যেন সঃ ॥২৫॥

স ইতি। স পঞ্চশিখঃ, শাস্ত্রমনতিক্রম্য দৃষ্টো যথাশাস্ত্রদৃষ্টস্তেন, মার্গেণ নিয়মেন ইহজগতি পরিভ্রমন্, বার্ষিকান্ শ্রাবণাদীন্ বর্ষাসম্বন্ধিনঃ, চতুরো মাসান্, ময়ি মদ্ভবনে, পুরা সুখোষিত আসীৎ। "গ্রৈষ্মহৈমন্তিকান্ মাসান্ অষ্টৌ ভিক্ষুর্বিচংক্রমেৎ। চতুরো বার্ষিকান্ মাসান্ বর্ষাস্বেকত্র সংবসেৎ॥" ইতি স্মৃতেঃ ॥২৬॥

তেনেতি। তেন পঞ্চশিখেন, তত্ত্বতো যাথার্থ্যেন, সুদৃষ্টঃ সম্যক্প্রত্যক্ষীকৃতঃ অর্থঃ সার্থক্যং যস্য তেন, সাংখ্যমুখ্যেন সাংখ্যদর্শনীয়প্রধানজ্ঞানেন, অহং প্রাগুক্তরূপং ত্রিবিধং মোক্ষং শ্রাবিতঃ কিন্তু রাজ্যাৎ ন বিচালিতো ন ভ্রংশিতঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

ইত্যাহ—ছত্রাদিম্বিতি। সম্যক্ জ্ঞাতুম্ ॥২২॥ মোক্ষং মোক্ষহেতুম্ ॥২৩—২৪॥ সাংখ্যযোগবিধিশব্দৈঃ ক্রমেণ জ্ঞানোপাস্তিকর্ম্মকাণ্ডার্থা জ্ঞেয়াঃ। অয়মেব ত্রিবিধো মোক্ষধর্ম্মস্তত্র বিষয়ে

পরাশরের একগোত্র, বৃদ্ধ, অতিমহাত্মা ও সন্ন্যাসী পঞ্চশিখাচার্য্যের আমি পরমপ্রিয় শিষ্য ॥২৪॥

সাংখ্যজ্ঞান, যোগাচার ও রাজধর্ম্ম—এই ত্রিবিধ মোক্ষধর্ম্মেই আমি পঞ্চশিখাচার্য্যের নিকট হইতে জ্ঞানমার্গ লাভ করিয়াছি এবং সমস্ত সংশয় ছেদন করিয়াছি ॥২৫॥

সেই পঞ্চশিখাচার্য্য শাস্ত্রদৃষ্টনিয়মে এই জগতে বিচরণ করিতে থাকিয়া, বর্ষাকালের চারিমাস পূর্ব্বে আমার গৃহে সুখে বাস করিতেন ॥২৬॥

তিনি যথাযথভাবে প্রত্যক্ষীকৃত প্রধান সাংখ্যজ্ঞান অনুসারে আমাকে ত্রিবিধ মুক্তি শ্রবণ করাইয়াছিলেন; কিন্তু রাজ্য হইতে ভ্রষ্ট করান নাই ॥২৭॥

বৈরাগ্যং পুনরেতস্য মোক্ষস্য পরমো বিধিঃ।
জ্ঞানাদেব চ বৈরাগ্যং জায়তে যেন মুচ্যতে ॥২৯॥
জ্ঞানেন কুরুতে যত্নং যত্নেন প্রাপ্যতে মহৎ।
মহদ্দ্বন্দ্বপ্রমোক্ষায় সা সিদ্ধির্যা বয়োতিগা ॥৩০॥

ভারতকৌমুদী

স ইতি। সোঽহম্ মুক্তস্ত্যক্তো রাগো বিষয়াসক্তির্যেন সঃ তাদৃশঃ সন্, মোক্ষসংহিতাং মুক্তিবিষয়াং তাম্, ত্রিবিধাম্ পঞ্চবিংশতিতত্ত্ববিষয়াম্ অষ্টাঙ্গাদিসমেতযোগবিষয়াম্ রাজ্যশাসনবিষয়াঞ্চ, বৃত্তিং ব্যাপারম্, চরামি ; অথ চ বৈরাগ্যাদেক এবাহম্, পরমকে পদে জ্ঞানে স্থিতশ্চাস্মি ॥২৮॥

বৈরাগ্যমিতি। বিধিরুপায়ঃ। যেন বৈরাগ্যেন ॥২৯॥

জ্ঞানেনেতি। জ্ঞানেন নিত্যানিত্যবোধেন মোক্ষায় যত্নং কুরুতে মানুষঃ, তেন চ যত্নেন মহৎ তত্ত্বজ্ঞানং প্রাপ্যতে ; তচ্চ মহৎ তত্ত্বজ্ঞানং দ্বন্দ্বপ্রমোক্ষায় সুখদুঃখাদিবিপরীতযুগলনাশায় ভবতি; তত্র চ যা বৃত্তির্বয়োতিগা সর্ব্ববয়োঽতিক্রামিণী মৃত্যুনিবারিণী, সৈব সিদ্ধিঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

গতাধ্বা জ্ঞানমার্গঃ ॥২৫॥ ময়ি মম সমীপে ॥২৬—২৮॥ বৈরাগ্যমিতি দ্বাভ্যাং বৈরাগ্যজ্ঞানযত্নানাং বাসিষ্ঠাদৌ বাসনাক্ষয়বিজ্ঞানমনোনাশশব্দিতানাং ত্রিদণ্ডবিষ্টম্ভবদন্যোন্যাশ্রয়েণ সিদ্ধিরুক্তা যথা—"তত্ত্বজ্ঞানং মনোনাশো বাসনাক্ষয় এব চ। মিথঃ কারণতাং গত্বা দুঃসাধ্যানি স্থিতানি হি। যাবদ্বিলীনং ন মনো ন তাবদ্বাসনাক্ষয়ঃ। ন ক্ষীণা বাসনা যাবচ্চিত্তং তাবন্ন শাম্যতি। যাবন্ন তত্ত্ববিজ্ঞানং তাবচ্চিত্তশমঃ কুতঃ। যাবন্ন চিত্তোপশমো ন তাবত্তত্ত্ববেদনম্। যাবন্ন বাসনানাশস্তাবত্তত্ত্বাগমঃ কুতঃ। যাবন্ন তত্ত্বসম্প্রাপ্তির্ন তাবদ্বাসনাক্ষয়ঃ। একৈকশো নিষেবন্তে যস্তেতে চিরমপ্যলম্। তত্র সিদ্ধিং প্রযচ্ছন্তি মন্ত্রাঃ সঙ্কীর্ত্তিতা ইবে"তি। যথা ষড়ঙ্গমন্ত্রাণামেকৈকমন্ত্রাবৃত্ত্যা ন সিদ্ধিঃ কিন্তু সহিতানামাবৃত্ত্যা তদ্বদিত্যর্থঃ। মোক্ষস্য তৎসাধনস্য জ্ঞানস্য, বিধিরুপায়ঃ ॥২৯॥ যত্নং যোগাভ্যাসং মনোনাশহেতুং মহদাত্মজ্ঞানং তেন চ পরং বৈরাগ্যমিতি সা এষা ত্রয়াণাং সিদ্ধিনিষ্পত্তির্মহতাং দ্বন্দ্বানাং সুখদুঃখাদীনাং মোক্ষায়েতি জীবন্মুক্তিসুখায় বয়োঽতি-

---

সেই আমি বিষয়াসক্তি পরিত্যাগ করিয়া, মুক্তি বিষয়া ত্রিবিধা সমস্ত বৃত্তি সাধন করিতেছি এবং একাকী তত্ত্বজ্ঞানে রহিয়াছি ॥২৮॥

এই মুক্তির আবার বৈরাগ্যই প্রধান কারণ ; সে বৈরাগ্যও জ্ঞান হইতে উৎপন্ন হয়, যাহার ফলে মানুষ মুক্ত হইয়া থাকে ॥২৯॥

মানুষ জ্ঞানদ্বারা মুক্তির যত্ন উৎপাদন করে, যত্নদ্বারা তত্ত্বজ্ঞান লাভ করিয়া থাকে, সেই তত্ত্বজ্ঞান সুখদুঃখপ্রভৃতি দ্বন্দ্বমুক্তির হেতু হয় ; আর যে বৃত্তিটী সমস্ত বয়স অতিক্রম করে, অর্থাৎ মৃত্যু নিবারণ করিতে পারে, তাহার নামই সিদ্ধি ॥৩০॥

সেয়ং পরমিকা বুদ্ধেঃ প্রাপ্তা নির্দ্বন্দ্বতা ময়া।
ইহৈব গতমোহেন চরতা মুক্তসঙ্গিনা ॥৩১॥
যথা ক্ষেত্রং মৃদূভূতমদ্ভিরাপ্লাবিতং তথা।
জনয়ত্যঙ্কুরং কর্ম্ম নৃণাং তদ্বৎ পুনর্ভবম্ ॥৩২॥
যথা চোত্তাপিতং বীজং কপালে যত্র তত্র বা।
প্রাপ্যাপ্যঙ্কুরহেতুত্বমবীজত্বান্ন জায়তে ॥৩৩॥
তদ্বদ্ভগবতা তেন শিখাপ্রোক্তেন ভিক্ষুণা।
জ্ঞানং কৃতমবীজং মে বিষয়েষু ন জায়তে ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সেতি। মুক্তাস্ত্যক্তাঃ সঙ্গিনঃ সহচরা যেন তেন, গতমোহেন চ ময়া, ইহ গার্হস্থ্য এব, চরতা সতা, সেয়ং পরমিকা উত্তমা, বুদ্ধেঃ নির্দ্বন্দ্বতা সুখদুঃখাদিহীনতা প্রাপ্তা ॥৩১॥

যথেতি। মৃদূভূতং কর্ষণাদ্ব্যতিরেকেণ কোমলীভূতং তথা অদ্ভির্জলৈরাপ্লাবিতঞ্চ, ক্ষেত্রং ভূমির্যথা, অঙ্কুরং জনয়তি; তদ্বৎ কর্ম্ম সৎ অসদ্বা কার্য্যম্, নৃণাম্, পুনর্ভবং পুনর্জন্ম জনয়তি ॥৩২॥

যথেতি। যত্র তত্র বা কপালে শরাবাদৌ, অগ্নিনা উত্তাপিতং ধান্যাদীনাং বীজম্, অঙ্কুরহেতুত্বং প্রাপ্যাপি, অবীজত্বাৎ উত্তাপনেন অঙ্কুরাহেতুত্বাৎ বীজত্বনাশাদ্বা যথা ন জায়তে অঙ্কুরীভবতি; তদ্বৎ, ভগবতা তেন শিখয়া প্রোক্তং শিখাশব্দেনোচ্চারিতং নাম যস্য তেন পঞ্চশিখেন ভিক্ষুণা, অবীজং বিষয়াসক্তিকারণতাহীনম্, কৃতম্ মে জ্ঞানম্, বিষয়েষু স্রক্চন্দনবনিতাদিষু, ন জায়তে ন বর্ত্ততে ॥৩৩—৩৪॥

ভারতভাবদীপঃ

সেতি মৃত্যুজয়ায় ভবতীত্যুক্তম্ ॥৩০—৩১॥ নম্ন রাজ্যং কুর্ব্বতস্তব কথং মুক্তসঙ্গিতা সম্ভাবিতেত্যত আহ—যথেত্যাদিনা। সবীজত্বাদঙ্কুরং জনয়তীত্যধ্যাহৃত্য যোজ্যম্। তদ্বৎ কর্ম্ম জীবস্থানীয়ম্ ॥৩২—৩৩॥ জ্ঞানং বুদ্ধিঃ অবীজং বাসনাবীজশূন্যং ন জায়তে ন প্রবর্ত্ততে। শিখাপদযুক্তং

আমার মোহ তিরোহিত হইয়াছে এবং আমি সমস্ত সংসর্গ ত্যাগ করিয়াছি; সুতরাং আমি এই গৃহস্থধর্ম্মে থাকিয়াই বুদ্ধির সেই সুখদুঃখাদি হীনতা প্রাপ্ত হইয়াছি ॥৩১॥

উত্তম কর্ষণ করিয়া যাহাকে কোমল করা হয় এবং জলসেক করিয়া যাহাকে সম্যক্ প্লাবিত করা হইয়া থাকে, সেই ক্ষেত্র যেমন অঙ্কুর উৎপাদন করে; তেমন সৎকর্ম্ম বা অসৎকর্ম্ম মানুষের পুনর্জন্ম উৎপাদন করিয়া থাকে ॥৩২॥

(৩১) সেয়ং পরমিকা সিদ্ধিঃ—নি, সেয়ং পরমিকা বুদ্ধিঃ বর্দ্ধ।
(৩৪) তদ্বদ্ভগবতানেন নি।

নাভিরজ্যতি কস্মিংশ্চিন্নানর্থে ন পরিগ্রহে।
নাভিরজ্যতি চৈতেষু ব্যর্থত্বাদ্রাগরোষয়োঃ ॥৩৫॥
যশ্চ মে দক্ষিণং বাহুং চন্দনেন সমুক্ষয়েৎ।
সব্যং বাস্যাপি যস্তক্ষেৎ সমাবেতাবুভৌ মম ॥৩৬॥
সুখী সোঽহমবাপ্তার্থঃ সমলোষ্টাশ্মকাঞ্চনঃ।
মুক্তসঙ্গঃ স্থিতো রাজ্যে বিশিষ্টোঽন্যৈস্ত্রিদণ্ডিভিঃ ॥৩৭॥
মোক্ষে হি ত্রিবিধা নিষ্ঠা দৃষ্টান্যৈর্মোক্ষবিত্তমৈঃ।
জ্ঞানং লোকোত্তরং যচ্চ সর্বত্যাগশ্চ কর্ম্মণাম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

নেতি। তাদৃশঞ্চ মে জ্ঞানম্, কস্মিংশ্চিৎ অনর্থে শত্রুসংহারাদৌ ন, পরিগ্রহে ভার্য্যাদৌ চ ন অভিরজ্যতি, তথা এতেষু ভার্য্যাশত্রুপ্রভৃতিষু, রাগরোষয়োর্ব্যর্থত্বাৎ অনিত্যত্বেন নিষ্ফলত্বাৎ, তেষু জ্ঞানং নাভিরজ্যতি, পূর্ব্বার্দ্ধং প্রতি পরার্দ্ধস্য হেতুতয়োক্তত্বান্ন পৌনরুক্ত্যম্ ॥৩৫॥

য ইতি। সমুক্ষয়েৎ সিঞ্চেৎ। সব্যং বামং বাহুম্, বাস্যা বাসীনামকেনাস্ত্রেণ, তক্ষেৎ মাংসচ্ছেদনেন তনূকুর্য্যাৎ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

প্রোক্তং নাম যস্য তেন পঞ্চশিখেনেত্যর্থঃ ॥৩৪॥ অনর্থে শত্রুবধাদৌ পরিগ্রহে স্ত্র্যাদিসংগ্রহে এতেষু রাগরোষয়োর্ব্বিষয়েষু স্ত্রীশত্রুপ্রভৃতিষু ব্যর্থত্বাত্তেষাং মিথ্যাত্বেন নিঃস্বরূপত্বাদিত্যর্থঃ ॥৩৫॥ বাস্যেতি। বাস্যসংজ্ঞকেন শস্ত্রেণ, বিভক্তিলোপ আর্ষঃ। অঙ্গং বাস্যং বাসী তয়েতি বা ॥৩৬॥

তারপর, যে কোনও শরাবে ভর্জ্জিত বীজ অঙ্কুর উৎপাদনের হেতু হইয়াও ভর্জ্জনে সে বীজত্ব নষ্ট হওয়ায় যেমন অঙ্কুর উৎপাদন করে না; সেইরূপ সেই ভগবান্ সন্ন্যাসী পঞ্চশিখাচার্য্য আমার বুদ্ধিকে আসক্তিহীন করিয়া দিয়াছেন; সুতরাং সে বুদ্ধি আর স্রক্‌চন্দনপ্রভৃতি বিষয়ে প্রবৃত্ত হয় না ॥৩৩—৩৪॥

আমার বুদ্ধি কোন অনর্থে বা কোন ভোগে আর আসক্ত হয় না। কারণ, স্ত্রীপ্রভৃতির উপরে অনুরাগ ও শত্রুপ্রভৃতির উপরে ক্রোধ নিষ্ফল বলিয়া, সেগুলির উপরে আর বুদ্ধি যায় না ॥৩৫॥

যে লোক চন্দনদ্বারা আমার দক্ষিণবাহু সিক্ত করে, কিংবা যে লোক বাসী-(বাইস্) দ্বারা আমার বামবাহুর মাংস ছেদন করিয়া ফেলে, সেই দুইজনই আমার নিকটে সমান ॥৩৬॥

আমি সর্ব্বদাই সুখী, আমি সমস্ত কাম্যই লাভ করিয়াছি এবং আমার নিকটে মৃৎপিণ্ড, প্রস্তর ও স্বর্ণ সমান; আর আমি সমস্ত সংসর্গ পরিত্যাগ করিয়া, রাজপদে রহিয়াছি। সুতরাং আমি অন্যান্য সন্ন্যাসী অপেক্ষা শ্রেষ্ঠ ॥৩৭॥

জ্ঞাননিষ্ঠাং বদন্ত্যেকে মোক্ষশাস্ত্রবিদো জনাঃ।
কর্ম্মনিষ্ঠাং তথৈবান্যে যতয়ঃ সূক্ষ্মদর্শিনঃ ॥৩৯॥
প্রহায়োভয়মপ্যেব জ্ঞানং কর্ম্ম চ কেবলম্।
তৃতীয়েয়ং সমাখ্যাতা নিষ্ঠা তেন মহাত্মনা ॥৪০॥
যমে চ নিয়মে চৈব কামে দ্বেষে পরিগ্রহে।
মানে দম্ভে তথা স্নেহে সদৃশাস্তে কুটুম্বিভিঃ ॥৪১॥

ভারতকৌমুদী

সুধীতি। অবাপ্তার্থো লব্ধকামঃ। বিশিষ্টঃ শ্রেষ্ঠীকৃতঃ, ত্রিদণ্ডিভিঃ সন্ন্যাসিভিঃ ॥৩৭॥

মোক্ষ ইতি। মোক্ষে মোক্ষবিষয়ে, নিষ্ঠা নিষ্পত্তিহেতুঃ। সর্ব্বত্যাগঃ সন্ন্যাসঃ, কর্ম্মণাম্ অনুষ্ঠানঞ্চ ॥৩৮॥

জ্ঞানেতি। জ্ঞাননিষ্ঠাং মুক্তের্হেতুং বদন্তি। এবং কর্ম্মনিষ্ঠামপি ॥৩৯॥

প্রহায়েতি। উভয়মপি সমুচ্চিতজ্ঞানকর্ম্মদ্বয়মপি প্রহায়ৈব কেবলং জ্ঞানম্, কেবলং নিষ্কামং কর্ম্ম চ, ইযং তৃতীয়া নিষ্ঠা মুক্তিনিষ্পত্তিহেতুঃ, তেন মহাত্মনা পঞ্চশিখেন সমাখ্যাতা উক্তা ॥৪০॥

যমনিয়মাদিপালনং মোক্ষকারণম্, কামদ্বেষাদিধারণঞ্চ বন্ধহেতুরিত্যাহ যম ইতি। পরিগ্রহে ভার্য্যাবিষয়ে। "পরিগ্রহঃ কলত্রে চ মূল্যস্বীকারয়োরপি" ইতি মেদিনী। তে সন্ন্যাসিনঃ, কুটুম্বিভির্ভার্য্যাদিপরিজনবদ্ভির্গৃহস্থৈঃ সদৃশাঃ। তথা চ যমনিয়মাদিসত্ত্বে গৃহস্থোঽপি সন্ন্যাসিতুল্যঃ, কামদ্বেষাদিসত্ত্বে চ সন্ন্যাস্যপি গৃহস্থসমান ইতি ভাবঃ ॥৪১॥

ভারতভাবদীপঃ

উপপাদিতামাত্মনো মুক্তসদৃশতামুপসংহরতি—সুধীতি ॥৩৭॥ ত্রিবিধা জ্ঞানোপাস্তিকর্ম্মাত্মিকা একা। অন্যা জ্ঞানোপাস্ত্যাত্মিকা। কর্ম্মণাং মানসানামপি, তেন সাংখ্যযোগাত্মিকেত্যর্থঃ ॥৩৮॥ জ্ঞাননিষ্ঠাং কর্ম্মোপসর্জ্জনাং, কর্ম্মনিষ্ঠাং জ্ঞানোপসর্জ্জনাম্ ॥৩৯॥ এবং চত্বারঃ পরপক্ষা উপন্যস্তাঃ। স্বমতমাহ—প্রহায়েতি। উভয়ং সমুচ্চয়বিকল্পাখ্যং পূর্ব্বশ্লোকদ্বয়োক্তং ত্যক্তেত্যর্থঃ। জ্ঞানস্য কেবলত্বং কর্ম্মকৃতোপকারনৈরপেক্ষ্যম্। কর্ম্মণঃ কেবলত্বং প্রয়োজনাভাবেঽপ্যত্যাগঃ। সেয়ং তৃতীয়া নিষ্ঠা জ্ঞানকর্ম্মণোঃ সমুচ্চয়পক্ষাদ্বিকল্পপক্ষাচ্চান্যা। তেন পঞ্চশিখেন সমাখ্যাতা ॥৪০॥

অলৌকিক যে জ্ঞান, অলৌকিক যে সন্ন্যাস এবং অলৌকিক যে কর্ম্মানুষ্ঠান—এই ত্রিবিধ নিষ্ঠাকে মুক্তির উপায় বলিয়া অন্যান্য মোক্ষবিৎ পণ্ডিতেরা বলেন ॥৩৮॥

মোক্ষশাস্ত্রজ্ঞ একশ্রেণীর লোকেরা বলেন—জ্ঞাননিষ্ঠাই মুক্তির সাধন; আর সূক্ষ্মদর্শী অন্যশ্রেণীর সাধুরা বলেন—কর্ম্মনিষ্ঠাই মুক্তির কারণ ॥৩৯॥

কিন্তু সেই মহাত্মা পঞ্চশিখাচার্য্য এই তৃতীয় নিষ্ঠাকে মুক্তির কারণ বলিয়াছেন যে, পূর্ব্বোক্ত উভয় নিষ্ঠাকে পরিত্যাগ করিয়া, কেবল জ্ঞাননিষ্ঠা ও কেবল কর্ম্মনিষ্ঠাই মুক্তির কারণ ॥৪০॥

ত্রিদণ্ডাদিষু যদ্যস্তি মোক্ষো জ্ঞানেন কস্যচিৎ।
ছত্রাদিষু কথং ন স্যাত্তুল্যহেতৌ পরিগ্রহে ॥৪২॥
যেন যেন হি যস্যার্থং কারণেনেহ কর্ম্মণি।
তত্তদালম্বতে সর্ব্বং দ্রব্যং স্বার্থপরিগ্রহে ॥৪৩॥

ভারতকৌমুদী

ত্রীতি। ত্রিদণ্ডাদিষু ধৃতেষ্বপি যদি কস্যচিৎ জ্ঞানেনৈব মোক্ষঃ অস্তি ভবতি, তদা ছত্রাদিষু ধৃতেষু স মোক্ষঃ কথং তেন জ্ঞানেন ন স্যাৎ, অপি তু স্যাদেব, মোক্ষং প্রতি জ্ঞানস্যৈবাসাধারণ কারণত্বাৎ। পরিগ্রহে ত্রিদণ্ডাদিধারণে ছত্রাদিধারণে চ, তুল্যো হেতুঃ মোক্ষং প্রতি সমানং কারণম্ তস্মিন্ সতি। তথা চ মোক্ষং প্রতি জ্ঞানম্, বন্ধং প্রতি চ বিষয়াসঙ্গঃ কারণম্, ত্রিদণ্ডাদিধারণন্তু জ্ঞানিনো লক্ষণম্, ছত্রাদিধারণঞ্চ গৃহস্থস্য চিহ্নম্। এবঞ্চ সতি জ্ঞানাদেব মোক্ষঃ, ত্রিদণ্ডাদিধারণন্তু নিজপরিচায়কমাত্রমিতি ভাবঃ ॥৪২॥

যেনেতি। ইহ জগতি কর্ম্মণি ভোজনাদৌ উপাসনাদৌ চ, যস্য যস্য জনস্য, অর্থঃ প্রয়োজনম্, যেন যেন কারণেন তণ্ডুলাদিনা পরিব্রাসনাদিনা চ সিধ্যতীতি শেষঃ, স্বার্থপরিগ্রহে বিষয়ে স স জনঃ উপযোগি তত্তৎ সর্ব্বং দ্রব্যম্, আলম্বতে গৃহ্লাতি ॥৪৩॥

ভারতভাবদীপঃ

ইনামেব নিষ্ঠাং স্তৌতি—যমে চেতি। তে ত্রিদণ্ডিনঃ যমাদৌ সতি গৃহস্থঃ সন্ন্যাসিতুল্যাঃ, কামাদৌ সতি সন্ন্যাস্যপি গৃহস্থতুল্য ইত্যর্থঃ ॥৪১॥ ত্রিদণ্ডেতি। যদি জ্ঞানেনৈব মোক্ষ ইতি সিদ্ধং তর্হি ত্রিদণ্ডপরিগ্রহবচ্ছত্রপরিগ্রহোঽপি ন বাধকো জ্ঞানেন সঙ্গাভাবস্যোভয়ত্রাপি তুল্যত্বাদিত্যর্থঃ ॥৪২॥ যেনেতি। আলম্বতে প্রয়োজনবত্তয়া আসক্তো ভবতি কুত্র; কর্ম্মণি ? দ্রব্যে পশ্বাদৌ স্বং ধনমর্থাঃ স্ত্র্যাদয়স্তেষাং পরিগ্রহে কিমর্থং যেন যেন কারণেনান্নাদিনা যস্যার্থঃ। প্রয়োজনং ক্ষুন্নিবৃত্ত্যাদি তদর্থমিত্যর্থঃ। তথা চার্থস্যাল্পত্ববহুত্বে বন্ধমোক্ষহেতূ ন ভবতঃ কিন্তু তত্রাসক্ত্যনাসক্তী

যম, নিয়ম, কাম, দ্বেষ, ভোগ্যগ্রহণ, মান, কপটতা ও স্নেহ বিষয়ে সন্ন্যাসীরা গৃহস্থের তুল্য; অর্থাৎ যম ও নিয়মপ্রভৃতি থাকিলে গৃহস্থও মুক্ত হয়, কিন্তু কাম-দ্বেষাদি থাকিলে, সন্ন্যাসীও মুক্ত হয় না ॥৪১॥

ত্রিদণ্ডাদিধারণ সন্ন্যাসীর লক্ষণ, আর ছত্রাদিধারণ গৃহস্থের লক্ষণ—এইভাবে এই উভয়ই সমান। সুতরাং ত্রিদণ্ডাদি থাকিলে যদি কাহারও জ্ঞানদ্বারাই মুক্তি হয়, তাহা হইলে ছত্রাদি থাকিলে সেই জ্ঞানদ্বারাই অন্যেরও মুক্তি হইবে না কেন ? (অর্থাৎ ছত্রাদিধারণ মুক্তির প্রতিবন্ধক নহে) ॥৪২॥

উদ্দেশ্য কার্য্যে যে যে লোকের প্রয়োজন, যে যে কারণদ্বারা সিদ্ধ হয়, স্বার্থসাধন বিষয়ে সেই সেই লোক সেই সেই সমস্ত দ্রব্য গ্রহণ করে ॥৪৩॥

---

(৪২) কেনচিৎ—নি। (৪৩) সর্ব্বদ্রব্যে—নি।

দোষদর্শী তু গার্হস্থ্যে যো ব্রজত্যাশ্রমান্তরে।
উৎসৃজন্ পরিগৃহ্ণংশ্চ সোঽপি সঙ্গান্ন মুচ্যতে ॥৪৪॥
আধিপত্যে তথা তুল্যে নিগ্রহানুগ্রহাত্মকে।
রাজর্ভির্ভিক্ষুকাস্তুল্যা মুচ্যন্তে কেন হেতুনা ॥৪৫॥
অথ সত্যাধিপত্যেঽপি জ্ঞানেনৈবেহ কেবলম্।
মুচ্যন্তে সর্ব্বপাপেভ্যো দেহে পরমকে স্থিতাঃ ॥৪৬॥
কাষায়ধারণং মৌণ্ড্যং ত্রিবিষ্টব্ধং কমণ্ডলুঃ।
লিঙ্গান্যুৎপথভূতানি ন মোক্ষায়েতি মে মতিঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

দোষেতি। গার্হস্থ্যে দোষদর্শী যো জনঃ, উৎসৃজন্ পুত্রকলত্রাদিকং ত্যজন্, বসনভূষণাদিকং পরিগৃহ্ণংশ্চ আশ্রমান্তরে বনাদৌ ব্রজতি ; সোঽপি সঙ্গাৎ বসনভূষণাদ্যাসক্তের্ন মুচ্যতে। সর্ব্বত্যাগ এব সন্ন্যাস ইতি ভাবঃ ॥৪৪॥

আধীতি। নিগ্রহো দোষিণো দণ্ডঃ, অনুগ্রহশ্চ গুণিনঃ পুরস্কারঃ তদুভয়াত্মকে আধিপত্যে তুল্যে সতি, ভিক্ষুকা অপি রাজভিস্তুল্যা এব। অতএব কেন হেতুনা তে মুচ্যন্তে। তথা চ ভিক্ষুকৈরাধিপত্যমপি বর্জ্জনীয়মিত্যাশয়ঃ ॥৪৫॥

মুক্তিং প্রতি জ্ঞানস্যৈব অসাধারণকারণতামাহ অথেতি। পরমকে নিষ্পাপতয়া পবিত্রে দেহে, স্থিতাঃ পুরুষাঃ, আধিপত্যে রাজ্যাদীনাং প্রভুত্বে সত্যপি, ইহ কেবলম্ একেন জ্ঞানেনৈব সর্ব্বপাপেভ্যো মুচ্যন্তে "জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণম্" ইত্যুক্তেঃ ॥৪৬॥

কাষায়বসনধারণাদিকন্তু সন্ন্যাসপরিচায়কমাত্রমিত্যাহ কাষায়েতি। কাষায়ধারণং গৈরিকবসনপরিধানম্, মৌণ্ড্যং মুণ্ডিতমস্তকতা, ত্রিবিষ্টব্ধং ত্রিদণ্ডম্, কমণ্ডলুশ্চ, এতানি উৎপথভূতানি সন্ন্যাসপ্রযোজ্যানি, লিঙ্গানি চিহ্নানি, মোক্ষায় ন কল্পন্ত ইতি মে মতিঃ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

এবেতি ভাবঃ ॥৪৩। আধিপত্যে তুল্যে ত্রিদণ্ডাদ্যর্থে আসক্তির্বাধিকেত্যাহ দোষেতি ॥৪৪॥

যে মানুষ গৃহস্থাশ্রমে দোষ দেখিয়া, পুত্রকলত্রাদি পরিত্যাগ করিয়া, বসনভূষণাদি লইয়া, তপোবনে বা সন্ন্যাসাশ্রমে গমন করে, সেও বিষয়াসক্তি হইতে মুক্ত হয় না ॥৪৪॥

দোষীর নিগ্রহ ও গুণীর অনুগ্রহ—এই উভয় বিষয়ে প্রভুত্ব সমান থাকিলে, সন্ন্যাসীরা রাজাদেরই তুল্য বলিয়া গ্রাহ্য হন ; সুতরাং তাঁহারা কোন্ কারণে মুক্ত হইবেন ? ॥৪৫॥

মানুষ পবিত্র দেহে থাকিয়া, আধিপত্য থাকিলেও একমাত্র জ্ঞানদ্বারাই সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥৪৬॥

(৪৬) পরমিকে স্থিতাঃ—বর্দ্ধ, (৪৭) কমণ্ডলুম্—নি।

যদি সত্যপি লিঙ্গেঽস্মিন্ জ্ঞানমেবাত্র কারণম্।
নির্মোক্ষায়েহ দুঃখস্য লিঙ্গমাত্রং নিরর্থকম্ ॥৪৮॥
অথবা দুঃখশৈথিল্যং বীক্ষ্য লিঙ্গে কৃতা মতিঃ।
কিং তদেবার্থসামান্যং ছত্রাদিষু ন লক্ষ্যতে ॥৪৯॥
আকিঞ্চন্যে ন মোক্ষোঽস্তি কিঞ্চন্যে নাস্তি বন্ধনম্।
কিঞ্চন্যে বেতরে চৈব জন্তুর্জ্ঞানেন মুচ্যতে ॥৫০॥

ভারতকৌমুদী

যদীতি। অস্মিন্ কাষায়ধারণাদৌ লিঙ্গে চিহ্নে, সত্যপি যদি অত্র মোক্ষে জ্ঞানমেব কারণং স্যাৎ; তদা ইহ দুঃখস্য নির্মোক্ষায় আত্যন্তিকনিবৃত্তয়ে, লিঙ্গমাত্রং কাষায়ধারণাদিসমস্তং চিহ্নম্, নিরর্থকম্। অতএব বেষামধারণে ন মে দোষ ইতি ভাবঃ ॥৪৮॥

নম্ন বহুমূল্যবসনভূষণাদিসংগ্রহে দুঃখবাহুল্যম্, কাষায়াদিসংগ্রহে তু ন তথেত্যাহ অথবেতি। অথবা দুঃখস্য বসনভূষণসংগ্রহাদিকষ্টস্য শৈথিল্যং ভ্রংশম্ বীক্ষ্য, লিঙ্গে কাষায়াদিধারণে মতিঃ কৃতা। ইতি চেৎ তত্রাহ কিমিতি। ছত্রাদিষু মদীয়রাজচিহ্নাদিষপি তদেব অর্থসামান্যং দুঃখশৈথিল্যাত্ম কবিষয়সাদৃশ্যং কিং ন লক্ষ্যতে। যুষ্মাকং কাষায়াদিধারণে যথা কিঞ্চিন্মাত্রং দুঃখম্, তথাস্মাকং ছত্রাদিধারণেঽপীতি ভাবঃ ॥৪৯॥

অথ ভবতঃ প্রভূতসম্পদেব মুক্তিপ্রতিবন্ধিকা বন্ধপ্রযোজিকা চেত্যাহ আকিঞ্চন্য ইতি। অস্য কিঞ্চন নাস্তি ইত্যকিঞ্চনস্তস্য ভাব আকিঞ্চন্যং তস্মিন্, কেবলে আকিঞ্চন্যে স্থিত এব মোক্ষো নাস্তি ন ভবতি; তথা কিঞ্চন্যে কিয়ত্যাং সম্পদি স্থিত এব বন্ধনং বন্ধো নাস্তি। কিঞ্চন্যে ইতরে আকিঞ্চন্যে চ স্থিতে বা, জন্তুর্মানুষঃ কেবলেন জ্ঞানেনৈব মুচ্যতে ॥৫০॥

ভারতভাবদীপঃ

আসনমেব বিবৃণোতি—আধিপত্যে ইতি। শিক্ষাদিষিতি শেষঃ ॥৪৫—৪৬॥ ত্রিবিষ্টব্ধং ত্রিদণ্ডকং লিঙ্গানি আশ্রমপরিচায়কানি ॥৪৭—৪৮॥ অথবেতি। দুঃখাভাবার্থং ত্রিদণ্ডং চেৎ কর্ত্তব্যং তর্হি রাজ্যমপি তদর্থং কুতো ন কর্ত্তব্যমিত্যর্থঃ। অতএবোক্তং ভগবতা—"দুঃখমিত্যেব যৎ কর্ম কায়ক্লেশভয়াৎ ত্যজেৎ। স কৃত্বা রাজসং ত্যাগং নৈব ত্যাগফলং লভেদি"তি ॥৪৯॥ ফলিত-

---

আমার ধারণা এই যে, গৈরিকবস্ত্র পরিধান, মস্তকমুণ্ডন, ত্রিদণ্ডগ্রহণ ও কমণ্ডলু ধারণ—এগুলি সন্ন্যাসাশ্রমের চিহ্নমাত্র; কিন্তু মুক্তিপ্রযোজক নহে ॥৪৭॥

গৈরিকবস্ত্রপ্রভৃতি—এই সকল সন্ন্যাসচিহ্ন থাকিলেও যদি আত্যন্তিক দুঃখনিবৃত্তিবিষয়ে একমাত্র জ্ঞানই কারণ হয়, তাহা হইলে ঐ সকল চিহ্ন নিষ্প্রয়োজন ॥৪৮॥

অথবা গৈরিকবস্ত্রধারণ প্রভৃতি ব্যাপারে কষ্ট অল্প হয়, ইহা দেখিয়া, সন্ন্যাসীরা ঐ সকল চিহ্নধারণে ইচ্ছা করেন; এমন হইলে ছত্র-দণ্ডাদি ধারণেও কষ্ট অল্প হয়, ইহা কেন লক্ষ্য করা হয় না ॥৪৯॥

তস্মাদ্ধর্ম্মার্থকামেষু তথা রাজ্যপরিগ্রহে।
বন্ধনায়তনেষ্বেষু বিদ্ধ্যবন্ধে পদে স্থিতম্ ॥৫১॥
রাজ্যৈশ্বর্য্যময়ঃ পাশঃ স্নেহায়তনবন্ধনঃ।
মোক্ষাশ্মনিশিতেনেহ ছিন্নস্ত্যাগাসিনা ময়া ॥৫২॥
সোঽহমেবংগতো মুক্তো জাতাস্থস্ত্বয়ি ভিক্ষুকি!।
অযথার্থং হি তে বর্ণং বক্ষ্যামি শৃণু তন্মম ॥৫৩॥

ভারতকৌমুদী

স তদাসনমাদায় বহুরত্নবিভূষিতম্।
স্পর্দ্ধ্যাস্তরণসংস্তীর্ণং সর্ব্বতোভদ্রমৃদ্ধিমৎ ॥৩॥
পুরোধসা সংগৃহীতং হস্তেনালভ্য পার্থিবঃ।
প্রদদৌ গুরুপুত্রায় শুকায় পরমার্চ্চিতম্ ॥৪॥ (যুগ্মকম্)
তত্রোপবিষ্টং তং কার্ষ্ণিং শাস্ত্রতঃ প্রত্যপূজয়ৎ।
পাদ্যং নিবেদ্য প্রথমমর্ঘ্যং গাঞ্চ ন্যবেদয়ৎ ॥৫॥
স চ তাং মন্ত্রবৎপূজাং প্রত্যগৃহ্ণাদ্‌যথাবিধি।
প্রতিগৃহ্য চ তাং পূজাং জনকাদ্‌দ্বিজসত্তমঃ ॥৬॥
গাঞ্চৈব সমনুজ্ঞায় রাজানমনুমান্য চ।
পর্য্যপৃচ্ছন্মহাতেজা রাজ্ঞঃ কুশলমব্যয়ম্ ॥৭॥
অনাময়ঞ্চ রাজেন্দ্র! শুকঃ সানুচরস্য চ।
অনুশিষ্টস্তু তেনাসৌ নিষসাদ সহানুগঃ।
উদারসত্ত্বাভিজনো ভূমৌ রাজা কৃতাঞ্জলিঃ ॥৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

স ইতি। স পার্থিবঃ, স্পর্দ্ধ্যাস্তরণং তূলপূর্ণস্থূলাস্তরণং সংস্তীর্ণং পাতিতং যত্র তৎ, সর্ব্বতোভদ্রং নাম, ঋদ্ধিমৎ বহুমূল্যম্। সংগৃহীতং ধৃতম্, আলভ্য স্পৃষ্ট্বা। পরমার্চ্চিতমত্যাদৃতম্ ॥৩—৪॥

তত্রেতি। কৃষ্ণস্য কৃষ্ণদ্বৈপায়নস্যাপত্যমিতি কার্ষ্ণিস্তং শুকম্ ॥৫॥

স ইতি। মন্ত্রবতী চাসৌ পূজা চেতি তাম্। সমনুজ্ঞায় পালয়িতুম্ অনুমত্য, অনুমান্য উপবেষ্টুমনুজ্ঞাপ্য, সানুচরস্য রাজ্ঞ ইতি সম্বন্ধঃ। তেন শুকেন অনুশিষ্ট উপবেষ্টুমাদিষ্টঃ, উদারৌ সত্ত্বাভিজনৌ জ্ঞানার্জ্জনাধ্যবসায়বংশৌ যস্য সঃ, সহানুগঃ অসৌ রাজা কৃতাঞ্জলিঃ সন্, ভূমৌ নিষসাদ উপবিবেশ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৬—৮॥

জনকরাজা বহুরত্নভূষিত, বহুমূল্য, পরমাদৃত ও গদীযুক্ত সর্ব্বতোভদ্রনামক সেই আসন লইয়া, হস্তদ্বারা স্পর্শ করিয়া, গুরুপুত্র শুকদেবকে তাহা প্রদান করিলেন; তৎকালে পুরোহিতও তাহা ধারণ করিয়াছিলেন ॥৩—৪॥

শুকদেব সেই আসনে উপবেশন করিলে, জনকরাজা শাস্ত্রানুসারে তাঁহার পূজা করিতে লাগিলেন। তিনি প্রথমে পাদ্য দান করিয়া, পরে অর্ঘ্য ও গো নিবেদন করিলেন ॥৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ও মহাতেজা শুকদেব, জনকরাজার সেই মন্ত্রযুক্ত পূজা যথাবিধানে গ্রহণ করিলেন। শুকদেব জনকের নিকট হইতে সেই পূজা গ্রহণ করিয়া, গরুটী পালন করিবার অনুমতি দিয়া এবং রাজাকে বসিবার অনুমতি প্রদান করিয়া

কুশলঞ্চাব্যয়ঞ্চৈব পৃষ্ট্বা বৈয়াসকিং নৃপঃ।
কিমাগমনমিত্যেব পর্য্যপৃচ্ছত পার্থিবঃ ॥৯॥

শুক উবাচ।

পিত্রাহমুক্তো ভদ্রন্তে মোক্ষধর্ম্মার্থকোবিদঃ।
বিদেহরাজো যাজ্যো মে জনকো নাম বিশ্রুতঃ ॥১০॥
তত্র গচ্ছস্ব বৈ তূর্ণং যদি তে হৃদি সংশয়ঃ।
প্রবৃত্তৌ বা নিবৃত্তৌ বা স তে ছেৎস্যতি সংশয়ম্ ॥১১॥
সোঽহং পিতুর্নিয়োগাত্ত্বামুপপ্রষ্টুমিহাগতঃ।
তন্মে ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠ! যথাবদ্বক্তুমর্হসি ॥১২॥

ভারতকৌমুদী

কুশলমিতি। অব্যয়মক্ষীণম্, বৈয়াসকিং ব্যাসপুত্রং শুকম্, নৃপঃ প্রজাপালকঃ। পার্থিবো জনকঃ ॥৯॥

পিত্রেতি। পিত্রা ব্যাসেন। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ ॥১০॥

তত্রেতি। প্রবৃত্তৌ ভোগমার্গে, নিবৃত্তৌ মোক্ষমার্গে, স জনকঃ ॥১১॥

স ইতি। পিতুর্বেদব্যাসস্য। বক্তুমর্হসি মম জিজ্ঞাস্যম্ ॥১২॥

অনুচরবর্গের সহিত রাজার সর্ব্বাঙ্গীন মঙ্গল ও আরোগ্য জিজ্ঞাসা করিলেন। রাজশ্রেষ্ঠ! তাহার পর শুকদেব জনকরাজাকে বসিবার অনুমতি করিলে অধ্যবসায়ী ও উচ্চবংশসম্ভূত জনকরাজা কৃতাঞ্জলি হইয়া, অনুচরবর্গের সহিত ভূমিতে উপবেশন করিলেন ॥৬—৮॥

প্রজাপালক জনকরাজা শুকদেবের নিকট তাঁহার সর্ব্বাঙ্গীন মঙ্গল জিজ্ঞাসা করিয়া, আগমন করিবার প্রয়োজন জিজ্ঞাসা করিলেন' ॥৯॥

শুকদেব বলিলেন—'রাজা! আপনার মঙ্গল হইক, পিতৃদেব আমাকে বলিয়াছেন, মোক্ষ, ধর্ম্ম ও অর্থবিষয়ে অভিজ্ঞ এবং জনকনামে বিখ্যাত বিদেহদেশের রাজা আমার যাজ্য ॥১০॥

বৎস! প্রবৃত্তিমার্গে কিংবা নিবৃত্তিমার্গে তোমার মনে যদি সন্দেহ থাকে, তাহা হইলে তুমি সত্বর জনকরাজার নিকটে যাও। তিনি তোমার সে সন্দেহ ছেদন করিবেন ॥১১॥

আমি পিতৃদেবের সেই আদেশে আপনার নিকট জিজ্ঞাসা করিবার জন্য এখানে আসিয়াছি। অতএব ধার্ম্মিকশ্রেষ্ঠ! আপনি আমার নিকট যথাযথভাবে বলুন ॥১২॥

কিং কার্য্যং ব্রাহ্মণেনেহ মোক্ষার্থশ্চ কিমাত্মকঃ।
কথঞ্চ মোক্ষঃ প্রাপ্তব্যো জ্ঞানেন তপসাথ বা ॥১৩॥

জনক উবাচ।

যৎ কার্য্যং ব্রাহ্মণেনেহ জন্মপ্রভৃতি তচ্ছৃণু।
কৃতোপনয়নস্তাত। ভবেদ্বেদপরায়ণঃ ॥১৪॥
তপসা গুরুবৃত্ত্যা বা ব্রহ্মচর্য্যেণ বা বিভো!।
দেবতানাং পিতৃণাঞ্চাপ্যনৃণো হ্যনসূয়কঃ ॥১৫॥
বেদানধীত্য নিয়তো দক্ষিণামপবর্জ্য চ।
অভ্যনুজ্ঞামথ প্রাপ্য সমাবর্ত্তেত বৈ দ্বিজঃ ॥১৬॥
সমাবৃত্তশ্চ গার্হস্থ্যে স্বদারনিরতো বসেৎ।
অনসূয়ুর্যথান্যায়মাহিতাগ্নিস্তথৈব চ ॥১৭॥

ভারতকৌমুদী

কিং জিজ্ঞাস্যমিত্যাহ কিমিতি। মোক্ষার্থো মুক্তিবিষয়ঃ ॥১৩॥

যদিতি। কৃতম্ উপনয়নং যস্য স ব্রাহ্মণঃ ॥১৪॥

তপসেতি। গুরোর্বৃত্ত্যা শুশ্রূষয়া। অনসূয়কঃ পরদোষাবিস্কাররহিতঃ ॥১৫॥

বেদানিতি। নিয়তো ব্রহ্মচর্য্যনিয়মবান্, অপবর্জ্য গুরবে দত্ত্বা, গুরোরেব অভ্যনুজ্ঞাং প্রাপ্য সমাবর্ত্তেত স্বগৃহং প্রত্যাবর্ত্তেত ॥১৬॥

সমাবৃত্ত ইতি। অনসূয়ুঃ কস্যাপ্যসূয়ামকুর্ব্বন্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৩॥. যৎ কার্য্যমিত্যাদিনা "ব্রতী ভূত্বা গৃহী ভবেদ্গৃহী ভূত্বা বনী ভবেদ্বনী

এই জগতে ব্রাহ্মণের কি কর্ত্তব্য, মুক্তিটাই বা কিরূপ, সেই মুক্তি জ্ঞান বা তপস্যা কিংবা অন্য কোন প্রকারে লাভ করা যায়? ॥১৩॥

জনক বলিলেন—'তাত! এই জগতে জন্মপ্রভৃতি ব্রাহ্মণের যাহা কর্ত্তব্য তাহা আপনি শ্রবণ করুন। উপনয়ন হইয়া গেলেই ব্রাহ্মণ বেদনিরত হইবেন ॥১৪॥

প্রভু! ব্রাহ্মণ তপস্যা, গুরুশুশ্রূষা কিংবা ব্রহ্মচর্য্যদ্বারা দেবগণ ও পিতৃগণের নিকট অনৃণী হইবেন এবং কাহারও প্রতি অসূয়া করিবেন না ॥১৫॥

ব্রাহ্মণ ব্রহ্মচর্য্যের নিয়মযুক্ত হইয়া, বেদ অধ্যয়ন করিয়া, গুরুকে দক্ষিণা দিয়া, তাঁহার অনুমতি লইয়া, গৃহে প্রত্যাবর্ত্তন করিবেন ॥১৬॥

তিনি গৃহে প্রত্যাবৃত্ত হইয়া, আপন ভার্য্যাতে নিরত থাকিয়া, গৃহস্থাশ্রমে বাস করিবেন; তৎকালে কাহারও প্রতি অসূয়া করিবেন না এবং যথানিয়মে অগ্নিস্থাপন করিয়া অগ্নিহোত্রী হইবেন ॥১৭॥

উৎপাদ্য পুত্রপৌত্রন্তু বন্যাশ্রমপদে বসেৎ।
তানেবাগ্নীন্ যথাশাস্ত্রমর্চ্চয়ন্নতিথিপ্রিয়ঃ ॥১৮॥
স বনেঽগ্নীন্ যথান্যায়মাত্মন্যারোপ্য ধর্ম্মবিৎ।
নির্দ্বন্দ্বো বীতরাগাত্মা ব্রহ্মাশ্রমপদে বসেৎ ॥১৯॥

শুক উবাচ।

উৎপন্নে জ্ঞানবিজ্ঞানে নির্দ্বন্দ্বে হৃদি শাশ্বতে।
কিমবশ্যং নিবস্তব্যমাশ্রমেষু ভবেত্রিষু? ॥২০॥
এতদ্ভবন্তং পৃচ্ছামি তদ্ভবান্ বক্তুমর্হতি।
যথাবেদার্থতত্ত্বেন ব্রূহি মে ত্বং জনাধিপঃ ॥২১॥

ভারতকৌমুদী

উৎপাদ্যেতি। বন্যাশ্রমপদে বানপ্রস্থাশ্রমে ॥১৮॥

স ইতি। আত্মন্যারোপ্য স্বয়মেব হোমাদিকং কৃত্বা। নির্দ্বন্দ্বঃ সুখদুঃখাদিশূন্যঃ, বীতরাগাত্মা স্ত্রীপুত্রাদাবনাসক্তচিত্তঃ, ব্রহ্মাশ্রমপদে সন্ন্যাসাশ্রমে ॥১৯॥

উৎপন্ন ইতি। মোক্ষোপযোগিনী বুদ্ধির্জ্ঞানং, শিল্পশাস্ত্রাদিবুদ্ধিশ্চ বিজ্ঞানং তস্মিন্, "মোক্ষে ধীর্জ্ঞানমন্যত্র বিজ্ঞানং শিল্পশাস্ত্রয়োঃ" ইত্যমরঃ। নির্দ্বন্দ্বে সুখদুঃখাদিশূন্যে, শাশ্বতে সনাতনে ব্রহ্মণি হৃদি নিবিষ্ট ইতি শেষঃ, ত্রিষু ব্রহ্মচর্য্যাদিষু প্রাগাচরিতেষু আশ্রমেষু কিমবশ্যং পুনর্নিবস্তব্যম্, উত তস্মিন্ সন্ন্যাসাশ্রম এব স্থাতব্যমিত্যর্থঃ ॥২০॥

এতদিতি। বেদার্থতত্ত্বমনতিক্রম্যেতি যথাবেদার্থতত্ত্বং তেন ॥২১॥

ভারতভাবদীপঃ

ভূত্বা প্রব্রজে"দিতি শ্রুত্যুক্তঃ ক্রমসমুচ্চয়পক্ষো দর্শিতঃ ॥১৪—১৮॥ বীতরাগাত্মা বিরক্তচিত্তঃ ব্রহ্মাশ্রমঃ সন্ন্যাসাশ্রমস্তদেব পদং পট্টস্থানং তত্র ॥১৯॥ এতদাক্ষিপতি—উৎপন্নে ইতি। জ্ঞানং শাস্ত্রজা ধীঃ। বিজ্ঞানমনুভবঃ। তস্মিন্মোক্ষাশ্রমফলে ব্রহ্মচর্য্যাৎ প্রাগেবোৎপন্নে সতি ত্রিষু ব্রহ্মচর্য্যাদিষু। সমুচ্চয়পক্ষে "যদি চেতরথা ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেদ্গৃহাদ্বা বনাদ্বা যদহরেব বিরজেত্তদ-

---

সেই গৃহস্থাশ্রমে পুত্রপৌত্র উৎপাদন করিয়া, বানপ্রস্থ আশ্রমে যাইয়া বাস করিবেন, সে আশ্রমেও শাস্ত্রানুসারে সেই অগ্নিরই অর্চ্চনা করিতে থাকিয়া অতিথি-সৎকারপরায়ণ হইবেন ॥১৮॥

সেই ধার্ম্মিক ব্রাহ্মণ বানপ্রস্থাশ্রমে নিজেই অগ্নির অর্চ্চনা করিয়া, সুখদুঃখাদি-দ্বন্দ্বশূন্য এবং বিষয়ে অনাসক্তচিত্ত হইয়া, সন্ন্যাসাশ্রমে যাইয়া বাস করিবেন ॥১৯॥

শুকদেব বলিলেন—'জ্ঞান ও বিজ্ঞান উৎপন্ন হইলে এবং সুখদুঃখাদিশূন্য সনাতন পরব্রহ্মে চিত্ত অভিনিবিষ্ট হইয়া পড়িলে, আবারও কি ব্রাহ্মণের অবশ্যই সেই পূর্ব্ববর্ত্তী তিনটি আশ্রমে বাস করিতে হইবে? ॥২০॥

জনক উবাচ।

ন বিনা জ্ঞানবিজ্ঞানে মোক্ষস্যাধিগমো ভবেৎ।
ন বিনা গুরুসম্বন্ধং জ্ঞানস্যাধিগমঃ স্মৃতঃ ॥২২॥
গুরুঃ প্লাবয়িতা তস্য জ্ঞানং প্লব ইহোচ্যতে।
বিজ্ঞায় কৃতকৃত্যস্তু তীর্ণস্তদুভয়ং ত্যজেৎ ॥২৩॥
অনুচ্ছেদায় লোকানাম্ অনুচ্ছেদায় কর্ম্মণাম্।
পূর্ব্বৈরাচরিতো ধর্ম্মশ্চাতুরাশ্রম্য সঙ্কটঃ ॥২৪॥
অনেন ক্রমযোগেণ বহুজাতিষু কর্ম্মণাম্।
হিত্বা শুভাশুভং কর্ম্ম মোক্ষো নামেহ লভ্যতে ॥২৫॥

ভারতকৌমুদী

নেতি। অধিগমঃ প্রাপ্তিঃ। গুরুসম্বন্ধং জ্ঞানলাভায়গুরুসম্পর্কম্ ॥২২॥

উক্তার্থে হেতুমাহ গুরুরিতি। প্লাবয়িতা সংসারসাগরাৎ পারয়িতা, তস্য শিষ্যস্য, প্লবো নৌকা। শিষ্যো বিজ্ঞায় গুরুতো বিশেষেণ জ্ঞানং লব্ধা, সংসারসাগরাৎ তীর্ণঃ সন্, তদুভয়ং গুরুং শাস্ত্রঞ্চ ॥২৩॥

নমু ব্রহ্মচর্য্যাশ্রম এব জ্ঞানে জাতে সতি কিং কর্ত্তব্যমিত্যাহ অম্বিতি। লোকানাং লৌকিকাচারাণামনুচ্ছেদায়, কর্ম্মণাং চাতুরাশ্রম্যবিহিতানাং কার্য্যানামনুচ্ছেদায় চ, চাতুরাশ্রম্যে শঙ্কটঃ কষ্টসাধ্যধর্ম্মঃ পূর্ব্বৈঃ কশ্যপাদিভিরাচরিতঃ। অতএব মহাজনাচারদর্শনাৎ লব্ধজ্ঞানস্যাপি চাতুরাশ্রম্যধর্ম্মাঃ পালয়িতব্যা এবেতি ভাবঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

হরেব প্রব্রজেদি"ত্যাপিনিয়মশ্রুতির্বাধ্যেতেতি ভাবঃ ॥২০—২১॥ তত্র ব্রহ্মচর্য্যস্যাবশ্যকত্বং তাবদাহ—ন বিনেতি ॥২২॥ প্লাবয়িতা কর্ণধারঃ। জ্ঞানং শাস্ত্রং "তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্। নৈষা তর্কেণ মতিরাপনেয়া প্রোক্তান্যেনৈব সুজ্ঞানায় প্রেষ্ঠে" ত্যাদিশ্রুতিভিরন্বয়ব্যতিরেকাভ্যামাচার্য্যকরণস্য বিদ্যাহেতুত্বাবগমাত্তদাবশ্যকমিতি ভাবঃ। তদুভয়মাচার্য্যশাস্ত্রে ॥২৩॥ বামদেববদ্ব্রহ্মচর্য্যাৎ প্রাগ্ বিজ্ঞানে জাতে সতি কিং তেনেত্যাশঙ্ক্যাহ—

নরনাথ! আমি এই বিষয় আপনাকে জিজ্ঞাসা করিতেছি, আপনি তাহা বলুন। যথাযথ বেদার্থ অনুসরণ করিয়াই আপনি আমার নিকট বলুন ॥২১॥

জনক বলিলেন—'জ্ঞান ও বিজ্ঞানব্যতীত মুক্তি লাভ হয় না, আবার গুরুসম্পর্ক ব্যতীতও জ্ঞান লাভ হইতে পারে না ॥২২॥

গুরুই সংসারসাগর হইতে শিষ্যের পারকর্ত্তা, এই জগতে জ্ঞানই পারের নৌকা। অতএব শিষ্য গুরুর নিকট হইতে জ্ঞান লাভ করিয়া, সংসারসাগর হইতে উত্তীর্ণ ও কৃতকার্য্য হইয়া গুরু ও শাস্ত্র উভয়ই ত্যাগ করিতে পারেন ॥২৩॥

লোকাচারের উচ্ছেদ না হয় এবং বিহিতকর্ম্ম উৎসন্ন হইয়া না যায়; এই জন্য প্রাচীন মহাত্মারা কষ্টসাধ্য আশ্রমধর্ম্মসকল পালন করিয়া গিয়াছেন ॥২৪॥

ভাবিতৈঃ করণৈশ্চায়ং বহুসংসারযোনিষু।
আসাদয়তি শুদ্ধাত্মা মোক্ষং বৈ প্রথমাশ্রমে ॥২৬॥
তমাসাদ্য তু মুক্তস্য দৃষ্টার্থস্য বিপশ্চিতঃ।
ত্রিষ্বাশ্রমেষু কো ন্বর্থো ভবেৎ পরমভীপ্সিতঃ ॥২৭॥
রাজসাংস্তামসাংশ্চৈব নিত্যং দোষান্ বিবর্জয়েৎ।
সাত্ত্বিকং মার্গমাস্থায় পশ্যেদাত্মানমাত্মনা ॥২৮॥
সর্ব্বভূতেষু চাত্মানং সর্বভূতানি চাত্মনি।
সংপশ্যন্নোপলিপ্যেত জলে বারিচরো যথা ॥২৯॥

ভারতকৌমুদী

অনেনেতি। বহুজাতিষু বহুজন্মসু, অনেন শাস্ত্রোক্তেন কর্ম্মণাং সন্ধ্যাবন্দনাদীনাং, ক্রম যোগেন ক্রমিককরণেন জ্ঞানলাভাৎ পরমিতি শেষঃ, শুভাশুভং পুণ্যপাপরূপং কর্ম্ম হিত্বা ত্যক্ত্বা ইহ জগতি মোক্ষো জায়তে নাম ॥২৫॥

ভাবিতৈরিতি। অয়ং মুমুক্ষুঃ, বহুসংসারযোনিষু বহুজন্মসু, শমদমাদ্যভ্যাসাৎ ভাবিতৈঃ শোধিতৈঃ করণৈরিন্দ্রিয়ৈশ্চ শুদ্ধাত্মা রাগদ্বেষাদিশূন্যচিত্তঃ সন্, প্রথমাশ্রমে ব্রহ্মচর্য্যাশ্রম এব মোক্ষমাসাদয়তি প্রাপ্নোতি ॥২৬॥

তমিতি। তং মোক্ষমাসাদ্য মুক্তস্য বন্ধাৎ বিচ্যুতস্য, দৃষ্টঃ সাক্ষাৎকৃতঃ অর্থঃ পরমার্থঃ পরং ব্রহ্ম যেন তস্য, বিপরিচিনোতি বিশেষেণ সমস্তাৎ জানাতীতি তস্য জ্ঞানিনঃ, অন্যেষু গার্হস্থ্যাদিষু ত্রিষু আশ্রমেষু, পরমভীপ্সিতো বিশেষেণাভীষ্টঃ কো নু অর্থো বিষয়ো ভবেৎ অপি তু কোঽপি নেত্যর্থঃ ॥২৭॥

রাজসামিতি। রাজসান্ ক্রোধাদীন্, তামসান্ মোহাদীন্ ॥২৮॥

ভারতভাবদীপঃ

অনুচ্ছেদায়েতি। লোকশিক্ষার্থমপি তদাবশ্যকমিতি ভাবঃ ॥২৪॥ জাতিষু জন্মসু ॥২৫॥ ভাবিতৈঃ

বহুজন্মপর্য্যন্ত ক্রমিক এই সকল কর্ম্ম করার পরে জ্ঞানোদয় হইলে, মানুষ পুণ্য ও পাপকর্ম্ম পরিত্যাগ করিলে পর, তাহার মুক্তি হইয়া থাকে ॥২৫॥

মুমুক্ষু লোক পূর্ব্ব পূর্ব্ব বহুজন্মে শমদমাদি অভ্যাস করায়, ইন্দ্রিয়সকল শোধিত হয় বলিয়া, শুদ্ধচিত্ত হইয়া ব্রহ্মচর্য্যাশ্রমেই মুক্তিলাভ করেন ॥২৬॥

মুক্তিলাভ করিয়া বন্ধচ্যুত হইয়া, ব্রহ্মদর্শন করিয়া, যিনি শান্ত হইয়াছেন, সেই জ্ঞানীর গার্হস্থ্যপ্রভৃতি তিনটী আশ্রমে বিশেষ অভীষ্ট কোন্ বিষয় থাকিতে পারে ? ॥২৭॥

মুমুক্ষু লোক সর্ব্বদা রাজসিক ও তামসিক দোষসকল পরিত্যাগ করিবেন এবং সাত্ত্বিক পথ অবলম্বন করিয়া, আত্মাদ্বারাই আত্মদর্শন করিবেন ॥২৮॥

পক্ষিবৎ প্রবণাদূর্দ্ধমমুত্রানন্ত্যমশ্নুতে।
বিহায় দেহান্নির্ম্মুক্তো নির্দ্বন্দ্বঃ প্রশমংগতঃ ॥৩০॥
অত্র গাথাঃ পুরা গীতাঃ শৃণু রাজ্ঞা যযাতিনা।
ধার্য্যন্তে যা দ্বিজৈস্তাত। মোক্ষশাস্ত্রবিশারদৈঃ ॥৩১॥
জ্যোতিরাত্মনি নান্যত্র সর্ব্বজন্তুষু তৎসমম্।
স্বয়ঞ্চ শক্যতে দ্রষ্টুং সুসমাহিতচেতসা ॥৩২॥

ভারতকৌমুদী

সর্ব্বেতি। নোপলিপ্যেত রাগদ্বেষাদিনা ন গৃহ্যেত, বারিচরঃ পক্ষিবিশেষঃ ॥২৯॥

পক্ষিবদিতি। নির্দ্বন্দ্বঃ সুখদুঃখাদিশূন্যঃ, প্রশমংগতঃ রাগদ্বেষাদিশূন্যতাং প্রাপ্তো জনঃ, বিষয়ান্ বিহায়, দেহান্নির্ম্মুক্তো নির্গতঃ সন্, প্রবণাৎ নিম্নদেশাৎ ঊর্দ্ধং দেশং পক্ষিবৎ পক্ষীব, অমুত্র পরলোকে আনন্ত্যং ব্রহ্মভাবম্ অশ্নুতে প্রাপ্নোতি ॥৩০॥

অত্রেতি। অত্র মোক্ষবিষয়ে গাথাঃ গেয়বাচঃ। ধার্য্যন্তে সর্ব্বদা স্মর্য্যন্তে ॥৩১॥

জ্যোতিরিতি। জ্যোতিশ্চৈতন্যাত্মকং তেজোময়ং ব্রহ্ম, তচ্চ জ্যোতিঃ সমং সমানমেব তিষ্ঠতি। সুসমাহিতং দৃঢ়ধ্যাননিষ্ঠং চেতো যস্য তেন জনেন ॥৩২॥

ভারতভাবদীপঃ

শোধিতৈঃ, করণৈর্বুদ্ধ্যাদিভিঃ ॥২৬॥ তমিতি। চিত্তশুদ্ধ্যর্থমাশ্রমধর্ম্মশুদ্ধৌ তু তে ব্যর্থা ইত্যর্থঃ ॥২৭—২৮॥ সর্ব্বভূতেষ্বনুগতমাত্মানং সম্প্রজ্ঞাতে পশ্যতে পশ্যতি সর্ব্বভূতানি চাত্মনি রজ্জুরগবৎ বিলীনান্যসম্প্রজ্ঞাতে পশ্যতি, বারিচরো হংসাদিঃ ॥২৯॥ প্রবণান্নিম্নাৎ যথা ভূচরঃ পর্ব্বতাৎ পর্ব্বতং গচ্ছন্নিম্নং দেশমনুসৃত্য গচ্ছতি নৈবং পক্ষী তদ্বদ্বিদ্বান্ দেহং নানুসরতীত্যর্থঃ ॥৩০—৩১॥ জ্যোতিশ্চিন্মাত্রং ব্রহ্ম আত্মনি বুদ্ধৌ সমমেকম্, একত্বেঽনুভব এব মানমিত্যাহ—স্বয়মিতি। সুষ্ঠু সমাহিতং

যিনি সর্ব্বভূতে আপনাকে এবং আপনাতে সর্ব্বভূতকে দর্শন করেন, তিনি জলে জলচরপক্ষীর (পানিকরির) ন্যায় আর বিষয়ে লিপ্ত হন না ॥২৯॥

পক্ষী যেমন নিম্নদেশ হইতে ঊর্দ্ধদেশ প্রাপ্ত হয়, সেইরূপ সুখদুঃখাদিশূন্য ও শমগুণপ্রাপ্ত মানুষ বিষয় ত্যাগ করিয়া, দেহ হইতে নির্গত হইয়া, ইহলোক হইতে পরলোকে যাইয়া ব্রহ্মত্ব প্রাপ্ত হন ॥৩০॥

বৎস! মোক্ষশাস্ত্রবিশারদ দ্বিজাতিরা সর্ব্বদা যাহা স্মরণ করেন, রাজা যযাতি পূর্ব্বকালে এই মুক্তিবিষয়ে সেই সকল গাথা গাহিয়া গিয়াছেন; আপনি তাহা শ্রবণ করুন ॥৩১॥

চৈতন্যস্বরূপ তেজোময় পরব্রহ্ম নিজের হৃদয়েই রহিয়াছেন, অন্যত্র নহে; তিনি

ন বিভেতি পরো যস্মান্ন বিভেতি পরাচ্চ যঃ।
যশ্চ নেচ্ছতি ন দ্বেষ্টি ব্রহ্ম সম্পদ্যতে তদা ॥৩৩॥
যদা ভাবং ন কুরুতে সর্ব্বভূতেষু পাপকম্।
কর্ম্মণা মনসা বাচা ব্রহ্ম সম্পদ্যতে তদা ॥৩৪॥
সংযোজ্য মনসাত্মানমীর্ষ্যামুৎসৃজ্য মোহিনীম্।
ত্যক্ত্বা কামঞ্চ মোহঞ্চ তদা ব্রহ্মত্বমশ্নুতে ॥৩৫॥
যদা শ্রাব্যে চ দৃশ্যে চ সর্বভূতেষু চাপ্যয়ম্।
সমো ভবতি নির্দ্বন্দ্বো ব্রহ্ম সম্পদ্যতে তদা ॥৩৬॥
যদা স্তুতিঞ্চ নিন্দাঞ্চ সমত্বেনৈব পশ্যতি।
কাঞ্চনঞ্চায়সঞ্চৈব সুখদুঃখে তথৈব চ ॥৩৭॥
শীতমুষ্ণং তথৈবার্থমনর্থং প্রিয়মপ্রিয়ম্।
জীবিতং মরণঞ্চৈব ব্রহ্ম সম্পদ্যতে তদা ॥৩৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নেতি। নেচ্ছতি কিমপি ভোগ্যম্। সম্পদ্যতে লভতে ॥৩৩॥
যদেতি। পাপকং পাপজনকম্, ভাবমাসক্তিচেষ্টাম্ ॥৩৪॥
সংযোজ্যেতি। মনসা সহ আত্মানং পরং ব্রহ্ম সংযোজ্য ॥৩৫॥
যদেতি। অয়ং মানুষঃ। সমঃ সমদর্শী, নির্দ্বন্দ্বঃ সুখদুঃখাদিশূন্যঃ ॥৩৬॥

সকল প্রাণীতেই সমানভাবে আছেন। সমাহিতচিত্ত মানুষ নিজেই তাঁহাকে দেখিতে সমর্থ হয় ॥৩২॥

অন্য ব্যক্তি যাঁহা হইতে ভয় না পায়, আবার যিনি অন্য ব্যক্তি হইতেও ভয় না পান এবং যিনি কিছুই কামনা করেন না কিংবা কাহারও উপরে বিদ্বেষী হন না, তিনিই তখন ব্রহ্মলাভ করেন ॥৩৩॥

মানুষ যখন কর্ম্ম, মন ও বাক্যদ্বারা সকলপ্রাণীতেই পাপজনক আসক্তির চেষ্টা না করে; তখনই সেই মানুষ ব্রহ্মলাভ করিতে পারে ॥৩৪॥

মানুষ যখন মোহজনক ঈর্ষ্যা পরিত্যাগ করিয়া, আপন মনের সহিত পরমাত্মার সংযোগ ঘটাইয়া, কাম ও মোহকে বিসর্জ্জন দিয়া থাকিতে পারে, তখনই সে ব্রহ্মত্ব লাভ করিতে সমর্থ হয় ॥৩৫॥

মানুষ যখন শ্রোতব্য, দ্রষ্টব্য ও সমস্ত প্রাণীতে সমান হইতে পারে এবং সুখদুঃখ-প্রভৃতি দ্বন্দ্বশূন্য হইতে সমর্থ হয়, তখনই সে, ব্রহ্মলাভ করিয়া থাকে ॥৩৬॥

(৩৪) সর্ব্বভূতেষু পাবকম্ বঙ্গ বর্দ্ধ।

প্রসার্য্যেহ যথাঙ্গানি কূর্ম্মঃ সংহরতে পুনঃ।
তথেন্দ্রিয়াণি মনসা সংযন্তব্যানি ভিক্ষুণা ॥৩৯॥
তমঃ পরিগতং বেশ্ম যথা দীপেন দৃশ্যতে।
তথা বুদ্ধিপ্রদীপেন শক্য আত্মা নিরীক্ষিতুম্ ॥৪০॥
এতৎ সর্ব্বঞ্চ পশ্যামি ত্বয়ি বুদ্ধিমতাম্বর।।
যচ্চান্যদপি বেত্তব্যং তত্ত্বতো বেদতদ্ভবান্ ॥৪১॥
ব্রহ্মর্ষে! বিদিতশ্চাসি বিষয়ান্তমুপাগতঃ।
গুরোস্তব প্রসাদেন তব চৈবোপশিক্ষয়া ॥৪২॥
তস্যৈব চ প্রসাদেন প্রাদুর্ভূতং মহামুনে!।
জ্ঞানং দিব্যং মমাপীদং তেনাসি বিদিতো মম ॥৪৩॥

ভারতকৌমুদী

যদেতি। স্তুতিং প্রশংসাম্। কাঞ্চনং স্বর্ণময়ম্ আয়সং লৌহময়ঞ্চ বস্তু। অর্থমিষ্টম্, অনর্থমনিষ্টঞ্চ ॥৩৭—৩৮॥

প্রসার্য্যেতি। ইন্দ্রিয়াণি স্বয়ং বিষয়েষু প্রসৃতানি, সংযন্তব্যানি সংরোদ্ধব্যানি ॥৩৯॥

তম ইতি। তমসা অন্ধকারেণ, পরিগতং পরিব্যাপ্তম্। এতৎপর্য্যন্তা গাথাঃ ॥৪০॥

এতদিতি। এতৎ সমদর্শিত্বাদিকম্। অন্যৎ শমদমাদিকম্ ॥৪১॥

ব্রহ্মেতি। বিষয়াণামিন্দ্রিয়গোচরাণাং সর্বেষামেবান্তং শেষং ত্বং বিদিতোঽসি, তথাপি মামুপাগতঃ ॥৪২॥

মানুষ যখন প্রশংসা ও নিন্দা, স্বর্ণ ও লৌহ, সুখ ও দুঃখ, শীত ও উষ্ণ, ইষ্ট ও অনিষ্ট, প্রিয় ও অপ্রিয় এবং জীবন ও মরণকে সমান জ্ঞান করিতে পারে; তখনই সে, ব্রহ্মলাভ করিয়া থাকে ॥৩৭—৩৮॥

কচ্ছপ যেমন আপন অঙ্গকে প্রসারিত করিয়া, আবার সঙ্কোচিত করে; তেমন সন্ন্যাসী আপন ইন্দ্রিয়গুলিকে বিষয়ে প্রসারিত করিয়া, পুনরায় সঙ্কোচিত করিবেন ॥৩৯॥

দীপদ্বারা যেমন অন্ধকারব্যাপ্ত গৃহকে দেখা যায়; তেমন বুদ্ধিরূপ দীপদ্বারা আত্মাকে দেখিতে পারা যায় ॥৪০॥

জ্ঞানিশ্রেষ্ঠ! এই সমদর্শিত্বপ্রভৃতি সমস্তই আপনাতে দেখিতেছি এবং অন্যও যাহা জানিতে হইবে, তাহাও আপনি যথার্থভাবে জানেন ॥৪১॥

ব্রহ্মর্ষি! আপনার পিতার অনুগ্রহে, আপনি শিক্ষালাভ করিতে পারায় সমস্ত বিষয়েরই শেষ অবগত হইয়াছেন; তথাপি আপনি আমার নিকট আসিয়াছেন ॥৪২॥

অধিকং তব বিজ্ঞানমধিকা চ গতিস্তব।
অধিকস্তব চৈশ্বর্য্যং তচ্চ ত্বং নাববুধ্যসে ॥৪৪॥
বাল্যাদ্বা সংশয়াদ্বাপি ভয়াদ্বাপ্যবিমোক্ষজাৎ।
উৎপন্নে চাপি বিজ্ঞানে নাধিগচ্ছসি তাং গতিম্ ॥৪৫॥
ব্যবসায়েন শুদ্ধেন মদ্বিধৈশ্ছিন্নসংশয়ঃ।
বিমুচ্য হৃদয়গ্রন্থীনাসাদয়তি তাং গতিম্ ॥৪৬॥
ভবাংশ্চোৎপন্নবিজ্ঞানঃ স্থিরবুদ্ধিরলোলুপঃ।
ব্যবসায়াদৃতে ব্রহ্মন্নাসাদয়তি তৎপরম্ ॥৪৭॥
নাস্তি তে সুখদুঃখেষু বিশেষো নাসি লোলুপঃ।
নৌৎসুক্যং নৃত্যগীতেষু ন রাগ উপজায়তে ॥৪৮॥

ভারতকৌমুদী

গুরুস্তেতি। তস্ত তব গুরোর্ব্যাসস্ত। তেন চ জ্ঞানেন ত্বং মম বিদিতোঽসি ইদন্তয়া জ্ঞাতোঽসি ॥৪৩॥

কিং তদিত্যাহ অধিকমিতি। অধিকং মত্তঃ শ্রেষ্ঠম্। এবমন্যত্র ॥৪৪॥

বাল্যাদিতি। অবিমোক্ষজাৎ অদ্যাপি মোক্ষস্যাজাততয়া উৎপন্নাৎ। গতিমবস্থাম্ ॥৪৫॥

ব্যবেতি। শুদ্ধেন রাগদ্বেষাদিরহিতেন, ব্যবসায়েন মুক্তিসাধনোদ্যমেন হৃদয়গ্রন্থীন্ স্বজনাদিস্নেহান্ ॥৪৬॥

ভবানিতি। অলোলুপো বিষয়ভোগে লোভশূন্যঃ। ব্যবসায়াদৃতে তত্ত্বজ্ঞানার্জ্জনোদ্যমং বিনাপি। পরং ব্রহ্ম ॥৪৭॥

মহামুনি! আপনার পিতারই অনুগ্রহে আমারও এই দিব্যজ্ঞান উৎপন্ন হইয়াছে; সেই দিব্যজ্ঞানের বলেই আমি আপনাকে জানিতে পারিয়াছি ॥৪৩॥

আমা অপেক্ষা আপনার জ্ঞান অধিক, গতি উত্তম, ঐশ্বর্য্যও অতিরিক্ত হইয়াছে, তাহা আপনি বুঝিতেছেন না ॥৪৪॥

আপনার তত্ত্বজ্ঞান উৎপন্ন হইলেও বালকত্বনিবন্ধন কিংবা সন্দেহবশতঃ অথবা মুক্তি হইবে কি না—এই ভয়ে আপনার সেই অবস্থা আপনি বুঝিতেছেন না ॥৪৫॥

মহর্ষি! আমার ন্যায় লোকেরা আপনার সমস্ত সংশয় দূর করিয়া দিয়াছেন; এখন আপনি নির্দ্দোষ উদ্যমের ফলে মনের সমস্ত স্নেহপাশ ছেদন করিয়া সেই পরমগতি লাভ করিবেন ॥৪৬॥

ব্রাহ্মণ! আপনার তত্ত্বজ্ঞান উৎপন্ন হইয়াছে, বুদ্ধি ব্রহ্মে স্থির হইয়া রহিয়াছে এবং কোন বিষয়ে লোভ নাই। সুতরাং এখন আপনি অধ্যবসায় ব্যতীতও সেই পরব্রহ্ম লাভ করিবেন ॥৪৭॥

ন বন্ধুষ্বনুবন্ধস্তে ন ভয়েষ্বস্তি তে ভয়ম্।
পশ্যামি ত্বাং মহাভাগ! তুল্যলোষ্টাশ্মকাঞ্চনম্ ॥৪৯॥
অহং ত্বামনুপশ্যামি যে চাপ্যন্যে মনীষিণঃ।
আস্থিতং পরমং মার্গমক্ষয়ং তমনাময়ম্ ॥৫০॥
যৎফলং ব্রাহ্মণস্যেহ মোক্ষার্থশ্চ যদাত্মকঃ।
তস্মিন্ বৈ বর্ত্তসে ব্রহ্মন্! কিমন্যৎ পরিপৃচ্ছসি ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে শুকোৎপত্তৌ পঞ্চদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নেতি। বিশেষো রাগো দ্বেষো বা, লোলুপো বিষয়ভোগাভিলাষী। রাগঃ স্বর্গাদাবপি ইচ্ছা ॥৪৮॥

নেতি। অনুবন্ধঃ স্নেহাকর্ষণম্, ভয়েষু ভয়কারণেষু ব্যাঘ্রাদিষু। তুল্যানি লোষ্টানি মৃৎপিণ্ডানি অশ্মানঃ পাষাণাঃ কাঞ্চনানি স্বর্ণানি চ যস্য তম্ ॥৪৯॥

অহমিতি। অন্যে নারদাদয়ঃ, মার্গং মোক্ষপথম্ ॥৫০॥

যদিতি। ফলং লভ্যমিতি শেষঃ, মোক্ষার্থো মুক্তিবিষয়ঃ, যৎ তত্ত্বজ্ঞানম্ আত্মা কারণস্বরূপং যস্য সঃ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে পঞ্চদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

যোগারূঢ়ং চেতো যস্য তেন ॥৩২॥ দর্শনলিঙ্গমাহ—ন বিভেতীত্যাদিনা ॥৩৩—৩৯॥ তমঃপরিগতমন্ধকারব্যাপ্তমজ্ঞানব্যাপ্তঞ্চ বেশ্ম গৃহং সর্ব্বাধিষ্ঠানং ব্রহ্ম চ ॥৪০—৫১॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩১৫॥

আপনার সুখভোগে ইচ্ছা নাই, দুঃখের উপরেও বিদ্বেষ নাই, নৃত্যগীতে উৎকণ্ঠা নাই, স্ত্রীসম্ভোগেও ইচ্ছা জন্মে না, এমন কি আপনি কোন বিষয়েই লোলুপ নহেন ॥৪৮॥

মহাভাগ! বন্ধুগণের উপরে আপনার স্নেহাকর্ষণ নাই এবং ভয়ের কারণেও আপনার ভয় হয় না, আর আমি দেখিতেছি যে, আপনার নিকটে মৃৎপিণ্ড, প্রস্তর ও স্বর্ণ সমান ॥৪৯॥

আমি দেখিতেছি যে, আপনি বা অন্য যে সকল জ্ঞানী আছেন, আপনারা সকলেই সেই অক্ষয় ও নিরুপদ্রব পরম মুক্তিমার্গ আশ্রয় করিয়াছেন ॥৫০॥

(৪৮) নাস্তি লোলুপঃ বর্দ্ধ।

* 'ষড়বিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, 'চতুস্ত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ' নি।

ষোড়শাধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—::—

ভীষ্ম উবাচ।

এতচ্ শ্রুত্বা তু বচনং কৃতাত্মা কৃতনিশ্চয়ঃ।
আত্মনাত্মানমাস্থায় দৃষ্ট্বা চাত্মানমাত্মনা ॥১॥
কৃতকার্য্যঃ সুখী শান্তস্তূষ্ণীং প্রায়াদুদঙ্মুখঃ।
শৈশিরং গিরিমুদ্দিশ্য সধর্ম্মা মাতরিশ্বনঃ ॥২॥ (যুগ্মকম্)
এতস্মিন্নেব কালে তু দেবর্ষিনারদস্তথা।
হিমবন্তমিয়াদ্‌দ্রষ্টুং সিদ্ধচারণসেবিতম্ ॥৩॥
তমপ্সরোগণাকীর্ণং শান্তস্বননিনাদিতম্।
কিন্নরাণাং সহস্রৈশ্চ ভৃঙ্গরাজৈস্তথৈব চ ॥৪॥
মদ্‌গুভিঃ খঞ্জরীটৈশ্চ বিচিত্রৈর্জীবজীবকৈঃ।
চিত্রবর্ণৈর্ময়ূরৈশ্চ কেকাশতবিরাজিতৈঃ ॥৫॥

ভারতকৌমুদী

এতদিতি। কৃতাত্মা মুক্তিলাভে কৃতযত্নঃ, কৃতো নিশ্চয়ো মুক্তিং প্রতি তত্ত্বজ্ঞানমেব কারণমিতি নির্ণয়ো যেন সঃ, আত্মনা স্বয়মেব আত্মানং চিত্তম্ আস্থায় ব্রহ্মণি সংস্থাপ্য, আত্মনা স্বয়মেব আত্মানং পরং ব্রহ্ম দৃষ্ট্বা চ। শান্তঃ শমগুণান্বিতঃ। শৈশিরং হিমালয়ম্। মাতরিশ্বনো বায়োঃ, সধর্ম্মা সমানদ্রুতগমনঃ ॥১—২॥

ব্রাহ্মণ! এই জগতে ব্রহ্মনিষ্ঠ লোক যে ফল লাভ করেন এবং যাহা হইতে মুক্তি হয়, আপনি সেই তত্ত্বজ্ঞানে প্রতিষ্ঠিত হইয়াছেন; তবে আর এখন কি জিজ্ঞাসা করিতেছেন ॥৫১॥

—:০:—

ভীষ্ম বলিলেন—'শুকদেব জনকরাজার এই সকল কথা শুনিয়া তত্ত্বজ্ঞানই মুক্তির কারণ এইরূপ নিশ্চয় করিয়া, সেই তত্ত্বজ্ঞানার্জ্জনে যত্নবান্ হইয়া, নিজেই পরমাত্মার প্রতি চিত্তস্থাপন করিয়া, নিজের চেষ্টায়ই সেই পরমাত্মাকে দেখিয়া কৃতকার্য্য, সুখী ও শান্ত হইয়া, হিমালয়পর্ব্বত লক্ষ্য করিয়া, বায়ুর ন্যায় দ্রুতগামী হইয়া নিঃশব্দে উত্তরমুখে প্রস্থান করিলেন ॥১—২॥

রাজহংসসমূহৈশ্চ হৃষ্টৈঃ পরভৃতৈস্তথা।
পক্ষিরাজো গরুত্মাংশ্চ যং নিত্যমধিতিষ্ঠতি ॥৬॥ (কলাপকম্)
চত্বারো লোকপালাশ্চ দেবাঃ সর্ষিগণাস্তথা।
তত্র নিত্যং সমায়ান্তি লোকস্য হিতকাম্যয়া ॥৭॥
বিষ্ণুনা যত্র পুত্রার্থে তপস্তপ্তং মহাত্মনা।
তথৈব চ কুমারেণ বাল্যে ক্ষিপ্তা দিবৌকসঃ ॥৮॥
শক্তির্ন্যস্তা ক্ষিতিতলে ত্রৈলোক্যমবমন্য বৈ।
তত্রোবাচ জগৎ স্কন্দঃ ক্ষিপন্ বাক্যমিদং তদা ॥৯॥
যোঽন্যোঽস্তি মত্তোঽভ্যধিকো বিপ্রা যস্যাধিকং প্রিয়াঃ।
যো ব্রহ্মণ্যো দ্বিতীয়োঽস্তি ত্রিষু লোকেষু বীর্য্যবান্ ॥১০॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। ইন্নাৎ অগাৎ, শান্তস্বনেন কোমলশব্দেন নিনাদিতম্। ভৃঙ্গরাজৈস্তদাখ্যৈর্বৃক্ষৈঃ। মদ্গুভিশ্চকোরৈঃ! পরভৃতৈঃ কোকিলৈঃ ॥৩—৬॥

চত্বার ইতি। চত্বার ইন্দ্রযমবরুণকুবেরাঃ, ঋষিগণৈঃ সহেতি সর্ষিগণাঃ ॥৭॥

বিষ্ণুনেতি। কুমারেণ কার্ত্তিকেয়েন, ক্ষিপ্তা নিন্দিতাঃ ॥৮॥

শক্তিরিতি। ন্যস্তা কুমারেণৈব স্থাপিতা। স্কন্দঃ কার্ত্তিকেয়ঃ, ক্ষিপন্ নিন্দন্ ॥৯॥

এই সময়েই দেবর্ষি নারদ শুকদেবকে দেখিবার জন্য হিমালয়পর্ব্বতে গমন করিলেন। সেই হিমালয়পর্ব্বতে সিদ্ধগণ, চারণগণ ও অপ্সরোগণ বিচরণ করেন, কোমলশব্দে সর্ব্বদা সেই পর্ব্বত নিনাদিত হয়, সহস্র সহস্র কিন্নর সেখানে বিচরণ করে, তাহাতে বহুতর ভৃঙ্গরাজ বৃক্ষ আছে। চকোর, খঞ্জন, বিচিত্র জীবঞ্জীবক, বিচিত্রবর্ণ ও কেকারবকারী ময়ূর, রাজহংস ও হৃষ্ট চিত্ত কোকিলগণ তাহাতে বিচরণ করে এবং পক্ষিরাজ গরুড় সর্ব্বদা যাহাতে অধিষ্ঠান করেন ॥৩—৬॥

ইন্দ্র, যম, বরুণ ও কুবের এই চারিজন দিক্‌পাল এবং ঋষিগণের সহিত অন্যান্য দেবগণ, জগতের হিতকামনা করিয়া সর্ব্বদা যে স্থানে আগমন করেন ॥৭॥

আর মহাত্মা বিষ্ণু পুত্রের নিমিত্ত যে স্থানে তপস্যা করিয়াছিলেন এবং কার্ত্তিক বাল্যকালে যেস্থানে দেবগণের প্রতি অবজ্ঞা প্রকাশ করিয়াছিলেন ॥৮॥

কার্ত্তিক ত্রিভুবনের প্রতি অবজ্ঞা করিয়া, সেই স্থানে ভূতলে নিজের শক্তিনামক অস্ত্র স্থাপিত করিয়াছিলেন এবং জগতের উপরে অবজ্ঞা করিয়া এই বাক্য বলিয়াছিলেন ॥৯॥

সোঽভ্যুদ্ধরত্বিমাং শক্তিমথ বা কম্পয়ত্বিতি।
তচ্ছ্রুত্বা ব্যথিতা লোকাঃ ক ইমামুদ্ধরেদিতি ॥১১॥ (যুগ্মকম্)

অথ দেবগণং সর্ব্বং সম্ভ্রান্তেন্দ্রিয়মানসম্।
অপশ্যদ্ভগবান্ বিষ্ণুঃ ক্ষিপ্তং সাসুররাক্ষসম্ ॥১২॥

কিং ত্বত্র সুকৃতং কার্য্যং ভবেদিতি বিচিন্তয়ন্।
অনামৃষ্য ততঃ ক্ষেপমবৈক্ষত চ পাবকিম্ ॥১৩॥

সংপ্রগৃহ্য বিশুদ্ধাত্মা শক্তিং প্রজ্জ্বলিতাং তদা।
কম্পয়ামাস সব্যেন পাণিনা পুরুষোত্তমঃ ॥১৪॥

শক্ত্যান্তু কম্প্যমানায়াং বিষ্ণুনা বলিনা তদা।
মেদিনী কম্পিতা সর্ব্বা সশৈলবনকাননা ॥১৫॥

ভারতকৌমুদী

য ইতি। মত্তো মৎ, ব্রহ্মণ্যো বেদহিতঃ। অভ্যুদ্ধরতু উত্তোলয়তু, ব্যথিতা অশক্ত্যা দুঃখিতা ॥১০—১১॥

অথেতি। সম্ভ্রান্তানি অস্থিরাণি ইন্দ্রিয়াণি মানসানি চ যস্য তম্। ক্ষিপ্তং স্কন্দেন নিন্দিতম্ ॥১২॥

কিমিতি। সুকৃতং সম্যগ্ বিহিতম্। অনামৃষ্য অসহিত্বা, ক্ষেপং স্কন্দকৃতাং নিন্দাম্, পাবকিং স্কন্দম্ ॥১৩॥

সংপ্রেতি। প্রজ্জ্বলিতাং নিজতেজসা সমুজ্জ্বলাম্। সব্যেন বামেন ॥১৪॥

শক্ত্যামিতি। কম্প্যমানায়াং বামেন পাণিনা চাল্যমানায়াং সত্যাম্ ॥১৫॥

'আমা অপেক্ষা অধিক বলবান্ অন্য যে লোক আছেন, ব্রাহ্মণগণ যাঁহার অধিক প্রিয় এবং ত্রিভুবনে বলবান্ ও বেদহিতৈষী যে দ্বিতীয় ব্যক্তি আছেন, তিনি এই-শক্তি উত্তোলন করুন অথবা সঞ্চালিত করুন; সেই বাক্য শুনিয়া কে এই শক্তি উত্তোলন করিতে সমর্থ হইবে ইহা ভাবিয়া সমস্ত লোক ব্যথিত হইয়াছিল ॥১০-১১॥

তাহার পর ভগবান্ বিষ্ণু দেখিলেন যে, কার্ত্তিক নিন্দা করায় অসুরগণ ও রাক্ষসগণের সহিত সমস্ত দেবগণের ইন্দ্রিয় ও মন অস্থির হইয়া পড়িয়াছে ॥১২॥

তখন বিষ্ণু চিন্তা করিলেন যে, এখন কি কার্য্য করিলে সমীচীন কার্য্য করা হইবে। তাহার পর তিনি কার্ত্তিকের নিন্দা সহ্য না করিয়া, তাঁহার প্রতি দৃষ্টিপাত করিলেন ॥১৩॥

তখন বিশুদ্ধচিত্ত ও পুরুষশ্রেষ্ঠ বিষ্ণু, বাম হস্তদ্বারা সেই উজ্জ্বল শক্তি গ্রহণ করিয়া সঞ্চালন করিলেন ॥১৪॥

শক্তেনাপি সমুদ্ধর্ত্তুং কম্পিতা সাভবত্তদা।
রক্ষিতা স্কন্দরাজস্য ধর্ষণা প্রভবিষ্ণুনা ॥১৬॥
তাং কম্পয়িত্বা ভগবান্ প্রহ্লাদমিদমব্রবীৎ।
পশ্য বীর্য্যং কুমারস্য নৈতদন্যঃ করিষ্যতি ॥১৭॥
সোঽমৃষ্যমাণস্তদ্বাক্যং সমুদ্ধরণনিশ্চিতঃ।
জগ্রাহ তাং তদা শক্তিং ন চৈনাং স ব্যকম্পয়ৎ ॥১৮॥
নাদং মহান্তং মুক্ত্বা স মূর্চ্ছিতো গিরিমূর্দ্ধনি।
বিহ্বলঃ প্রাপ তদ্ভূমৌ হিরণ্যকশিপোঃ সুতঃ ॥১৯॥
ততোত্তরাং দিশং গত্বা শৈলরাজস্য পার্শ্বতঃ।
তপোঽতপ্যত দুর্দ্ধর্ষং তাত! নিত্যং বৃষধ্বজঃ ॥২০॥

ভারতকৌমুদী

শক্তেনেতি। রক্ষিতা নিবারিতা, ধর্ষণা পরাভবঃ, প্রভবিষ্ণুনা প্রভাবশালিনা বিষ্ণুনা ॥১৬॥

তামিতি। ভগবান্ বিষ্ণুঃ। এতৎ শক্তিগ্রহণাদিকম্ ॥১৭॥

স ইতি। স প্রহ্লাদঃ, অমৃষ্যমাণঃ অসহমানঃ, সমুদ্ধরণে তস্যাঃ শক্তেঃ সমুত্তোলনে নিশ্চিতো নিশ্চিতনিজসামর্থ্যঃ ॥১৮॥

নাদমিতি। নাদং ব্যথয়া চীৎকারম্। মুক্ত্বা ত্যক্ত্বা কৃত্বা ॥১৯॥

ভারতভাবদীপঃ

এতচ্ছ্রুত্বা তু বচনমিত্যাদেরধ্যায়স্য তাৎপর্য্যং তু যত্র শিববিষ্ণুস্কন্দপ্রহ্লাদাদীনাংমহামহিম্নাং

বলবান্ বিষ্ণু তখন শক্তিটা সঞ্চালিত করিলে, পর্ব্বত, বন ও উপবনের সহিত সমগ্র পৃথিবী কম্পিত হইল ॥১৫॥

প্রভাবশালী বিষ্ণু সেই শক্তিটা উত্তোলন করিতে সমর্থ হইয়াও তখন যে কেবল সঞ্চালিত করিলেন, তাহাতে তিনি কার্ত্তিকের পরাভব নিবারণ করিলেন ॥১৬॥

ভগবান্ বিষ্ণু সেই শক্তিটাকে সঞ্চালিত করিয়া, প্রহ্লাদকে এই কথা বলিলেন— 'প্রহ্লাদ! কার্ত্তিকের বল দেখ, অন্য লোক এই শক্তি গ্রহণ করিতে পারিবে না' ॥১৭॥

প্রহ্লাদ কিন্তু ভগবানের সেই বাক্য সহ্য করিলেন না। কারণ, সেই শক্তি উত্তোলন করিতে নিজের সামর্থ্য আছে ইহা প্রহ্লাদ মনে করিতেন। তখন প্রহ্লাদ সেই শক্তি স্পর্শ করিলেন, কিন্তু তাহা সঞ্চালিত করিতে পারিলেন না ॥১৮॥

হিরণ্যকশিপুর পুত্র সেই প্রহ্লাদ শক্তি গ্রহণ করিতে থাকিয়াই, বিশাল চীৎকার করিয়া, আকুল ও মূর্চ্ছিত হইয়া, পর্ব্বতের উপরে ভূতলে পড়িয়া গেলেন ॥১৯॥

পাবকেন পরিক্ষিপ্তং দীপ্যতা যস্য চাশ্রমম্ ।
আদিত্যপর্ব্বতং নাম দুর্দ্ধর্ষমকৃতাত্মভিঃ ॥২১॥
ন তত্র শক্যতে গন্তুং যক্ষরাক্ষসদানবৈঃ ।
দশযোজনবিস্তারমগ্নিজ্বালাসমাবৃতম্ ॥২২॥
ভগবান্ পাবকস্তত্র স্বয়ং তিষ্ঠতি বীর্য্যবান্ ।
সর্বান্ বিঘ্নান্ প্রশময়ন্মহাদেবস্য ধীমতঃ ।
দিব্যং বর্ষসহস্রং হি পাদেনৈকেন তিষ্ঠতঃ ॥২৩॥
দেবান্ সন্তাপয়ংস্তত্র মহাদেবো মহাব্রতঃ ।
ঐন্দ্রীং তু দিশমাস্থায় শৈলরাজস্য ধীমতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তত্রেতি। শৈলরাজস্য হিমালয়স্য। বৃষধ্বজঃ শিবঃ ॥২০॥

পাবকেনেতি। ন কৃত আত্মা তপস্যায়াং যত্নো যৈস্তৈর্জনৈঃ, দুর্দ্ধর্ষং দুর্গমম্, আদিত্যপর্ব্বতং নাম যস্য চ বৃষধ্বজস্য আশ্রমম্, দীপ্যতা জ্বলতা পাবকেন অগ্নিনা পরিক্ষিপ্তং পরিবেষ্টিতং সর্ব্বে পশ্যন্তীতি শেষঃ ॥২১॥

নেতি। অগ্নের্জ্বালাভিঃ শিখাভিঃ সমাবৃতং পরিবেষ্টিতং তদাশ্রমপদম্। অতএব যক্ষাদিভিস্তত্র গন্তুং ন শক্যতে ॥২২॥

ভগবানিতি। পাবকো বহ্নিঃ, প্রশময়ন্ নিবারয়ন্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৩॥

দেবানিতি। সন্তাপয়ন্ তপশ্চচার ইতি শেষঃ। ঐন্দ্রীং পূর্ব্বাম্ ॥২৪॥

বৎস যুধিষ্ঠির! সেই সময়ে মহাদেব হিমালয়ের পার্শ্ব দিয়া উত্তর দিকে যাইয়া, সর্ব্বদা দুষ্কর তপস্যা করিতেছিলেন ॥২০॥

যে মহাদেবের সেই আশ্রমটীর নাম ছিল—'আদিত্যপর্ব্বত'; অতপস্বী জনের তাহা দুর্গম ছিল এবং প্রজ্জ্বলিত অগ্নি সেই আশ্রমটীকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিল ॥২১॥

সেই আশ্রমটী দশযোজনবিস্তৃত এবং অগ্নিশিখায় পরিবেষ্টিত ছিল বলিয়া, যক্ষ, রাক্ষস ও দানবেরাও সে স্থানে যাইতে পারে না ॥২২॥

জ্ঞানী মহাদেব সেই আশ্রমে দেবপরিমাণে সহস্র বৎসর পর্য্যন্ত একচরণে দণ্ডায়মান থাকিয়া তপস্যা করিতেছিলেন; তাঁহার সমস্ত বিঘ্ন নিবারণ করিবার জন্য, শক্তিশালী ভগবান্ অগ্নিদেব স্বয়ং সে স্থানে অবস্থান করিতেন ॥২৩॥

মহাব্রতচারী মহাদেব তৎকালে ধীমান্ হিমালয়ের পূর্ব্বদিক্ অবলম্বন করিয়া, দেবগণকে সন্তপ্ত করিতে থাকিয়া, সেই আশ্রমে তপস্যা করিতেছিলেন ॥২৪॥

বিবিক্তে পর্ব্বততটে পারাশর্য্যো মহাতপাঃ।
বেদানধ্যাপয়ামাস ব্যাসঃ শিষ্যান্ মহাতপাঃ ॥২৫॥
সুমন্তুঞ্চ মহাভাগং বৈশম্পায়নমেব চ।
জৈমিনিঞ্চ মহাপ্রাজ্ঞং পৈলঞ্চাপি তপস্বিনম্ ॥২৬॥ (যুগ্মকম্)
যত্র শিষ্যৈঃ পরিবৃতো ব্যাস আস্তে মহাতপাঃ।
তদাশ্রমপদং রম্যং দদর্শ পিতুরুত্তমম্।
আরণেয়ো বিশুদ্ধাত্মা নভসীব দিবাকরঃ ॥২৭॥
অথ ব্যাসঃ পরিক্ষিপ্তং জ্বলন্তমিব পাবকম্।
দদৃশে সুতমায়ান্তং দিবাকরসমপ্রভম্ ॥২৮॥
অসজ্জমানং বৃক্ষেষু শৈলেষু বিষয়েষু চ।
যোগযুক্তং মহাত্মানং যথা বাণং গুণচ্যুতম্ ॥২৯॥ (যুগ্মকম্)
সোঽভিগম্য পিতুঃ পাদাবগৃহ্লাদরণীসুতঃ।
যথোপজোষং তৈশ্চাপি সমাগচ্ছন্মহামুনিঃ ॥৩০॥

ভারতকৌমুদী

বিবিক্ত ইতি। বিবিক্তে নির্জ্জনে পবিত্রে বা। মহাতপা ইত্যস্ত দ্বিরুক্ত্যা তপস আধিক্যমেব সূচিতম্। সুমন্তুপ্রভৃতীনি শিষ্যনামানি ॥২৫—২৬॥

যত্রেতি। আস্তে উপবিশতি স্ম। আরণেয়ঃ অরণ্যুৎপন্নঃ শুকঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৭॥

অথেতি। পরিক্ষিপ্তং কেনাপি নিক্ষিপ্তম্, বিষয়েষু মনোহরশব্দস্পর্শাদিষু। যোগযুক্তং যৌগিকপ্রভাবান্বিতম্। অতএব বৃক্ষাদাবসংসক্তিরুক্তং গগনগমনঞ্চেতি ভাবঃ ॥২৮—২৯॥

এদিকে মহাতপা পরাশরের পুত্র মহাতপা বেদব্যাস, পবিত্র পার্ব্বত্যপ্রদেশে থাকিয়া মহাভাগ সুমন্তু বৈশম্পায়ন, মহাপ্রাজ্ঞ জৈমিনি ও তপস্বী পৈল, এই চারিজন শিষ্যকে বেদ অধ্যয়ন করাইতেছিলেন ॥২৫—২৬॥

মহাতপা বেদব্যাস শিষ্যগণে পরিবেষ্টিত হইয়া যেস্থানে উপবেশন করিয়াছিলেন, সূর্য্যের ন্যায় তেজস্বী ও বিশুদ্ধচিত্ত শুকদেব, পিতার সেই উত্তম ও মনোহর আশ্রমস্থান আকাশ হইতে দর্শন করিলেন ॥২৭॥

তাহার পর বেদব্যাস দেখিলেন—সূর্য্যের ন্যায় তেজস্বী পুত্র শুক, নিক্ষিপ্ত প্রজ্বলিত অগ্নির ন্যায় আকাশপথে আসিতেছেন; তৎকালে মহাত্মা শুকদেব যোগবলে কোন বৃক্ষে বা পর্ব্বতে সংলগ্ন হইতেছিলেন না, কিংবা মনোহর শব্দ বা স্পর্শপ্রভৃতিতে আকৃষ্টচিত্ত হন নাই এবং তিনি ধনুর গুণ হইতে বিচ্যুত বাণের ন্যায় বেগে আসিতেছেন ॥২৮—২৯॥

তত্তো নিবেদয়ামাস পিত্রে সর্বমশেষতঃ।
শুকো জনকরাজেন সংবাদং প্রীতমানসঃ ॥৩১॥
এবমধ্যাপয়ন্ শিষ্যান্ ব্যাসঃ পুত্রঞ্চ বীর্য্যবান্।
উবাস হিমবৎপৃষ্ঠে পারাশর্য্যো মহামুনিঃ ॥৩২॥
ততঃ কদাচিৎ শিষ্যাস্তং পরিবার্য্যাবতস্থিরে।
বেদাধ্যয়নসম্পন্নাঃ শান্তাত্মানো জিতেন্দ্রিয়াঃ ॥৩৩॥
বেদেষু নিষ্ঠাং সংপ্রাপ্য সাঙ্গেষ্বপি তপস্বিনঃ।
অথোচুস্তে তদা ব্যাসং শিষ্যাঃ প্রাঞ্জলয়ো গুরুম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

স ইতি। স মহামুনিররণীসুতঃ শুকঃ, অভিগম্য পিতুর্ব্যাসস্য পাদাবগৃহ্নাৎ, তৈঃ সুমন্তুপ্রভৃতিভিরপি সহ যথোপজোষং যথাসুখং সমাগচ্ছৎ সম্মিলিতোঽভবৎ। "তূষ্ণীমর্থে সুখে জোষম্" ইত্যমরঃ ॥৩০॥

তত ইতি। অশেষতঃ শেষমরক্ষিত্বা ॥৩১॥

এবমিতি। বীর্য্যবান্ তপোবলান্বিতঃ। অতএব দারুণশীতে হিমালয়ে বাসসম্ভব ইতি ভাবঃ ॥৩২॥

তত ইতি। শান্তাত্মানো রাগদ্বেষাদিশূন্যচিত্তাঃ ॥৩৩॥

বেদেষ্বিতি। নিষ্ঠামধ্যয়নসমাপ্তিম্, সাঙ্গেষু শিক্ষাপ্রভৃতিবেদাঙ্গশাস্ত্রেষু। তানি চ যথা—"শিক্ষাকল্পোব্যাকরণং নিরুক্তং ছন্দসাং চিতিঃ, জ্যোতিষাং নিচয়শ্চেতি বেদাঙ্গানি বদন্তি ষট্" ॥৩৪॥

মহামুনি সেই শুক পিতার নিকটে উপস্থিত হইয়া, তাঁহার চরণযুগল ধারণ করিলেন এবং যথাসুখে সেই সুমন্তুপ্রভৃতি পিতৃশিষ্যগণের সহিতও মিলিত হইলেন ॥৩০॥

তদনন্তর শুকদেব হৃষ্টচিত্ত হইয়া, পিতার নিকটে জনকরাজার সহিত ঘটিত সমস্ত বৃত্তান্ত নিবেদন করিলেন ॥৩১॥

তপোবলশালী পরাশরপুত্র মহর্ষি বেদব্যাস, এইভাবে শিষ্যগণকে ও পুত্রকে অধ্যয়ন করাইতে থাকিয়া, হিমালয়ের উপরে বাস করিতে থাকিলেন ॥৩২॥

তাহার পর কোন সময়ে বেদাধ্যায়ী, শান্তচিত্ত ও জিতেন্দ্রিয় শিষ্যগণ, বেদব্যাসকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥৩৩॥

তখন সেই তপস্বী শিষ্যেরা অঙ্গশাস্ত্রের সহিত বেদশাস্ত্রের অধ্যয়ন সমাপ্ত করিয়া, তৎকালে কৃতাঞ্জলি হইয়া গুরু বেদব্যাসকে বলিয়াছিলেন ॥৩৪॥

শিষ্যা ঊচুঃ।

মহতা তেজসা যুক্তা যশসা চাপি বর্দ্ধিতাঃ।
একন্ত্বিদানীমিচ্ছামো গুরুণানুগ্রহং কৃতম্ ॥৩৫॥
ইতি তেষাং বচঃ শ্রুত্বা ব্রহ্মর্ষিস্তানুবাচ হ।
উচ্যতামিতি তদ্বৎসা! যদ্বঃ কার্য্যং প্রিয়ং ময়া ॥৩৬॥
এতদ্বাক্যং গুরোঃ শ্রুত্বা শিষ্যাস্তে হৃষ্টমানসাঃ।
পুনঃ প্রাঞ্জলয়ো ভূত্বা প্রণম্য শিরসা গুরুম্ ॥৩৭॥
ঊচুস্তে সহিতা রাজন্নিদং বচনমুত্তমম্।
যদি প্রীত উপাধ্যায়ো ধন্যাঃ স্মো মুনিসত্তম! ॥৩৮॥ (যুগ্মকম্)
কাঙ্ক্ষামস্তু বয়ং সর্ব্বে বরং দত্তং মহর্ষিণা।
ষষ্ঠঃ শিষ্যো ন তে খ্যাতিং গচ্ছেদত্র প্রসীদ নঃ ॥৩৯॥
চত্বারস্তে বয়ং শিষ্যা গুরুপুত্রস্তু পঞ্চমঃ।
ইহ বেদাঃ প্রতিষ্ঠেরন্ এষ নঃ কাঙ্ক্ষিতো বরঃ ॥৪০॥

ভারতকৌমুদী

মহতেতি। তেজসা তপঃপ্রভাবেন, বর্দ্ধিতা ভবতা উন্নমিতা বয়ম্ ॥৩৫॥
ইতীতি। ব্রহ্মর্ষির্ব্যাসঃ। বো যুষ্মাকং যৎ প্রিয়ং ময়া কার্য্যং কর্ত্তব্যম্ ॥৩৬॥
এতদিতি। গুরোর্ব্যাসস্য। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥৩৭—৩৮॥
কাঙ্ক্ষাম ইতি। মহর্ষিণা ভবতা। খ্যাতিং ভবদীয়শিষ্যত্বেন প্রসিদ্ধিম্ ॥৩৯॥
চত্বার ইতি। চত্বারঃ পৈলজৈমিনিসুমন্তবৈশম্পায়নাঃ। গুরুপুত্রঃ শুকঃ। ইহ এষু।৪০॥

শিষ্যেরা বলিলেন—'গুরুদেব! আমরা বিশেষ তপোবলযুক্ত ও যশস্বী হইয়াছি; কিন্তু এখন একটী ভবৎকৃত অনুগ্রহ লাভ করিতে ইচ্ছা করি ॥৩৫॥

শিষ্যগণের এইরূপ বাক্য শুনিয়া ব্রহ্মর্ষি বেদব্যাস তাহাদিগকে বলিলেন—'বৎসগণ! তোমাদের যে প্রিয়কার্য্য আমার করিতে হইবে, তাহা তোমরা বল' ॥৩৬॥

রাজা! সেই শিষ্যেরা গুরুর এই বাক্য শুনিয়া, হৃষ্টচিত্ত এবং পুনরায় কৃতাঞ্জলি হইয়া, মস্তকদ্বারা গুরুকে নমস্কার করিয়া, সম্মিলিতভাবে এই উত্তম বাক্য বলিল—মুনিশ্রেষ্ঠ! আপনি যদি আমাদের উপরে সন্তুষ্ট হইয়া থাকেন, তাহা হইলে আমরা ধন্য হইয়াছি ॥৩৭—৩৮॥

মহর্ষি! আমরা সকলে আপনার প্রদত্ত এই বর কামনা করি যে, আপনার ষষ্ঠ শিষ্য প্রসিদ্ধি লাভ করিতে পারিবে না; এই বিষয়ে আপনি আমাদের উপরে প্রসন্ন হউন ॥৩৯॥

শিষ্যাণাং বচনং শ্রুত্বা ব্যাসো বেদার্থতত্ত্ববিৎ।
পরাশরাত্মজো ধীমান্ পরলোকার্থচিন্তকঃ ॥৪১॥
উবাচ শিষ্যান্ ধর্ম্মাত্মা ধর্ম্ম্যং নৈঃশ্রেয়সং বচঃ।
ব্রাহ্মণায় সদা দেয়ং ব্রহ্মশুশ্রূষবে তথা।
ব্রহ্মলোকে নিবাসং যো ধ্রুবং সমভিকাঙ্ক্ষতে ॥৪২॥ (যুগ্মকম্)
ভবন্তো বহুলাঃ সন্তু বেদো বিস্তার্য্যতাময়ম্।
নাশিষ্যে সংপ্রদাতব্যো নাব্রতে নাকৃতাত্মনি ॥৪৩॥
এতে শিষ্যগুণাঃ সর্ব্বে বিজ্ঞাতব্যা যথার্থতঃ।
নাপরীক্ষিতচারিত্রে বিদ্যা দেয়া কথঞ্চন ॥৪৪॥
যথা হি কনকং শুদ্ধং তাপচ্ছেদনিঘর্ষণৈঃ।
পরীক্ষেত তথা শিষ্যানীক্ষেৎ কুলগুণাদিভিঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

শিষ্যাণামিতি। পরলোকানাং স্বভিন্নানাং জনানাং পৈলাদীনাং শিষ্যাণাম্ অর্থচিন্তক উপকারধ্যাতা। ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্, নৈঃশ্রেয়সং মঙ্গলকরম্, ব্রহ্ম বেদঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪১—৪২॥

ভবন্ত ইতি। বহুলা বেদবিদ এব বহবঃ। অশিষ্যে শাসনাযোগ্যে জনে, অব্রতে ব্রহ্মচর্য্যাদি-নিয়মহীনে, ন কৃত আত্মা রাগদ্বেষাদিবর্জ্জনে যত্নো যেন তস্মিন্ ॥৪৩॥

এত ইতি। এতে শিষ্যত্বাদয়ঃ, বিজ্ঞাতব্যাঃ পরীক্ষিতব্যাঃ ॥৪৪॥

সেই আমরা চারিজন আপনার শিষ্য আছি এবং গুরুপুত্র শুকদেব আপনার পঞ্চম শিষ্য হইলেন ; এই পাঁচ জনের উপরেই বেদ প্রতিষ্ঠিত হউক, ইহাই আমাদের অভীষ্ট বর ॥৪০॥

শিষ্যগণের এই বাক্য শুনিয়া বেদার্থতত্ত্বজ্ঞ, জ্ঞানী, শিষ্যগণের উপকারচিন্তাকারী ও ধর্ম্মাত্মা পরাশরপুত্র বেদব্যাস শিষ্যগণকে এই ধর্ম্মসঙ্গত ও মঙ্গলজনক বাক্য বলিলেন—'শিষ্যগণ! যিনি নিশ্চয়ই ব্রহ্মলোকে বাস কামনা করেন এবং গুরু-শুশ্রূষা করিয়া থাকেন সেই ব্রাহ্মণকে সর্ব্বদা বেদ দান করিবে ॥৪১—৪২॥

শিষ্যগণ! তোমরা সংখ্যায় বহুতর হও এবং এই বেদ বিস্তার করিতে থাক ; কিন্তু যে শিষ্য নহে, যে ব্রতপালন করে না কিংবা যে রাগদ্বেষপ্রভৃতি ত্যাগ করিতে যত্নবান্ হয় না, তাদৃশ ব্যক্তিকে এই বেদবিদ্যা দান করিও না ॥৪৩॥

এই সকল শিষ্যের গুণ প্রথমে যথাযথভাবে পরীক্ষা করিবে ; কিন্তু শিষ্যের চরিত্র পরীক্ষা না করিয়া, কোন প্রকারেই বিদ্যাদান করিও না ॥৪৪॥

ন নিযোজ্যাশ্চ বঃ শিষ্যা অনিয়োগে মহাভয়ে।
যথামতি যথাপাঠং তথা বিদ্যা ফলিষ্যতি ॥৪৬॥
সর্ব্বস্তরতু দুর্গাণি সর্ব্বো ভদ্রাণি পশ্যতু।
শ্রাবয়েচ্চতুরো বর্ণান্ কৃত্বা ব্রাহ্মণমগ্রতঃ ॥৪৭॥
বেদস্যাধ্যায়নং হীদং তচ্চ কার্য্যং মহৎ স্মৃতম্।
স্তুত্যর্থমিহ দেবানাং বেদাঃ সৃষ্টাঃ স্বয়ম্ভুবা ॥৪৮॥
যো নির্বদেত সংমোহাদ্ব্রাহ্মণং বেদপারগম্।
সোঽভিধ্যানাদ্ব্রাহ্মণস্য পরাভূয়াদশংসয়ম্ ॥৪৯॥

ভারতকৌমুদী

যথেতি। ঈক্ষেত পরীক্ষেত ॥৪৫॥

নেতি। মহাভয়ে ব্যাঘ্রাপসারণাদৌ, অনিযোগে কর্ত্তব্যে, বো যুষ্মাকং শিষ্যা ন নিযোজ্যা ন প্রেষণীয়াঃ। শিষ্যাণাং যথামতি যথাপাঠং যথাধ্যয়নঞ্চ তথা বিদ্যা ফলিষ্যতি ॥৪৬॥

আশিষং যুনক্তি সর্ব্ব ইতি। দুর্গাণি বিপদঃ, ভদ্রাণি মঙ্গলানি ব্রাহ্মণং বর্ণম্ অগ্রতঃ সম্মুখে কৃত্বা তদাদীন্ চতুরো বর্ণান্ সভায়াং বেদং শ্রাবয়েৎ ॥৪৭॥

বেদস্যেতি। তদিদং বেদস্যাধ্যায়নং মহৎ কার্য্যং হি স্মৃতম্। সৃষ্টা উচ্চারণেনাবির্ভাবিতাঃ ॥৪৮॥

য ইতি। নির্ব্বদেত নিন্দেৎ। অভিধ্যানাৎ অভিশাপাৎ, পরাভূয়াৎ পরাভবং প্রাপ্নুয়াৎ ॥৪৯॥

ভারতভাবদীপঃ

সমাগমস্তত্র পুণ্যতমে দেশে যোগিনা ধ্যানার্থং গন্তব্যং বিদ্যা চ গোপনীয়া গুরুশিষ্যাভ্যাঞ্চ স্বোচিতধর্ম্মেণ স্থেয়মিতি ॥১॥ শৈশিরঃ গিরিঃ হিমালয়ম্ ॥২—৫১॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩১৬॥

মানুষ যেমন অগ্নিসন্তাপন, অস্ত্রদ্বারা ছেদন ও কষপাষাণে ঘর্ষণ করিয়া স্বর্ণ শুদ্ধ কি না তাহা পরীক্ষা করে; সেইরূপ গুরু, বংশ ও গুণপ্রভৃতি জানিয়া শিষ্যকে পরীক্ষা করিবেন ॥৪৫॥

মহাভয়জনক ব্যাপারে শিষ্যগণকে নিযুক্ত না করাই গুরুর উচিত। অতএব তোমরাও মহাভয়জনক ব্যাপারে শিষ্যগণকে নিযুক্ত করিবে না। শিষ্যগণের যেমন বুদ্ধি এবং যেমন অধ্যয়ন, তেমন তেমনই বিদ্যা হইয়া থাকে ॥৪৬॥

তোমরা সকলে বিপদ্ হইতে উত্তীর্ণ হও এবং সকলেই মঙ্গল অনুভব করিতে থাক; আর সভায় ব্রাহ্মণবর্ণকে সম্মুখে রাখিয়া তদাদি চারিবর্ণকেই বেদ শুনাইতে পার ॥৪৭॥

শিষ্যগণ! এই সেই বেদের অধ্যয়ন একটী গুরুতর কার্য্য। কারণ, ব্রহ্মা দেবগণের স্তবের জন্য এই বেদ প্রথম উচ্চারণ করিয়াছিলেন ॥৪৮॥

যশ্চাধর্ম্মেণ বিক্রয়াদ্‌যশ্চাধর্ম্মেণ পৃচ্ছতি।
তয়োরন্যতরঃ প্রৈতি বিদ্বেষঞ্চাধিগচ্ছতি ॥৫০॥
এতদ্বঃ সর্ব্বমাখ্যাতং স্বাধ্যায়স্য বিধিং প্রতি।
উপকুর্য্যাচ্চ শিষ্যাণামেতচ্চ হৃদি বো ভবেৎ ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে শিষ্যশিক্ষায়াং ষোড়শাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

সপ্তদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—ঃঃ—

ভীষ্ম উবাচ।
এতচ্ছ্রুত্বা গুরোর্বাক্যং ব্যাসশিষ্যা মহৌজসঃ।
অন্যোঽন্যং হৃষ্টমনসঃ পরিষস্বজিরে তদা ॥১॥

ভারতকৌমুদী

য ইতি। অধর্ম্মেণ ছলাদিনা, বিক্রয়াৎ বেদং বিবৃণুয়াৎ। প্রৈতি ম্রিয়তে ॥৫০॥

এতদিতি। স্বাধ্যায়স্য বেদস্য। এতচ্চ মম বাক্যবৃন্দং বো যুষ্মাকং হৃদি ভবেৎ চিরং তিষ্ঠেৎ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে ষোড়শাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

যে ব্যক্তি মোহবশতঃ বেদপারগামী ব্রাহ্মণকে নিন্দা করে, সেই ব্যক্তি ব্রাহ্মণের অভিসম্পাতে পরাভবপ্রাপ্ত হয়, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৯॥

আর যিনি অন্যায়ভাবে বেদের ব্যাখ্যা করেন এবং যে ব্যক্তি অন্যায়ভাবে বেদবিষয়ে প্রশ্ন করে; তাহাদের মধ্যে একজনের মৃত্যু হয় বা লোকের বিদ্বেষভাজন হইয়া থাকে ॥৫০॥

শিষ্যগণ! বেদপাঠবিষয়ে এই তোমাদের নিকটে সমস্ত নিয়ম বলিলাম। গুরুও শিষ্যগণের উপকার করিবেন। আমার এই কথাগুলি যেন চিরকাল তোমাদের মনে থাকে ॥৫১॥

* '...সপ্তবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '...পঞ্চত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ' নি।

উক্তাঃ স্মো যদ্ভগবতা তদাত্বায়তিসংহিতম্।
তন্মো মনসি সংরূঢ়ং করিষ্যামস্তথা চ তৎ ॥২॥
অন্যোঽন্যং সংবিভাষ্যৈবং সুপ্রীতমনসঃ পুনঃ।
বিজ্ঞাপয়ন্তি স্ম গুরুং পুনর্ব্বাক্যবিশারদাঃ ॥৩॥
শৈলাদস্মান্মহীং গন্তুং কাঙ্ক্ষিতং নো মহামুনে।
বেদাননেকধা কর্ত্তুং যদি তে রুচিতং প্রভো! ॥৪॥
শিষ্যাণাং বচনং শ্রুত্বা পরাশরসুতঃ প্রভুঃ।
প্রত্যুবাচ ততো বাক্যং ধর্ম্মার্থসহিতং হিতম্ ॥৫॥

ভারতকৌমুদী

এতদিতি। অন্যোঽন্যং পরিষস্বজিরে পরস্পরমালিলিঙ্গুঃ ॥১॥

উক্তা ইতি। ভগবতা মাহাত্মাবতা ভবতা, যদ্বয়মুক্তাঃ স্ম, তদাত্বে তৎকালে আয়তৌ উত্তরকালে চ সংহিতং সম্যগ্ হিতজনকং, তদ্বাক্যং নঃ অস্মাকং মনসি সংরূঢ়ং সম্যক্‌স্থিতম্। অত-এব তথা তদ্রূপমেব চ তৎকার্য্যং করিষ্যামঃ ॥২॥

অন্যোঽন্যমিতি। বাক্যবিশারদাঃ সুমন্তুপ্রভৃতয়ঃ শিষ্যাঃ ॥৩॥

শৈলাদিতি। শৈলাৎ হিমালয়পর্ব্বতাৎ, অনেকধা কর্ত্তুং প্রচারয়িতুম্, রুচিতম্ অভিপ্রেতম্ ॥৪॥

শিষ্যাণামিতি। ধর্ম্মার্থসহিতং ধর্ম্মার্থয়োঃ সূচকম্ ॥৫॥

ভারতভাবদীপঃ

এতচ্ছ্রুত্বা গুরোর্ব্বাক্যমিত্যাদের্ব্ব্যাসঃ পুত্রমবারয়দিত্যন্তস্য তাৎপর্য্যং বিদ্যাপ্রচারঃ কর্ত্তব্যো বিঘ্নেঽপি বেদাধ্যয়নং ন ত্যাজ্যং স্বাধ্যায়ানধ্যায়পরিপালনং চ কর্ত্তব্যমিতি ॥১॥ তদাত্বায়তি

ভীষ্ম বলিলেন—'তখন গুরুর এই বাক্য শুনিয়া, মহতেজা ব্যাসশিষ্যগণ হৃষ্টচিত্ত হইয়া, পরস্পর আলিঙ্গন করিলেন (এবং বলিলেন) ॥১॥

'ভগবন্! বর্ত্তমানে ও ভবিষ্যৎকালে সম্পূর্ণ হিতজনক যে সকল বাক্য আপনি আমাদিগকে বলিলেন; সে সকল বাক্য আমাদের মনে বদ্ধমূল হইয়া রহিল। সুতরাং আমরা সেই সেই ভাবেই সেই সকল কার্য্য করিব' ॥২॥

বাক্যবিশারদ সেই শিষ্যেরা পুনরায় এইরূপ পরস্পর আলোচনা করিয়া, অত্যন্ত সন্তুষ্টচিত্ত হইয়া আবার গুরুদেবকে জানাইলেন ॥৩॥

'প্রভু মহর্ষি! যদি আপনার অভিরুচি হয়, তাহা হইলে আমরা বেদ প্রচার করিবার জন্য এই পর্ব্বত হইতে পৃথিবীতে যাইতে ইচ্ছা করি' ॥৪॥

শিষ্যগণের বাক্য শুনিয়া প্রভাবশালী বেদব্যাস, তখন ধর্ম্মার্থযুক্ত ও হিতজনক এই বাক্য বলিলেন ॥৫॥

ক্ষিতিং বা দেবলোকং বা গম্যতাং যদি রোচতে।
অপ্রমাদশ্চ বঃ কার্য্যো ব্রহ্ম হি প্রচুরচ্ছলম্ ॥৬॥
তেঽনুজ্ঞাতাস্ততঃ সর্ব্বে গুরুণা সত্যবাদিনা।
জগ্মুঃ প্রদক্ষিণং কৃত্বা ব্যাসং মূর্দ্ধ্নাভিবাদ্য চ ॥৭॥
অবতীর্য্য মহীং তেঽথ চাতুর্হোত্রমকল্পয়ন্।
সংযাজয়ন্তো বিপ্রাংশ্চ রাজন্যাংশ্চ বিশস্তথা ॥৮॥
পূজ্যমানা দ্বিজৈর্নিত্যং মোদমানা গৃহে রতাঃ।
যাজনাধ্যাপনরতাঃ শ্রীমন্তো লোকবিশ্রুতাঃ ॥৯॥
অবতীর্ণেষু শিষ্যেষু ব্যাসঃ পুত্রসহায়বান্।
তূষ্ণীং ধ্যানপরো ধীমান্ একান্তে সমুপাবিশৎ ॥১০॥

ভারতকৌমুদী

ক্ষিতিমিতি। অধ্যাহর্ত্তব্যপ্রতিশব্দযোগে দ্বয়োরেব দ্বিতীয়া। অপ্রমাদঃ সাবধানতা। হি যস্মাৎ, ব্রহ্ম বেদঃ, প্রচুরাণি চ্ছলানি গ্রহণকপটা যস্মিন্ তৎ। ধূর্ত্তাঃ খলু চ্ছলেন ভবদ্ভ্যো বেদান্ গ্রহীতুং চেষ্টেরন্নিতি ভাবঃ ॥৬॥

ত ইতি। সত্যবাদিত্বাদেব তদ্বাক্যং রক্ষণীয়মিতি ভাবঃ ॥৭॥

অবেতি। চাতুর্হোত্রং চতুর্ব্বেদবিহিতমেব যাগম্, অকল্পয়ন্ অকুর্ব্বন্ ॥৮॥

পূজ্যেতি। গৃহে গৃহস্থধর্ম্মে রতাঃ। এতেন তেষাং পরিণয়াঃ সূচিতাঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

সংহিতং তদাদ্যে তৎকালে আয়তাবুত্তরকালে চ সংহিতং সম্যক্‌হিতম্ ॥২—৭॥ চাতুর্হোত্রং চতুর্হোতৃসংজ্ঞকা মন্ত্রাঃ—'চিত্তিঃ স্রুক্ চিত্তমাজ্য'মিত্যাদয়োঽধ্যাত্মাধিযজ্ঞয়োরভেদদর্শনার্থাঃ।

বৎসগণ! তোমাদের যদি ইচ্ছা হয়, তাহা হইলে তোমরা পৃথিবীতে বা স্বর্গে যাইতে পার। কিন্তু সর্ব্বত্রই তোমরা সাবধানতা অবলম্বন করিবে। কারণ, বেদে বহুপ্রকার ছল হইবে ॥৬॥

সত্যবাদী গুরুদেব অনুমতি করিলে সেই শিষ্যেরা সকলে মস্তকদ্বারা বেদব্যাসকে নমস্কার এবং প্রদক্ষিণ করিয়া সে স্থান হইতে প্রস্থান করিলেন ॥৭॥

তাহার পর তাঁহারা পৃথিবীতে আসিয়া ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণের যাজন করিতে থাকিয়া, চতুর্ব্বেদবিহিত যজ্ঞ করিতে লাগিলেন ॥৮॥

আর তাঁহারা গৃহস্থ ধর্ম্মে নিরত হইয়া আনন্দে কাল অতিবাহিত করিতে লাগিলেন; তৎকালে ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণ সর্ব্বদা তাঁহাদের সম্মান করিতেন। ক্রমে তাঁহারা যাজন ও অধ্যাপনে ব্যাপৃত হইয়া সম্পত্তিযুক্ত ও লোকবিখ্যাত হইলেন ॥৯॥

তং দদর্শাশ্রমপদে নারদঃ সুমহাতপাঃ।
অথৈনমব্রবীৎ কালে মধুরাক্ষরয়া গিরা ॥১১॥
নারদ উবাচ।
ভো ভো ব্রহ্মর্ষিবাশিষ্ঠ! ব্রহ্মঘোষো ন বর্ত্ততে।
একো ধ্যানপরস্তূষ্ণীং কিমাস্সে চিন্তয়ন্নিব ॥১২॥
ব্রহ্মঘোষৈর্ব্বিরহিতঃ পর্ব্বতোঽয়ং ন শোভতে।
রজসা তমসা চৈব সোমঃ সোপপ্লবো যথা ॥১৩॥
ন ভ্রাজতে যথা পূর্ব্বং নিষাদানামিবালয়ঃ।
দেবর্ষিগণজুষ্টোঽপি বেদধ্বনিনিরাকৃতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

অবেতি। পুত্রঃ শুকঃ, সহায়োঽস্যাস্তীতি সঃ ॥১০॥

তমিতি। কালে তস্মিন্নেব সময়ে, মধুরাণি অক্ষরাণি বর্ণা যস্যাং তয়া ॥১১॥

ভো ইতি। ব্রহ্মর্ষিশ্চাসৌ বাশিষ্ঠো বশিষ্ঠবংশ্যশ্চেতি তৎ সম্বোধনম্, ব্রহ্মঘোষো বেদধ্বনিঃ। আস্সে উপবিশসি ॥১২॥

ব্রহ্মেতি। ব্রহ্মঘোষৈর্বেদধ্বনিভির্ব্বিরহিতঃ, অতএব সত্ত্বাভাবাৎ রজসা তমসা চ যুক্ত ইতি শেষঃ। সোমশ্চন্দ্রঃ, উপপ্লবেন রাহুগ্রহেণ সহেতি সোপপ্লবঃ ॥১৩॥

নেতি। নিষাদানাং ব্যাধানাম্। দেবর্ষিগণেন জুষ্টঃ সেবিতোঽপি ॥১৪॥

ভারতভাবদীপঃ

তৎপূর্ব্বকং প্রবৃত্তং কর্ম্ম চাতুর্হৌত্রমগ্নিহোত্রাদিকং সোমান্তমকল্পয়ন্ প্রবর্ত্তিতবন্তঃ ॥৮—১২॥

শিষ্যেরা পৃথিবীতে চলিয়া গেলে জ্ঞানী বেদব্যাস, পুত্র শুকদেবের সহিত এক প্রান্তে নীরবে ধ্যানপরায়ণ হইয়া রহিলেন ॥১০॥

তাহার পর একদা অতিমহাতপা নারদ, সেই আশ্রমে বেদব্যাসকে দর্শন করিলেন এবং মধুরবাক্যে তাঁহাকে বলিলেন ॥১১॥

নারদ বলিলেন—'ব্রহ্মর্ষি বশিষ্ঠবংশধর! বেদধ্বনি হইতেছে না; তুমি কোন বিষয় চিন্তা করিতে থাকিয়াই যেন একাকী নীরবে ধ্যানপরায়ণ হইয়া বসিয়া আছ ॥১২॥

বেদধ্বনি না হওয়ায় সত্ত্বগুণের ক্রিয়া নাই, রজোগুণ ও তমোগুণই ক্রিয়া প্রকাশ করিতেছে, তাহাতে রাহুগ্রস্ত চন্দ্রের ন্যায় এই পর্ব্বত শোভা পাইতেছে না ॥১৩॥

এই পর্ব্বত দেবর্ষিগণসেবিত হইয়াও বেদধ্বনিশূন্য হওয়ায় ব্যাধগৃহের তুল্য আর পূর্ব্বের ন্যায় শোভা পাইতেছে না ॥১৪॥

ঋষয়শ্চ হি দেবাশ্চ গন্ধর্বাশ্চ মহৌজসঃ।
বিযুক্তা ব্রহ্মঘোষেণ ন ভ্রাজন্তে যথা পুরা ॥১৫॥
নারদস্য বচঃ শ্রুত্বা কৃষ্ণদ্বৈপায়নোঽব্রবীৎ।
মহর্ষে! যত্ত্বয়া প্রোক্তং বেদবাদবিচক্ষণ! ॥১৬॥
এতন্মনোঽনুকূলং মে ভবানর্হতি ভাষিতুম্।
সর্বজ্ঞঃ সর্বদর্শী চ সর্বত্র চ কুতূহলী ॥১৭॥ (যুগ্মকম্)
ত্রিষু লোকেষু যদ্বৃত্তং সর্ব্বং তব মতে স্থিতম্।
তদাজ্ঞাপয় বিপ্রর্ষে! ব্রূহি কিং করবাণি তে ॥১৮॥
যন্ময়া সমনুষ্ঠেয়ং ব্রহ্মর্ষে! তদুদাহর।
বিযুক্তস্যেহ শিষ্যৈর্মে নাতিহৃষ্টমিদং মনঃ ॥১৯॥

নারদ উবাচ।

অনাম্নায়মলা বেদা ব্রাহ্মণস্যাব্রতং মলম্।
মলং পৃথিব্যা বাহীকাঃ স্ত্রীণাং কৌতূহলং মলম্ ॥২০॥

ভারতকৌমুদী

ঋষয় ইতি। বিযুক্তা বিরহিতাঃ, ব্রহ্মঘোষেণ বেদধ্বনিনা ॥১৫॥

নারদস্যেতি। হে বেদবাদবিচক্ষণ বেদোক্তিনিপুণ! মনসঃ অনুকূলমভীষ্টম্ ॥১৬—১৭॥

ত্রিষিতি। বৃত্তং বৃত্তান্তঃ, মতে জ্ঞানে সর্ব্বজ্ঞত্বাৎ ॥১৮॥

যদিতি। সমনুষ্ঠেয়ং কর্ত্তব্যম্, উদাহর ব্রূহি ॥১৯॥

ভারতভাবদীপঃ

সোপপ্লবো রাহুগ্রস্তঃ ॥১৩—১৮॥ নাতিহৃষ্টমিদং মন ইতি বিদুষামপি শিষ্যাদিসংযোগবিয়োগজং

মহাতেজা ঋষিগণ, দেবগণ ও গন্ধর্ব্বগণ বেদধ্বনিশূন্য হইয়া, পূর্ব্ববৎ শোভা পাইতেছেন না ॥১৫॥

নারদের বাক্য শুনিয়া বেদব্যাস বলিলেন—'বেদোক্তিনিপুণমহর্ষি! আপনি যাহা বলিলেন, তাহা আমার মনের অনুকূল; এরূপ বাক্য আপনিই বলিতে পারেন। কারণ, আপনি সর্ব্বজ্ঞ, সর্ব্বদর্শী এবং সর্ব্ববিষয়ে কৌতুকসমন্বিত ॥১৬-১৭॥

ব্রহ্মর্ষি! ত্রিভুবনে যে কিছু ঘটনা হয়, সে সমস্তই আপনার জ্ঞানের বিষয় হইয়া থাকে। অতএব আদেশ করুন, বলুন, আমি আপনার কি করিব ॥১৮॥

ব্রহ্মর্ষি! আমার যাহা কর্ত্তব্য তাহা বলুন। শিষ্যেরা আমাকে ছাড়িয়া গিয়াছে; সুতরাং আমার মন বিশেষ হৃষ্ট নহে ॥১৯॥

---

(১৯) বিযুক্তস্যেহ শিষ্যৈর্মে···বঙ্গ।

অধীয়তাং ভবান্ বেদান্ সার্দ্ধং পুত্রেণ ধীমতা।
বিধুন্বন্ ব্রহ্মঘোষেণ রক্ষোভয়কৃতস্তমঃ ॥২১॥

ভীষ্ম উবাচ।

নারদস্য বচঃ শ্রুত্বা ব্যাসঃ পরমধর্ম্মবিৎ।
তথেত্যুবাচ সংহৃষ্টো বেদাভ্যাসদৃঢ়ব্রতঃ ॥২২॥
শুকেন সহ পুত্রেণ বেদাভ্যাসমথাকরোৎ।
স্বরেণোচ্চৈঃ সশৈক্ষ্যেণ লোকানাপূরয়ন্নিব ॥২৩॥
তয়োরভ্যসতোরেব নানাধর্ম্মপ্রবাদিনোঃ।
বাতোঽতিমাত্রং প্রববৌ সমুদ্রানিলবেজিতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

অনাম্নায়েতি। বেদাঃ, অনাম্নায়ঃ অপাঠ এব মলং দোষো যেষাং তে; ব্রাহ্মণস্য অব্রতং শাস্ত্রবিহিতনিয়মাপালনং মলম্; বাহীকা বাহীকো নাম দেশঃ পৃথিব্যা মলম্; কৌতূহলং নৃত্যগীতাদিদর্শনশ্রবণকৌতূহলেন সভাদৌ গমনং স্ত্রীণাং মলম্ ॥২০॥

অধীয়তামিতি। ব্রহ্মঘোষেণ বেদধ্বনিনা' রক্ষোভয়কৃতং রাক্ষসভীতিজনিতং তমো মোহং, বিধুন্বন্ অপসারয়ন্ ॥২১॥

নারদস্যেতি। বেদাভ্যাসে বেদাবৃত্তৌ দৃঢ়ং ব্রতং নিয়মো যস্য সঃ ॥২২॥

শুকেনেতি। শৈক্ষ্যং শিক্ষানামকং শাস্ত্রং তেন সহেতি তেন, শিক্ষাশাস্ত্রবিহিতনিয়মানুসারিণেত্যর্থঃ। লোকান্ ভুবনানি ॥২৩॥

তয়োরিতি। অভ্যসতোর্বেদাবৃত্তিং কুর্ব্বতোঃ। বাতো বায়ুঃ। সমুদ্রানিলেন বেজিতঃ সবেগীকৃতঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

সুখং দুঃখমপরিহার্য্যমিতি ভাবঃ ॥১৯॥ অনাম্নায়ঃ অনাবৃত্তিঃ; স এব মলো দূষণং যেষু ॥২০—২৪॥

নারদ বলিলেন—'পাঠ না করা বেদের দোষ, শাস্ত্রবিহিত নিয়ম পালন না করা ব্রাহ্মণের দোষ, বাহীকদেশ পৃথিবীর দোষ এবং নৃত্যগীতাদি আমোদের জন্য সভায় প্রবেশ করা প্রভৃতি স্ত্রীলোকদিগের দোষ ॥২০॥

দ্বৈপায়ন! তুমি জ্ঞানী পুত্রের সহিত মিলিত হইয়া বেদধ্বনিদ্বারা রাক্ষসভয়জনিত ব্যস্ততা দূর করিয়া, বেদপাঠ করিতে থাক ॥২১॥

ভীষ্ম বলিলেন—'নারদের বাক্য শুনিয়া পরমধর্ম্মজ্ঞ ও বেদপাঠে দৃঢ়নিয়মশালী বেদব্যাস আনন্দিত হইয়া বলিলেন, 'তাহাই হউক' ॥২২॥

তাহার পর বেদব্যাস পুত্র শুকের সহিত মিলিত হইয়া, শিক্ষাশাস্ত্রবিহিত উচ্চ স্বরদ্বারা ত্রিভুবন পূর্ণ করিতে থাকিয়াই যেন বেদপাঠ করিতে থাকিলেন ॥২৩॥

ততোঽনধ্যায় ইতি তং ব্যাসঃ পুত্রমবারয়ৎ।
শুকো বারিতমাত্রস্তু কৌতূহলসমন্বিতঃ ॥২৫॥
অপৃচ্ছৎ পিতরং ব্রহ্মন্! কুতো বায়ুরভূদয়ম্।
আখ্যাতুমর্হতি ভবান্ বায়োঃ সর্ব্বং বিচেষ্টিতম্ ॥২৬॥ (যুগ্মকম্)
শুকস্যৈতদ্বচঃ শ্রুত্বা ব্যাসঃ পরমবিস্মিতঃ।
অনধ্যায়নিমিত্তেঽস্মিন্নিদং বচনমব্রবীৎ ॥২৭॥
দিব্যন্তে চক্ষুরুৎপন্নং স্বয়ন্তে নির্ম্মলং মনঃ।
তমসা রজসা চৈব ত্যক্তঃ সত্ত্বে ব্যবস্থিতঃ ॥২৮॥
আদর্শে স্বামিব চ্ছায়াং পশ্যস্যাত্মানমাত্মনা।
ন্যস্যাত্মনি স্বয়ং বেদান্ বুদ্ধ্যা সমনুচিন্তয় ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। ন অধীতে অস্মিন্নিত্যনধ্যায়ঃ কালঃ। বিচেষ্টিতং ব্যাপারম্ ॥২৫—২৬॥
শুকস্যেতি। পরমবিস্মিতঃ, বায়ুচেষ্টাস্মরণাৎ। অস্মিন্ বায়ৌ ॥২৭॥
দিব্যমিতি। দিব্যমলৌকিকম্ অতীন্দ্রিয়াণামপি দৃষ্টিকারি। নির্ম্মলং রাগদ্বেষাদিশূন্যম্ ॥২৮॥

ভারতভাবদীপঃ

ততোঽনধ্যায় ইত্যাদি গ্রন্থো যোগিনাং স্বেচ্ছয়া কৃৎস্নে ব্রহ্মাণ্ডে সঞ্চারযোগ্যতা ইচ্ছয়া দেহত্যাগশ্চ যয়া ভবতি তাদৃশীং বিদ্যাং বক্তুং প্রবর্ত্ততে ॥২৫॥ কুত ইতি বায়োর্মূলকারণপ্রশ্নঃ। বিচেষ্টিতমিতি বায়ুকর্ম্মপ্রশ্নঃ ॥২৬—২৭॥ প্রশ্নমভিনন্দয়ন্নস্যার্থস্য জিজ্ঞাসাতিদুর্লভেতি সূচয়তি—দিব্যমিতি। যোগসংস্কৃতং চক্ষুর্ব্যবহিতার্থগ্রাহিত্বাৎ, মনশ্চ নির্ম্মলমতীতাদিগ্রাহি,, সত্ত্বে সর্ব্বজ্ঞত্বাদিহেতৌ

বহুবিধধর্ম্মবক্তা বেদব্যাস ও শুকদেব সেইখানে বেদপাঠ করিতে লাগিলেই, সমুদ্রের বায়ুবেগে বেগবান্ হইয়া তত্রত্য বায়ু অধিকভাবে বহিত হইতে লাগিল ॥২৪॥

তাহার পর বেদব্যাস 'অনধ্যায় হইয়া পড়িয়াছে' এই কথা বলিয়া পুত্র শুকদেবকে বেদপাঠ করিতে বারণ করিলেন। বারণ করিবামাত্রই শুকদেব কৌতুকান্বিত হইয়া পিতাকে জিজ্ঞাসা করিলেন—'ব্রহ্মন্! এই বায়ু কোথা হইতে উৎপন্ন হইল? আপনি বায়ুর সমস্ত ব্যাপার বলুন' ॥২৫—২৬॥

শুকদেবের এই কথা শুনিয়া বেদব্যাস অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন এবং অনধ্যায়ের কারণীভূত বায়ু বিষয়ে এই কথা বলিলেন ॥২৭॥

বৎস! স্বভাবতই তোমার দিব্যচক্ষু উৎপন্ন হইয়াছে এবং তোমার মনটীও নির্ম্মল হইয়া গিয়াছে, আর তুমি রজোগুণ ও তমোগুণ শূন্য হইয়া সত্ত্বগুণে অবস্থান করিতেছ ॥২৮॥

দেবযানপথো বিষ্ণোঃ পিতৃযানশ্চ তামসঃ।
দ্বাবেতৌ প্রেত্য পন্থানৌ দিবঞ্চাধশ্চ গচ্ছতঃ ॥৩০॥
পৃথিব্যামন্তরীক্ষে চ যত্র সংবান্তি বায়বঃ।
সপ্তৈতে বায়ুমার্গা বৈ তান্ নিবোধানুপূর্ব্বশঃ ॥৩১॥

ভারতকৌমুদী

আদর্শ ইতি। আদর্শে দর্পণে, স্বাং চ্ছায়াং প্রতিবিম্বমিব আত্মনা বুদ্ধ্যা আত্মানং জীবব্রহ্ম পশ্যসি। স্বয়মাত্মনি মনসি বেদান্ ন্যস্য সংস্থাপ্য বুদ্ধ্যা সমনুচিন্তয়। ত্বয়ৈব চিন্তয়া নিজপ্রশ্নস্যোত্তরং ভবিষ্যতীতি ভাবঃ ॥২৯॥

প্রষ্টুর্নির্ণয়সামর্থ্যেঽপি গুরোরুত্তরস্য করণীয়ত্বয়া গুরুরেবাহ দেবেতি। দেবযানানাং পন্থা দেবযানপথঃ, স চ বিষ্ণোঃ সাত্ত্বিকত্বাৎ পিতৃযাননামা পন্থাশ্চ তামসঃ। প্রেত্য পরলোকে দিবং স্বর্গং অধঃ পৃথিব্যাদিকঞ্চ গচ্ছতো জনস্য সম্বন্ধে এতৌ দ্বৌ পন্থানৌ ভবতঃ ॥৩০॥

পৃথিব্যামিতি। সংবান্তি গচ্ছন্তি, এতে সপ্ত তেষাং বায়ূনাং মার্গাঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

বুদ্ধিসত্ত্বে ॥২৮॥ আত্মনি বুদ্ধৌ বেদান্ বেদার্থান্ ন্যস্য উহাপোহাভ্যাং পরিভাব্য বুদ্ধ্যা নিশ্চয়েন সমনুচিন্তয় বায়ুঃ কুতোঽভূদিত্যাদিকং বিচারয় ॥২৯॥ দেবযানেতি। যো বিষ্ণোর্ব্যাপকস্য পরমাত্মনঃ সম্বন্ধী দেবযানোঽর্চ্চিরাদিমার্গস্তত্র চরতীতি তেন মার্গেণ সাত্ত্বিকানুপাসকান্ বিষ্ণুর্লোকমপুনরাবৃত্তিপদং প্রাপয়তীত্যর্থঃ। পিতৃযানশ্চ ধূমাদিপিতৃযানে মার্গপ্রদশ্চায়মেব; স তু তামসঃ পুনরাবৃত্তিপ্রদত্বাৎ ॥৩০॥ পৃথিব্যামিতি। পৃথিব্যাং পিণ্ডে অন্তরিক্ষে ব্রহ্মাণ্ডে সংবান্তি সংগচ্ছন্তি বায়ুমার্গাঃ বায়ুসঞ্চারস্থানানি; তত্র দেহে তাবদ্বায়ুস্থানবর্ণবীজানি নকুলীশযোগপরায়ণে প্রোক্তানি। "প্রাণো ঘ্রাণাগ্রহন্নাভিপাদাঙ্গুষ্ঠান্তসংস্থিতঃ। নীলঃ সোঙ্কাররেফাদিবীজেন বিনিযোজিতঃ। ক্ষৈমিত্যর্থঃ। কৃষ্ণোঽপানঃ কৃকাটিস্থঃ পৃষ্ঠপৃষ্ঠান্তপার্ষ্ণিগঃ। সতারকনকারান্তবীজেন বিনিযোজিতঃ ওঁপমিত্যর্থঃ। শক্রচাপনিভো ব্যানস্ত্বগিন্দ্রিয়নিকেতনঃ। তারকোপেতয়াত্মাস্তবীজতেজোবিরাজিতঃ। ওঁলমিত্যর্থঃ। মূর্দ্ধস্থা মধ্যতাম্রপ্রকণ্ঠহৃৎপত্তলাশ্রয়ঃ। উদানো হ্রুণচ্ছায়স্তারকাক্রান্তযান্তবুক্। ওঁরমিত্যর্থঃ। শ্বেতঃ সমানো হৃন্নাভিসর্ব্বসন্ধিনিকেতনঃ। প্রণবাক্রান্তলান্তেন বীজেনাত্যন্তমুজ্জ্বল" ইতি। ওঁবমিত্যর্থঃ। ষষ্ঠসপ্তমমার্গৌ তু জীবন্মুক্তিবিদেহ-

মানুষ দর্পণে যেমন নিজের প্রতিবিম্ব দর্শন করে, তুমিও তেমন আপন বুদ্ধিদ্বারাই জীবাত্মাকে দর্শন করিতেছ। অতএব তুমি নিজেই বেদসমূহকে আত্মাতে সংস্থাপন করিয়া, বুদ্ধিদ্বারা তাহার বিচার কর ॥২৯॥

যিনি পরলোকে স্বর্গে গমন করেন, তাঁহার পথের নাম দেবযান; আর যে লোক পৃথিবীপ্রভৃতি নিম্নদেশে গমন করে, তাহার পথের নাম পিতৃযান। তন্মধ্যে বিষ্ণুর পথ দেবযান সাত্ত্বিক, আর পিতৃযান তামসিক ॥৩০॥

তত্র দেবগণাঃ সাধ্যা মহাভূতা মহাবলাঃ।
তেষামপ্যভবৎ পুত্রঃ সমানো নাম দুর্জ্জয়ঃ ॥৩২॥
উদানস্তস্যপুত্রোঽভূদ্ব্যানস্তস্যাভবৎ সুতঃ।
অপানশ্চ ততো জ্ঞেয়ঃ প্রাণশ্চাপি ততোঽপরঃ ॥৩৩॥
অনপত্যোঽভবৎ প্রাণো দুর্দ্ধর্ষঃ শক্রতাপনঃ।
পৃথক্ কর্ম্মাণি তেষাং তু প্রবক্ষ্যামি যথাতথম্ ॥৩৪॥
প্রাণিনাং সর্বতো বায়ুশ্চেষ্টাং বর্ত্তয়তে পৃথক্।
প্রাণনাচ্চৈব ভূতানাং প্রাণ ইত্যভিধীয়তে ॥৩৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। তত্র পৃথিব্যামন্তরীক্ষে চ, মহাভূতা মহাপ্রাণিনো মহাবলাশ্চ সাধ্যা নাম দেবগণাঃ সন্তীতি শেষঃ। তে চ স্বপ্রভাবাদদৃশ্যা ইতি ভাবঃ ॥৩২॥

উদান ইতি। তস্য উদানস্য। ততো ব্যানাৎ জাতো জ্ঞেয়ঃ। ততঃ অপানাচ্চ অপরঃ প্রাণো জাতঃ ॥৩৩॥

অনপত্য ইতি। তেষাং সমানাদীনাং পঞ্চানাং বায়ুনাং কর্ম্মাণি পৃথক্ পৃথক্ ॥৩৪॥

প্রাণিনামিতি। চেষ্টাং ক্রিয়াম্, বর্ত্তয়তে নিষ্পাদয়তি। প্রাণনাজ্জীবনসম্পাদনাৎ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

মুক্তিপ্রদৌ বক্ষ্যতি ॥৩১॥ দেবগণা অধ্যাত্মম্ ইন্দ্রিয়াণি তেষাং পুত্রঃ সমানঃ, ইন্দ্রিয়াণাং সামান্যা বৃত্তিরেব সমানাদয়ঃ ; তদুক্তং সাংখ্যসপ্তত্যাম্—"সামান্যা করণবৃত্তিঃ প্রাণাদ্যা বায়বঃ পঞ্চে"তি এবমধিদৈবমপি সাধ্যানাং দেবানাং সামান্যং রূপং সমানাদয় ইত্যর্থঃ। পিণ্ডব্রহ্মাণ্ডয়োরভেদাৎ ॥৩২॥ উদান ইতি। এতেষামুত্তরোত্তরস্য পূর্ব্বপূর্ব্বকার্য্যত্বাদুত্তরোত্তরং স্থূলত্বং জ্ঞেয়ম্ ॥৩৩॥ অনপত্য ইতি। প্রাণস্য কার্য্যান্তরং নাস্তি সর্ব্বাপেক্ষয়া স্থূলত্বঞ্চ দর্শিতম্ ॥৩৪॥ পিণ্ডে প্রাণকার্য্যং

বৎস! পৃথিবীতে ও আকাশে যেখানেই হউক না কেন, যে বায়ু বহিত হয়, সেই বায়ুর সাতটী পথ ; তাহা তুমি আনুপূর্ব্বীক শ্রবণ কর ॥৩১॥

সেই পৃথিবীতে ও আকাশে মহাবল ও মহাপ্রাণিস্বরূপ সাধ্যনামে দেবগণ অদৃশ্য-ভাবে অবস্থান করেন ; দুর্জ্জয় সমানবায়ু সেই দেবগণের পুত্র ॥৩২॥

সেই সমানবায়ুর পুত্র উদান, উদানের পুত্র ব্যান, ব্যানের পুত্র অপান এবং অপানের পুত্র প্রাণ ॥৩৩॥

দুর্দ্ধর্ষ ও শক্রতাপন প্রাণবায়ুর কোন সন্তান হয় নাই। এই পঞ্চবায়ুর কার্য্য পৃথক্ পৃথক্, তাহা আমি যথাযথভাবে বলিব ॥৩৪॥

এই প্রাণবায়ু প্রাণিগণের পৃথক্ পৃথক্ সমস্ত ক্রিয়া সম্পাদন করে এবং প্রাণি-গণের জীবন সম্পাদন করে বলিয়া এই বায়ুকে প্রাণ বলা হয় ॥৩৫॥

কথমিতি। নারদদৃষ্টঃ প্রকৃতো বেদবেদ্যো নারায়ণো যজ্ঞেষ্বগ্রহরঃ, ধর্ম্মপুত্রো বেদবেদাঙ্গবিৎ বিকৃতঃ স নারায়ণস্ত যজ্ঞধারী যজ্ঞকর্ত্তা। প্রশ্নে তু একস্যৈব যজ্ঞভোক্তৃত্বং যজ্ঞকর্তৃত্বঞ্চানুপপন্নমিতি ভাবঃ ॥১॥

নিবৃত্তমিতি। নিবৃত্তং বৈরাগ্যনিষ্পন্নম্। ভগবান্ এব ভাগবতঃ ॥২॥

ভারতভাবদীপঃ

কথং স ইতি। যজ্ঞধারী যজ্ঞকৃৎ, একস্যৈব যজ্ঞভোক্তৃত্বং যজ্ঞকর্তৃত্বং চ বিরুদ্ধমিত্যর্থঃ। তথা পরস্পরবিরুদ্ধয়োঃ প্রবৃত্তিনিবৃত্তিধর্ম্ময়োরেকস্য শাস্ত্রত্বং বিরুদ্ধং প্রতারকত্বাপত্তেরিতি প্রশ্নার্থঃ।

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! আপনারা মহর্ষি শৌনকের মহাযজ্ঞে আসিয়াছেন, এখন সম্যক্ অনুষ্ঠিত যজ্ঞদ্বারা সেই নিত্য ও পরমেশ্বর নারায়ণের পূজা করুন। আমার পিতা সূতপরম্পরাক্রমে আগত এই উপাখ্যান পূর্ব্বে আমার নিকট বলিয়াছিলেন ॥১৩৫॥

—:০:—

শৌনক বলিলেন—'প্রভাবশালী বেদবেদ্য ভগবান্ সেই প্রকৃত নারায়ণ দেব, যজ্ঞে অগ্রভাগহারী ছিলেন, আবার তিনিই বেদবেদাঙ্গবিৎ নারায়ণ হইয়া কি প্রকারে সর্ব্বদা যজ্ঞকারী হইয়াছিলেন? ॥১॥

ক্ষমাশীল, প্রভাবমাহাত্ম্যশালী ও নিবৃত্তিধর্ম্মাবলম্বী সেই ভগবান্ নারায়ণই নিবৃত্তিধর্ম্মসকল বিধান করিয়াছেন ॥২॥

কথং প্রবৃত্তিধর্ম্মেষু ভাগার্হা দেবতাঃ কৃতাঃ।
কথং নিবৃত্তিধর্ম্মাশ্চ কৃতা ব্যাবৃত্তবুদ্ধয়ঃ ॥৩॥
এতন্নঃ সংশয়ং সৌতে! ছিন্ধি গুহ্যং সনাতনম্।
ত্বয়া নারায়ণকথাঃ শ্রুতা বৈ ধর্ম্মসংহিতাঃ ॥৪॥

সৌতিরুবাচ।

জনমেজয়েন যৎ পৃষ্টঃ শিষ্যো ব্যাসস্য ধীমতঃ।
তত্তেঽহং কথয়িষ্যামি পৌরাণং শৌনকোত্তম! ॥৫॥
শ্রুত্বা মাহাত্ম্যমেতস্য দেহিনাং পরমাত্মনঃ।
জনমেজয়ো মহাপ্রাজ্ঞো বৈশম্পায়নমব্রবীৎ ॥৬॥

ভারতকৌমুদী

কথমিতি। প্রবৃত্তিধর্ম্মেষু সকামনিষ্পাদ্যযজ্ঞাদিষু। নিবৃত্তির্বৈরাগ্যমেব ধর্ম্মো যেষাং তে, শব্দাদিবিষয়েভ্যো ব্যাবৃত্তা বুদ্ধয়ো যেষাং তে মুনয়ঃ। একস্যৈব নিবৃত্তিপ্রবৃত্তিবিধানকানুপপন্নমিত্যাশয়ঃ ॥৩॥

এতদিতি। গুহ্যম্ এতাবন্তং কালং যাবৎ মনস্যেব স্থিতম্, সনাতনং চিরকালীনম্। ধর্ম্মসংহিতাঃ স্মৃতিশাস্ত্রাণি চ ॥৪॥

জনেতি। ব্যাসস্য শিষ্যো বৈশম্পায়নঃ। পৌরাণমুপাখ্যানম্, শৌনকশ্চাসৌ উত্তমো মুনিশ্রেষ্ঠশ্চেতি তৎসম্বোধনম্। অগ্নিষ্টোমাদিবৎ পরনিপাতঃ ॥৫॥

শ্রুত্বেতি। পরমাত্মনো জীবাত্মভূতস্য। "তত্ত্বমসি" ইতি শ্রুতেঃ পরব্রহ্মজীবব্রহ্মণোরৈক্যমভিপ্রেত্যেদমুক্তম্। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥৬॥

ভারতভাবদীপঃ

এতেন জীবেশয়োরভেদস্তৎপ্রতিপত্ত্যর্থো নিবৃত্তিধর্ম্মশ্চাক্ষিপ্ত ইতি জ্ঞেয়ম্ ॥১—৫॥ দেহিনাং

আবার তিনিই প্রবৃত্তিনিষ্পাদ্য যজ্ঞাদিকার্য্যে কি প্রকারে দেবগণকে ভাগহারী করিলেন এবং কি প্রকারেই বা বিষয়বিরক্তবুদ্ধি মুনিগণকে নিবৃত্তিধর্ম্মা করিয়াছেন? ॥৩॥

সৌতি! আপনি আমাদের চিরকালের এই হৃদয়স্থ সংশয় ছেদন করুন। কারণ, আপনি নারায়ণের উপাখ্যান ও ধর্ম্মশাস্ত্র শ্রবণ করিয়াছেন ॥৪॥

সৌতি বলিলেন—'মুনিশ্রেষ্ঠ শৌনক! রাজা জনমেজয় জ্ঞানী বেদব্যাসের শিষ্য বৈশম্পায়নের নিকট যাহা প্রশ্ন করিয়াছিলেন, সেই পৌরাণিক বিষয় আপনার নিকট বলিতেছি ॥৫॥

মহাপ্রাজ্ঞ রাজা জনমেজয়, প্রাণিগণের জীবাত্মস্বরূপ নারায়ণের মাহাত্ম্য শুনিয়া, বৈশম্পায়নকে বলিয়াছিলেন ॥৬॥

জনমেজয় উবাচ।

ইমে সব্রহ্মকা লোকাঃ সসুরাসুরমানবাঃ।
ক্রিয়াস্বভ্যুদয়োক্তাসু সক্তা দৃশ্যন্তি সর্ব্বশঃ ॥৭॥
মোক্ষশ্চোক্তস্ত্বয়া ব্রহ্মন্নির্বাণং পরমং সুখম্‌।
যে তু মুক্তা ভবন্তীহ পুণ্যপাপবিবর্জ্জিতাঃ।
তে সহস্রার্চ্চিষং দেবং প্রবিশন্তীহ শুশ্রুম ॥৮॥
অয়ং হি দুরনুষ্ঠেয়ো মোক্ষধর্ম্মঃ সনাতনঃ।
যং হিত্বা দেবতাঃ সর্বা হব্যকব্যভুজোঽভবন্‌ ॥৯॥
কিঞ্চ ব্রহ্মা চ রুদ্রশ্চ শক্রশ্চ বলভিৎ প্রভুঃ।
সূর্য্যস্তারাধিপো বায়ুরগ্নির্ব্বরুণ এব চ ॥১০॥
আকাশং জগতী চৈব যে চ শেষা দিবৌকসঃ।
প্রলয়ং ন বিজানন্তি আত্মনঃ পরিনির্ম্মিতম্‌ ॥১১॥ (যুগ্মকম্‌)

ভারতকৌমুদী

ইম ইতি। ব্রহ্মণা হিরণ্যগর্ভেণ সহেতি সব্রহ্মকাঃ। অভ্যুদয়োক্তাসু ঐহিকোন্নতিবিধায়িকাসু, সক্তা ব্যাপৃতাঃ, দৃশ্যন্তি দৃশ্যন্তে ॥৭॥

মোক্ষ ইতি। হে ব্রহ্মজ্ঞ! পুণ্যপাপবিবর্জ্জিতা জ্ঞানেন তয়োর্নাশাৎ, "জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণমি"তি শ্রুতেঃ। সহস্রার্চ্চিষং অনন্ততেজোময়ং ব্রহ্ম। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৮॥

অয়মিতি। মোক্ষধর্ম্মস্তত্ত্বজ্ঞানাদিঃ ॥৯॥

কিঞ্চেতি। শক্র ইন্দ্রঃ, বলভিৎ বলনামকাসুরহন্তা, তারাধিপশ্চন্দ্রঃ। জগতী পৃথিবী। আত্মনো ব্রহ্মণঃ। সম্বন্ধবিবক্ষয়া ষষ্ঠী ॥১০—১১॥

ভারতভাবদীপঃ

পরমাত্মনোঽন্তরাত্মনঃ ॥৬—৮॥ সহস্রার্চ্চিষং সূর্য্যান্তর্বর্ত্তিনমনন্তচিদ্রূপং বা ॥৯॥ যমিতি। নিবৃত্তিধর্ম্মশ্চেচ্ছ্রেয়াংস্তর্হি যেঽস্মদপেক্ষয়া জগত্তত্ত্বমধিকং জানন্তি তেঽপি ব্রহ্মরুদ্রাদয়ঃ সৃষ্টি-

---

জনমেজয় বলিলেন—'ব্রহ্মা, দেবগণ, অসুরগণ ও মনুষ্যগণের সহিত সমস্ত জগৎকেই কাম্যকর্ম্মে ব্যাপৃত দেখা যায় ॥৭॥

ব্রাহ্মণ! পরম সুখময় নির্ব্বাণমুক্তির বিষয়ও আপনি বলিয়াছেন। কিন্তু পুণ্যপাপবিহীন যে সকল লোক এই জগতে মুক্ত হন, তাঁহারা নারায়ণে প্রবেশ করেন ইহা শুনিয়াছি ॥৮॥

এই সনাতন মোক্ষধর্ম্ম অতি দুষ্কর, যে মোক্ষধর্ম্ম ত্যাগ করিয়া দেবতারা সকলে হব্যকব্যভোজী হইয়াছেন ॥৯॥

ততস্তে নাস্থিতা মার্গং ধ্রুবমক্ষয়মব্যয়ম্ ।
স্মৃতিং কালপরিমাণং প্রবৃত্তিং যে সমাস্থিতাঃ ।
দোষঃ কালপরিমাণে মহানেষ ক্রিয়াবতাম্ ॥১২॥
এতং মে সংশয়ং বিপ্র ! হৃদি শল্যমিবার্পিতম্ ।
ছিন্দ্ধীতিহাসকথনাৎ পরং কৌতূহলং হি মে ॥১৩॥
কথং ভাগহরাঃ প্রোক্তা দেবতাঃ ক্রতুষু দ্বিজ ! ।
কিমর্থঞ্চাধ্বরে ব্রহ্মন্নিজ্যন্তে ত্রিদিবৌকসঃ ॥১৪॥
যে চ ভাগং প্রগৃহ্ণন্তি যজ্ঞেষু দ্বিজসত্তম ! ।
তে যজন্তো মহাযজ্ঞৈঃ কস্য ভাগং দদন্তি বৈ ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। মার্গং মোক্ষপথম্, ধ্রুবং নিশ্চলম্, অক্ষয়মপচয়রহিতম্, অব্যয়মবিনশ্বরম্। স্মৃতি মহদ্ভূতপদার্থস্য চেতস্যুপস্থিতিম্, কালপরিমাণং দিনপক্ষাদিসময়পরিমাণম্, প্রবৃত্তিং বিষয়াসক্তিম। ষট্পাদঃ শ্লোকঃ ॥১২॥

এতমিতি। শল্যমিব বেদনাজনকমিত্যর্থঃ ॥১৩॥

কথমিতি। ইজ্যন্তে পূজ্যন্তে, ত্রিদিবৌকসো দেবাঃ ॥১৪॥

য ইতি। যজ্ঞেষু মনুষ্যকৃতেষু। দদন্তি দদতি।১৫॥

ভারতভাবদীপঃ

সংহারাদৌ ন প্রবর্ত্তেয়ুরতঃ প্রতারণামাত্রং নিবৃত্তিধর্ম্ম ইত্যর্থ ॥১০—১৪॥ কথমিতি। যথা দেবা দেবান্তরাভাবাদিতরেভ্যো ভাগমদত্বা স্বয়ং সুখমেধন্তে এবং বয়মপি সুখং স্থাস্যাম ইতি প্রবৃত্তি

ব্রহ্মা, রুদ্র, প্রভাবশালী বলাসুরহন্তা ইন্দ্র, সূর্য্য, চন্দ্র, বায়ু, অগ্নি, বরুণ, আকাশ ও পৃথিবী এবং অবশিষ্ট যে দেবতা তাঁহারা পরমেশ্বরকৃত প্রলয় জানেন না ॥১০—১১॥

সেই জন্যই তাঁহারা নিশ্চল, ক্ষয়শূন্য ও অবিনশ্বর মোক্ষমার্গ অবলম্বন করেন নাই; আর যাঁহারা স্মৃতি, কালের পরিমাণ ও প্রবৃত্তিমার্গ অবলম্বন করিয়াছেন, ক্রিয়াশালী সেই সকল লোকের কাল ও পরিমাণ বিষয়ে এই গুরুতর দোষ দৃষ্টি-গোচর হয় ॥১২॥

ব্রাহ্মণ ! এই সংশয় আমার হৃদয়ে শল্যের ন্যায় প্ররূঢ় রহিয়াছে। ইতিহাস বলিয়া আপনি আমার এই সংশয় ছেদন করুন। কারণ, ইহা শুনিতে আমার বিশেষ কৌতূহল জন্মিয়াছে ॥১৩॥

ব্রাহ্মণ ! দেবগণকে কি প্রকারে যজ্ঞে ভাগহারী বলা হইয়াছে, কি জন্যই বা যজ্ঞে দেবগণের পূজা করা হয় ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ।

অহো গূঢ়তমঃ প্রশ্নস্ত্বয়া পৃষ্টো জনেশ্বর॥।
নাতপ্ততপসা হ্যেষ নাবেদবিদুষা তথা।
নাপুরাণবিদা চৈব শক্যো ব্যাহর্ত্তুমঞ্জসা॥১৬॥
হন্ত! তে কথয়িষ্যামি যন্মে পৃষ্টঃ পুরা গুরুঃ।
কৃষ্ণদ্বৈপায়নো ব্যাসো বেদব্যাসো মহানৃষিঃ॥১৭॥
সুমন্তুর্জৈমিনিশ্চৈব পৈলশ্চ সুদৃঢ়ব্রতঃ।
অহং চতুর্থঃ শিষ্যো বৈ পঞ্চমশ্চ শুকঃ স্মৃতঃ॥১৮॥
এতান্ সমাগতান্ সর্ব্বান্ পঞ্চশিষ্যান্দমান্বিতান্।
শৌচাচারসমাযুক্তান্ জিতক্রোধান্ জিতেন্দ্রিয়ান্॥১৯॥
বেদানধ্যাপয়ামাস মহাভারতপঞ্চমান্।
মেরৌ গিরিবরে রম্যে সিদ্ধচারণসেবিতে॥২০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অহো ইতি। ব্যাহর্ত্তুং বক্তুম্, অঞ্জসা তত্ত্বেন। তত্ত্বেঘদ্ধাঞ্জসা দ্বয়ম্” ইত্যমরঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ॥১৬॥

হন্তেতি। মে ময়া। বিশিষ্ট আসঃ সন্ন্যাসো যস্য স ব্যাসঃ, বেদান্ ব্যস্যতি পৃথক্ করোতীতি বেদব্যাস ইত্যুপাধিঃ, কৃষ্ণদ্বৈপায়নস্তু নাম॥১৭॥

সুমন্তুরিতি। সুদৃঢ়ং ব্রতং শৌচাচারনিয়মো যস্য সঃ॥১৮॥

এতানিতি। দমান্বিতান্ বহিরিন্দ্রিয়দমনযুক্তান্, জিতেন্দ্রিয়ান্ বশীকৃতান্তরেন্দ্রিয়ান্। মহাভারতং পঞ্চমং যেষাং তান্॥১৯—২০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! যে দেবগণ যজ্ঞে ভাগগ্রহণ করেন, তাঁহারাই আবার যজ্ঞ করিতে থাকিয়া কাহাকে ভাগদান করেন? ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—নরনাথ! আপনি অত্যন্ত গূঢ় প্রশ্ন করিয়াছেন। অতপস্বী, অবেদবিৎ ও অপুরাণজ্ঞ লোক এই প্রশ্ন যথাযথভাবে বলিতে পারেন না। ॥১৬॥

আমি পূর্ব্বে বিশিষ্ট সন্ন্যাসী ও মহর্ষি বেদব্যাস গুরু কৃষ্ণদ্বৈপায়নের নিকট যাহা প্রশ্ন করিয়াছিলাম, তাহা আপনার নিকট বলিব॥১৭॥

অত্যন্ত দৃঢ়ব্রতধারী সুমন্তু, জৈমিনি ও পৈল এই তিনজন বেদব্যাসের শিষ্য ছিলেন, আমি ছিলাম তাঁহার চতুর্থ শিষ্য এবং শুকদেব ছিলেন পঞ্চম শিষ্য॥১৮॥

জিতেন্দ্রিয়, শৌচ ও আচারযুক্ত এবং ক্রোধবিজয়ী এই পাঁচজন শ্রেষ্ঠ, মনোদর ও

তেষামভ্যস্ততাং বেদান্ কদাচিৎ সংশয়োঽভবৎ।
এষ বৈ যস্ত্বয়া পৃষ্টস্তেন তেষাং প্রকীর্ত্তিতঃ।
ততঃ শ্রুতো ময়া চাপি তবাখ্যেয়োঽস্য ভারত! ॥২১॥
শিষ্যাণাং বচনং শ্রুত্বা সর্ব্বাজ্ঞানতমোনুদঃ।
পরাশরসুতঃ শ্রীমান্ ব্যাসো বাক্যমথাব্রবীৎ ॥২২॥
ময়া হি সুমহত্তপ্তং তপঃ পরমদারুণম্।
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ জানীয়ামিতি সত্তমাঃ ॥২৩॥
তস্য মে তপ্ততপসো নিগৃহীতেন্দ্রিয়স্য চ।
নারায়ণপ্রসাদেন ক্ষীরোদস্যানুকূলতঃ ॥২৪॥
ত্রৈকালিকমিদং জ্ঞানং প্রাদুর্ভূতং তথেপ্সিতম্।
তৎ শৃণুধ্বং যথান্যায়ং বক্ষ্যে সংশয়মুত্তমম্ ॥২৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তেষামিতি। স প্রশ্নঃ, তেন বেদব্যাসেন তেষাং সুমন্তুপ্রভৃতীনাং সমীপে প্রকীর্ত্তিতঃ কথিতঃ। আখ্যেয়ো বক্তব্যঃ! ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২১॥

শিষ্যাণামিতি। সর্ব্বাণ্যজ্ঞানান্যেব তমাংসি অন্ধকারাস্তানি নুদতি প্রেরয়তি দূরীকরোতীতি সঃ "নাম্যুপধপ্রীকৃগৃজ্ঞাং কঃ" ইতি নুদতেঃ কঃ প্রত্যয়ঃ ॥২২॥

ময়েতি। ভব্যং বর্ত্তমানম্, ইতি হেতোঃ ॥২৩॥

তস্যেতি। ক্ষীরোদস্য সাগরস্য অনুকূলতস্তীরদেশে, ত্রৈকালিকং ভূতভবিষ্যদ্বর্ত্তমান বিষয়ম্ ॥২৪—২৫॥

সিদ্ধচারণসেবিত পর্ব্বতশ্রেষ্ঠ সুমেরুস্থিত আশ্রমে আগমন করিলে, বেদব্যাস সকলকেই বেদ ও মহাভারত অধ্যয়ন করাইয়াছিলেন ॥১৯—২০॥

ভরতনন্দন! সেই আমরা কোন সময়ে বেদ অভ্যাস করিতেছিলাম, তখন আমাদের এই সংশয় হইয়াছিল; তখন আপনি যে প্রশ্ন করিয়াছেন, এই প্রশ্নই আমরা করিয়াছিলাম। সেই সময়ে গুরুদেব ইহার উত্তর আমাদের নিকট বলিয়াছিলেন। তৎকালে আমি যেরূপ শুনিয়াছিলাম, সেইরূপই আজ আপনার নিকট বলিব ॥২১॥

শিষ্যগণের বাক্য শুনিয়া সর্ব্বপ্রকার অজ্ঞানরূপ অন্ধকারহারী ও বাগ্মী, পরাশরপুত্র বেদব্যাস, এই কথা বলিয়াছিলেন ॥২২॥

'সাধুশ্রেষ্ঠগণ! আমি ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান জানিব বলিয়া, অতিদারুণ ও গুরুতর তপস্যা করিয়াছিলাম ॥২৩॥

যথাবৃত্তং হি কল্পাদৌ দৃষ্টং মে জ্ঞানচক্ষুষা।
পরমাত্মেতি যং প্রাহুঃ সাংখ্যা যোগবিদো জনাঃ ॥২৬॥
মহাপুরুষসংজ্ঞাং স লভতে স্বেন কর্ম্মণা।
তস্মাৎ প্রসূতমব্যক্তং প্রধানং তদ্বিদুর্বুধাঃ ॥২৭॥ (যুগ্মকম্)
অব্যক্তাদ্ব্যক্তমুৎপন্নং লোকসৃষ্ট্যর্থমীশ্বরাৎ।
অনিরুদ্ধো হি লোকেষু মহানাত্মেতি কথ্যতে ॥২৮॥

ভারতকৌমুদী

যথেতি। কল্পাদৌ সৃষ্টিপ্রারম্ভে যথা বৃত্তং ভূতং মে ময়া জ্ঞানচক্ষুষা তৎ দৃষ্টম্। কর্ম্মণা উৎপাদনাদিব্যাপারেণ। তস্মান্মহাপুরুষাৎ অব্যক্তং প্রসূতমুৎপন্নম্ ॥২৬—২৭॥

অব্যক্তাদিতি। ব্যক্তং মহত্তত্ত্বম্, ঈশ্বরাত্তস্মান্মহাপুরুষাৎ ॥২৮॥

ভারতভাবদীপঃ

মার্গোঽপ্যাক্ষিপ্তঃ ॥১৫—২৪॥ ময়েতি। শ্রুত্যনুমানাভ্যাং পারোক্ষ্যেণ গৃহীতার্থো যোগিনাং প্রত্যক্ষঃ অতো যোগজং প্রত্যক্ষং প্রকৃত্যোক্তং যোগভাষ্যে—"তৎপরং প্রত্যক্ষং তচ্চ শ্রুতানুমানয়োর্বীজ"মিতি যোগসিদ্ধ্যভাবে স্বাত্মাগমগম্য এবায়মর্থ ইত্যাশয়ঃ ॥২৫—২৭॥ পরমাত্মনঃ প্রতিবিম্বভূতা দেবা বিম্বভূতং পরমাত্মানং যেন রূপেণ মহীচক্রুস্তেন তেন রূপেণ স্বয়ং পূজ্যাং যজ্ঞভাগাদিরূপাং লব্ধবন্তঃ। যথোক্তং ভাগবতে—"যদ্যজ্জনো ভগবতে বিদধীত মানং তচ্চাত্মনঃ প্রতিমুখস্য যথামুখশ্রী"রিতি। অতঃ ফলাবস্থাঃ স্বয়মকুর্বন্তোঽপি দেবা অস্মদ্দত্তান্ যজ্ঞভাগান্ ভুঞ্জতে অস্মাকং চ তেভ্যোঽপ্রদানে মহান্ দোষঃ। "ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ। তৈর্দ্দত্তানপ্রদায়ৈভ্যো যো ভুঙ্‌ক্তে স্তেন এব স" ইতি গীতাবচনাৎ। অতঃ প্রবৃত্তিমার্গোঽবশ্যমনুসরণীয় ইত্যাহ—পরমাত্মেতি যং প্রাহুরিত্যাদিনা। সনঃসনৎ সুজাতশ্চেত্যতঃ প্রাক্তনেন

ক্ষীরোদসাগরের তীরে থাকিয়া জিতেন্দ্রিয় হইয়া সেইরূপ তপস্যা করার পরে, নারায়ণের অনুগ্রহে আমার অভীষ্ট এই ত্রৈকালিক জ্ঞান আবির্ভূত হইয়াছিল। অতএব তোমরা শ্রবণ কর, তোমাদের সংশয়ের উত্তম উত্তর যথানিয়মে বলিতেছি ॥২৪—২৫॥

সৃষ্টির প্রারম্ভে যাহা হইয়াছিল, তাহা আমি জ্ঞানদৃষ্টিতে দেখিয়াছি। সাংখ্য ও যোগশাস্ত্রাভিজ্ঞ লোকেরা যাঁহাকে পরমাত্মা বলেন, তিনি আপন কর্ম্মের প্রভাবে মহাপুরুষ নাম লাভ করেন। সেই মহাপুরুষ হইতে অব্যক্ত উৎপন্ন হইয়াছিল; সেই অব্যক্তকেই পণ্ডিতেরা প্রধান বলিয়া জানেন ॥২৬—২৭॥

লোকসৃষ্টির জন্য সেই মহাপুরুষ ও অব্যক্ত হইতে ব্যক্ত উৎপন্ন হইয়াছিল, সেই ব্যক্তকেই লোকে অনিরুদ্ধ ও মহানাত্মা বলিয়া থাকে ॥২৮॥

যোঽসৌ ব্যক্তত্বমাপন্নো নির্ম্মমে চ পিতামহম্।
সোঽহঙ্কার ইতি প্রোক্তঃ সর্ব্বতেজোময়ো হি সঃ ॥২৯॥
পৃথিবী বায়ুরাকাশমাপো জ্যোতিশ্চ পঞ্চমম্।
অহঙ্কারপ্রসূতানি মহাভূতানি পঞ্চধা ॥৩০॥
মহাভূতানি সৃষ্টৈব তান্ গুণান্ নির্ম্মমে পুনঃ।
ভূতেভ্যশ্চৈব নিষ্পন্না মূর্ত্তিমন্তশ্চ তান্ শৃণু ॥৩১॥
মরীচিরঙ্গিরাশ্চাত্রিপুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ।
বশিষ্ঠশ্চ মহাত্মা বৈ মনুঃ স্বায়ম্ভুবস্তথা।
জ্ঞেয়াঃ প্রকৃতয়োঽষ্টৌ তা যাসু লোকাঃ প্রতিষ্ঠিতাঃ ॥৩২॥
বেদবেদাঙ্গসংযুক্তান্ যজ্ঞান্ যজ্ঞাঙ্গসংযুতান্।
নির্ম্মমে লোকসিদ্ধ্যর্থং ব্রহ্মা লোকপিতামহঃ।
অষ্টাভ্যঃ প্রকৃতিভ্যশ্চ জাতং বিশ্বমিদং জগৎ ॥৩৩॥

ভারতকৌমুদী

য ইতি। যোঽসৌ মহত্তত্ত্বরূপঃ অনিরুদ্ধঃ, স পিতামহং ব্রহ্মাণং নির্ম্মমে ॥২৯॥

পৃথিবীতি। আপো জলম্, জ্যোতিস্তেজঃ। এতানি চ তন্মাত্ররূপাণি ইতি বোধ্যম্, "অহঙ্কারাৎ পঞ্চতন্মাত্রাণীতি সাংখ্যসূত্রাৎ। তেভ্যশ্চ পঞ্চতন্মাত্রেভ্যঃ অহঙ্কারেণ প্রসূতানি পরম্পরয়া উৎপাদিতানি মহাভূতানি ক্ষিত্যাদিস্থূলভূতানি ॥৩০॥

মহেতি। তান্ মহাভূতসম্বন্ধান্, গুণান্ গন্ধাদীন্ ॥৩১॥

মরীচিরিতি। তা মরীচিপ্রভৃতয়ঃ, অষ্টৌ প্রকৃতয় উপাদানানি। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩২॥

বেদেতি। যজ্ঞাঙ্গানি পশুপুরোডাশাদীনি তৈঃ সংযুতান্, লোকসিদ্ধ্যর্থং জনগণজীবনযাত্রা-নিষ্পত্ত্যর্থম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৩॥

ঐ যে অনিরুদ্ধ ব্যক্তত্ব প্রাপ্ত হইয়াছিলেন, তিনিই ব্রহ্মাকে সৃষ্টি করেন; সেই ব্রহ্মাকেই অহঙ্কার বলা হইয়াছে এবং সেই ব্রহ্মা সর্ব্বতেজোময় ॥২৯॥

পৃথিবী, বায়ু, আকাশ, জল ও তেজ এই পঞ্চতন্মাত্র অহঙ্কার হইতে উৎপন্ন হইয়াছিল এবং সেই অহঙ্কার হইতে পরম্পরাসম্বন্ধে ও পঞ্চতন্মাত্র হইতে সাক্ষাৎ সম্বন্ধে পঞ্চমহাভূত জন্মিয়াছিল ॥৩০॥

ব্রহ্মা পঞ্চমহাভূত সৃষ্টি করিয়া, পুনরায় সেগুলির গন্ধপ্রভৃতি গুণ সৃষ্টি করিলেন। সেই পঞ্চমহাভূত হইতে যে সকল মূর্ত্তিমান্ প্রাণী জন্মিয়াছিল, তাহাদের নাম শ্রবণ কর ॥৩১॥

মরীচি, অঙ্গিরা, অত্রি, পুলস্ত্য, পুলহ, ক্রতু, মহাত্মা বশিষ্ঠ ও স্বায়ম্ভুব মনু এই এই আটটীকে প্রকৃতি বলিয়া জানিবে, যাহাতে সমস্ত লোক প্রতিষ্ঠিত আছে ॥৩২॥

রুদ্রো রোষাত্মকো জাতো দশান্যান্ সোঽসৃজৎ স্বয়ম্।
একাদশৈতে রুদ্রাস্তু বিকারপুরুষাঃ স্মৃতাঃ ॥৩৪॥
তে রুদ্রাঃ প্রকৃতিশ্চৈব সর্ব্বে চৈব সুরর্ষয়ঃ।
উৎপন্না লোকসিদ্ধ্যর্থং ব্রহ্মাণং সমুপস্থিতাঃ ॥৩৫॥
বয়ং সৃষ্টা হি ভগবংস্ত্বয়া চ প্রভবিষ্ণুনা।
যেন যস্মিন্নধীকারে বর্ত্তিতব্যং পিতামহ!॥৩৬॥
যোঽসৌ ত্বয়াভিনির্দ্দিষ্টো হ্যধিকারোঽর্থচিন্তকঃ।
পরিপাল্যঃ কথন্তেন সাহঙ্কারেণ কর্ত্তৃণা ॥৩৭॥ (যুগ্মকম্)
প্রদিশস্ব বলন্তস্য যোঽধিকারার্থচিন্তকঃ।
এবমুক্তো মহাদেবো দেবাংস্তানিদমব্রবীৎ ॥৩৮॥

ভারতকৌমুদী

রুদ্র ইতি। অন্যান্ দশরুদ্রান্। বিকারপুরুষাঃ প্রকৃতিভ্যো জাতত্বাৎ ॥৩৪॥

ত ইতি। প্রকৃতির্মরীচিপ্রভৃতিঃ ॥৩৫॥

বয়মিতি। প্রভবিষ্ণুনা প্রভাবশালিনা। অধীকারে কার্য্যে। অর্থচিন্তকঃ প্রয়োজননির্ব্বাহকঃ, কর্ত্তৃণা অস্মদ্বৃন্দেন ॥৩৬—৩৭॥

প্রেতি। অধিকারার্থস্য কার্য্যপ্রয়োজনস্য চিন্তকঃ, তস্য বলং শক্তিং প্রদিশস্ব দেহি মহাদেবো ব্রহ্মা ॥৩৮॥

লোকপিতামহ ব্রহ্মা, লোকের জীবনযাত্রা নির্ব্বাহের জন্য বেদ, বেদাঙ্গ ও যজ্ঞাঙ্গযুক্ত যজ্ঞসকল সৃষ্টি করিয়াছিলেন; আর সেই অষ্টপ্রকৃতি হইতে এই সমস্ত জগৎ জন্মিয়াছিল ॥৩৩॥

ব্রহ্মার ক্রোধ হইতে প্রথম রুদ্র জন্মগ্রহণ করে এবং স্বয়ং ব্রহ্মা অন্য দশটী-রুদ্র সৃষ্টি করিয়াছিলেন। এই এগারজন রুদ্রকে বিকারপুরুষ বলিয়া মনে করা হয় ॥৩৪॥

উৎপন্ন সেই রুদ্রগণ, উক্ত-প্রকৃতিগণ ও সকল দেবর্ষিরা লোকের জীবনযাত্রা নির্ব্বাহের জন্য, ব্রহ্মার নিকট উপস্থিত হইলেন (এবং বলিলেন) ॥৩৫॥

ভগবন্ পিতামহ! প্রভাবশালী আপনি আমাদিগকে সৃষ্টি করিয়াছেন, এখন যিনি যে কার্য্যে প্রবৃত্ত হইবেন এবং আপনি যে প্রয়োজননির্ব্বাহক কার্য্য নির্দ্দিষ্ট করিবেন, সেই কার্য্য কিপ্রকারে অভিমানসমন্বিত হইয়া সে ব্যক্তি নির্ব্বাহ করিবে? ॥৩৬—৩৭॥

যিনি কার্য্যপ্রয়োজনের চিন্তা করেন, আপনি তাহার শক্তি দান করুন। দেবতারা এইরূপ বলিলে, ব্রহ্মা সেই দেবতাদিগকে এই কথা বলিলেন ॥৩৮॥

ব্রহ্মোবাচ।

সাধ্বহং জ্ঞাপিতো দেবা যুষ্মাভির্ভদ্রমস্তু বঃ।
মমাপ্যেষা সমুৎপন্না চিন্তা যা ভবতাং মতা ॥৩৯॥
লোকত্রয়স্য কৃৎস্নস্য কথং কার্য্যঃ পরিগ্রহঃ।
কথং বলক্ষয়ো ন স্যাৎ যুষ্মাকং হ্যাত্মনশ্চ মে ॥৪০॥
ইতঃ সর্বেঽপি গচ্ছামঃ শরণং লোকসাক্ষিণম্।
মহাপুরুষমব্যক্তং স নো বক্ষ্যতি যদ্ধিতম্ ॥৪১॥
ততস্তে ব্রহ্মণা সার্দ্ধমৃষয়ো বিবুধাস্তথা।
ক্ষীরোদস্যোত্তরং কূলং জগ্মু র্লোকহিতার্থিনঃ ॥৪২॥
তে তপঃ সমুপাতিষ্ঠন্ ব্রহ্মোক্তং বেদকল্পিতম্।
স মহানিয়মো নাম তপশ্চর্য্যা সুদারুণা ॥৪৩॥
ঊর্দ্ধা দৃষ্টির্বাহবশ্চ একাগ্রঞ্চ মনোঽভবৎ।
একপাদাঃ স্থিতাঃ সর্বে কাষ্ঠভূতাঃ সমাহিতাঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

সাধ্বিতি। ভদ্রং মঙ্গলম্। মতা সম্মতত্বেন কৃতা ॥৩৯॥
লোকেতি। পরিগ্রহঃ অধিকারঃ। আত্মনো নিজস্য ॥৪০॥
ইত ইতি। লোকসাক্ষিণং সর্ব্বজগদ্ব্যাপারদর্শিনম্। অব্যক্তং চিন্ময়ত্বেনাস্পষ্টম্ ॥৪১॥
তত ইতি। বিবুধা দেবাঃ। কূলং তীরম্ ॥৪২॥
ত ইতি। সমুপাতিষ্ঠন্ সমাশ্রয়ন্, বেদেন কল্পিতং বিহিতম্ ॥৪৩॥
ঊর্দ্ধেতি। বাহবশ্চ ঊর্দ্ধাঃ। কাষ্ঠভূতাঃ কাষ্ঠতুল্যা নিস্পন্দাঃ ॥৪৪॥

ব্রহ্মা বলিলেন—'দেবগণ! তোমরা আমাকে ভাল বিষয় জানাইয়াছ, তোমাদের মঙ্গল হউক, তোমাদের যে চিন্তা হইয়াছে, আমারও সেই চিন্তাই হইয়াছে ॥৩৯॥

সমগ্র ত্রিভুবনের কার্য্য কিভাবে করা যায় এবং কিভাবেই বা তোমাদের ও আমার নিজের বলক্ষয় না হয়, তাহার চিন্তা করিতে হইবে ॥৪০॥

আমরা সকলেই এস্থান হইতে যাইয়া, লোকসাক্ষী, মহাপুরুষ ও চিন্ময় নারায়ণের শরণাপন্ন হইব ; তখন আমাদের যাহা হিত, তিনি তাহা বলিবেন ॥৪১॥

তাহার পর ব্রহ্মার সহিত জগতের হিতার্থী সেই ঋষিগণ ও দেবগণ ক্ষীরোদ-সাগরের উত্তরতীরে গমন করিলেন ॥৪২॥

সেখানে তাঁহারা ব্রহ্মার উপদিষ্ট ও বেদবিহিত তপস্যা করিতে আরম্ভ করিলেন। সেই অতিদারুণ তপস্যার নাম ছিল মহানিয়ম ॥৪৩॥

দিব্যং বর্ষসহস্রং তে তপস্তপ্‌ত্বা সুদারুণম্‌।
শুশ্রুবুর্ম্মধুরাং বাণীং বেদবেদাঙ্গভূষিতাম্‌ ॥৪৫॥

শ্রীভগবান্‌ উবাচ।

ভো ভোঃ সব্রহ্মকা দেবা ঋষয়শ্চ তপোধনাঃ।
স্বাগতেনার্চ্চ্য বঃ সর্বান্‌ শ্রাবয়ে বাক্যমুত্তমম্‌ ॥৪৬॥
বিজ্ঞাতং বো ময়া কার্য্যং তচ্চ লোকহিতং মহৎ।
প্রবৃত্তিযুক্তং কর্ত্তব্যং যুষ্মৎপ্রাণোপবৃংহণম্‌ ॥৪৭॥
সুতপ্তঞ্চ তপো দেবা মমারাধনকাম্যয়া।
ভোক্ষ্যথাস্য মহাসত্ত্বাস্তপসঃ ফলমুত্তমম্‌ ॥৪৮॥
এষ ব্রহ্মা লোকগুরুর্ম্মহাল্লোঁকপিতামহঃ।
যূয়ঞ্চ বিবুধশ্রেষ্ঠা মাং যজধ্বং সমাহিতাঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

দিব্যমিতি। বেদবেদাঙ্গভূষিতাং বেদসম্মততয়া ব্যাকরণাদিশুদ্ধতয়া চালঙ্কৃতান্‌ ॥৪৫॥

ভো ইতি। ব্রহ্মণা সহেতি সব্রহ্মকাঃ। স্বাগতেন শুভাগমনপ্রশ্নেন, আর্চ্চ্য সম্মান্য ॥৪৬॥

বিজ্ঞাতমিতি। কার্য্যং প্রয়োজনম্‌। যুষ্মাকং প্রাণস্য বলস্য উপবৃংহণং বর্দ্ধকম্‌ ॥৪৭॥

সুতপ্তমিতি। সুতপ্তং যুষ্মাভিঃ। মহাসত্ত্বা মহাধ্যবসায়া যূয়ম্‌ ॥৪৮॥

এষ ইতি। লোকস্য জগতঃ. পিতামহঃ ব্রহ্মপুত্রৈর্মরীচ্যাদিভিস্তস্যোৎপাদনাৎ ॥৪৯॥

তৎকালে তাঁহাদের দৃষ্টি ও বাহু উপরের দিকে ছিল এবং মনও একাগ্র হইয়াছিল, আর তাঁহারা সকলেই সমাধিস্থ হইয়া একপাদে কাষ্ঠের ন্যায় নিস্পন্দ হইয়া রহিয়াছিলেন ॥৪৪॥

তাঁহারা দেবপরিমাণে সহস্র বৎসর যাবৎ সেইরূপ অতিদারুণ তপস্যা করিয়া, বেদানুমোদিত ও বেদাঙ্গশোধিত মধুর বাক্য শুনিয়াছিলেন ॥৪৫॥

ভগবান্‌ নারায়ণ বলিলেন—‘ব্রহ্মার সহিত দেবগণ ও তপোধন ঋষিগণ! আমি তোমাদের সকলকেই শুভাগমন প্রশ্নদ্বারা সম্মানিত করিয়া, উত্তম বাক্য শুনাইতেছি ॥৪৬॥

আমাদ্বারা তোমাদের যে প্রয়োজন, তাহা আমি বুঝিতে পারিয়াছি এবং তাহা জগতের অত্যন্ত হিতকারী, সে কার্য্য প্রবৃত্তিযুক্তভাবে করিতে হইবে, আর তাহা তোমাদের বলবৃদ্ধি করিবে ॥৪৭॥

মহাধ্যবসায়শালী দেবগণ! তোমরা আমার আরাধনা করিবার ইচ্ছায় গুরুতর তপস্যা করিয়াছ, এই উত্তম তপস্যার ফল তোমরা ভোগ করিবে ॥৪৮॥

সর্বে ভাগান্ কল্পয়ধ্বং যজ্ঞেষু মম নিত্যশঃ।
তথা শ্রেয়োঽভিধাস্যামি যথাধীকারমীশ্বরাঃ ॥৫০॥
বৈশম্পায়ন উবাচ।
শ্রুত্বৈতদ্দেবদেবস্য বাক্যং হৃষ্টতনূরুহাঃ।
ততস্তে বিবুধাঃ সর্বে ব্রহ্মা তে চ মহর্ষয়ঃ ॥৫১॥
বেদদৃষ্টেন বিধিনা বৈষ্ণবং ক্রতুমাহরন্।
তস্মিন্ সত্রে সদা ব্রহ্মা স্বয়ং ভাগমকল্পয়ৎ ॥৫২॥ (যুগ্মকম্)
দেবা দেবর্ষয়শ্চৈব স্বং স্বং ভাগমকল্পয়ন্।
তে কার্ত্তযুগধর্ম্মাণো ভাগাঃ পরমসৎকৃতাঃ ॥৫৩॥
প্রাহুরাদিত্যবর্ণং তং পুরুষং তমসঃ পরম্।
বৃহন্তং সর্ব্বগং দেবং ঈশানং বরদং প্রভুম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। যথাধীকারং স্ব স্ব পদানুসারেণ, হে ঈশ্বরা ঐশ্বর্য্যসম্পন্নাঃ! ॥৫০॥

শ্রুত্বেতি। হৃষ্টানি আনন্দেনোদ্গতানি তনূরুহাণি লোমানি যেষাং তে। আহরন্ অন্বতিষ্ঠন্ ॥৫১—৫২॥

দেবা ইতি। কৃতযুগস্য সত্যযুগস্য ইমে ইতি কার্ত্তযুগা ধর্ম্মা ন্যায়া যেষু তে, পরমসৎকৃতাঃ সর্ব্বৈরত্যাদৃতাঃ ॥৫৩॥

প্রাহুরিতি। আদিত্যবর্ণং সূর্য্যবত্তেজস্বিনম্। বৃহন্তং বিশালম্ ॥৫৪॥

লোকগুরু, লোকপিতামহ ও মহাত্মা এই ব্রহ্মা, আর দেবশ্রেষ্ঠ তোমরা একাগ্রচিত্ত হইয়া আমার পূজা কর ॥৪৯॥

প্রভাবশালী দেবগণ! তোমরা সকলে সর্ব্বদা যজ্ঞে আমার ভাগ কল্পনা কর, তাহা হইলে আমি তোমাদের অধিকার অনুসারে মঙ্গলবিধান করিব ॥৫০॥

বৈশম্পায়ন বলিলেন—দেবদেব নারায়ণের এই বাক্য শ্রবণ করিয়া তাঁহারা সকলেই রোমাঞ্চিতদেহ হইলেন। তাহার পর সেই সকল দেবতা, ব্রহ্মা ও সেই মহর্ষিরা বেদদৃষ্ট বিধান অনুসারে বৈষ্ণব যজ্ঞের অনুষ্ঠান করিলেন এবং সেই যজ্ঞে ব্রহ্মা নিজের ভাগ কল্পনা করিলেন ॥৫১-৫২॥

দেবগণ এবং দেবর্ষিগণও আপন আপন ভাগ কল্পনা করিলেন। সত্যযুগের ন্যায় অনুসারে কৃত সেই সকল ভাগ, সকলেরই অত্যন্ত আদৃত হইল ॥৫৩॥

মুনিরা বলেন—নারায়ণদেব সূর্য্যের ন্যায় তেজস্বী, পরমপুরুষ, তমোগুণের অতীত, সর্ব্বব্যাপী, সর্ব্বগামী, ঈশ্বর, বরদাতা ও প্রভাবশালী ॥৫৪॥

ততোঽথ বরদো দেবস্তান্ সর্ব্বানমরান্ স্থিতান্।
অশরীরো বভাষেদং বাক্যং খস্থো মহেশ্বরঃ ॥৫৫॥
যেন যঃ কল্পিতো ভাগঃ স তথা মামুপাগতঃ।
প্রীতোঽহং প্রদিশাম্যদ্য ফলমাবৃত্তিলক্ষণম্।
এতদ্বো লক্ষণং দেবা মৎপ্রসাদসমুদ্ভবম্ ॥৫৬॥
স্বয়ং যজ্ঞৈর্যজমানাঃ সমাপ্তবরদক্ষিণৈঃ।
যুগে যুগে ভবিষ্যধ্বং প্রবৃত্তিফলভাগিনঃ ॥৫৭॥
যজ্ঞৈর্যে চাপি যক্ষ্যন্তি সর্ব্বলোকেষু বৈ সুরাঃ।
কল্পয়িষ্যন্তি বো ভাগাংস্তে নরা বেদকল্পিতান্ ॥৫৮॥
যো মে যথা কল্পিতবান্ ভাগমস্মিন্মহাক্রতৌ।
স তথা যজ্ঞভাগার্হো বেদসূত্রে ময়া কৃতঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

তত ইতি। বভাষেতি পরস্মৈপদমার্ষম্, খস্থ আকাশস্থঃ ॥৫৫॥

যেনেতি। যেন প্রকারেণ। তথা তেন প্রকারেণ। প্রদিশামি নির্দ্দিশামি, আবৃত্তিলক্ষণম্ সংসারে পুনরাগমনরূপম্। লক্ষণং সংসারে গমনাগমনরূপম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৫৬॥

স্বয়মিতি। সমাপ্তা ঋত্বিগ্‌ভিঃ সম্যক্ প্রাপ্তা বরা দক্ষিণা যেষু তৈঃ, প্রবৃত্তিফলভাগিনঃ কামনাফলবন্তঃ ॥৫৭॥

যজ্ঞৈরিতি। সুরা ইতি সম্বোধনম্। দেবৈঃ কল্পিতান্ নির্দ্দিষ্টান্ ॥৫৮॥

য ইতি। বেদসূত্রে বেদবিধৌ ॥৫৯॥

তাহার পর বরদাতা, অশরীরী ও মহেশ্বর নারায়ণদেব, আকাশে থাকিয়া সেই সকল দেবতাকে এই কথা বলিলেন ॥৫৫॥

দেবগণ! তোমরা যে প্রকারে যে ভাগ কল্পনা করিয়াছ, সেই প্রকারে সে ভাগ আমার নিকট আসিয়াছে, তাহাতে আমি সন্তুষ্ট হইয়া, আজ যজ্ঞকারীদের সংসারে আগমনরূপ ফল নির্দ্দেশ করিতেছি। আমার অনুগ্রহজাত তোমাদেরও এইরূপই লক্ষণ হইবে ॥৫৬॥

দেবগণ! যে সকল যজ্ঞে ঋত্বিক্‌সকল উৎকৃষ্ট দক্ষিণা লাভ করেন, সেইরূপ যজ্ঞদ্বারা তোমরা নিজেরা আমার পূজা করিতে থাকিয়া যুগে যুগে কাম্য ফলশালী হইবে ॥৫৭॥

দেবগণ! যে সকল মানুষ সমস্ত জগতে যজ্ঞ করিবে, তাহারা তোমাদের কল্পিত ভাগসকল তোমাদের উদ্দেশে দান করিবে ॥৫৮॥

যূয়ং লোকান্ ভাবয়ধ্বং যজ্ঞভাগফলোচিতাঃ।
সর্ব্বার্থচিন্তকা লোকে যথাধীকারনির্ম্মিতাঃ ॥৬০॥
যাঃ ক্রিয়াঃ প্রচরিষ্যন্তি প্রবৃত্তিফলসংকৃতাঃ।
তাভিরাপ্যায়িতবলা লোকান্ বৈ ধারয়িষ্যথ ॥৬১॥
যূয়ং হি ভাবিতা যজ্ঞৈঃ সর্ব্বযজ্ঞেষু মানবৈঃ।
মাং ততো ভাবয়িষ্যধ্বমেষা বো ভাবনা মম ॥৬২॥
ইত্যর্থং নির্ম্মিতা বেদা যজ্ঞাশ্চৌষধিভিঃ সহ।
এভিঃ সম্যক্ প্রযুক্তৈর্হি প্রীয়ন্তে দেবতাঃ ক্ষিতৌ ॥৬৩॥

ভারতকৌমুদী

যূয়মিতি। ভাবয়ধ্বং পুষ্ণীত, যজ্ঞভাগস্য তদ্দানস্য, ফলে ফলদানে, উচিতা অভ্যস্তাঃ। যথাধীকারং স্ব স্ব পদানুসারেণ নির্ম্মিতা উৎপাদিতাঃ ॥৬০॥

যা ইতি। প্রবৃত্তিফলসংকৃতাঃ কাম্যফললাভেনাদৃতাঃ। তাভিঃ ক্রিয়াভিঃ, আপ্যায়িতং বর্দ্ধিতং বলং যেষাং তে তাদৃশা যূয়ং লোকান্ ধারয়িষ্যথ পালয়িষ্যথ ॥৬১॥

যূয়মিতি। মানবৈঃ সর্ব্বযজ্ঞেষু যজ্ঞৈঃ পূজাভিঃ ভাবিতাঃ পরিপুষ্টীকৃতা যূয়ং ততস্তেন প্রকারেণ মামপি ভাবয়িষ্যধ্বং পরিপুষ্টং করিষ্যথ, বো যুষ্মাকং সম্বন্ধে এষা মম ভাবনা উপদেশকরণম্ ॥৬২॥

ইত্যীতি। ওষধিভির্ব্রীহ্যবাদিভিঃ। এভির্যজ্ঞৈঃ, প্রযুক্তৈরনুষ্ঠিতৈঃ ॥৬৩॥

এই মহাযজ্ঞে আমার উদ্দেশে যিনি যে প্রকারে ভাগ কল্পনা করিয়াছেন, আমি বেদশাস্ত্রে তাঁহাকে সেই প্রকারে যজ্ঞভাগের যোগ্য করিয়াছি ॥৫৯॥

যজ্ঞে ভাগদানের-ফলদানে অভ্যস্ত ও সকলের সকল বিষয়ের চিন্তাকারী তোমরা জগতে আপন আপন অধিকার অনুসারে উৎপাদিত হইয়াছ। অতএব তোমরা সমস্ত লোককে পোষণ করিতে থাক ॥৬০॥

কাম্যফল লাভনিবন্ধন আদরের সহিত অনুষ্ঠিত যে সকল কর্ম্ম জগতে প্রচলিত হইবে, সেই সকল কর্ম্ম তোমাদের বলবৃদ্ধি করিবে; তখন তোমরাও সেই কর্ম্মকারী লোকদিগকে প্রতিপালন করিবে ॥৬১॥

মনুষ্যেরা সমস্ত যজ্ঞে ভাগ দান করিয়া তোমাদিগকে পুষ্ট করিবে, আবার তোমরাও সেই ভাবে আমাকে পুষ্ট করিবে; ইহাই তোমাদের উপরে আমার উপদেশ ॥৬২॥

---

(৬১) আভিরাপ্যায়িতবলা...বল বর্দ্ধ।

নির্ম্মাণমেতদ্‌যুষ্মাকং প্রবৃত্তিগুণকল্পিতম্‌।
ময়া কৃতং সুরশ্রেষ্ঠা যাবৎ কল্পক্ষয়াদিহ।
চিন্তয়ধ্বং লোকহিতং যথাধীকারমীশ্বরাঃ! ॥৬৪॥
মরীচিরঙ্গিরাশ্চাত্রিঃ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ।
বশিষ্ঠ ইতি সপ্তৈতে মানসা নির্ম্মিতা হি তে ॥৬৫॥
এতে বেদবিদো মুখ্যা বেদাচার্য্যাশ্চ কল্পিতাঃ।
প্রবৃত্তিধর্ম্মিণশ্চৈব প্রাজাপত্যে চ কল্পিতাঃ ॥৬৬॥
অয়ং ক্রিয়াবতাং পন্থা ব্যক্তীভূতঃ সনাতনঃ।
অনিরুদ্ধ ইতি প্রোক্তো লোকসর্গকরঃ প্রভুঃ ॥৬৭॥

ভারতকৌমুদী

নির্ম্মাণমিতি। প্রবৃত্তিগুণেন রজসা কল্পিতম্, কল্পক্ষয়াদ্‌যাবৎ যথাধিকারং স্বস্বাধিকারানুসারেণ লোকহিতং চিন্তয়ধ্বম্‌। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৬৪॥

মরীচিরিতি। মানসা ব্রহ্মণো মনঃসঙ্কল্পেন সম্ভূতাঃ ॥৬৫॥

এত ইতি। প্রবৃত্তিধর্ম্মিণঃ গৃহস্থাচারাঃ কামনাবন্তঃ, প্রাজাপত্যে সন্তানোৎপাদনেন প্রজাপতিত্বে ॥৬৬॥

অয়মিতি। ক্রিয়াবতাং কাম্যকর্ম্মকারিণাম্‌। অনিরুদ্ধঃ কাম্যকর্ম্মকরণে নিরোধরহিতঃ, লোকসর্গকরঃ প্রজাসৃষ্টিকারী ॥৬৭॥

এই জন্যই আমি বেদ, যজ্ঞ ও ধান্যপ্রভৃতি সৃষ্টি করিয়াছি। এই গুলিদ্বারা পৃথিবীতে সমীচীনভাবে যজ্ঞানুষ্ঠান করিলে, তাহাতে দেবতারা প্রীতিলাভ করিবেন ॥৬৩॥

দেবশ্রেষ্ঠগণ! আমি রজোগুণদ্বারা তোমাদের এই সৃষ্টি করিয়াছি। অতএব শক্তিশালী দেবগণ! কল্পক্ষয় পর্য্যন্ত তোমরা আপন আপন অধিকার অনুসারে লোকের হিতচিন্তা করিতে থাক ॥৬৪॥

মরীচি, অঙ্গিরা, অত্রি, পুলস্ত্য পুলহ, ক্রতু ও বশিষ্ঠ এই সেই সপ্তর্ষি ব্রহ্মার মানসপুত্র ॥৬৫॥

ইঁহারা প্রবৃত্তিধর্ম্মাবলম্বী ও প্রধান বেদবিৎ; সুতরাং ইঁহাদিগকে বেদের আচার্য্য কল্পনা করা হইয়াছে এবং ইঁহারা সকল প্রজাপতিত্বেও কল্পিত হইয়াছেন ॥৬৬॥

এই পদ্ধতি কাম্যকর্ম্মকারিগণের চিরদিন প্রচলিত রহিয়াছে এবং প্রভাবশালী ও লোকসৃষ্টিকারী এই পদ্ধতিকেই অনিরুদ্ধ বলা হইয়াছে ॥৬৭॥

সনঃ সনৎসুজাতশ্চ সনকঃ সসনন্দনঃ।
সনৎকুমারঃ কপিলঃ সপ্তমশ্চ সনাতনঃ ॥৬৮॥
সপ্তৈতে মানসাঃ প্রোক্তা ঋষয়ো ব্রহ্মণঃ সুতাঃ।
স্বয়মাগতবিজ্ঞানা নিবৃত্তিং ধর্ম্মমাস্থিতাঃ ॥৬৯॥ (যুগ্মকম্)
এতে যোগবিদো মুখ্যাঃ সাংখ্যজ্ঞানবিশারদাঃ।
আচার্য্যা ধর্ম্মশাস্ত্রেষু মোক্ষধর্ম্মপ্রবর্ত্তকাঃ ॥৭০॥
যতোঽহং প্রসৃতঃ পূর্ব্বমব্যক্তাত্ত্রিগুণো মহান্।
তস্মাৎ পরতরো যোঽসৌ ক্ষেত্রজ্ঞ ইতি কল্পিতঃ।
সোঽহং ক্রিয়াবতাং পন্থাঃ পুনরাবৃত্তিদুর্লভঃ ॥৭১॥
যো যথা নির্ম্মিতো জন্তুর্যস্মিন্ যস্মিংশ্চ কর্ম্মণি।
প্রবৃত্তৌ বা নিবৃত্তৌ বা তৎফলং সোঽশ্নুতে মহৎ ॥৭২॥

ভারতকৌমুদী

সন ইতি। সনন্দনেন সহেতি সসনন্দনঃ। মানসা মনঃসঙ্কল্পেনোৎপাদিতাঃ। স্বয়মেব আগতমুৎপন্নং বিজ্ঞানং যেষাং তে, নিবৃত্তিং বৈরাগ্যম্ ॥৬৮—৬৯॥

এত ইতি। এতে সনপ্রভৃতয়ঃ। আচার্য্যা অধ্যাপকাঃ ॥৭০॥

যত ইতি। অহমহঙ্কারঃ। যতো যস্মাৎ অব্যক্তাৎ প্রধানাৎ পূর্ব্বং প্রসৃতঃ পরম্পরয়া নির্গতঃ, স ত্রিগুণঃ সত্ত্বাদিগুণত্রয়ময়ঃ মহান্ ব্যাপকশ্চ। যঃ সহ ক্ষেত্রজ্ঞো জীব ইতি কল্পিতঃ অসৌ স তস্মাদব্যক্তাৎ পরতরঃ শ্রেষ্ঠতরঃ পুনরাবৃত্তিদুর্লভঃ সৃষ্টিপ্রারম্ভে সকৃদেবোৎপন্ন ইত্যর্থঃ। স অহমহঙ্কারঃ ক্রিয়াবতাং পানভোজনাদিক্রিয়াশালিনাং প্রাণিনাং পন্থাঃ প্রবর্ত্তকঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৭১॥

য ইতি। জন্তুঃ প্রাণী মানবপশ্বাদিঃ, কর্ম্মণি অন্নপানাদিভক্ষণাদিক্রিয়ায়াম্ ॥৭২॥

সন, সনৎসুজাত, সনক, সনন্দন, সনৎকুমার, কপিল ও সপ্তম সনাতন এই সাতজন ঋষি ব্রহ্মার মানস পুত্র; আপনাআপনিই ইঁহাদের তত্ত্বজ্ঞান হইয়াছে এবং ইঁহারা সকলেই নিবৃত্তিধর্ম্ম আশ্রয় করিয়াছেন ॥৬৮—৬৯॥

ইঁহারা প্রধান যোগবিৎ, সাংখ্যজ্ঞানে বিশারদ, ধর্ম্মশাস্ত্রের আচার্য্য এবং মোক্ষধর্ম্মের প্রবর্ত্তক ॥৭০॥

ত্রিগুণাত্মক ও ব্যাপক অহঙ্কার পূর্ব্বে যে প্রকৃতি হইতে নির্গত হইয়াছিল, যাহাকে ক্ষেত্রজ্ঞ অর্থাৎ জীব বলা হয়, তিনি সেই প্রকৃতি হইতে শ্রেষ্ঠ; আর আদিসর্গে একবার মাত্র উৎপন্ন সেই অহঙ্কার, ক্রিয়াকারী প্রাণিগণের ক্রিয়াপ্রবর্ত্তক ॥৭১॥

যে যে প্রাণী যে যে প্রকারে প্রবৃত্তি বা নিবৃত্তিস্বরূপ যে যে কার্য্যের জন্য

এষ লোকগুরুর্ব্রহ্মা জগদাদিকরঃ প্রভুঃ।
এষ মাতা পিতা চৈব যুষ্মাকঞ্চ পিতামহঃ।
ময়ানুশিষ্টো ভবিতা সর্ব্বভূতবরপ্রদঃ ॥৭৩॥
অস্য চৈবাত্মজো রুদ্রো ললাটাদ্‌যঃ সমুত্থিতঃ।
ব্রহ্মানুশিষ্টো ভবিতা সর্বভূতহরঃ প্রভুঃ ॥৭৪॥
গচ্ছধ্বং স্বানধীকারান্ চিন্তয়ধ্বং যথাবিধি।
প্রবর্ত্তন্তাং ক্রিয়াঃ সর্বাঃ সর্বলোকেষু মা চিরম্ ॥৭৫॥
প্রদিশ্যন্তাঞ্চ কর্ম্মাণি প্রাণিনাং গতয়স্তথা।
পরিনিষ্ঠিতকালানি আয়ূংষীহ সুরোত্তমাঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

এষ ইতি। জগতামাদীন্ মরীচিপ্রভৃতীন্ করোতীতি সঃ। অনুশিষ্ট উপদিষ্টঃ! ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৭৩॥

অস্যেতি। অস্য ললাটাদ্‌যঃ সমুত্থিতঃ, স রুদ্রঃ অস্যৈবাত্মজঃ। স চ রুদ্রো ব্রহ্মণা অনুশিষ্টঃ উপদিষ্টঃ প্রভুঃ সমর্থশ্চ সন্ সর্ব্বাণি ভূতানি হরতি নাশয়তীতি স তাদৃশো ভবিতা ॥৭৪॥

গচ্ছধ্বমিতি। স্বানধীকারান্ স্বানি স্বানি পদানি, মা চিরং বিলম্বং কুরুধ্বমিতি শেষঃ ॥৭৫॥

ভারতভাবদীপঃ

গ্রন্থেন ॥২৮—৭১॥ এবং রজঃপ্রধানানাং প্রবৃত্তিমার্গমুক্ত্বা সত্ত্বপ্রধানানাং যোগ্যং নিবৃত্তিমার্গমাহ—সনইতি ॥৭২—৭৩॥ কুত এবং মার্গভেদোঽধিকারিভেদশ্চেত্যাশঙ্ক্যাহ—যতোঽহমিতি। অহঙ্কারো যতস্ত্রিগুণঃ সাত্ত্বিকো রাজসস্তামসশ্চাতঃ সৃষ্টিস্ত্রৈবিধ্যং জাতম্, যেঽত্যন্তং সাত্ত্বিকাস্তে ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যবলেনাহঙ্কারাৎ পরং ক্ষেত্রজ্ঞং সংহারক্রমেণ প্রবিশন্তি; যে রাজসাস্তেঽহঙ্কারাৎ পরাচীনমেব শব্দাদিকং পুরুষার্থত্বেন পশ্যন্তঃ প্রবৃত্তাবধিক্রিয়ন্ত ইত্যর্থঃ ॥৭৫॥ সোঽহমিতি। সোঽহং

উৎপাদিত হয়, সেই সেই প্রাণী, সেই সেই ভাবে সেই সেই মহৎ ফল ভোগ করে ॥৭২॥

এই ব্রহ্মা জগতের শিক্ষাদাতা, জগতের আদি মরীচিপ্রভৃতির সৃষ্টিকর্ত্তা ও প্রভাবশালী এবং ইনি তোমাদের মাতা, পিতা ও পিতামহ, আর ইনি আমার উপদেশ অনুসারে সর্ব্বভূতের বরদাতা ও প্রভু হইবেন ॥৭৩॥

ইহার ললাট হইতে যিনি উৎপন্ন হইয়াছেন, তিনি ইহারই পুত্র রুদ্র এবং তিনি এই ব্রহ্মার উপদেশ অনুসারে সর্ব্বভূতের সংহারকারী হইবেন ॥৭৪॥

দেবগণ! তোমরা আপন আপন অধিকারস্থানে গমন কর, যথাবিধানে কর্ত্তব্য চিন্তা কর এবং সমগ্র জগতে সর্ব্বপ্রকার ক্রিয়া আরব্ধ হউক, বিলম্ব করিও না ॥৭৫॥

(৭৪) সর্ব্বভূতধরঃ প্রভুঃ বঙ্গ পু স্ত কে নি।

ইদং কৃতযুগং নাম কালঃ শ্রেষ্ঠঃ প্রবর্ত্তিতঃ।
অহিংস্যা যজ্ঞপশবো যুগেঽস্মিন্ন তদন্যথা ॥৭৭॥
চতুষ্পাৎ সকলো ধর্ম্মো ভবিষ্যত্যত্র বৈ সুরাঃ!।
ততস্ত্রেতাযুগং নাম ত্রয়ী যত্র ভবিষ্যতি ॥৭৮॥
প্রোক্ষিতা যত্র পশবো বধং প্রাপ্স্যন্তি বৈ মখে।
যত্র পাদশ্চতুর্থো বৈ ধর্ম্মস্য ন ভবিষ্যতি ॥৭৯॥
ততো বৈ দ্বাপরং নাম মিশ্রঃ কালো ভবিষ্যতি
দ্বিপাদহীনো ধর্ম্মশ্চ যুগে তস্মিন্ ভবিষ্যতি ॥৮০॥
ততস্তিষ্যেঽথ সংপ্রাপ্তে যুগে কলিপুরস্কৃতে।
একপাদস্থিতো ধর্ম্মো যত্র তত্র ভবিষ্যতি ॥৮১॥

ভারতকৌমুদী

প্রেতি। গতয়ঃ কর্ম্মসু কৃতেষু গন্তব্যস্থানানি। আয়ুংষি জীবনানি পরিনিষ্ঠিতো নির্দ্দিষ্টঃ কালো যেষাং তানি ॥৭৬॥

ইদমিতি। প্রবর্ত্তিতো ময়ৈব। তদন্যথা ন কর্ত্তব্যমিতি শেষঃ ॥৭৭॥

চতুরিতি। চত্বারঃ পাদা যস্য সঃ, অতএব সকলঃ পূর্ণঃ। ত্রয়ী ধর্ম্মস্য পাদত্রয়ম্ ॥৭৮॥

প্রোক্ষিতা ইতি। মখে যজ্ঞে। ন ভবিষ্যতি ন স্থাস্যতি ॥৭৯॥

তত ইতি। মিশ্রঃ সমানাভ্যামেব ধর্ম্মাধর্ম্মাভ্যাং যুক্তঃ।৮০॥

ভারতভাবদীপঃ

নিবৃত্তিমার্গরূপঃ। আত্যন্তিকী নিবৃত্তিরাত্মমাত্রাবশেষৈবেত্যাত্মৈব নিবৃত্তিরূপঃ পন্থা স ক্রিয়াংশতাং পুনরাবৃত্তিমতাং দুর্লভঃ পুনরাবৃত্তিদুর্লভঃ মধ্যমপদলোপী সমাসঃ। মার্গদ্বৈবিধ্যাদিকমুপসংহরতি—

দেবশ্রেষ্ঠগণ! প্রাণিগণের কর্ম্ম, কর্ম্ম করিলে গন্তব্যস্থান এবং জীবনের নির্দ্দিষ্ট-কাল প্রাণিগণকে জানাইয়া দাও ॥৭৬॥

সত্যযুগ নামে এই শ্রেষ্ঠকাল আমি প্রবর্ত্তিত করিয়াছি, এই যুগে যজ্ঞে পশু হিংসনীয় নহে এবং অন্যপ্রকারেও হিংসনীয় হইবে না ॥৭৭॥

দেবগণ! এই যুগে চতুষ্পাদ অর্থাৎ পূর্ণধর্ম্ম থাকিবে; তাহার পর ত্রেতাযুগ আসিবে, যাহাতে ধর্ম্মের তিনপাদ রহিবে ॥৭৮॥

এবং যে যুগে যজ্ঞে প্রোক্ষিত পশুর হত্যা করা হইবে, আর যে যুগে ধর্ম্মের চতুর্থপাদ থাকিবে না ॥৭৯॥

তাহার পর সমান ধর্ম্ম ও অধর্ম্মমিশ্রিত দ্বাপর যুগ হইবে, সেই যুগে ধর্ম্ম দ্বিপাদবিহীন হইবেন ॥৮০॥

দেবা দেবর্ষয়শ্চোচুস্তমেবং বাদিনং গুরুম্।
একপাদস্থিতে ধর্ম্মে যত্র ক্বচন গামিনি।
কথং কর্ত্তব্যমস্মাভির্ভগবংস্তদ্‌বদস্ব নঃ ॥৮২॥

শ্রীভগবানুবাচ।

যত্র বেদাশ্চ যজ্ঞাশ্চ তপঃ সত্যং দমস্তথা।
অহিংসাধর্ম্মসংযুক্তাঃ প্রচরেয়ুঃ সুরোত্তমাঃ।
স বো দেশঃ সেবিতব্যো মা বোঽধর্ম্মঃ পদাস্পৃশৎ ॥৮৩॥

ব্যাস উবাচ।

তেঽনুশিষ্টা ভগবতা দেবাঃ সর্ষিগণাস্তথা।
নমস্কৃত্বা ভগবতে জগ্মুর্দ্দেশান্ যথেপ্সিতান্ ॥৮৪॥
গতেষু ত্রিদিবৌকঃসু ব্রহ্মৈকঃ পর্য্যবস্থিতঃ।
দিদৃক্ষুর্ভগবন্তং তমনিরুদ্ধতনৌ স্থিতম্ ॥৮৫॥

ভারতকৌমুদী

তত ইতি। তিষ্যে পুষ্যানক্ষত্রে। কলিনা পুরস্কৃতে অগ্রবর্ত্তিনি কৃতে ॥৮১॥

দেবা ইতি। গুরুং জগতঃ শিক্ষকং নারায়ণম্। অপরৈস্ত্রিভিঃ পাদৈর্যত্র ক্বচন গামিনি। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৮২॥

যত্রেতি। যত্র দেশে এতে বেদাদয়ঃ ধর্ম্মসংযুক্তাঃ সন্তঃ প্রচরেয়ুঃ। তদা অধর্ম্মঃ পদা পাদেনাপি বো যুষ্মান্ মা স্পৃশেৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৮৩॥

ত ইতি। অনুশিষ্টা উপদিষ্টাঃ, ঋষিগণৈঃ সহেতি সর্ষিগণাঃ ॥৮৪॥

তৎপরে পুষ্যানক্ষত্রে কলিযুগ উপস্থিত হইলে. যেখানে সেখানে ধর্ম্ম একপাদস্থিত হইবেন ॥৮১॥

জগদ্‌গুরু নারায়ণ এইরূপ বলিতে থাকিলে, দেবগণ ও দেবর্ষিগণ তাঁহাকে বলিলেন—'ভগবন্! ধর্ম্মের তিনপাদ যে কোন স্থানে চলিয়া গেলে, তাঁহার একপাদমাত্র থাকিলে, আমরা কি করিব, তাহা আপনি আমাদিগকে বলুন ॥৮২॥

ভগবান্ বলিলেন—'দেবশ্রেষ্ঠগণ! তৎকালে যে দেশে বেদ, যজ্ঞ, তপস্যা, সত্য, ইন্দ্রিয়দমন ও অহিংসা ধর্ম্মসংযুক্ত হইয়া চলিতে থাকিবে, তোমরা সেই দেশে যাইবে। তাহা হইলে অধর্ম্ম একপাদদ্বারাও তোমাদিগকে স্পর্শ করিতে পারিবে না ॥৮৩॥

বেদব্যাস বলিলেন—'ভগবান্ নারায়ণ এইরূপ উপদেশ প্রদান করিলে, সেই দেবগণ ও ঋষিগণ, ভগবান্‌কে নমস্কার করিয়া অভীষ্ট দেশে চলিয়া গেলেন ॥৮৪॥

তং দেবো দর্শয়ামাস কৃত্বা হয়শিরো মহৎ।
সাঙ্গানাবর্ত্তয়ন্ বেদান্ কমণ্ডলুত্রিদণ্ডধৃক্ ॥৮৬॥
ততোঽশ্বশিরসং দৃষ্ট্বা তং দেবমমিতৌজসম্।
লোককর্ত্তা প্রভুর্ব্রহ্মা লোকানাং হিতকাম্যয়া ॥৮৭॥
মূর্দ্ধ্না প্রণম্য বরদং তস্থৌ প্রাঞ্জলিরগ্রতঃ।
স পরিষ্বজ্য দেবেন বচনং শ্রাবিতস্তদা ॥৮৮॥ (যুগ্মকম্)

শ্রীভগবানুবাচ।

লোককার্য্যগতীঃ সর্ব্বাস্ত্বং চিন্তয় যথাবিধি।
ধাতা ত্বং সর্ব্বভূতানাং ত্বং প্রভুর্জগতো গুরুঃ ॥৮৯॥
ত্বয্যাবেশিতভারোঽহং ধৃতিং প্রাপ্স্যাম্যথাঞ্জসা।
যদা চ সুরকার্য্যন্তে অবিষহ্যং ভবিষ্যতি।
প্রাদুর্ভাবং গমিষ্যামি তদাত্মজ্ঞানদেশিকঃ ॥৯০॥

ভারতকৌমুদী

গতেষ্বিতি। ত্রিদিবৌকঃসু দেবদেবর্ষিষু। দিদৃক্ষুর্দ্রষ্টুমিচ্ছুঃ, অনিরুদ্ধতনৌ প্রাগুক্তানিরুদ্ধমূর্ত্তৌ ॥৮৫॥

তমিতি। দেবো নারায়ণঃ, মহৎ হয়শিরঃ অশ্বমস্তকং কৃত্বা, কমণ্ডলুত্রিদণ্ডধৃক্, সাঙ্গান্ শিক্ষাদ্যঙ্গসহিতান্ বেদান্ আবর্ত্তয়ন্ উচ্চারয়ংশ্চ সন, তং ব্রহ্মাণম্ আত্মানং দর্শয়ামাস ॥৮৬॥

তত ইতি। লোককর্ত্তা জগৎস্রষ্টা। পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥৮৭—৮৮॥

লোকেতি। লোককার্য্যগতীঃ জনানাং পানভোজনাদিকার্য্যাবস্থাঃ। ধাতা বিধাতা ॥৮৯॥

দেবগণ ও দেবর্ষিগণ চলিয়া গেলে, অনিরুদ্ধমূর্ত্তিতে অবস্থিত সেই ভগবান্ নারায়ণকে দেখিবার ইচ্ছা করিয়া, একমাত্র ব্রহ্মাই সেইস্থানে রহিলেন ॥৮৫॥

তখন নারায়ণ নিজের বিশাল অশ্বমস্তক করিয়া কমণ্ডলু ও ত্রিদণ্ড ধারণপূর্ব্বক, শিক্ষাকল্পাদি অঙ্গশাস্ত্রের সহিত বেদ আবৃত্তি করিতে থাকিয়া, ব্রহ্মাকে দর্শন দান করিলেন ॥৮৬॥

তাহার পর জগতের সৃষ্টিকর্ত্তা ও প্রভাবশালী ব্রহ্মা, অশ্বমস্তক ও অমিততেজা নারায়ণকে দর্শন করিয়া, জগতের হিতকামনায় মস্তকদ্বারা সেই বরদাতাকে প্রণাম করিয়া, কৃতাঞ্জলি হইয়া তাঁহার সম্মুখে রহিলেন। তখন নারায়ণ ব্রহ্মাকে আলিঙ্গন করিয়া আপন বাক্য শুনাইতে লাগিলেন ॥৮৭—৮৮॥

নারায়ণ বলিলেন—'ব্রহ্মা! তুমি যথাবিধানে লোকের সমস্ত কার্য্যের অবস্থা চিন্তা কর। কারণ, তুমি সর্ব্বভূতের সৃষ্টিকর্ত্তা, তুমি তাহাদের প্রভু এবং তুমিই জগতের গুরু ॥৮৯॥

এবমুক্ত্বা হয়শিরাস্তত্রৈবান্তরধীয়ত।
তেনানুশিষ্টো ব্রহ্মাপি স্বং লোকমচিরাদ্‌গতঃ ॥৯১॥

এবমেষ মহাভাগঃ পদ্মনাভঃ সনাতনঃ।
যজ্ঞেষ্বগ্রহরঃ প্রোক্তো যজ্ঞধারী চ নিত্যদা ॥৯২॥

নিবৃত্তিঞ্চাস্থিতো ধর্ম্মং গতিমক্ষয়ধর্ম্মিণাম্।
প্রবৃত্তিধর্ম্মান্ বিদধে কৃত্বা লোকস্য চিত্রতাম্ ॥৯৩॥

স আদিঃ স মধ্যঃ স চান্তঃ প্রজানাং।
স ধাতা স ধ্যেয়ঃ স কর্ত্তা স কার্য্যম্।
যুগান্তে প্রসুপ্তঃ সুসংক্ষিপ্য লোকান্।
যুগাদৌ প্রবুদ্ধো জগদ্‌ব্যুৎসসর্জ্জ ॥৯৪॥

ভারতকৌমুদী

ত্বয়ীতি। ত্বয়ি আবেশিতো ন্যস্তো ভারো যেন সঃ, অঞ্জসা তত্ত্বেন, ধৃতিং ধৈর্য্যম্ প্রাপ্স্যামি। অবিষহ্যং কর্ত্তুমশক্যম্ তদা আত্মজ্ঞানং নিজবিবেক এব দৈশিকম্ উপদেশকং যস্য স তাদৃশঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৯০॥

এবমিতি। হয়শিরা নারায়ণঃ, অনুশিষ্ট উপদিষ্ট ॥৯১॥

এবমিতি। অগ্রহরঃ অগ্রভাগহর্ত্তা, যজ্ঞধারী যজ্ঞরক্ষকঃ ॥৯২॥

নিবৃত্তিমিতি। অক্ষয়ায় মোক্ষায় ধর্ম্ম আচার এষামস্তীতি তেষাং গতিং গম্যং নিবৃত্তিং বৈরাগ্যং নাম ধর্ম্মমাস্থিত আশ্রিতঃ; তথা লোকস্য চিত্রতাং বৈচিত্র্যঞ্চ কৃত্বা প্রবৃত্তিধর্ম্মান্ কাম্যাচারান্ বিদধে ॥৯৩॥

স ইতি। প্রজানাং জনানাম্, ধাতা ধারণকর্ত্তা, ধ্যেয়শ্চিত্তে ধারণীয়ঃ যুগান্তে প্রলয়কালে লোকান্ সুসংক্ষিপ্য আত্মনি সংহৃত্য প্রসুপ্তো ভবতি: পুনর্যুগাদৌ প্রবুদ্ধো জাগরিতঃ সন্, জগৎ ব্যুৎসসর্জ্জ বিশেষেণ সৃষ্টবান্ ॥৯৪॥

ব্রহ্মা! আমি তোমার উপরে কার্য্যভার বিন্যস্ত করিয়া, নিশ্চয়ই ধৈর্য্যলাভ করিব, তবে যখন তুমি দেবকার্য্য সম্পাদন করিতে অসমর্থ হইবে, তখন আমি নিজের বিবেচনানুসারে, আবির্ভূত হইব ॥৯০॥

হয়শিরা নারায়ণ এইরূপ বলিয়া সেইস্থানেই অন্তর্হিত হইলেন এবং ব্রহ্মাও তাঁহার উপদেশ পাইয়া সত্বর আপন ব্রহ্মলোকে চলিয়া গেলেন ॥৯১॥

এইভাবে এই মহাত্মা ও সনাতন নারায়ণ, সর্ব্বদা যজ্ঞে অগ্রভাগহারী ও যজ্ঞেশ্বর বলিয়া কথিত হইয়াছেন ॥৯২॥

তিনি কখনও মুমুক্ষুগণের বৈরাগ্যধর্ম্ম অবলম্বন করেন, আবার কখনও লোকের বিচিত্র চিত্তবৃত্তি করিয়া কাম্যধর্ম্মও বিধান করেন ॥৯৩॥

তস্মৈ নমস্করং দেবায় নির্গুণায় মহাত্মনে।
অজায় বিশ্বরূপায় ধাম্নে সর্ব্বদিবৌকসাম্ ॥৯৫॥
মহাভূতাধিপতয়ে রুদ্রাণাং পতয়ে তথা।
আদিত্যপতয়ে চৈব বসূনাং পতয়ে তথা ॥৯৬॥
অশ্বিভ্যাং পতয়ে চৈব মরুতাং পতয়ে তথা।
বেদযজ্ঞাধিপতয়ে বেদাঙ্গপতয়েঽপি চ ॥৯৭॥
সমুদ্রবাসিনে নিত্যং হরয়ে মুঞ্জকেশিনে।
শান্তায় সর্ব্বভূতানাং মোক্ষধর্ম্মানুভাষিণে ॥৯৮॥
তপসাং তেজসাং চৈব পতয়ে যশসামপি।
বচসাং পতয়ে নিত্যং সরিতাং পতয়ে তথা ॥৯৯॥
কপর্দ্দিনে বরাহায় একশৃঙ্গায় ধীমতে।
বিবস্বতেঽশ্বশিরসে চতুর্ম্মূর্ত্তিধৃতে সদা ॥১০০॥
গুহ্যায় জ্ঞানদৃশ্যায় অক্ষরায় ক্ষরায় চ;
এষ দেবঃ সঞ্চরতি সর্বত্রগতিরব্যয়ঃ ॥১০১॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তস্মা ইতি। সর্ব্বদিবৌকসাং ধাম্নে আশ্রয়ায়। মহাভূতানাং ক্ষিত্যাদীনাং পঞ্চানামধিপতয়ে। অশ্বিভ্যামশ্বিনীকুমারয়োঃ, মরুতাং বায়ুনাম্। মুঞ্জবৎ কৃষ্ণাঃ কেশা অস্য সন্তীতি তস্মৈ, শান্তায় শমগুণান্বিতায়। সরিতাং নদীনাম্। কপর্দ্দো জটাজুটমস্যাস্তীতি তস্মৈ, একং মুখ্যং শৃঙ্গং প্রাধান্যং যস্য তস্মৈ। শৃঙ্গং প্রাধান্যসান্বোশ্চ" ইত্যমরঃ। চতুর্ম্মূর্ত্তিধৃতে নর নারায়ণ হরি-কৃষ্ণমূর্ত্তি-চতুষ্টয়ধারিণে। গুহ্যায় মন্ত্রময়তয়া গোপনীয়ায়, ক্ষয়ায় প্রলয়স্বরূপায় ॥৯৫—১০১॥

ভারতভাবদীপঃ

যো যদেতি ॥৭৬॥ এষ লোকগুরুরিত্যাদি স্পষ্টার্থম্ ॥৭৭—৯৬॥ এবমুক্তেত্যাদি ব্যাসবাক্যম্ ॥৯৭॥ প্রশ্নানাং ক্রমেণোত্তরাণ্যুক্তোপসংহরতি—এবমেষ ইত্যাদিনা ॥৯৮—৯৯॥ ভক্ত্যেতিশম্যাৎ

তিনি জগতের আদি, তিনি জগতের মধ্য এবং তিনিই জগতের অন্ত, তিনি লোকের ধারণকর্ত্তা, তিনিই সকলের ধ্যেয় এবং তিনিই কর্ত্তা ও কার্য্য। তিনি প্রলয়-কালে সমস্ত লোক আপনাতে প্রতিসংহৃত করিয়া নিদ্রিত হন, আবার সৃষ্টিকালে তিনিই জাগরিত হইয়া জগৎ সৃষ্টি করেন ॥৯৪॥

শিষ্যগণ! সেই নির্গুণ, মহাত্মা, জন্মরহিত, বিশ্বরূপ, সমস্ত দেবতার আশ্রয়, পঞ্চমহাভূতের অধিপতি, একাদশরুদ্রের অধিপতি, দ্বাদশআদিত্যের অধিপতি ও অষ্ট-বসুর অধিপতি, অশ্বিনীকুমারদ্বয়ের অধিপতি, ঊনপঞ্চাশদ্বায়ুর অধিপতি, বেদ ও

এষ চৈতৎ পরং ব্রহ্ম জ্ঞেয়ো বিজ্ঞানচক্ষুষা।
এবমেতৎ পুরা দৃষ্টং ময়া বৈ জ্ঞানচক্ষুষা ॥১০২॥
কথিতং তচ্চ বৈ সর্বং ময়া পৃষ্টেন তত্ত্বতঃ।
ক্রিয়তাং মদ্‌বচঃ শিষ্যাঃ। সেব্যতাং হরিরীশ্বরঃ।
গীয়তাং বেদশব্দৈশ্চ পূজ্যতাঞ্চ যথাবিধি ॥১০৩॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তাস্তু বয়ং তেন বেদব্যাসেন ধীমতা।
সর্বে শিষ্যাঃ সুতশ্চাস্য শুকঃ পরমধর্ম্মবিৎ ॥১০৪॥

ভারতকৌমুদী

এষ ইতি। এষ চ নারায়ণ এব, ময়া দ্বৈপায়নেন ॥১০২॥
কথিতমিতি। ময়া দ্বৈপায়নেন, পৃষ্টেন নারায়ণেন। গীয়তাং শূয়তাম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১০৩॥
ইতীতি। ধীমতা তত্ত্বজ্ঞানবতা ॥১০৪॥

ভারতভাবদীপঃ

প্রশ্নোত্তরমুক্ত্বা স্বতং পরমাত্মানং স্তৌতি—স আদিরিতি। ধাতা দধাতি ধারয়তি পোষয়তি বা, ধেয়ং ধারণীয়ং পোষণীয়ঞ্চ ॥১০০॥ নাম্নাং নির্ব্বচনং তু স্বয়মেব করিষ্যতীতি ন ব্যাখ্যায়ন্তে ॥১০১—১১২॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়্‌বিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ॥৩২৬॥

যজ্ঞের অধিপতি, শিক্ষাকল্পাদিবেদাঙ্গের অধিপতি, সর্ব্বদা সমুদ্রবাসী হরি, মুঞ্জ-তৃণের ন্যায় কৃষ্ণকেশ, শমগুণান্বিত, সর্ব্বপ্রাণীর মোক্ষধর্ম্মবাদী, তপস্যা, তেজ, যশ, বাক্য ও নদীসমূহের অধিপতি, জটাজুটধারী, বরাহ, একশৃঙ্গ, জ্ঞানী, সূর্য্য, হয়শিরা, নরপ্রভৃতি মূর্ত্তিচতুষ্টয়ধারী, গুহ্য, জ্ঞানগম্য, অক্ষয় ও ক্ষয়স্বরূপ নারায়ণদেবকে তোমরা নমস্কার কর। সর্ব্বত্রগামী ও অবিনশ্বর এই নারায়ণ সর্ব্বত্র বিচরণ করেন ॥৯৫—১০১॥

এই নারায়ণই এই বিশ্বব্যাপী পরব্রহ্ম, জ্ঞানদৃষ্টিদ্বারা ইঁহাকে দেখিতে হয়, আমি পূর্ব্বে জ্ঞানদৃষ্টিদ্বারাই এইরূপ ইঁহাকে দেখিয়াছিলাম ॥১০২॥

আমি, জিজ্ঞাসা করিলে নারায়ণই যথাযথভাবে এই সমস্ত বলিয়াছিলেন। অতএব শিষ্যগণ! তোমরা আমার বাক্য রক্ষা কর, জগদীশ্বর হরির সেবা কর, বেদ-বাক্যদ্বারা তাঁহার স্তব কর এবং যথাবিধানে তাঁহার পূজা কর' ॥১০৩॥

বৈশম্পায়ন বলিলেন—'তত্ত্বজ্ঞানী সেই বেদব্যাস আমাদের সকলকে এবং উঁহার পুত্র পরমধর্ম্মজ্ঞ শুকদেবকে, এই সকল কথা বলিয়াছিলেন ॥১০৪॥

স চাস্মাকমুপাধ্যায়ঃ সহাস্মাভির্বিশাম্পতে।
চতুর্বেদোদ্গতাভিস্তমৃগ্ভিঃ সমভিতুষ্টুবে ॥১০৫॥
এতত্তে সর্বমাখ্যাতং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
এবং মেঽকথয়দ্রাজন্! পুরা দ্বৈপায়নো গুরুঃ ॥১০৬॥
যশ্চেদং শৃণুয়ান্নিত্যং যশ্চৈনং পরিকীর্ত্তয়েৎ।
নমো ভগবতে কৃত্বা সমাহিতমতির্নরঃ।
ভবত্যরোগো মতিমান্ বলরূপসমন্বিতঃ ॥১০৭॥
আতুরো মুচ্যতে রোগাদ্বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ।
কামকামী লভেৎ কামং দীর্ঘঞ্চায়ুরবাপ্নুয়াৎ।১০৮॥
ব্রাহ্মণঃ সর্ব্ববেদী স্যাৎ ক্ষত্রিয়ো বিজয়ী ভবেৎ।
বৈশ্যো বিপুললাভঃ স্যাচ্ছূদ্রঃ সুখমবাপ্নুয়াৎ ॥১০৯॥

ভারতকৌমুদী

স ইতি। ঋগ্ভির্মন্ত্রৈঃ, তং নারায়ণম্ ॥১০৫॥

এতদিতি। আখ্যাতমুক্তম্ ॥১০৬॥

য ইতি। ইদমুপাখ্যানম্, সমাহিতমতিরেকাগ্রচিত্তঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১০৭॥

আতুর ইতি। কামম্ অভীষ্টং কাময়তে ইতি সঃ ॥১০৮॥

ব্রাহ্মণ ইতি। সর্ব্ববেদী সর্ব্বজ্ঞঃ। বিপুলো লাভো যস্য সঃ ॥১০৯॥

নরনাথ! তাহার পর আমাদের সেই অধ্যাপক বেদব্যাস আমাদের সহিত মিলিত হইয়া, চতুর্বেদস্থিত মন্ত্রদ্বারা সেই নারায়ণের স্তব করিয়াছিলেন ॥১০৫॥

রাজা! আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, এই আমি আপনার নিকট সেই সমস্ত বলিলাম। গুরু দ্বৈপায়ন পূর্বে আমার নিকট এইরূপই বলিয়াছিলেন ॥১০৬॥

যে মানুষ একাগ্রচিত্ত হইয়া ভগবান্ নারায়ণকে নমস্কার করিয়া, প্রত্যহ এই উপাখ্যান শ্রবণ করে, কিংবা পাঠ করে, সেই মানুষ নীরোগ, বুদ্ধিমান্ এবং বল ও রূপসমন্বিত হয় ॥১০৭॥

এবং রোগী রোগ হইতে ও বদ্ধ বন্ধন হইতে মুক্ত হয়, আর অভীষ্টলিপ্সু অভীষ্ট লাভ করে এবং দীর্ঘ আয়ু প্রাপ্ত হয় ॥১০৮॥

ব্রাহ্মণ সর্বজ্ঞ হন, ক্ষত্রিয় বিজয়ী হইয়া থাকেন, বৈশ্যের প্রচুর লাভ হয় এবং শূদ্র সুখপ্রাপ্ত হয় ॥১০৯॥

(১০৮) কামান্ কামী লভেৎ কামম্…বঙ্গ বৰ্দ্ধ।

অপুত্রো লভতে পুত্রং কন্যা চৈবেপ্সিতং পতিম্‌।
লগ্নগর্ভা বিমুচ্যেত গর্ভিণী জনয়েৎ সুতম্‌ ॥১১০॥
বন্ধ্যা প্রসবমাপ্নোতি পুত্রপৌত্রসমৃদ্ধিমৎ।
ক্ষেমেণ গচ্ছেদধ্বানমিদং যঃ পঠতে পথি।
যো যং কামং কাময়তে স তমাপ্নোতি চ ধ্রুবম্‌ ॥১১১॥
ইদং মহর্ষের্বচনং বিনিশ্চিতং মহাত্মনঃ পুরুষবরস্য কীর্ত্তিতম্‌।
সমাগমঞ্চর্ষিদিবৌকসামিমং নিশম্য ভক্তাঃ সুসুখং লভন্তে ॥১১২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নারায়ণীয়ে ষড়্‌বিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ * ॥০॥

ভারতকৌমুদী

অপুত্র ইতি। লগ্নঃ প্রসববেদনাসত্ত্বেঽপি উদর এব সক্তো গর্ভো যস্যাঃ সা, বিমুচ্যেত বিমুক্তগর্ভা ভবেৎ ॥১১০॥

বন্ধ্যেতি। প্রসবং সন্তানং গৃহঞ্চ পুত্রপৌত্রসমৃদ্ধিমদ্‌ ভবতি। ক্ষেমেণ মঙ্গলেন। কামং মভীষ্টম্‌। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১১১॥

ইদমিতি। বিনিশ্চিতং সত্যম্‌, পুরুষবরস্য নারায়ণস্য সম্বন্ধে। সমাগমং সম্মেলনম্‌ ॥১১২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে ষড়্‌বিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

অপুত্রক লোক পুত্র লাভ করে, কন্যা অভীষ্ট পতি প্রাপ্ত হয়, গর্ভ উদরে আটকিয়া গেলে তাহার প্রসব হয় এবং গর্ভবতী পুত্র প্রসব করে ॥১১০॥

বন্ধ্যা সন্তান লাভ করে, গৃহ পুত্র, পৌত্র ও সমৃদ্ধিযুক্ত হয় এবং যে পথিক পথে এই উপাখ্যান পাঠ করে, সে পথিক কুশলে পথে গমন করিতে পারে, আর যে লোক যে কামনা করে সে লোক নিশ্চয়ই তাহা লাভ করে ॥১১১॥

ভক্তলোকেরা মহাত্মা ও পুরুষোত্তম নারায়ণের সম্বন্ধে মহর্ষি বেদব্যাসের এই সত্য বাক্য এবং দেবগণ ও ঋষিগণের এই সম্মেলন শ্রবণ করিয়া প্রচুর সুখ লাভ করেন ॥১১২॥

---

* '...চত্বারিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ'...বঙ্গ বৰ্দ্ধ, '...একোনপঞ্চাশদধিকত্রিশতত-মোঽধ্যায়ঃ'—নি।

সপ্তবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—:০:—

জনমেজয় উবাচ।

অস্তৌষীদ্ যৈরিমং ব্যাসঃ সশিষ্যো মধুসূদনম্‌
নামভির্বিবিধৈরেষাং নিরুক্তং ভগবন্মম ॥১॥
বক্তুমর্হসি শুশ্রূষোঃ প্রজাপতিপতের্হরেঃ।
শ্রুত্বা ভবেয়ং যৎ পূতঃ শরচ্চন্দ্রঃ ইবামলঃ ॥২॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ।

শৃণু রাজন্! যথাচষ্ট ফাল্গুনস্য হরিঃ প্রভুঃ।
প্রসন্নাত্মাত্মনো নাম্নাং নিরুক্তং গুণকর্ম্মজম্ ॥৩॥
নামভিঃ কীর্ত্তিতৈস্তস্য কেশবস্য মহাত্মনঃ।
পৃষ্টবান্ কেশবং রাজন্! ফাল্গুনঃ পরবীরহা ॥৪॥

ভারতকৌমুদী

অস্তৌষীদিতি। নিরুক্তমিতি ভাবে ক্তঃ। তেন চ নিরুক্তং নির্ব্বচনম্ নিশ্চয়েনোল্লেখ-মিত্যর্থঃ। শুশ্রূষোঃ শ্রোতুমিচ্ছোর্মম সমীপে, প্রজাপতেব্রহ্মণে হপি পতিরধীশ্বরস্তস্য ॥১-২॥

শৃণ্বিতি। ফাল্গুনস্য অর্জ্জুনস্য সকাশে। গুণা দয়াশৌর্য্যাদয়ঃ তেষাং কর্ম্মাণি শিষ্টানুগ্রহদুষ্ট-নিগ্রহাদীনি তেভ্যো জাতম্ ইতি তৎ ॥৩॥

নামভিরিতি। কীর্ত্তিতৈর্নামভিস্তচ্ছ্রবণেচ্ছয়েত্যর্থঃ ॥৪॥

জনমেজয় বলিলেন—'ভগবন্! বেদব্যাস শিষ্যগণের সহিত মিলিত হইয়া যে বিবিধ নামদ্বারা এই নারায়ণের স্তব করিয়াছিলেন, আমি সেই সকল নাম শুনিতে ইচ্ছা করি। অতএব আপনি ব্রহ্মারও অধীশ্বর নারায়ণের সেই সকল নাম আমার নিকট বলুন; যাহা শুনিয়া আমি পবিত্র ও শরৎকালের চন্দ্রের ন্যায় নির্ম্মল হইব ॥১—২॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! প্রভু নারায়ণ প্রসন্নচিত্ত হইয়া অর্জ্জুনের নিকটে গুণকর্ম্মজনিত নিজনামসমূহের যে উল্লেখ করিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুণ ॥৩॥

রাজা! বিপক্ষবীরহন্তা অর্জ্জুন, মহাত্মা নারায়ণের নাম শ্রবণ করিবার ইচ্ছা করিয়া, তাঁহার নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন ॥৪॥

অর্জ্জুন উবাচ।

ভগবন্! ভূতভব্যেশ! সর্ব্বভূতসৃগব্যয়!।
লোকধামজগন্নাথ! লোকানামভয়প্রদ! ॥৫॥
যানি নামানি তে দেব। কীর্ত্তিতানি মহর্ষিভিঃ।
বেদেষু সপুরাণেষু যানি গুহ্যানি কর্ম্মভিঃ ॥৬॥
তেষাং নিরুক্তং ত্বত্তোঽহং শ্রোতুমিচ্ছামি কেশব!।
ন হ্যন্যো বর্ণয়েন্নাম্নাং নিরুক্তং ত্বামৃতে প্রভো! ॥৭॥ (যুগ্মকম্)

শ্রীভগবান্ উবাচ।

ঋগ্‌বেদে সযজুর্ব্বেদে তথৈবাথর্ব্বসামসু।
পুরাণে সোপনিষদে তথৈব জ্যোতিষেঽর্জ্জুন! ॥৮॥
সাংখ্যে চ যোগশাস্ত্রে চ আয়ুর্ব্বেদে তথৈব চ।
বহূনি মম নামানি কীর্ত্তিতানি মহর্ষিভিঃ ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ভগবন্নিতি। ভূতান্যতীতানি, ভব্যানি ভাবীনি সন্দংশপাতন্যায়াৎ বর্ত্তমানানি চ বস্তূনি তেষামীশ! সর্ব্বাণি ভূতানি সৃজতীতি সঃ, অব্যয় অনশ্বর! লোকানাং ধাম আশ্রয়শ্চাসৌ জগতাং নাথশ্চেতি সঃ ॥৫॥

যানীতি। কর্ম্মভিঃ কর্ম্মানুসারেণোৎপন্নানি। ঋতে বিনা ॥৬—৭॥

ঋগ্‌বেদ ইতি। উপনিষদ্‌ভিঃ সহেতি সোপনিষদং তস্মিন্। অদন্তত্বমার্ষম্। যোগশাস্ত্রে পাতঞ্জলাদৌ ॥৮—৯॥

ভারতভাবদীপঃ

অন্যোঽবীদিতি। নিরুক্তং নির্ব্বচনম্ ॥১—২॥ গুণকর্ম্মজং গুণঃ সর্ব্বজ্ঞত্বাদিস্তজ্জং, কর্ম্ম জগৎ-

অর্জ্জুন বলিলেন—'ভগবন্! ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের অধীশ্বর! সর্বভূত-সৃষ্টিকারী! অনশ্বর! জগতের আশ্রয়! জগন্নাথ ও লোকদিগের অভয়দানকারী ॥৫॥

প্রভু! দেব! কেশব! মহর্ষিরা আপনার যে সকল নাম কীর্ত্তন করিয়াছেন এবং কর্ম্মানুসারে উৎপন্ন আপনার যে সকল নাম বেদে ও পুরাণে গুপ্ত রহিয়াছে, আমি আপনার নিকট হইতে সেই সকল নামের উল্লেখ শুনিতে ইচ্ছা করি। কারণ, আপনি ভিন্ন অন্য কেহই আপনার নামের উল্লেখ করিতে পারে না' ॥৬—৭॥

ভগবান্ বলিলেন—'অর্জ্জুন! ঋগ্‌বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, পুরাণ, উপনিষৎ, জ্যোতিষ, সাংখ্য, যোগ ও আয়ুর্ব্বেদশাস্ত্রে মহর্ষিরা আমার বহুতর নাম কীর্ত্তন করিয়াছেন ॥৮—৯॥

গৌণানি তত্র নামানি কর্ম্মজানি চ কানিচিৎ।
নিরুক্তং কর্ম্মজানাং ত্বং শৃণুষ্ব প্রযতোঽনঘ ! ।
কথ্যমানং ময়া তাত ! ত্বং হি মেঽৰ্দ্ধং স্মৃতঃ পুরা ॥১০॥
নমোঽতিযশসে তস্মৈ দেহিনাং পরমাত্মনে।
নারায়ণায় বিশ্বায় নির্গুণায় মহাত্মনে ॥১১॥
যস্য প্রসাদজো ব্রহ্মা রুদ্রশ্চ ক্রোধসম্ভবঃ।
যোঽসৌ যোনির্হি সর্বস্য স্থাবরস্য চরস্য চ ॥১২॥
অষ্টাদশগুণং যত্তৎ সত্ত্বং সত্ত্ববতাংবর ! ।
প্রকৃতিঃ সা পরা মহ্যং রোদসী যোগধারিণী ॥১৩॥
ঋতা সত্যামরাজয্যা লোকানামাত্মসংজ্ঞিতা।
তস্মাৎ সর্বাঃ প্রবর্ত্তন্তে সর্গপ্রলয়বিক্রিয়াঃ ॥১৪॥

ভারতকৌমুদী

গৌণানীতি। গৌণানি তত্তদ্গুণোৎপন্নানি, কর্ম্মজানি তৈস্তৈঃ কর্ম্মভির্জাতানি। কর্ম্মজানাং নাম্নাম্, প্রযতো রাগদ্বেষাদিশূন্যতয়া পবিত্রঃ সন্,। কথ্যমানং তন্নামনিরুক্তম্, অৰ্দ্ধং দেহার্দ্ধভূতঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১০॥

সর্ব্বস্যৈব বিষয়স্যারম্ভে মঙ্গলাচরণং কর্ত্তব্যমিতি লোকশিক্ষার্থং ভগবানপি তৎ করোতি নম ইতি। পরমাত্মনে জীবরূপায়। "তত্ত্বমসি" ইতি শ্রুতের্জীবব্রহ্মণোরৈক্যমাদায়েদমুক্তম্ ॥১১॥

যস্যেতি। যোনিরুৎপত্তিকারণম্ ॥১২॥

অষ্টেতি। হে সত্ত্ববতাং বর ! সত্ত্বগুণবতাং শ্রেষ্ঠ ! প্রীতিপ্রভৃতয়ঃ অষ্টাদশ গুণা ধর্ম্মা যস্য তৎ, তৎ প্রসিদ্ধং যৎ সত্ত্বং গুণঃ। অষ্টাদশগুণাশ্চ "প্রীতিপ্রাকাশ্যমুদ্রেকো লঘুতা সুখমেব চ। অকার্পণ্যমসংরম্ভঃ সন্তোষঃ শ্রদ্দধানতা॥ ক্ষমাধৃতিরহিংসা চ শৌচমক্রোধ এব চ। আর্জ্জবং সমতা সত্যমনসূয়া তথৈব চ॥" ইতি নীলকণ্ঠধৃতাঃ। সা সত্ত্বগুণময়ী, মহ্যং মম, রোদসী দ্যাবা

নিষ্পাপ বৎস ! আমার সেই নামগুলির মধ্যে, কতকগুলি গুণানুসারে এবং কতকগুলি কর্ম্মানুসারে উৎপন্ন ; তাহার মধ্যে কর্ম্মানুসারে উৎপন্ন নামগুলির উল্লেখ আমি করিতেছি ; তুমি সংযত হইয়া শ্রবণ কর। কারণ, তুমি আমার দেহের অর্দ্ধ বলিয়া পূর্ব্বেই কথিত হইয়াছ ॥১০॥

সেই অতিযশা, দেহিগণের জীবাত্মা, বিশ্বরূপধারী ও নির্গুণ অথচ সগুণ নারায়ণকে নমস্কার করি ॥১১॥

যাঁহার অনুগ্রহে ব্রহ্মা ও ক্রোধে রুদ্র জন্মিয়াছেন এবং ঐ যিনি সমস্ত স্থাবর ও জঙ্গমের কারণ ॥১২॥

তপো যজ্ঞশ্চ যষ্টা চ পুরাণঃ পুরুষো বিরাট্।
অনিরুদ্ধ ইতি প্রোক্তো লোকানাং প্রভবাপ্যয়ঃ ॥১৫॥
ব্রাহ্মে রাত্রিক্ষয়ে প্রাপ্তে তস্য হ্যমিততেজসঃ
প্রসাদাৎ প্রাদুরভবৎ পদ্মং পদ্মনিভেক্ষণ !।
ততো ব্রহ্মা সমভবৎ স তস্যৈব প্রসাদজঃ ॥১৬॥
অহ্নঃক্ষয়ে ললাটাচ্চ সুতো দেবস্য বৈ তথা।
ক্রোধাবিষ্টস্য সংযজ্ঞে রুদ্রঃ সংহারকারকঃ ॥১৭॥

ভারতকৌমুদী

পৃথিবীরূপা, যোগেন সর্ব্বং ধারয়তীতি যোগধারিণী, ঋতা ব্রহ্মময়ী, সত্যা ত্রিষ্বপি কালেষু অবাধিতা, অমরা অনশ্বরী, অজয্যা কেনাপি জেতুমশক্যা, লোকানামাত্মসংজ্ঞিতা ব্রহ্মময়ত্বাদেব ; তস্মাৎ প্রকৃতিরূপপদার্থাদেব সর্ব্বাঃ সর্গঃ সৃষ্টিঃ, প্রলয়ো নাশঃ বিক্রিয়া পরিণামশ্চ তাঃ প্রবর্ত্তন্তে ॥১৩—১৪॥

তপ ইতি। যষ্টা যাজকঃ। প্রভব উৎপত্তিস্থানঞ্চাসৌ অপ্যয়ো লয়স্থানঞ্চেতি সঃ ॥১৫॥

ব্রাহ্ম ইতি। ব্রহ্মণঃ অয়মিতি ব্রাহ্মস্তস্মিন্, রাত্রিক্ষয়ে প্রভাতকালে, প্রাপ্তে উপস্থিতে সতি অমিততেজসস্তস্য নারায়ণস্য প্রসাদাৎ নাভিতঃ কিঞ্চিৎ পদ্মং প্রাদুরভবৎ। ততো নাভিপদ্মাৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

সৃষ্ট্যাদি তজ্জম্ ॥৩—১২॥ অষ্টাদশগুণং সত্ত্বম্—"প্রীতিঃ প্রাকাশ্যমুদ্রেকো লঘুতা সুখমেব চ। অকার্পণ্যমসংরম্ভঃ সন্তোষঃ শ্রদ্দধানতা। ক্ষমাধৃতিরহিংসা চ শৌচমক্রোধ এব চ। আর্জ্জবং সমতা সত্যমনসূয়া তথৈব চে"তি তত্তদ্গুণোপাধিঃ প্রীত্যাদিশব্দিতো ভবতীতি গৌণনামনির্ব্বচনম্ ॥১৩॥ সাষ্টাদশগুণময়ী, মহ্যং মম, পরা প্রকৃতিঃ স্বরূপং রোদসী, দ্যাবাপৃথিব্যাত্মিকা, যোগেন লোকান্ ধারয়তীতি যোগধারিণী। ঋতা কর্ম্মফলভূতা ব্রহ্মলোকস্থা, সত্যা অবাধিতচিন্মাত্ররূপা ॥১৪॥

সাত্ত্বিকশ্রেষ্ঠ অর্জ্জুন! সেই যে অষ্টাদশগুণযুক্ত সত্ত্বগুণ, তাহাই আমার পরা প্রকৃতি; তিনি আকাশ ও পৃথিবী, যোগবলে সমস্ত ধারণ করেন, ব্রহ্মময়ী, সত্যস্বরূপা, অবিনশ্বরী, অজেয়া, এবং প্রাণিগণের জীবরূপিণী তাঁহা হইতেই সমস্ত সৃষ্টি, প্রলয় ও পরিণাম হইয়া থাকে ॥১৩—১৪॥

আর তপস্যা, যজ্ঞ, যাজ্ঞিকপুরুষ এবং জগতের উৎপত্তি ও প্রলয়ের স্থান বিরাট্ পুরুষকে অনিরুদ্ধ বলা হয় ॥১৫॥

পদ্মনয়ন অর্জ্জুন! ব্রহ্মার প্রভাতকাল—ব্রহ্মপরিমাণে রাত্রির অবসান উপস্থিত হইলে অমিততেজা নারায়ণের অনুগ্রহে তাঁহারই নাভি হইতে একটী পদ্ম উৎপন্ন হইয়াছিল, সেই পদ্ম হইতে নারায়ণের অনুগ্রহে ব্রহ্মা জন্মিয়াছিলেন ॥১৬॥

এতৌ দ্বৌ বিবুধশ্রেষ্ঠৌ প্রসাদক্রোধজাবুভৌ।
তদাদেশিতপন্থানৌ সৃষ্টিসংহারকারকৌ ॥১৮॥
নিমিত্তমাত্রং তাবত্র সর্বপ্রাণিবরপ্রদৌ।
কপর্দ্দী জটিলো মুণ্ডঃ শ্মশানগৃহসেবকঃ ॥১৯॥
উগ্রব্রতধরো রুদ্রো যোগী পরমদারুণঃ।
দক্ষক্রতুহরশ্চৈব ভগনেত্রহরস্তথা ॥২০॥
নারায়ণাত্মকো জ্ঞেয়ঃ পাণ্ডবেয়! যুগে যুগে।
তস্মিন্ হি পূজ্যমানে বৈ মহাদেবে মহেশ্বরে।
সংপূজিতো ভবেৎ পার্থ! দেবো নারায়ণঃ প্রভুঃ ॥২১॥

ভারতকৌমুদী

অহ্ন ইতি। অহ্নঃক্ষয়ে দিবাবসানে, দেবস্য নারায়ণস্য ॥১৭॥

এতাবিতি। তেন নারায়ণেনৈব আদেশিতৌ পন্থানৌ সৃষ্টিসংহারপদ্ধতী যয়োস্তৌ ॥১৮॥

নিমিত্তেতি। তৌ ব্রহ্মরুদ্রৌ অত্র সৃষ্টিসংহারয়োর্নিমিত্তমাত্রং মমৈব মুখ্যকর্তৃত্বাৎ। কপর্দ্দী উপরিজটাজুটধারী পার্শ্বয়োশ্চ জটিলঃ, মুণ্ডো মুণ্ডমালাবান্। ভগস্য তদাখ্যস্য দেববিশেষস্য দক্ষযজ্ঞ এব নেত্রং হরতীতি সঃ ॥১৯—২০॥

নারায়ণেতি। জ্ঞেয়ো রুদ্রঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২১॥

আবার ব্রহ্মারই দিবাবসানে ক্রোধাবিষ্ট নারায়ণের ললাট হইতে, সংহারকারী রুদ্র জন্মগ্রহণ করিয়াছিলেন ॥১৭॥

এই দুইজন দেবশ্রেষ্ঠই নারায়ণের অনুগ্রহ ও ক্রোধ হইতে উৎপন্ন হইয়াছিলেন এবং নারায়ণেরই আদেশে ইঁহাদের কর্ম্মপন্থা নির্দ্দিষ্ট হইয়াছিল; তাহাতেই ইঁহারা সৃষ্টি ও সংহার করিয়া থাকেন ॥১৮॥

কিন্তু ইঁহারা সৃষ্টি ও সংহারে নিমিত্তমাত্র, আমিই প্রকৃত কর্ত্তা; তবে ইঁহারা সমস্ত প্রাণীকেই বরদান করিতে পারেন। তন্মধ্যে রুদ্র মস্তকের উপরে জটাজুট অন্যস্থানেও জটামণ্ডল এবং মুণ্ডমালা ধারণ করেন, শ্মশানে বাস করেন, ভীষণ সংহার কার্য্য করিয়া থাকেন, আর তিনি যোগী, অত্যন্ত ভীষণ, দক্ষযজ্ঞনাশক ও ভগদেবের নেত্রহারী ॥১৯—২০॥

পাণ্ডুনন্দন! প্রত্যেক যুগেই রুদ্রকে নারায়ণস্বরূপ জানিবে। অতএব পৃথানন্দন! সেই দেবদেব মহেশ্বরের পূজা করিলে প্রভু নারায়ণের পূজা করা হয় ॥২১॥

অহমাত্মা হি লোকানাং বিশ্বেষাং পাণ্ডুনন্দন!।
তস্মাদাত্মানমেবাগ্রে রুদ্রং সংপূজয়াম্যহম্ ॥২২॥
যদ্যহং নার্চ্চয়েয়ং বৈ ঈশানং বরদং শিবম্।
আত্মানং নার্চ্চয়েৎ কশ্চিদিতি মে ভাবিতাত্মনঃ ॥২৩॥
ময়া প্রমাণং হি কৃতং লোকঃ সমনুবর্ত্ততে।
প্রমাণানি হি পূজ্যানি ততস্তং পূজয়াম্যহম্ ॥২৪॥
যস্তং বেত্তি স মাং বেত্তি যোঽনু তং স হি মামনু।
রুদ্রো নারায়ণশ্চৈব সত্ত্বমেকং দ্বিধাকৃতম্ ॥২৫॥
লোকে চরতি কৌন্তেয়! ব্যক্তিস্থং সর্ব্বকর্ম্মসু।
ন হি মে কেনচিদ্দেয়ো বরঃ পাণ্ডবনন্দন! ॥২৬॥

ভারতকৌমুদী

অহমিতি। আত্মা জীবঃ। অতএব লোকৈঃ রুদ্রপূজনে ময়ৈব তৎপূজনং স্যাদিতি ভাবঃ ॥২২॥

যদীতি। ভাবিতো বিবেকযুক্ত আত্মা যস্য তস্য মে মতিরিতি শেষঃ। প্রধানানুযায়িনো হি জনব্যবহারা ভবন্তীতি ন্যায়াদিতি ভাবঃ ॥২৩॥

ময়েতি। প্রমাণং নিদর্শনম্। প্রমাণানি পূজ্যত্বেন প্রমাজ্ঞানবিষয়ীভূতানি দৈবতানি, তং রুদ্রম্ ॥২৪॥

য ইতি। তং রুদ্রম্। যো জনঃ তং রুদ্রম্ অনু লক্ষীকৃত্য বর্ত্ততে ; স জনঃ, হি নিশ্চিতং, মাম্ অনু লক্ষীকৃত্য বর্ত্ততে। সত্ত্বং দ্রব্যম্ ॥২৫॥

লোক ইতি। রুদ্রো নারায়ণশ্চ একমেব সত্ত্বং ব্যক্তিস্থং ভিন্নভিন্নরূপস্থং সৎ লোকে সর্ব্ব-কর্ম্মসু যজ্ঞাদিষু চরতি। কেনচিদন্যেন দেবেন ॥২৬॥

পাণ্ডুনন্দন! আমিই সমস্ত লোকের জীবাত্মা। অতএব আমি প্রথমে আমার আত্মস্বরূপ রুদ্রের পূজা করিয়া থাকি ॥২২॥

আমি যদি বরদাতা ও ঈশ্বর শিবের পূজা না করি, তাহা হইলে কেহই আমারই আত্মস্বরূপ শিবের পূজা করিবে না, ইহাই আমার ধারণা ॥২৩॥

আমি যে নিদর্শন করি, মানুষ তাহারই অনুসরণ করে! পূজ্য বলিয়া নির্দ্দিষ্ট দেবতারই পূজা করিতে হয় ; সেই জন্যই আমি শিবের পূজা করি ॥২৪॥

যে লোক শিবকে জানে, সে লোক আমাকেও জানে এবং যে লোক শিবকে লক্ষ্য করিয়া থাকে, সে লোক আমাকেই লক্ষ্য করিয়া থাকে ; সুতরাং শিব ও নারায়ণ একই ব্যক্তি, কিন্তু কার্য্যবশতঃ দুই আকারে বিভক্ত করা হইয়াছে ॥২৫॥

ইতি সঞ্চিন্ত্য মনসা পুরাণং রুদ্রমীশ্বরম্ ।
পুত্রার্থমারাধিতবানহমাত্মানমাত্মনা ॥২৭॥
ন হি বিষ্ণুঃ প্রণমতি কস্মৈচিদ্বিবুধায় চ ।
ঋত আত্মানমেবেতি ততো রুদ্রং ভজাম্যহম্ ॥২৮॥
সব্রহ্মকাঃ সরুদ্রাশ্চ সেন্দ্রা দেবাঃ সহর্ষিভিঃ ।
অর্চ্চয়ন্তি সুরশ্রেষ্ঠং দেবং নারায়ণং হরিম্ ॥২৯॥
ভবিষ্যতাং বর্ত্ততাঞ্চ ভূতানাঞ্চৈব ভারত ! ।
সর্বেষামগ্রণীর্বিষ্ণুঃ সেব্যঃ পূজ্যশ্চ নিত্যশঃ ॥৩০॥
নমস্ব হব্যদং বিষ্ণুং তথা শরণদং নম ।
বরদং নমস্ব কৌন্তেয় ! হব্যকব্যভুজং নম ॥৩১॥

ভারতকৌমুদী

ইতীতি। ইতি রুদ্রো মদ্ভিন্ন এবেত্থম্ ॥২৭॥

নেতি। বিবুধায় দেবায়। ঋতে বিনা ॥২৮॥

সেতি। ব্রহ্মণা সহেতি সব্রহ্মকাঃ ॥২৯॥

ভবিষ্যতামিতি। বর্ত্ততাং বর্ত্তমানানাম্। অগ্রণীঃ শ্রেষ্ঠঃ ॥৩০॥

নমস্বেতি। হব্যদং যজমানরূপেণ হবির্দাতারম্, শরণদমাশ্রয়দাতারম্। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥৩১॥

পাণ্ডুনন্দন ! শিব ও নারায়ণ এক হইয়াও ভিন্ন ভিন্ন রূপে থাকিয়া, জগতে সমস্ত কার্য্যে বিচরণ করেন। অন্য কোন দেবতাই আমাকে বর দিতে পারেন না ॥২৬॥

ইহা মনে মনে চিন্তা করিয়া, আমি পুত্রলাভের নিমিত্ত নিজেই নিজস্বরূপ সনাতন ও ঈশ্বর শিবের আরাধনা করিয়াছিলাম ॥২৭॥

বিষ্ণু আত্মভিন্ন অন্য কোন দেবতাকেই প্রণাম করিতে পারেন না, ইহা বিবেচনা করিয়াই আমি শিবের পূজা করিয়া থাকি ॥২৮॥

ব্রহ্মা, শিব, ইন্দ্র ও ঋষিগণের সহিত সমস্ত দেবতা, দেবশ্রেষ্ঠ হরি নারায়ণের পূজা করিয়া থাকেন ॥২৯॥

ভরতনন্দন ! বিষ্ণু ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান সকলেরই শ্রেষ্ঠ ; অতএব তিনি সর্ব্বদাই সকলের সেবনীয় ও পূজনীয় ॥৩০॥

কুন্তীনন্দন ! তুমি হব্যদাতা, আশ্রয়দাতা ও বরদাতা বিষ্ণুকে নমস্কার কর এবং দেবতারূপে ও পিতৃরূপে হব্যকব্যভোজী নারায়ণকে প্রণাম কর ॥৩১॥

চতুর্ব্বিধা মম জনা ভক্তা এবং হি মে শ্রুতম্।
তেষামেকান্তিনঃ শ্রেষ্ঠা যে চৈবানন্যদেবতাঃ।
অহমেব গতিস্তেষাং নিরাশীঃ কর্ম্মকারিণাম্ ॥৩২॥
যে চ শিষ্টাস্ত্রয়ো ভক্তাঃ ফলকামা হি তে মতাঃ।
সর্ব্বে চ্যবনধর্ম্মাস্তে প্রতিবুদ্ধস্তু শ্রেষ্ঠভাক্ ॥৩৩॥
ব্রহ্মাণং শিতিকণ্ঠঞ্চ যাশ্চান্যা দেবতাঃ স্মৃতাঃ।
প্রবুদ্ধচর্য্যাঃ সেবন্তো মামেবৈষ্যন্তি যৎ পরম্।
ভক্তং প্রতি বিশেষস্তে এষ পার্থানুকীর্ত্তিতঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

চতুরিতি। চতুর্ব্বিধা আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চেতি গীতোক্তাঃ। একান্তিনো এক-দেশে মাং প্রত্যেকাগ্রচিত্তাঃ। নিরাশিষা নিষ্কামভাবেন কর্ম্ম কুর্ব্বন্তীতি তেষাম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩২॥

য ইতি। শিষ্টা অবশিষ্টাঃ। চ্যবনং স্বর্গাৎ পতনং ধর্ম্মো যেষাং তে। প্রতিবুদ্ধো জ্ঞানী তু শ্রেষ্ঠং মোক্ষং ভজন্তীতি শ্রেষ্ঠভাগ্ ভবতি ॥৩৩॥

ব্রহ্মাণমিতি। শিতিকণ্ঠং শিবম্। প্রবুদ্ধস্য জ্ঞানিন ইব চর্য্যা নিষ্কামাচারা যেষাং তে, যৎ পরং ব্রহ্ম তদ্রূপং মামেবৈষ্যন্তি প্রাপ্স্যন্তি ভক্তং প্রতি ভক্তেষু মধ্যে তে বিশেষাঃ শ্রেষ্ঠাঃ, এষ নিয়মঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

তস্মাৎ ঋতাদ্যাত্মকাৎ পরমাত্মস্থধ্যস্তাৎ সত্বাৎ তপআদিরূপোঽনিরুদ্ধ এব ॥১৫—৩২॥ চতুর্ব্বিধাঃ আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চেতি গীতোক্তাঃ ॥৩৩॥ অন্যা আত্মাতিরিক্তা দেবতাস্যস্যাস্তীত্যন্যদেবতাঃ তথা চ শ্রুতিঃ—"অথ যোঽন্যাং দেবতামুপাস্তেঽন্যোঽসাবন্যোঽহমস্মীতি ন স বেদ যথা পশুরেব স দেবানা"মিতি। অন্যোপাস্তিং নিন্দতি—অনন্যাত্মৈব দেবতা যেষাম্। "আত্মন্যেবোপাসীতে"ত্যাদি

আমার শুনা আছে যে, আর্ত্ত, জিজ্ঞাসু, অর্থার্থী ও জ্ঞানী এই চারিপ্রকার লোক আমার ভক্ত; তাহাদের মধ্যে যাঁহারা অন্য দেবতার ভক্ত নহে, একান্তে থাকিয়া কেবল আমাকেই ভজনা করে, তাহারাই শ্রেষ্ঠ। নিষ্কামভাবে কর্ম্মকারী সেই ভক্তগণের একমাত্র আমিই গতি ॥৩২॥

অবশিষ্ট যে তিন প্রকার ভক্ত, তাহারা ফল কামনা করে। অতএব তাহারা সকলেই স্বর্গ হইতে বিচ্যুত হইবে; কিন্তু জ্ঞানী ভক্ত মুক্তিলাভ করিবে ॥৩৩॥

ব্রহ্মা, শিব এবং অন্য যে সকল দেবতা আছেন, তাঁহাদের সেবাকারী জ্ঞানীরা পরব্রহ্মস্বরূপ আমাকেই লাভ করিবেন। পৃথানন্দন! ভক্তগণের মধ্যে তাঁহারাই শ্রেষ্ঠ, এই নিয়ম আমি তোমার নিকট বলিলাম ॥৩৪॥

ত্বঞ্চৈবাহঞ্চ কৌন্তেয়! নরনারায়ণৌ স্মৃতৌ।
ভারাবতরণার্থন্তু প্রবিষ্টৌ মানুষীং তনুম্ ॥৩৫॥
জানাম্যধ্যাত্মযোগাংশ্চ যোঽহং যস্মাচ্চ ভারত!।
নিবৃত্তিলক্ষণো ধর্ম্মস্তথাভ্যুদয়িকোঽপি চ ॥৩৬॥
নরাণাময়নং খ্যাতমহমেকঃ সনাতনঃ।
আপো নারা ইতি প্রোক্তা আপো বৈ নরসূনবঃ।
অয়নং মম তৎপূর্ব্বমতো নারায়ণো হ্যহম্ ॥৩৭॥
ছাদয়ামি জগদ্বিশ্বং ভূত্বা সূর্য্য ইবাংশুভিঃ।
সর্ব্বভূতাধিবাসশ্চ বাসুদেবস্ততো হ্যহম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

ত্বমিতি। ভারাবতরণার্থং পাপিসংহারেণ পৃথিবীভারদূরীকরণার্থম্ ॥৩৫॥

জানামীতি। হে ভারত! যোঽহং যস্মাচ্চ হেতোঃ, অধ্যাত্মযোগান্ দেহেন্দ্রিয়াদিসম্বন্ধান্ জানামি; তস্মাদ্ধেতোঃ, তস্মিন্ ময়ি, নিবৃত্তিলক্ষণো বৈরাগ্যস্বরূপো ধর্ম্মঃ, তথা আভ্যুদয়িকোঽপি ঐহিকোন্নতিকরোঽপি প্রবৃত্তিলক্ষণোঽপি ধর্ম্মো বর্ত্ততে ॥৩৬॥

নারায়ণনামনির্ব্বচনমাহ নরাণামিতি। নরাণাং নরাত্মোপাধিকজীবানাম্ অয়নং মুক্তিকালে প্রবেশস্থানং খ্যাতমিতি সনাতন এক এবাহং নারায়ণঃ। অত্র নরা এব নারা ইতি প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অন্। প্রকারান্তরেণ নারায়ণনাম নির্ব্বক্তি আপ ইতি। আপো জলানি নারা ইতি প্রোক্তাঃ। কুত এতদিত্যাহ আপ ইতি। আপো জলানি, নরতি সর্ব্বমেব কালান্তরং নয়তীতি নরঃ পরমাত্মা তস্য সূনবস্তনয়াঃ। তেন চ নরস্যাপত্যানীতি নারা ইতি নারশব্দস্য জলার্থে যৌগিকত্বং দর্শিতম্। তদিতি বিধেয়প্রাধান্যাৎ ক্লীবত্বম্, পূর্ব্বং সৃষ্টেঃ প্রাক্ মম অয়নম্ আশ্রয়স্থানম্ অতোঽহং নারায়ণঃ। মনুবচনানুরূপমিদম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৭॥

বাসুদেবনাম নির্ব্বক্তি ছাদয়ামীতি। অহং সূর্য্য ইব ভূত্বা অংশুভিঃ কিরণৈঃ বিশ্বং সর্ব্বং জগৎ ছাদয়ামি; ততোঽহং বাসুদেবঃ। অথবা সর্ব্বেষামেব ভূতানামধিবাস আশ্রয়স্থানং ততো-

কুন্তীনন্দন! তুমি ও আমি নর ও নারায়ণ; আমরা পৃথিবীর ভার দূর করিবার জন্য মনুষ্যদেহে প্রবেশ করিয়াছি ॥৩৫॥

ভরতনন্দন! যে আমি যে হেতু দেহেন্দ্রিয়াদির সম্বন্ধ জানি, সেই হেতু সেই আমাতে নিবৃত্তিধর্ম্ম ও প্রবৃত্তিধর্ম্ম দুইই রহিয়াছে ॥৩৬॥

মুক্তিকালে প্রাণিগণের জীবাত্মার আমিই আশ্রয়স্থান; এইজন্য এক সনাতন আমিই নারায়ণ। অথবা, নার শব্দের অর্থ জল। যেহেতু জল নরের অর্থাৎ ব্রহ্মের পুত্র। সৃষ্টির পূর্ব্বে সেই নার অর্থাৎ জল আমার আশ্রয় ছিল, এইজন্যই আমি নারায়ণ ॥৩৭॥

গতিশ্চ সর্ব্বভূতানাং প্রজনশ্চাপি ভারত।।
ব্যাপ্তা মে রোদসী পার্থ! কান্তিশ্চাভ্যধিকা মম ॥৩৯॥
অধিভূতানি চান্তেষু তদিচ্ছংশ্চাস্মি ভারত!।
ক্রমণাচ্চাপ্যহং পার্থ! বিষ্ণুরিত্যভিসংজ্ঞিতঃ ॥৪০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ঽহং বাসুদেবঃ। পূর্ব্বত্র "বস আচ্ছাদনে" পরত্র "বস নিবাসে" উভয়ত্রাপি বসেরুন্ প্রত্যয়ঃ, বাসুশ্চাসৌ দেবো দ্যুতিমাংশ্চেতি বাসুদেবঃ। কৃষ্ণজন্মনি বসুদেবস্যাপত্যমিতি বাসুদেব ইত্যপ্যাখ্যায়তে ॥৩৮॥

ব্যাপ্যাং বিষ্ণুনাম নির্ব্বক্তি গতিরিতি। অহং সর্ব্বভূতানাং গতিঃ প্রবেশস্থানমিতি বিশ্ প্রবেশনে' ইতি বিশ্ ধাতোর্বিষ্ণুরিত্যৌণাদিকো নিপাতঃ। পক্ষান্তরে প্রজায়তে জগদুৎপদ্যতে যস্মাদিতি প্রজনশ্চাহমিতি বিষ্ণুঃ, বিশেষেণ স্নৌতি নির্গচ্ছতীতি বিষ্ণুঃ, "স্নু প্রস্রবণে" ইতি বিপূর্ব্বস্য স্নুধাতোর্নিপাতঃ। পক্ষান্তরে মে ময়া রোদসী দ্যাবাপৃথিব্যৌ ব্যাপ্তেতি, "বিষ্যব্যাপ্তা"-বিতি নিপাতসিদ্ধো বিষ্ণুঃ। পক্ষান্তরে মম কান্তিশ্চ অভ্যধিকা অতোঽহং বিষ্ণুঃ, অত্র "ত্বিষ্ দীপ্তৌ" ইত্যস্য নিপাতঃ। পক্ষান্তরে অন্তেষু প্রলয়কালেষু অধিভূতানি সর্ব্বাণ্যেব ভূতানি ইচ্ছন্ আত্মনি প্রবেশয়িতুং ইচ্ছংশ্চাস্মি; তৎ তস্মাৎ বিষ্ণুরহম্। অত্রাপি "বিশ্ প্রবেশনে" ইত্যস্য বিষ্ণুরিতি নিপাতঃ। পক্ষান্তরে ক্রমণাৎ বামনরূপে জগদাক্রমণাৎ অহং বিষ্ণুরিত্যভিসংজ্ঞিতঃ। অত্র "বিশ্ ব্যাপ্তৌ" ইত্যস্য বিষ্ণুরিতি নিপাত ইতি সংক্ষেপঃ ॥৩৯—৪০॥

ভারতভাবদীপঃ

শ্রুতেঃ। তে জ্ঞানিন ইত্যর্থঃ ॥৩৭—৩৮॥ প্রতিজ্ঞাতং নামনির্ব্বচনং করোতি—নরাণামিত্যাদিনা। নরা জীবাঃ বিম্বে প্রতিবিম্বমিব যত্রাধ্যস্তাঃ অতস্তেষাময়নং নরায়ণঃ স্বার্থে তদ্ধিত ইত্যেকোঽর্থঃ। দর্পণাদি স্বচ্ছং দ্রব্যং প্রাপ্য রবিরশ্মিবৎ প্রতিস্রোতঃ প্রবৃত্তৈর্নয়নরশ্মিভি-র্গ্রীবাস্থমেব মুখং পূর্ব্বপ্রবৃত্তপরাকসংস্কারাৎ প্রত্যঙ্মুখত্বাদ্যুপাধিধর্ম্মবিশিষ্টং গৃহ্যতে। অন্যথাত্যন্তা-ননুভূতপুরুষাদিদর্শনং দর্পণেন স্যাৎ তদ্বিষয়কসংস্কারাভাবাৎ। যোঽয়ং দর্শনে দৃষ্টঃ স এবায়মিত্যবাধিতপ্রত্যভিজ্ঞাবলাচ্চ ন দর্পণেঽভিনবমুখাধ্যাস ইতি ব্যুৎপাদিতং বেদান্তকতকেঽস্মাভিঃ শ্রুতিশ্চ ঈশজীবয়োর্বিম্বপ্রতিবিম্বভাবং দর্শয়তি—"যথা হ্যয়ং জ্যোতিরাত্মা বিবস্বানপো ভিন্না বহুধৈকোঽনুগচ্ছন্। উপাধিনা ক্রিয়তে ভেদরূপো দেবঃ ক্ষেত্রেষ্বেবমজোঽয়মাত্মে"তি। তস্মাদ্ বিম্বচৈতন্যেঽধ্যস্তস্য জীবাখ্যপ্রতিবিম্বস্যাবিদ্যাদর্পণাপনয়ে তত্রৈব বিলয় ইতি যুক্তম্।৩৯॥ তস্য নারায়ণত্বে নির্ব্বচনান্তরমাহ—আপ ইতি। নরো জীবস্তদবিদ্যাকল্পিতমপ্প্রধানত্বা"দাপঃ পুরুষবচসো ভবন্তী"তি শ্রুতেশ্চাপ ইতি শরীরমুচ্যতে, তদস্য পূর্ব্বময়নং প্রবেশস্থানম্। উপাধিসৃষ্টিসমকালং হি ঘটাকাশবদুপাধৌ চিতঃ প্রবেশঃ, উপাধ্যভিমানানন্তরঞ্চ জীবত্বমিতি বিবেকঃ।

আমি সূর্য্যের ন্যায় হইয়া কিরণদ্বারা সমগ্র জগৎ আচ্ছাদন করি, এই জন্য আমি 'বাসুদেব'। অথবা আমিই সর্ব্বভূতের বাসস্থান বলিয়া 'বাসুদেব' ॥৩৮॥

দমাৎ সিদ্ধিং পরীপ্সন্তো মাং জনাঃ কাময়ন্তি হ।
দিবঞ্চোর্ব্বীঞ্চ মধ্যঞ্চ তস্মাদ্দামোদরো হ্যহম্ ॥৪১॥
পৃশ্নিরিত্যুচ্যতে চান্নং বেদা আপোঽমৃতং তথা।
মমৈতানি সদা গর্ভঃ পৃশ্নিগর্ভস্ততোহ্যহম্ ॥৪২॥
ঋষয়ঃ প্রাহুরেবং মাং ত্রিতং কূপনিপাতিতম্।
পৃশ্নিগর্ভ ত্রিতং পাহীত্যেকতদ্বিতপাতিতম্ ॥৪৩॥

ভারতকৌমুদী

দামোদরনাম নির্ব্বক্তি দমাদিতি। দিবং স্বর্গম্, উর্ব্বীং পৃথিবীম, মধ্যং গগণঞ্চ আশ্রয়ন্ত ইতি শেষঃ, জনাঃ দমাৎ ইন্দ্রিয়দমনাৎ মাং পরীপ্সন্তো লিপ্সমানাঃ সন্তঃ সিদ্ধিং কাময়ন্তি, তস্মাদহং দামোদরঃ। দম এব দামম্ প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অন্। দামেন উদিয়র্ত্তি মোক্ষলাভাদূর্দ্ধতিং প্রাপ্নোতি যস্মাদিতি ঋধাতোরপাদানে অল্ ॥৪১॥

পৃশ্নিগর্ভনাম নির্ব্বচনমাহ পৃশ্নিরিতি। পৃচ্ছ্যত ইতি পৃশ্নিঃ। এতানি অন্নাদীনি, গর্ভঃ অভ্যন্তরস্থানি। পৃশ্নির্গর্ভো যস্য স ইতি ব্যুৎপত্তিঃ ॥৪২॥

ভারতভাবদীপঃ

অত উক্তং মম তৎ পূর্ব্বময়নমিতি ॥৪০॥ বাসয়ত্যাচ্ছাদয়তিবিশ্বং বসন্ত্যস্মিন্ বিশ্বমিতি বা বাসুঃবস আচ্ছাদনেবস নিবাসে ইত্যনয়ো রূপে; স চাসৌ দেবশ্চেতি বাসুদেব ইত্যর্থঃ। এতেন "ঈশাবাস্য-মিদং সর্ব্বং" "কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাস" ইতি শ্রুত্যোরর্থঃ সংগৃহীতঃ ॥৪১॥ বিচ্ছ্ গতৌ তুদাদিঃ, বিচ্ছ্ দীপ্তৌ চুরাদিঃ, বিষু সেচনে ভ্বাদিঃ, বিষ৯ ব্যাপ্তৌ জুহোত্যাদিঃ, বিশ্ প্রবেশনে তুদাদিঃ, ষ্ণু প্রস্রবণেঽদাদি; এতেষামন্ত্যতমস্য রূপং বিষ্ণুরিত্যভিপ্রেত্যাহ—গতিরিতি। বিচ্ছন্তি গচ্ছন্তি লীয়ন্তেঽস্মিন্ বিচ্ছন্ত্যস্মাল্লোকা ইতি বা বেবেষ্টি ব্যাপ্নোতীতি বা বিচ্ছয়তি দীপ্যত ইতি

ভরতবংশীয় পৃথানন্দন! আমি সর্ব্বভূতের গতি বলিয়া 'বিষ্ণু'; কিংবা আমা হইতে সর্ব্বভূত উৎপন্ন হয় বলিয়া আমি 'বিষ্ণু'; অথবা আমি স্বর্গ ও মর্ত্ত্য ব্যাপিয়া রহিয়াছি বলিয়া 'বিষ্ণু'; বা আমার কান্তি সর্ব্বাপেক্ষা অধিক বলিয়া আমি 'বিষ্ণু'; কিংবা প্রলয়কালে আমি নিজদেহে সমস্ত ভূত প্রবেশ করাইতে ইচ্ছা করি বলিয়া আমি 'বিষ্ণু'; অথবা আমি বামনরূপে সমগ্র জগৎ আক্রমণ করিয়াছিলাম বলিয়া আমি 'বিষ্ণু' নামে অভিহিত হইয়া থাকি ॥৩৯—৪০॥

স্বর্গ, মর্ত্ত্য ও আকাশবর্ত্তী লোকেরা ইন্দ্রিয়দমননিবন্ধন আমাকে লাভ করিবার ইচ্ছা করিয়া, সিদ্ধি কামনা করে, সেই জন্য আমি 'দামোদর' ॥৪১॥

অন্ন, বেদ, জল ও অমৃতকে 'পৃশ্নি' বলা হয়, সেই অন্নপ্রভৃতি সর্ব্বদাই আমার গর্ভে থাকে; সেই জন্যই আমি 'পৃশ্নিগর্ভ' ॥৪২॥

ততঃ স ব্রহ্মণঃ পুত্র আদৌ হ্যৃষিবরস্ত্রিতঃ ।
উত্ততারোদপানাদ্বৈ পৃশ্নিগর্ভানুকীর্ত্তনাৎ ॥৪৪॥
সূর্য্যস্য তপতো লোকানগ্নেঃ সোমস্য চাপ্যুত ।
অংশবো যৎ প্রকাশন্তে মম তে কেশসংজ্ঞিতাঃ ।
সর্ব্বজ্ঞাঃ কেশবং তস্মান্মামাহুর্দ্বিজসত্তমাঃ ॥৪৫॥
স্বপত্ন্যামাহিতে গর্ভ উতথ্যেন মহাত্মনা ।
উতথ্যেঽন্তর্হিতে চৈব কদাচিদ্দেবমায়য়া ।
বৃহস্পতিরথাবিন্দৎ পত্নীং তস্য মহাত্মনঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

পৃশ্নিগর্ভনাম্নঃ প্রসিদ্ধিমাহ ঋষয় ইতি ! হে পৃশ্নিগর্ভ ! 'কূপনিপাতিতং ত্রিতং পাহি রক্ষ, ইত্যেবং ঋষয় একতদ্বিতাভ্যাং তদাখ্যাভ্যাং ভ্রাতৃভ্যাং কূপে পাতিতং ত্রিতমুদ্ধারয়িতুং মাং প্রাহুঃ ॥৪৩॥

তত ইতি । ততো ব্রহ্মণঃ পুত্র ঋষিবর স ত্রিতঃ পৃশ্নিগর্ভানুকীর্ত্তনাৎ উদপানাৎ কূপাৎ উত্ততার উত্তীর্ণো বভূব ॥৪৪॥

কেশবনাম নির্বক্তি সূর্য্যস্যেতি । যৎ যে, অংশবঃ কিরণাঃ, তে অংশবঃ মম কেশসংজ্ঞিতাঃ কেশবৎ সূক্ষ্মত্বাৎ, কেশা অস্য সন্তীতি কেশব ইত্যস্ত্যর্থে ব প্রত্যয়ঃ । ষট্পাদঃ শ্লোকঃ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

বা ॥৪২॥ অভিভূতানি সর্ব্বাণি প্রাণিজাতানি দিব্যাদিব্যান্যন্তেষু দেহাবসানেষু যদ্ব্রহ্ম ইচ্ছন্ ঐচ্ছন্ অড়ভাব আর্ষঃ ; ইচ্ছিতবন্তি তদাস্য সর্বকামপ্রপূরকমিতি বিশেষেণ স্নৌতি প্রস্রবতি কামক্ষীরমিতি বা চকারাৎ সিঞ্চতি জীবনং প্রাবিশতি হৃদয়ং ক্রামতি কার্য্যমিতি বা বিস্ফুরিতার্থঃ । এতেন "গচ্ছন্ত্যস্মিন্নাগচ্ছন্তি চ যস্মাৎ প্রজাঃ । যেনাবৃতং খঞ্চ দিবং মহীঞ্চ তস্য ভাসা সর্বমিদং বিভাতি । যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি তদ্ধাবতোঽন্যানত্যেতীতি । অস্মাদো বসুদান" ইত্যাদি-শ্রুত্যর্থ উক্তঃ ॥৪৩॥ দমনং দামস্তেন উদুংকর্ষেণ ঋচ্ছন্তি প্রাপ্নুবন্তীতি স্বর্গাদিকং যস্মাদিতি দামোদর ইত্যভিপ্রেত্যাহ—দমাদিতি ॥৪৪॥ পৃচ্ছন্ত্যেনং জিজ্ঞাসবো ধর্ম্মজাতমিতি বা পৃচ্ছ-ন্ত্যেনং ক্ষুৎপতাদয় ইতি বা পৃশ্নির্বেদোঽন্নাদি বা গর্ভো গর্ভস্থান্তঃ পৃশ্নিগর্ভোঽহমিত্যর্থঃ ॥৪৫॥

একদা একত ও দ্বিতনামক দুই ভ্রাতা ত্রিতনামক কনিষ্ঠ ভ্রাতাকে কূপমধ্যে নিপাতিত করিয়াছিলেন ; তখন তত্রত্য ঋষিরা আমাকে এইরূপ বলিয়াছিলেন যে, হে পৃশ্নিগর্ভ ! আপনি কূপনিপাতিত ত্রিতকে রক্ষা করুন ॥৪৩॥

তাহার পর সেই আদিকালে ব্রহ্মার পুত্র ঋষিশ্রেষ্ঠ ত্রিত 'পৃশ্নিগর্ভ' এই নাম কীর্ত্তন করার জন্যই, কূপ হইতে উত্থিত হইয়াছিলেন ॥৪৪॥

জগতের তাপকারী সূর্য্য, অগ্নি ও চন্দ্রের যে সকল কিরণ প্রকাশ পায়, সেই গুলিই আমার কেশ । অতএব সর্ব্বজ্ঞ ব্রাহ্মণেরা আমাকে 'কেশব' বলেন ॥৪৫॥

ততো বৈ তমৃষিশ্রেষ্ঠং মৈথুনোপগতং তথা।
উবাচ গর্ভঃ কৌন্তেয়! পঞ্চভূতসমান্বিতঃ ॥৪৭॥
পূর্ব্বাগতোঽহং বরদ! নার্হস্যম্বাং প্রবাধিতুম্।
এতদ্বৃহস্পতিঃ শ্রুত্বা চুক্রোধ চ শশাপ চ ॥৪৮॥
মৈথুনায়াগতো যস্মাত্ত্বয়াহং বিনিবারিতঃ।
তস্মাদন্ধো যাস্যসি ত্বং মচ্ছাপান্নাত্র সংশয়ঃ ॥৪৯॥
স শাপাদৃষিমুখ্যস্য দীর্ঘং তম উপেযিবান্।
স হি দীর্ঘতমা নাম নাম্না হ্যাসীদৃষিঃ পুরা ॥৫০॥

ভারতকৌমুদী

স্বেতি। মহাত্মনা উতথ্যেন তদাখ্যেন জ্যেষ্ঠ ভ্রাত্রা স্বপত্ন্যাং নিজভার্য্যায়াং গর্ভে আহিতে জনিতে সতি, দেবমায়য়া দেবানাং ছলেন কদাচিত্তস্মিন্নুতথ্যে অন্তর্হিতে চ সতি বৃহস্পতিঃ তস্য মহাত্মনঃ উতথ্যস্য পত্নীম্ অবিন্দৎ মৈথুনায়ালভত। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪৬॥

তত ইতি। তং বৃহস্পতিম্। পঞ্চভূতৈঃ ক্ষিত্যাদিভিঃ সমন্বিতো যুক্তঃ। তথাবিধোঽপি পিতৃপ্রভাবাদেব বক্তুং শক্ত আসীদিতি ভাবঃ ॥৪৭॥

পূর্ব্বেতি। অম্বাং মম মাতরং প্রবাধিতুং পুনর্গর্ভাধানেন পীড়য়িতুম্ ॥৪৮॥

মৈথুনায়েতি। অন্ধঃ সন্নেব, যাস্যসি উদরান্মোচনং প্রাপ্স্যসি ॥৪৯॥

ভারতভাবদীপঃ

ঋষয় ইতি। দ্বাবেতন্নামজপফলমাহতুঃ ॥৪৬—৪৭॥ কেশৈঃ কেশবৎ সূক্ষ্মৈঃ সূর্য্যাদিরশ্মিভিস্তদ্রূপেণ বা বাতি গচ্ছতীতি কেশব ইত্যাহ—সূর্য্যস্যেতি। "যদাদিত্যগতং তেজো জগদ্ভাসয়তেঽখিলম্। যচ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ তত্তেজো বিদ্ধি মামক"মিতি। ভগবদ্বচনার্থঃ কেশবপদব্যুৎপত্ত্যুক্ত্যা

মহাত্মা উতথ্য আপন ভার্য্যার গর্ভাধান করিলে এবং দেবগণের মায়ায় সেই উতথ্য স্থানান্তরে গেলে, বৃহস্পতি সেই মহাত্মা উতথ্যের পত্নীর সহিত রমণ করিবার জন্য উপস্থিত হইলেন ॥৪৬॥

কুন্তীনন্দন! তদনন্তর ঋষিশ্রেষ্ঠ বৃহস্পতি মৈথুন করিবার জন্য উপস্থিত হইলে, সেই পঞ্চভূতময় গর্ভ বলিল—॥৪৭॥

'বরদ! আমি পূর্ব্বে ইঁহার গর্ভে আসিয়াছি। সুতরাং আপনি পুনরায় গর্ভ উৎপাদন করিয়া, মাতৃদেবীকে পীড়িত করিবেন না।' ইহা শুনিয়া বৃহস্পতি ক্রুদ্ধ হইলেন এবং অভিসম্পাত করিলেন ॥৪৮॥

আমি মৈথুন করিবার জন্য আসিয়াছিলাম; তাহাতে তুই যখন আমাকে বারণ করিলি; তখন তুই নিশ্চয়ই আমার অভিসম্পাতে অন্ধ হইয়া উদর হইতে নির্গত হইবি ॥৪৯॥

বেদানবাপ্য চতুরঃ সাঙ্গোপাঙ্গান্ সনাতনান্।
প্রযোজয়ামাস তদা নামগুহ্যমিদং মম।
আনুপূর্ব্ব্যেণ বিধিনা কেশবেতি পুনঃ পুনঃ ॥৫১॥
স চক্ষুষ্মান্ সমভবদ্গোতমশ্চাভবৎ পুনঃ।।
এবং হি বরদং নাম কেশবেতি মমার্জ্জুন!।
দেবানামথ সর্ব্বেষামৃষীণাঞ্চ মহাত্মনাম্ ॥৫২॥
অগ্নিঃ সোমেন সংযুক্ত একযোনিত্বমাগতঃ।
অগ্নীষোমময়ং তস্মাজ্জগৎ কৃৎস্নং চরাচরম্ ॥৫৩॥

ভারতকৌমুদী

স ইতি। স গর্ভঃ। ঋষিমুখ্যস্য বৃহস্পতেঃ শাপাৎ দীর্ঘং তমঃ অন্ধকারং উপেয়িবান্ প্রাপ্তবান্ ॥৫০॥

বেদানিতি। অবাপ্য অধীত্য, অঙ্গৈঃ শিক্ষাদিভিঃ, উপাঙ্গৈঃ পুরাণাদিভিশ্চ সহেতি তান্, সনাতনান্ নিত্যান্, প্রযোজয়ামাস জজাপ। আনুপূর্ব্ব্যেণ পূর্ব্বানুষ্ঠেয়গুর্ব্বাদিনমস্কারাদিনা। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫১॥

স ইতি। স দীর্ঘতমা, কেশবনামজপেন চক্ষুষ্মান্ সাধারণ্যেন দৃষ্টিশক্তিমান্, পুনশ্চাধিকজপেন গোতমঃ অসাধারণ্যেন দৃষ্টিশক্তিমান্ অভবৎ। অত্র গোশব্দশ্চক্ষুর্ব্বাচী। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫২॥

গন্ধেনাদিসৃষ্টিবর্ণনাত্মকং পরাধ্যায়ং সূচয়তি অগ্নিরিতি। একযোনিত্বমভিন্নকারণত্বম্ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

সিদ্ধঃ ॥৪৮॥ কেশবশব্দজপফলমদ্ধস্য চক্ষুঃপ্রাপ্তিরিত্যাহ ॥৪৯—৫১॥ গোতমঃ গোশব্দেন চক্ষুরুচ্যতে চক্ষুষ্মত্তম ইত্যর্থঃ ॥৫২॥ তাপনাদাপ্যায়নাচ্চ লোকং হর্ষয়ত ইতি হৃষী, অগ্নীষোমৌ জাঠরাগ্ন

ঋষিশ্রেষ্ঠ বৃহস্পতির অভিসম্পাতে সেই গর্ভ প্রগাঢ় অন্ধকার প্রাপ্ত হইল; তাহাতেই সেই সন্তান যথাসময়ে ঋষি হইয়াও 'দীর্ঘতমা' এই নাম ধারণ করিয়াছিল ॥৫০॥

দীর্ঘতমা শিক্ষাকল্পপ্রভৃতি অঙ্গশাস্ত্র এবং পুরাণাদি উপাঙ্গশাস্ত্রের সহিত সনাতন চারিটি বেদ অধ্যয়ন করিয়া, প্রথমানুষ্ঠেয় গুর্ব্বাদি নমস্কারপূর্ব্বক, বার বার আমার এই গোপনীয় 'কেশব' নাম জপ করিয়াছিলেন ॥৫১॥

তাহাতে তিনি প্রথমে দৃষ্টিশক্তিশালী হইলেন, পরে আরও জপ করিয়া অসাধারণ দৃষ্টিশক্তিসম্পন্ন হইয়াছিলেন। অতএব অর্জ্জুন! আমার এই 'কেশব' নাম সমস্ত দেবতা ও মহাত্মা ঋষিগণের মতে বরদান করিয়া থাকে ॥৫২॥

অপি হি পুরাণে ভবতি একযোন্যাত্মকাবগ্নীষোমৌ দেবাশ্চাগ্নিমুখা ইতি ॥৫৪॥
একযোনিত্বাচ্চ পরস্পরং হর্ষয়ন্তো লোকান্ ধারয়ন্ত ইতি ॥৫৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষ-ধর্ম্মে নারায়ণীয়ে সপ্তবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অপীতি। ভবতি উক্তং তিষ্ঠতি, একযোন্যাত্মকৌ এককারণরূপৌ অগ্নিরেব মুখং যেষাং তে ॥৫৪॥

একেতি। হর্ষয়ন্ত আনন্দয়ন্তঃ। দ্বয়োরপি গৌরবাদ্বহুবচনম্ ॥৫৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে সপ্তবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

রূপৌ, তৌ কেশা ইব যস্যেতি হৃষীকেশ ইত্যেতমর্থং ব্যুৎপাদয়িতুমগ্নীষোময়োর্ভোগ্যয়োরেকযোনিত্ব মাহ—দেবানামিত্যাদিনা ॥৫১—৫৪॥ একযোনিত্বং বিনা ভোক্তৃভোগ্যভাবাসম্ভবঃ অন্যথা বায়্বগ্নিযোস্তয়োঃ স্পর্শচক্ষুষোরপি ভোগ্যভোক্তৃভাবঃ স্যাদিত্যাশয়েনাহ—পরস্পরমর্হন্ত ইতি। ভোক্তৃভোগ্যত্বমিতি শেষঃ ॥৫৫॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩২৭॥

অগ্নি সোমের সহিত মিলিত হইয়া এককারণত্ব প্রাপ্ত হইয়াছিলেন; তাহাতে স্থাবরজঙ্গমাত্মক সমগ্র জগৎই অগ্নীষোমময় ॥৫৩॥

তারপর পুরাণে উক্ত রহিয়াছে যে, অগ্নি ও সোম এককারণস্বরূপ এবং দেবগণের মুখ অগ্নি ॥৫৪॥

ইঁহারা এককারণ বলিয়া পরস্পর আনন্দ উৎপাদন করেন, এবং সমস্ত লোক ধারণ করিতেছেন ॥৫৫॥

(৫৫) পরস্পরমর্হন্তঃ লোকানধারয়ন্ত··· বঙ্গ বর্দ্ধ।

* '···একচত্বারিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···পঞ্চাশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ'—নি।

অষ্টাবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—::—

অর্জ্জুন উবাচ :

অগ্নীষোমৌ কথং পূর্ব্বমেকযোনী প্রবর্ত্তিতৌ।
এষ মে সংশয়ো জাতস্তং ছিন্ধি মধুসূদন! ॥১॥

শ্রীভগবানুবাচ।

হন্ত তে বর্ত্তয়িষ্যামি পুরাণং পাণ্ডুনন্দন!।
আত্মতেজোদ্ভবং পার্থ! শৃণুষ্বৈকমনা মম! ॥২॥

সংপ্রক্ষালনকালেঽতিক্রান্তে চতুর্যুগসহস্রান্তে,
অব্যক্তে সর্বভূতপ্রলয়ে সর্ব্বভূতস্থাবরজঙ্গমে,
জ্যোতির্ধরণিবায়ুরহিতে অন্ধে তমসি জলৈকার্ণবে লোকে,
আপ ইত্যেবং ব্রহ্মভূতসংজ্ঞকেঽদ্বিতীয়ে প্রতিষ্ঠিতে,
ন বৈ রাত্র্যাং ন দিবসে ন সতি নাসতি ন ব্যক্তে-
ন চাপ্যব্যক্তে ব্যবস্থিতে, এবমস্যামবস্থায়াং নারায়ণগুণাশ্রয়া-
দজরামরাদনিন্দ্রিয়াদগ্রাহ্যাদসম্ভবাৎ সত্যাদহিংস্রাল্ললামাদ্বি-

ভারতকৌমুদী

অগ্নীতি। একৈব যোনিঃ কারণং যয়োস্তৌ, প্রবর্ত্তিতৌ প্রবৃত্তৌ জাতৌ ॥১॥

হন্তেতি। হন্তশব্দো হর্ষে। হর্ষশ্চ বক্তব্যবৈচিত্র্যাৎ। বর্ত্তয়িষ্যামি উপস্থাপয়িষ্যামি বক্ষ্যামীত্যর্থঃ, পুরাণং সর্ব্বপ্রাচীনং বৃত্তান্তম্, আত্মনো ব্রহ্মণস্তেজস উদ্ভবতীতি তম্। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥২॥

অর্জ্জুন বলিলেন—'মধুসূদন! অগ্নি ও চন্দ্র কি প্রকারে পূর্ব্বে এক কারণ হইতে উৎপন্ন হইয়াছিলেন, আমার এই সংশয় উৎপন্ন হইয়াছে, আপনি তাহা ছেদন করুন ॥১॥

ভগবান্ বলিলেন—'পাণ্ডুনন্দন পৃথাপুত্র! আমি তোমার নিকট আত্মতেজ হইতে উৎপন্ন অতিপূর্ব্বের সেই বৃত্তান্ত বলিতেছি তুমি আমার নিকট হইতে তাহা একাগ্রচিত্ত হইয়া শ্রবণ কর ॥২॥

বিধপ্রবৃত্তিবিশেষাদবৈরাদক্ষয়াদরজ দমূর্ত্তিতঃ সর্ব্বব্যাপিনঃ সর্ব্বকর্ত্তুঃ শাশ্বতস্তমসঃ পুরুষঃ প্রাদুর্ভূতো হরিরব্যয়ঃ ॥৩॥ নিদর্শনমপি হ্যত্র ভবতি ॥৪॥ নাসীদহঃ ॥৫॥

ভারতকৌমুদী

সম্প্রেতি। সংপ্রক্ষালনকালে প্রলয়জলধিজলেন জগৎপ্লাবনসময়ে অতিক্রান্তে, চতুর্যুগস্য সত্যত্রেতাদ্বাপরকলিযুগানাং সহস্রস্য অন্তে অবসানে, অব্যক্তে সর্ব্বস্মিন্নেবাস্পষ্টে, সর্ব্বেষামেব ভূতানাং প্রলয়ে, সর্ব্বভূতানি ব্রহ্মপ্রবিষ্টত্বাৎ সর্ব্বব্যাপিব্রহ্মভূতানি স্থাবরজঙ্গমানি যত্র তস্মিন্, লোকে জগতি জ্যোতির্ধরণিবায়ুরহিতে অন্ধে তমসি মগ্নে, জলৈকার্ণবে তদ্রূপে, আপ ইত্যেবং আপো বৈ পুরুষবচসো ভবন্তি" ইতি শ্রুতেঃ, ব্রহ্মেতি ভূতসংজ্ঞা যত্র তস্মিন্, অদ্বিতীয়ে ব্রহ্মণি প্রতিষ্ঠিতে, ন রাত্র্যাং চন্দ্রনক্ষত্ররাহিত্যাৎ, ন দিবসে সূর্য্যাভাবাৎ, ন সতি মৃত্তিকাদিকারণে, নাসতি ঘটাদিকার্য্যে, ন ব্যক্তে মহদাদৌ, নচাপ্যব্যক্তে প্রধানে, ব্যবস্থিতে বিশেষেণ স্থিতে সতি, নারায়ণস্য গুণানাং শৌর্য্যদয়াদীনাম্ আশ্রয়ো যস্মাত্তস্মাৎ, অজরামরাৎ জরামরণরহিতাৎ, অনিন্দ্রিয়াৎ নিরাকারতয়া ইন্দ্রিয়শূন্যাৎ, অগ্রাহ্যাৎ অজ্ঞানিভিরজ্ঞেয়াৎ, ন সম্ভবতি নোৎপদ্যত ইত্যসম্ভবস্তস্মাৎ, সত্যাৎ ত্রিষপি কালেষু বাধাভাবেন সত্যস্বরূপাৎ, অহিংস্রাদহিংসাশীলাৎ, ললামাৎ সর্ব্বশ্রেষ্ঠাৎ, বিবিধাঃ প্রবৃত্তিবিশেষা উৎপত্তিভেদা যস্মাৎ তস্মাৎ, অবৈরাৎ শত্রুতারহিতাৎ সর্ব্বসমানাৎ, অক্ষয়াৎ, অরজাৎ রজোগুণরহিতাৎ। অদন্তস্ত্বমার্ষম্। অমূর্ত্তিতো নিরাকারাৎ ব্রহ্মণঃ শাশ্বতো নিত্যঃ, তমসঃ পরবর্ত্তীতি শেষঃ, পুরুষঃ পুরুষসংজ্ঞকঃ, অব্যয়ঃ অক্ষয়ো হরিঃ প্রাদুর্ভূতঃ প্রকাশিতোঽভূৎ ॥৩॥

নীতি। অত্র সৃষ্টেঃ পূর্ব্বাবস্থায়াং নিদর্শনমপি তৎস্বরূপদৃষ্টান্তোঽপি ভবতি ॥৪॥

নেতি। অহর্দিবা তদানীং নাসীৎ, সূর্য্যাভাবাৎ ॥৫॥

ভারতভাবদীপঃ

অগ্নীষোমাবিতি ॥১॥ তেজোঽম্বঃ সন্ধিরার্ষঃ ॥২॥ সম্প্রক্ষালনকালে প্রলয়কালে চতুর্যুগানাং

প্রলয়সমুদ্র কর্ত্তৃক জগৎপ্লাবন সময় অতীত হইলে, সত্যাদি চতুর্যুগসহস্রের অবসানে, সমস্ত পদার্থ অস্পষ্ট থাকিলে, সমস্ত ভূতের লয় হইলে, স্থাবর ও জঙ্গম ব্রহ্মে লীন থাকিলে, তেজ, পৃথিবী ও বায়ু না থাকিলে, সমগ্র জগৎ অন্ধকারে মগ্ন থাকিলে, একমাত্র জলসমুদ্রই রহিলে, অদ্বিতীয় পরব্রহ্ম 'জল' এইরূপ নাম ধারণ করিয়া প্রতিষ্ঠিত রহিলে, এবং রাত্রি, দিন, কারণ, কার্য্য, ব্যক্ত বা অব্যক্ত কিছুই না থাকিলে, এই অবস্থায় নারায়ণগুণাবলম্বী অজর, অমর, অনিন্দ্রিয়, অজ্ঞেয়, অনুৎপন্ন, সত্য, অহিংসাশীল, সর্বশ্রেষ্ঠ, সর্বোৎপাদক, সর্বত্র সমদর্শী, রজোগুণশূন্য, অচল, নিরাকার, সর্বব্যাপী, সর্বকর্ত্তা ও তমোগুণের পরবর্ত্তী পরব্রহ্ম হইতে সনাতন পুরুষ ও অনশ্বর—হরি আবির্ভূত হইয়াছিলেন ॥৩॥

(৩) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদো দ্রষ্টব্যঃ।

ন রাত্রিরাসীৎ ॥৬॥ ন সদাসীৎ ॥৭॥ নাসদাসীৎ ॥৮॥
তম এব পুরস্তু দভবদ্ বিশ্বরূপম্ ॥৯॥ সা বিশ্বরূপস্য

ভারতকৌমুদী

নেতি। তদানীং রাত্রির্নাসীৎ, চন্দ্রনক্ষত্রাসত্ত্বাৎ ॥৬॥

নেতি। সৎ কারণং নাসীৎ, মৃত্তিকাদ্যভাবাৎ ॥৭॥

নেতি। অসৎ কার্য্যমপি নাসীৎ, ঘটাদ্যসত্ত্বাৎ ॥৮॥

তর্হি তদানীং কিমাসীদিত্যাহ তম ইতি। পুরস্তাৎ তস্মিন্ পূর্ব্বকালে তম একোঽন্ধকার এব বিশ্বরূপং সর্ব্বরূপমভবদাসীৎ। অতএব মনুরপি ব্রবীতি "আসীদিদং তমোভূতম্" ॥৯॥

ভারতভাবদীপঃ

সংহৃত্য তদন্তে জলৈকার্ণবে সলিলবচ্ছিদেকসমুদ্রে ॥৩॥ আপ ইত্যেবমিতি। "সলিল একো দ্রষ্টা-দ্বৈতো ভবতী"তি শ্রুতৌ ব্রহ্মভূতস্যাপ্যর্থায়সলিলশব্দেনোপাদানাৎ একার্ণববদদ্বিতীয়ে ইত্যর্থঃ। প্রতিষ্ঠিতে স্বমহিম্নীতি শেষঃ ॥৪॥ "ন রাত্র্যাম্ অহ্ন আসীৎপ্রকেতঃ। নাসদাসীন্নো সদাসী ত্তদানীং নাসীদ্রজো নো ব্যোমাপরোঽযদি"ত্যেতাবতঃ শ্রুতিভাগস্যার্থং সংগৃহ্লাতি—ন বৈ রাত্র্যামিতি। সতি প্রধানে, অসতি শূন্যে, ব্যক্তে পরমাণ্বাদৌ, অব্যক্তে মায়াশবলে পরব্যোমাখ্যে ॥৫॥ এবং নির্ব্বিশেষসন্মাত্রে ব্রহ্মণি ব্যবস্থিতে সত্যনির্ব্বচনীয়াত্তমসঃ সৃষ্টিমাহ—এবমস্যামিত্যা-দিনা নারায়ণগুণানামৈশ্বর্য্যাদীনামাশ্রয়াদজরামরত্বং ভূতাকাশেঽস্তি; ন তু তস্য শ্রোত্রেন্দ্রিয়া-শ্রয়ো নিরিন্দ্রিয়ত্বমস্যাত উক্তমনিন্দ্রিয়াদিতি। তদপি কালেঽস্তীত্যত আহ—অগ্রাহ্যাদিতি কালস্যাপি ষড়িন্দ্রিয়বেদ্যত্বমস্তি ইদানীং ঘটং পশ্যামীত্যাদ্যনুভবাৎ। বিশিষ্টপ্রত্যক্ষস্য চ বিশেষণ-প্রত্যক্ষং বিনাসম্ভবাদিত্যর্থঃ। অথবা তার্কিকাভিমতমনঃপ্রত্যক্ষাত্মব্যাবৃত্ত্যর্থমিদম্। তটস্থেশ্বরে বারণার্থমাহ—অসম্ভবাদিতি। তস্য হি ক্ষিত্যাদিকং সকর্ত্তৃকং কার্য্যত্বাৎ সম্মতবদিত্যনুমানতঃ সম্ভবোঽস্তি। ন চৈতত্তথাস্য জড়ত্বাভ্যুপগমাৎ। সত্যাৎ ব্যবহারত ইতি শেষঃ। ন তু পরীক্ষাতঃ সত্যত্বমস্যাস্তি, তত্র হেতুঃ—অহিংস্রাদিতি। স্বপ্নব্যাঘ্রো হি নিদ্রাদোষেণোপপ্লুতং ভীষয়ত্যেব ন তু হিনস্তি তদ্বদেতৎ সত্যত্বে অহিংস্রত্বং নোপপদ্যতেত্যর্থঃ। নন্বেবং নামান্তরেণাস-দেবোক্তং, নেত্যাহ—নানামাদিতি। চিন্তামণিরত্নবস্তাবরূপাদিত্যর্থঃ। অতএব বিবিধাঃ প্রবৃত্তি-বিশেষা যস্মাৎ ভাবরূপত্বেঽপি জড়ত্বাত্ত্বচ্ছত্বাচ্চ নৈরক্ষ্যজরামৃত্যুমূর্ত্তয়োঽস্য ন সম্ভবন্তি। ঈদৃশমপি সর্ব্বব্যাপকং সর্ব্বকর্ত্তৃ চেতি। শশ্বত্তবমনাদি, পঞ্চম্যর্থে প্রথমা। তমসঃ সকাশাচ্চিদাত্মা প্রাদু-র্ভূতো ব্যক্ততাং গতোঽহম্প্রত্যয়বিষয়ত্বং গতং হরিরব্যয়ঃ ॥৬॥ নিদর্শনং শ্রুতিরূপং প্রমাণম্ ॥৭॥ তদেব পঠতি—নাসীদিতি। তম এব পুরস্তাদভবদ্বিশ্বরূপমিত্যস্মিন্নর্থে শ্রুত্যন্তরমপ্যস্তি—তম আসীত্তমসা গূঢ়মগ্রেঽপ্রকেতং সলিলং সর্ব্বমা ইদং তুচ্ছ্যোনাভ্বপিহিতং যদাসীত্তমসাস্তন্মহিনা জায়তৈক"মিতি। এষা শ্রুতিঃ প্রাগ্ব্যাখ্যাতা এবমস্যার্থোঽনুভাষ্যঃ। অগ্নীষোময়োরেকযোনিত্বং ভাষিতমেব, শুদ্ধাত্মাংশেনোক্ত্যা পুনরপ্যনুভাষ্যঃ হরিপ্রভবত্বেনেত্যর্থঃ ॥৮॥ তদেবাহ—তদ্যেদানী-

এই সৃষ্টির পূর্ব্বকালে এইরূপ অবস্থা ছিল ॥৪॥ দিন ছিল না ॥৫॥ রাত্রি ছিল

রজনী হি ॥১০॥ এবমস্যার্থোঽনুভাষ্যঃ ॥১১॥ তস্যেদানীং
তমসঃ সম্ভবস্য পুরুষস্য ব্রহ্মযোনের্ব্রহ্মণঃ
প্রাদুর্ভাবে স পুরুষঃ প্রজাঃ সিসৃক্ষমাণো নেত্রাভ্যা
মগ্নীষোমৌ সসর্জ্জ ॥১২॥ ততো ভূতসর্গেষু সৃষ্টেষু
প্রজাঃ ক্রমবশাদ্‌ব্রহ্মক্ষত্রমুপাতিষ্ঠন্ ॥১৩॥
যঃ সোমস্তদ্‌ব্রহ্ম ॥১৪॥ যদ্‌ব্রহ্ম তে ব্রাহ্মণাঃ ॥১৫॥

ভারতকৌমুদী

সেতি। সা হি তমোঽবস্থৈব বিশ্বরূপস্য নারায়ণস্য রজনী, তমোময়ত্বাৎ ॥১০॥

এবমিতি। অস্য বিশ্বরূপস্য এবমীদৃশঃ অর্থস্তদানীন্তনো বিষয়ঃ, অনুভাষ্যো ময়া বক্তব্যঃ ॥১১॥

তস্যেতি। ইদানীম্ অস্মিন্ সৃষ্টিপ্রাক্‌কালে, তমসঃ অন্ধকারাৎ সম্ভবস্য প্রকাশমানস্য তস্য পুরুষস্য, পুরুষপদবাচ্যস্য, ব্রহ্মযোনের্বেদকারণস্য, ব্রহ্মণশ্চিন্ময়স্য প্রাদুর্ভাবে সতি, স এব পুরুষঃ, প্রজা লোকান্, সিসৃক্ষমাণঃ স্রষ্টুমিচ্ছন্, নেত্রাভ্যাং চক্ষুর্দ্বয়াৎ অগ্নীষোমৌ সসর্জ্জ। এতেন এক স্মাদেব তস্মাৎ পুরুষাদগ্নীষোময়োর্জাতত্বেন তয়োরেকযোনিত্ব মুক্তং বোধ্যম্ ॥১২॥

তত ইতি। ততঃ, ভূতানাং ক্ষিত্যাদীনাং সর্গেষু স্বভাবেষু স্বরূপেষু সৃষ্টেষু সৎসু, "সর্গঃ স্বভাবনির্মোক্ষনিশ্চয়াধ্যায়সৃষ্টিষু" ইত্যমরঃ, প্রজা লোকাঃ, ক্রমবশাৎ প্রধানক্রমানুরোধাৎ, ব্রহ্ম ব্রাহ্মণং ক্ষত্রং ক্ষত্রিয়ঞ্চ উপাতিষ্ঠন্ স্বসৃষ্টৌ অবালম্বন্ত, প্রথমং ব্রাহ্মণক্ষত্রিয়ৌ বভূবতুরিত্যর্থঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

মিত্যাদিনা। স পুরুষঃ ব্রহ্মণা ব্রাহ্মণেন। মন্ত্রবাদোঽপি ব্রাহ্মণমাহাত্ম্যপ্রখ্যাপকঃ ॥৯॥ হে অগ্নে ত্বং দেবাদীনাং হিতোঽসি যতস্ত্বং যজ্ঞানাং হোতা হোতৃস্বরূপো ঋত্বিগসি। হোতৃত্বেঽগ্নিং স্তুব-ন্নগ্নিতোঽপি হোতা ব্রাহ্মণোঽধিক ইতি দর্শিতম্ ॥১০॥ সংক্ষিপ্য মন্ত্রং ব্যাচষ্টে—নিদর্শনমিতি ॥১১॥ বিস্তরেণ ব্যাচষ্টে—অগ্নিহীতি। হোতা ঋত্বিক্ কর্ত্তা যজমানঃ উভৌ হোতৃশব্দার্থঃ, উভয়রূপী অগ্নির্ব্রহ্ম ব্রাহ্মণঃ ॥১২॥ ব্রাহ্মণস্য বেদধারিত্বেন ব্রহ্মভাবমুপপাদয়তি—ন হীত্যাদিনা ॥১৩॥

না ॥৬॥ কারণ ছিল না ॥৭॥ কার্য্য ছিল না ॥৮॥ একমাত্র অন্ধকারই সেই পূর্ব্ব-কালে জগতের রূপ ছিল ॥৯॥ সেইটাই বিশ্বরূপধারী নারায়ণের রাত্রি ॥১০॥ তৎ-কালে সেই বিশ্বরূপের এইরূপ বিষয় ছিল, তাহা আমি বলিতেছি ॥১১॥

এই সময়ে সেই অন্ধকাররাশি হইতে প্রকাশমান, পুরুষপদবাচ্য ও বেদবক্তা পরব্রহ্মের আবির্ভাব হইলে, সেই পুরুষপদবাচ্য পরব্রহ্মই লোকসকল সৃষ্টি করিবার ইচ্ছা করিয়া প্রথমে নিজের নয়নযুগল হইতে অগ্নি ও চন্দ্রকে সৃষ্টি করেন ॥১২॥

তাহার পর ক্ষিতিপ্রভৃতি পঞ্চভূত সৃষ্টি হইলে, প্রথমে ব্রাহ্মণের পরে ক্ষত্রিয়ের সৃষ্টি হয় ॥১৩॥

যোঽগ্নিস্তৎ ক্ষত্রম্ ॥১৬॥ ক্ষত্রাদ্‌ব্রহ্ম বলবত্তরম্ ॥১৭॥
কস্মাদিতি ॥১৮॥ লোকপ্রত্যক্ষগুণমেতৎ ॥১৯॥ তদ্‌যথা ॥২০॥
ব্রাহ্মণেভ্যঃ পরং ভূতং নোৎপন্নপূর্ব্বম্ ॥২১॥ দীপ্যমানে
ঽগ্নৌ জুহোতি যো ব্রাহ্মণমুখে জুহোতীতি কৃত্বা
ব্রবীমি ॥২২॥ ভূতসর্গঃ কৃতো ব্রহ্মণা ॥২৩॥ ভূতানি চ

ভারতকৌমুদী

য ইতি। সোমশ্চন্দ্রঃ ॥১৪॥

যদিতি। তথা চামরঃ "বেদস্তত্ত্বং তপো ব্রহ্ম ব্রহ্মা বিপ্রঃ প্রজাপতিঃ" ॥১৫॥

য ইতি। ক্ষত্রং ক্ষত্রিয়ঃ ॥১৬॥

ক্ষত্রাদিতি। বলবত্তরম্ আধিক্যেন বলবৎ ॥১৭॥

কস্মাদিতি। ইতি ক্ষত্রাদ্‌ব্রহ্মণো বলবত্তরত্বম্ কস্মাদিতি প্রশ্নঃ ॥১৮॥

লোকেত্যাদিকং তূত্তরমাহ। লোকানাং প্রত্যক্ষো গুণ উৎকর্ষ যত্র তৎ ॥১৯॥

তদিতি। তৎ লোকপ্রত্যক্ষগুণত্বম্ ॥২০॥

ব্রাহ্মণেভ্য ইতি। পরমুৎকৃষ্টম্, ভূতং প্রাণী ॥২১॥

দীপ্যেতি। জুহোতি অন্নাদিকং দদাতি। ব্রাহ্মণভোজনং হোমতুল্যফলজনকমিত্যর্থঃ। ইতি মনসি কৃত্বা উক্তরূপং ব্রবীমি ॥২২॥

ভূতেতি। ব্রহ্মণা পরমাত্মনা, ভূতসর্গঃ, প্রাণিসৃষ্টিঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

অগ্নাবিতি। অগ্নৌ হুতে সতি ব্রাহ্মণো ন তৃপ্যতি ব্রাহ্মণমুখে হুতং চেদগ্ন্যাদয়ো দেবতা ব্রাহ্মণ শরীরং প্রবিশ্য ধারয়ন্ত্যতস্তৎতৃপ্ত্যা তৃপ্যন্তীতি শতপথবাক্যার্থঃ ॥১৪—১৬॥ শৈক্য ইব শৈক্যঃ শিক্য-সমুদায়ঃ যথা শিক্যং গব্যাদীন্ ধারয়তি এবং ব্রাহ্মণো মন্ত্যাদীনীত্যর্থঃ ॥১৭—১৮॥ গর্গরো

যিনি চন্দ্র তিনিই ব্রহ্ম ॥১৪॥

যিনি ব্রহ্ম তিনিই ব্রাহ্মণ ॥১৫॥

যিনি অগ্নি তিনিই ক্ষত্রিয় ॥১৬॥

ব্রাহ্মণ ক্ষত্রিয় হইতে অধিক বলশালী ॥১৭॥

ইহা কেন ? ॥১৮॥ ব্রাহ্মণের এই উৎকর্ষ লোকের প্রত্যক্ষ ॥১৯॥

তাহার প্রমাণ - ॥২০॥

ব্রাহ্মণ হইতে উৎকৃষ্ট প্রাণী পূর্বে উৎপন্ন হয় নাই ॥২১॥

যে লোক ব্রাহ্মণের মুখে অন্নাদি দান করে, সে লোক প্রজ্বলিত অগ্নিতে হোম করে ; ইহা মনে করিয়াই আমি বলিতেছি ॥২২॥

পরব্রহ্ম প্রাণিসৃষ্টি করিয়াছেন ॥২৩॥

প্রতিষ্ঠাপ্য ত্রৈলোক্যং ধার্য্যত ইতি ॥২৪॥ মন্ত্রবাদোঽপি হি ভবতি ॥২৫॥ ত্বমগ্নে ! যজ্ঞানাং হোতা বিশ্বেষাং হিতো দেবানাং মানুষাণাঞ্চ জগত ইতি ॥২৬॥ নিদর্শনঞ্চাত্র ভবতি ॥২৭॥ বিশ্বেষামগ্নে ! যজ্ঞানাং ত্বং হোতেতি ॥২৮॥ ত্বং হিতো দেবৈর্মনুষ্যৈর্জগত ইতি ॥২৯॥ অগ্নির্হি যজ্ঞানাং হোতা কর্ত্তা চ স চাগ্নির্ব্রহ্ম ॥৩০॥ ন হ্যৃতে মন্ত্রাণাং হবনমস্তি ॥৩১॥ ন বিনা পুরুষং তপঃ সম্ভবতি ॥৩২॥ হবির্ম্মন্ত্রাণাং সংপূজা

ভারতকৌমুদী

ভৃত্বানীতি। প্রতিষ্ঠাপ্য যথাস্থানে নিধায় ত্রৈলোক্যং ধার্য্যতে তেন ব্রহ্মণা। "তস্মিন্ লোকাঃ শ্রিতাঃ সর্ব্বে" ইতি শ্রুতেঃ ॥২৪॥

স্বাভিপ্রেতার্থে বেদমপি প্রমাণয়িতুমাহ মন্ত্রেতি। মন্ত্রস্য বাদো বাক্যম্ ॥২৫॥

ত্বমিতি। হোতা ঋত্বিক্। বিশ্বেষাং সর্ব্বেষাম্ ॥২৬॥

নীতি। অত্রার্থে নিদর্শনং বেদবাদোঽপি দৃষ্টান্তো ভবতি ॥২৭॥

বিশ্বেষামিতি। বিশ্বেষাং সর্ব্বেষাং যজ্ঞানাম্, হোতা ঋত্বিক্ ॥২৮॥

ত্বমিতি। হে অগ্নে ! ত্বং জগতো হিত ইতি দেবৈর্মনুষ্যৈশ্চ গীয়ত ইতি শেষঃ ॥২৯॥

অগ্নিরিতি। হোতা ঋত্বিক্, কর্ত্তা যজমানশ্চ, ব্রহ্ম পরমাত্মা ॥৩০॥

নহীতি। মন্ত্রাণাং মন্ত্রান্, ঋতে বিনা, হবনমাহুতিঃ নাস্তি ন সম্ভবতি ॥৩১॥

বিনেতি। পুরুষং তপঃকর্ত্তারম্ ॥৩২॥

তাহার পর তিনি সেই প্রাণিগণকে যথাস্থানে স্থাপন করিয়া ত্রিভুবন ধারণ করিতেছেন ॥২৪॥

এ বিষয়ে মন্ত্রবাক্যও শ্রুত হইয়া থাকে ॥২৫॥

অগ্নি ! তুমি যজ্ঞে হোমসম্পাদক এবং সমস্ত দেবতা, মানুষ ও জগতের হিতকারী ॥২৬॥

এবিষয়ে নিদর্শনও আছে ॥২৭॥

অগ্নি ! তুমি সমস্ত যজ্ঞের হোমসম্পাদক ॥২৮॥

অগ্নি ! তুমি জগতের হিতকারী একথা দেবগণও বলেন, মনুষ্যেরাও বলে ॥২৯॥ অগ্নি যজ্ঞের ঋত্বিক্ ও যজমানস্বরূপ এবং সে অগ্নি ব্রহ্মস্বরূপ ॥৩০॥

মন্ত্রব্যতীত হোম হয় না ॥৩১॥

যেমন পুরুষব্যতীত তপস্যা সম্ভবপর হয় না ॥৩২॥

বিদ্যতে ॥৩৩॥ দেবমানুষঋষীণামনেন ত্বং হোতেতি
নিযুক্তঃ ॥৩৪॥ যে চ মানুষহোত্রাধিকারাস্তে চ
ব্রাহ্মণস্য হি যাজনং বিধীয়তে, ন ক্ষত্রবৈশ্যয়ো-
র্দ্বিজাত্যোঃ ॥৩৫॥ তস্মাদ্‌ব্রাহ্মণা হ্যগ্নিভূতা
যজ্ঞানুদ্বহন্তি ॥৩৬॥ যজ্ঞাস্তে দেবাংস্তর্পয়ন্তি ॥৩৭॥
দেবাঃ পৃথিবীং ভাবয়ন্তি ॥৩৮॥ শতপথেঽপি ব্রাহ্মণমুখে
ভবতি ॥৩৯॥ অগ্নৌ সমিদ্ধে স জুহোতি যো বিদ্বান্
ব্রাহ্মণমুখেনাহুতিং জুহোতি ॥৪০॥ এবমপ্যগ্নিভূতা

ভারতকৌমুদী

হবিরিতি। হবির্মন্ত্রাণাং হবির্দানমন্ত্রৈঃ অগ্নেঃ সংপূজা বিদ্যতে ॥৩৩॥

দেবেতি। দেবমানুষঋষীনাং সমূহেণ, অনেন হেতুনা ॥৩৪॥

য ইতি। যে চ মানুষাণাং হোত্রাধিকারা হোমাধিকারাঃ, তে চ ব্রাহ্মণস্য। হি যস্মাৎ তস্যৈব ব্রাহ্মণস্য যাজনং বিধীয়তে; ন তু দ্বিজাত্যোঃ সতোরপি ক্ষত্র-বৈশ্যয়োঃ ॥৩৫॥

তস্মাদিতি। তস্মাৎ অগ্নিভূতা অগ্নিস্বরূপা ব্রাহ্মণা যজ্ঞানুদ্বহন্তি সম্পাদয়ন্তি ॥৩৬॥

যজ্ঞা ইতি। তে চ যজ্ঞা হবির্দানেন দেবাংস্তর্পয়ন্তি ॥৩৭॥

দেবা ইতি। ভাবয়ন্তি শস্যোৎপাদনেন সমৃদ্ধাং কুর্ব্বন্তি ॥৩৮॥

শতেতি। ব্রাহ্মণমুখ ইব শতপথেঽপি গ্রন্থে ইদমুক্তং ভবতি তিষ্ঠতি ॥৩৯॥

অগ্নাবিতি। সমিদ্ধে প্রজ্বলিতে। ব্রাহ্মণমুখেনেতি সপ্তম্যর্থে তৃতীয়া ॥৪০॥

হবি ও মন্ত্রদ্বারা অগ্নিপ্রভৃতি দেবগণের পূজা হয় ॥৩৩॥

অগ্নি! এই কারণে দেবগণ, মনুষ্যগণ ও ঋষিগণ তোমাকে হোমসম্পাদকভাবে নিযুক্ত করিয়াছেন ॥৩৪॥

মানুষের যে হোম করার অধিকার রহিয়াছে, তাহা কেবল ব্রাহ্মণেরই। কারণ, ব্রাহ্মণেরই যাজন বিহিত হইয়াছে; কিন্তু দ্বিজাতি হইলেও ক্ষত্রিয় এবং বৈশ্যের নহে ॥৩৫॥

অতএব অগ্নিস্বরূপ ব্রাহ্মণেরা যজ্ঞ সম্পাদন করেন ॥৩৬॥

সেই যজ্ঞ দেবগণের তৃপ্তিবিধান করে ॥৩৭॥

সেই দেবতারা শস্য উৎপাদন করিয়া পৃথিবীকে সমৃদ্ধ করেন ॥৩৮॥

ব্রাহ্মণমুখের ন্যায় শতপথগ্রন্থেও ইহা উক্ত রহিয়াছে ॥৩৯॥

যে জ্ঞানবান্ লোক ব্রাহ্মণমুখে অন্নপ্রভৃতি দান করে, সে লোক প্রজ্বলিত অগ্নিতে হোম করে ॥৪০॥

ব্রাহ্মণা বিদ্বাংসোঽগ্নিং ভাবয়ন্তি ॥৪১॥ অগ্নির্বিষ্ণুঃ
সর্বভূতান্যনুপ্রবিশ্য প্রাণান্ ধারয়তীতি ॥৪২॥ অপি
চাত্র সনৎকুমারগীতাঃ শ্লোকা ভবন্তি ॥৪৩॥

ব্রহ্মা বিশ্বং সৃজৎ পূর্ব্বং সর্ব্বাদির্নিরবস্কৃতম্ ।
ব্রহ্মঘোষৈর্দিবং গচ্ছন্ত্যমরাঃ ব্রহ্মযোনয়ঃ ॥৪৪॥
ব্রাহ্মণানাং মতির্বাক্যং কর্ম্মশ্রদ্ধাতপাংসি চ ।
ধারয়ন্তি মহীং দ্যাঞ্চ শৈক্যো বাগমৃতং তথা ॥৪৫॥
নাস্তি সত্যাৎ পরো ধর্ম্মো নাস্তি মাতৃসমো গুরুঃ ।
ব্রাহ্মণেভ্যঃ পরং নাস্তি প্রেত্য চেহ চ ভূতয়ে ॥৪৬॥

ভারতকৌমুদী

এবমিতি। ভাবয়ন্তি আহুত্যা তর্পয়ন্তি ॥৪১॥

অগ্নিরিতি। অনুপ্রবিশ্য জঠর ইতি শেষঃ ॥৪২॥

অপীতি। অত্র বিষয়ে, সনৎকুমারেণ ঋষিণা গীতা উক্তাঃ ॥৪৩॥

ব্রহ্মেতি। সর্ব্বাদির্ব্রহ্মা, পূর্ব্বং নিরবস্কৃতং নির্ম্মলং বিশ্বং জগৎ সৃজৎ অসৃজৎ। অড়াগমাভাব আর্ষঃ। ব্রহ্মৈব যোনিঃ কারণং স্রষ্টা যেষাং তে ব্রহ্মযোনয়ঃ অমরাঃ, ব্রহ্মঘোষৈর্ব্বেদধ্বনিভিঃ দিবং স্বর্গং গচ্ছন্তি বিচরন্তি ॥৪৪॥

ব্রাহ্মণানামিতি। মতিঃ শাস্ত্রশোধিতা বুদ্ধিঃ। শৈক্যো রজ্জুনির্ম্মিতো লম্বিতজালবিশেষঃ, যথা, বাচা কল্পিতমমৃতং বাগমৃতং ঘৃতাদিকং ধারয়তি ; তথা মহীং পৃথিবীম্, দ্যাং স্বর্গঞ্চ ধারয়ন্তি রক্ষন্তি পুণ্যপ্রভাবাদিতি ভাবঃ ॥৪৫॥

নেতি। পরঃ শ্রেষ্ঠঃ। প্রেত্য পরলোকে ন ইহলোকে চ ভূতয়ে জ্ঞানসম্পত্তয়ে, ব্রাহ্মণেভ্যঃ পরং শ্রেষ্ঠং ভূতং নাস্তি ॥৪৬॥

এইভাবে অগ্নিস্বরূপ বিদ্বান্ ব্রাহ্মণেরা যজ্ঞদ্বারা অগ্নিদেবকে সন্তুষ্ট করেন ॥৪১॥

বিষ্ণুস্বরূপ অগ্নি সমস্ত প্রাণীর উদরে প্রবেশ করিয়া, তাহাদের প্রাণ রক্ষা করেন ॥৪২॥

এবিষয়ে সনৎকুমারোক্ত শ্লোকসমূহও রহিয়াছে ॥৪৩॥

সৃষ্ট সকল প্রাণীর আদি ব্রহ্মা, প্রথমে নির্ম্মল জগৎ সৃষ্টি করেন, তৎপরে ব্রহ্মা হইতে উৎপন্ন দেবগণ, বেদধ্বনি সহকারে স্বর্গে বিচরণ করিতেছেন ॥৪৪॥

শিকা যেমন ঘৃতের পাত্রপ্রভৃতি ধারণ করে ; তেমন ব্রাহ্মণগণের বুদ্ধি, বাক্য, কর্ম্ম; শ্রদ্ধা ও তপস্যা, স্বর্গ ও পৃথিবীকে ধারণ করিয়া থাকে ॥৪৫॥

সত্য হইতে উৎকৃষ্ট ধর্ম্ম নাই, মাতার তুল্য গুরু নাই এবং ইহলোকে ও পরলোকে সম্পৎ সম্পাদনের জন্য ব্রাহ্মণ অপেক্ষা প্রধান প্রাণী নাই ॥৪৬॥

নৈষামুক্ষা বহতি নোত বাহা ন গর্গরো মথ্যতি সম্প্রদানে।
অপধ্বস্তা দস্যুভূতা ভবন্তি যেষাং রাষ্ট্রে ব্রাহ্মণা বৃত্তিহীনাঃ ॥৪৭॥
বেদপুরাণেতিহাসপ্রামাণ্যান্নারায়ণমুখোদ্গতাঃ।
সর্ব্বাত্মানঃ সর্ব্বকর্ত্তারঃ সর্ব্বভাবাশ্চ ব্রাহ্মণাশ্চ ॥৪৮॥
বাক্সংযমকালে হি তস্য বরপ্রদস্য দেবদেবস্য
ব্রাহ্মণাঃ প্রথমং প্রাদুর্ভূতাঃ ॥৪৯॥ ব্রাহ্মণেভ্যশ্চ শেষা
বর্ণাঃ প্রাদুর্ভূতাঃ ॥৫০॥ ইত্থঞ্চ সুরাসুরবিশিষ্টা
ব্রাহ্মণা বেদময়া ব্রহ্মভূতেন পুরা স্বয়মেবোৎপাদিতাঃ ॥৫১॥

ভারতকৌমুদী

নেতি। যেষাং জনানাং রাষ্ট্রে রাজ্যে ব্রাহ্মণা বৃত্তিহীনা জীবননির্ব্বাহোপযোগিনির্দ্দিষ্ট-ধনশূন্যাঃ সন্তো বসন্তি ; উক্ষা বৃষভঃ, এষাং তেষাং জনানাং ভারং ন বহতি ; উত বাহা অশ্বাদয়ঃ তান্ ন বহন্তি ; গর্গরো দধিমন্থনস্থালী সম্প্রদানে দধ্যর্পণেঽপি ন মথ্যতি তন্ন মথ্নাতি ; তে জনাশ্চ অপধ্বস্তা অধঃ পতিতাঃ সন্তো দস্যুভূতা ভবন্তি। অতো ব্রাহ্মণা বৃত্তিমন্তঃ কর্ত্তব্যা ইতি ভাবঃ ॥৪৭॥

বেদেতি। বেদপুরাণেতিহাসপ্রামাণ্যাদ্ ব্রবীমীতি শেষঃ, নারায়ণমুখাৎ নারায়ণাত্মজব্রহ্মণো বদনাৎ উদ্গতা ব্রাহ্মণাশ্চ "ব্রাহ্মণোঽস্য মুখমাসীৎ" ইতি শ্রুতেঃ, সর্ব্বত্র প্রাণিষু আত্মা সুখ-সম্পাদনযত্নো যেষাং তে, সর্ব্বকর্ত্তারঃ সর্ব্বেষামেবাধ্যক্ষাঃ, "ব্রাহ্মণো জায়মানো হি সর্ব্বেষামধি-জায়তে" ইতি মনুস্মৃতেঃ, সর্ব্বেষ্বেব প্রাণিষু ভাবঃ শুভাভিপ্রায়ো যেষাং তে ॥৪৮॥

বাগিতি। বরপ্রদস্য তস্য দেবদেবস্য ব্রহ্মণঃ, বাক্সংযমকালে মৌনাবলম্বনসময়ে, প্রথমং ব্রাহ্মণাস্তস্য মুখাৎ প্রাদুর্ভূতাঃ ॥৪৯॥

ব্রাহ্মণেভ্য ইতি। ব্রাহ্মণেভ্যঃ পরম্ ॥৫০॥

ব্রাহ্মণেরা যাহাদের রাজ্যে বৃত্তিশূন্য হইয়া বাস করেন, বৃষগণ তাহাদের ভার বহন করে না, অশ্বপ্রভৃতিও তাহাদিগকে বহন করিয়া গমন করে না এবং মন্থন-স্থালী (মেঠে, মাঠি) দধি দিলেও তাহা মন্থন করে না, আর সে রাজ্যের লোকেরা অধঃপতিত ও দস্যু হইয়া যায় ॥৪৭॥

বেদ, পুরাণ ও ইতিহাসের প্রামাণ্য অনুসারে আমি বলিতেছি, ব্রহ্মার মুখ হইতে উৎপন্ন ব্রাহ্মণেরা সকলের সুখসম্পাদনে যত্ন করেন, সকলেরই অধ্যক্ষ হইয়া থাকেন এবং সকলকেই ভাল বাসেন ॥৪৮॥

বরদাতা দেবদেব ব্রহ্মার মৌনাবলম্বনকালে তাঁহার মুখ হইতে প্রথম ব্রাহ্মণ আবির্ভূত হন ॥৪৯॥

ব্রাহ্মণের পরে অবশিষ্ট বর্ণ প্রাদুর্ভূত হইয়াছিল ॥৫০॥

সুরাসুরমহর্ষয়ো ভূতবিশেষাঃ স্থাপিতা নিগৃহীতাশ্চ ॥৫২॥
অহল্যাধর্ষণনিমিত্তং হি গৌতমাদ্ধরিশ্মশ্রুতামিন্দ্রঃ
প্রাপ্তঃ ৫৩॥ কৌশিকনিমিত্তঞ্চেন্দ্রো মুষ্কবিয়োগং
মেষবৃষণত্বঞ্চাবাপ ॥৫৪॥ অশ্বিনোর্গ্রহপ্রতিষেধোদ্যত-
বজ্রস্য পুরন্দরস্য চ্যবনেন স্তম্ভিতৌ বাহূ ॥৫৫॥
ক্রতুবধপ্রাপ্তমন্যুনা চ দক্ষেণ ভূয়স্তপসা চাত্মানং সংযোজ্য
নেত্রাকৃতিরন্যা ললাটে রুদ্রস্যোৎপাদিতা ॥৫৬॥

ভারতকৌমুদী

ইত্থমিতি। ইত্থঞ্চ ব্রহ্মভূতেন হিরণ্যগর্ভরূপেণ ময়া স্বয়মেব পুরা সুরাসুরেভ্যো বিশিষ্টাঃ শ্রেষ্ঠা বেদময়া ব্রাহ্মণা উৎপাদিতাঃ ॥৫১॥

সুরেতি। ভূতবিশেষাঃ প্রাণিশ্রেষ্ঠাঃ স্থাপিতা রক্ষিতাঃ, নিগৃহীতাশ্চ দুষ্টা অসুরাঃ ॥৫২॥

ব্রাহ্মণপ্রাধান্যং প্রতিপাদয়তি বাক্যজাতেন অহল্যেতি। ইন্দ্রঃ অহল্যায়া গৌতমপত্ন্যা ধর্ষণং ছলেন গমনমেব নিমিত্তং যস্য তৎ, গৌতমাৎ গৌতমশাপাৎ, হরিশ্মশ্রুত্বং হরিদ্বর্ণমুখলোমত্বম্, প্রাপ্তঃ ॥৫৩॥

কৌশিকেতি। কিঞ্চ ইন্দ্রঃ কৌশিকো বিশ্বামিত্রবচনমেব নিমিত্তং যস্য তম্, মুষ্কবিয়োগং অণ্ডকোষবিচ্ছেদঃ মেষবৃষণত্বঞ্চাবাপ ॥৫৪॥

অশ্বিনোরিতি। অশ্বিনোরশ্বিনীকুমারয়োঃ গ্রহপ্রতিষেধায় অসুরৈর্ধারণনিবারণায় উদ্যতম্ উত্তোলিতং বজ্রং যেন তস্য পুরন্দরস্য ইন্দ্রস্য বাহূ চ্যবনেন স্তম্ভিতৌ ॥৫৫॥

ক্রত্বিতি। ক্রতুবধেন যজ্ঞধ্বংসনেন প্রাপ্তো মন্যুঃ ক্রোধো যেন তেন ॥৫৬॥

এইভাবে আমি পূর্ব্বকালে ব্রহ্মার রূপ ধারণ করিয়া নিজেই দেবগণ ও অসুরগণ হইতে শ্রেষ্ঠ ব্রাহ্মণগণকে উৎপাদন করিয়াছিলাম ॥৫১॥

তাহার পর দেবগণ, অসুরগণ ও ঋষিগণপ্রভৃতি শিষ্ট প্রাণিগণকে রক্ষা করিয়াছি এবং দুষ্ট অসুরদিগকে দমন করিয়াছি ॥৫২॥

ইন্দ্র, গৌতমপত্নী অহল্যাগমন করায় গৌতমের শাপে হরিশ্মশ্রু হইয়াছেন ॥৫৩॥

এবং ইন্দ্র, বিশ্বামিত্রের বাক্যে অণ্ডবিচ্ছেদ ও মেষাণ্ড প্রাপ্ত হইয়াছেন ॥৫৪॥

দৈত্যেরা যখন অশ্বিনীকুমারদ্বয়কে ধরিয়া লইয়া যাইতেছিল, তখন ইন্দ্র তাহাদিগকে বারণ করিবার জন্য বজ্র উত্তোলন করেন; তখন মহর্ষি চ্যবন তাঁহার বাহুদ্বয়কে স্তব্ধ করিয়াছিলেন ॥৫৫॥

মহাদেব দক্ষযজ্ঞ ধ্বংস করিলে, দক্ষ ক্রুদ্ধ হইয়া পুনরায় তপস্যা করিয়া মহাদেবের ললাটে নেত্রাকৃতি অগ্নিপুঞ্জ উৎপাদন করিয়াছিলেন ॥৫৬॥

ত্রিপুরবধার্থং দীক্ষামুপগতস্য রুদ্রস্য উশনসা জটাঃ
শিরস উৎকৃত্য প্রযুক্তাঃ ॥ ৭॥ ততঃ প্রাদুর্ভূতা
ভুজগাঃ ॥৫৮॥ তৈরস্য ভুজগৈঃ পীড্যমানঃ কণ্ঠো
নীলতামুপগতঃ ॥৫৯॥ পূর্বে চ মন্বন্তরে স্বায়ম্ভুবে
নারায়ণহস্তগ্রহণান্নীলকণ্ঠত্বমেব চ ॥৬০॥ অমৃতোৎ-
পাদনপুরশ্চরণতামুপগতস্যাঙ্গিরসো বৃহস্পতেরুপ-
স্পৃশতো ন প্রসাদং গতবত্যঃ কিলাপঃ ॥৬১॥
অথ বৃহস্পতিরপাং চুক্রোধ ॥৬২॥

ভারতকৌমুদী

ত্রিপুরেতি। দীক্ষামায়োজনারম্ভম্, উশনসা শুক্রেণ, উৎকৃত্য উৎপাট্য, প্রযুক্তা নিক্ষিপ্তাঃ ॥৫৭॥

তত ইতি। ততস্তাভ্যো জটাভ্যঃ, ভুজগাঃ সর্পাঃ প্রাদুর্ভূতাঃ ॥৫৮॥

তৈরিতি। অস্য রুদ্রস্য। উপগতঃ প্রাপ্তঃ ॥৫৯॥

পূর্ব্ব ইতি। নীলকণ্ঠত্বমুপগতঃ স রুদ্র ইত্যনুবৃত্তিঃ ॥৬০॥

অমৃতোৎপাদনায় পুরশ্চরণতাম্ ইষ্টমন্ত্রপুরশ্চরণম্ উপগতস্য অনুতিষ্ঠতঃ, অঙ্গিরসঃ অঙ্গির-পুত্রস্য বৃহস্পতেঃ উপস্পৃশত আচমনং কুর্ব্বতঃ সম্বন্ধে, আপো জলানি, প্রসাদং নির্ম্মলতাম্, ন কিল গতবত্যঃ ॥৬১॥

অথেতি। অপাং জলানাং সম্বন্ধে ॥৬২॥

মহাদেব যখন ত্রিপুরাসুরকে বধ করিবার জন্য আয়োজন করিতেছিলেন, তখন শুক্রাচার্য্য তাঁহার মস্তক হইতে জটাচ্ছেদন করিয়া নিক্ষেপ করিয়াছিলেন ॥৫৭॥

সেই জটা হইতে সর্প আবির্ভূত হইয়াছিল ॥৫৮॥

সেই সর্পগণ যাইয়া মহাদেবের কণ্ঠ বেষ্টন করিলে, তাঁহার কণ্ঠ নীলবর্ণ হইয়াছিল ॥৫৯॥

পূর্ব্ববর্ত্তী স্বায়ম্ভুব মন্বন্তরে মহাদেব, নারায়ণের হস্তধারণ করায় নীলকণ্ঠ হইয়াছিলেন ॥৬০॥

অঙ্গিরার পুত্র বৃহস্পতি অমৃত উৎপাদন করিবার জন্য, পুরশ্চরণ করিতে প্রবৃত্ত হইবার পূর্ব্বে যখন আচমন করিতে গেলেন তখন জল নির্ম্মল হইল না ॥৬১॥

তাহার পর বৃহস্পতি জলের উপরে ক্রুদ্ধ হইলেন (এবং অভিসম্পাত করিলেন) ॥৬২॥

যস্মান্মমোপস্পৃশতঃ কলুষীভূতা ন চ প্রসাদমুপগতা-
স্তস্মাদদ্যপ্রভৃতি ঝষমকরকচ্ছপজন্তুভিঃ কলুষী-
ভবিতেতি ॥৬৩॥ তদা প্রভৃত্যাপো যাদোভিঃ
সংকীর্ণাঃ সংপ্রবৃত্তাঃ ॥৬৪॥ বিশ্বরূপো হি বৈ ত্বাষ্ট্রঃ
পুরোহিতো দেবানামাসীৎ ॥৬৫॥ স্বস্রীয়ো-
ঽসুরাণাং স প্রত্যক্ষং দেবেভ্যো ভাগমদাৎ পরোক্ষ-
মসুরেভ্যঃ ॥৬৬॥ অথ হিরণ্যকশিপুং পুরস্কৃত্য
বিশ্বরূপমাতরং স্বসারমসুরা বরমযাচন্ত ॥৬৭॥

ভারতকৌমুদী

অপ্সু বৃহস্পতেঃ শাপমাহ যস্মাদিতি। উপস্পৃশতঃ স্নানমাচমনং বা কুর্ব্বতঃ। ঝসো মৎস্যঃ ॥৬৩॥

তদেতি। যাদোভির্জলজন্তুভিঃ, "যাদাংসি জলজন্তবঃ" ইত্যমরঃ, সঙ্কীর্ণাঃ সম্পূর্ণাঃ সংপ্রবৃত্তা জাতাঃ ॥৬৪॥

বিশ্বেতি। ত্বষ্টুরপত্যমিতি ত্বাষ্ট্রঃ, বিশ্বরূপো নাম ব্রাহ্মণঃ ॥৬৫॥

স্বস্রীয় ইতি। অসুরাণাম্ স্বস্রীয়ো ভাগিনেয়ঃ স বিশ্বরূপঃ, ভাগং যজ্ঞানামংশম্, প্রত্যক্ষ দানে ভাগস্য প্রাচুর্য্যং, জনান্তরেণ পরোক্ষদানে তু তস্য স্বল্পত্বমিত্যাশয়ঃ ॥৬৬॥

অথেতি। স্বসারং ভগিনীম্ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

দধীক্ষুতৈলাদিনিপীড়নযন্ত্রং যেষাং রাজ্ঞাং কৃষ্যাদিহীনত্বাত্তাদৃশো রাজানো নষ্টাশ্চৌরাশ্চ ভবন্তীত্যর্থঃ ॥১৯—৬২॥ ব্রাহ্মণমাহাত্ম্যকথনপরো গ্রন্থঃ স্পষ্টার্থঃ ॥৬৩॥ ক্ষত্রিয়মাত্মানমগ্যাহ—ক্ষত্রমিতি ॥৬৪॥ উপসংহরতি—যদেতদিতি। যদেতদ্‌ব্রহ্মক্ষত্রগতং তেজোঽগ্নীষোমীয়মতস্তেনৈব তেজসা জগদ্ধার্য্যতেঽতো জগদপ্যাগ্নীষোমীয়মিত্যর্থঃ ॥৬৫॥ সূর্য্যাচন্দ্রমসাবগ্নীষোমৌ চক্ষুঃ পরমেশ্বরনেত্রাভ্যামুৎপন্নত্বাৎ। কেশা অংশবঃ কিরণাঃ, বোধয়ংশ্চন্দ্রস্তাপয়ন্ সূর্য্যঃ ॥৬৬॥ তৌ

জল! আমি আচমন করিবার সময়ে তুমি যখন আবিলই থাকিলে, কিন্তু নির্ম্মল হইলে না; তখন তুমি আজ হইতে মৎস্য, মকর ও কচ্ছপপ্রভৃতি জল-জন্তুদ্বারা আবিল হইবে ॥৬৩॥

তদবধি জল জলজন্তুগণে পরিপূর্ণ হইয়াছে ॥৬৪॥

ত্বষ্টা প্রজাপতির পুত্র বিশ্বরূপ দেবগণের পুরোহিত ছিলেন ॥৬৫॥

অসুরগণের ভাগিনেয় সেই বিশ্বরূপ প্রত্যক্ষভাবে দেবগণকে যজ্ঞের ভাগ দিতেন আর পরোক্ষভাবে (অন্যের হাত দিয়া) অসুরগণকে যজ্ঞের ভাগ অর্পণ করিতেন ॥৬৬॥

হে স্বসঃ ! অয়ন্তে পুত্রস্ত্বাষ্ট্রো বিশ্বরূপস্ত্রিশিরা দেবানাং
পুরোহিতঃ প্রত্যক্ষং দেবেভ্যো ভাগমদাৎ পরোক্ষমস্মাকম্ ॥৬৮॥
ততো দেবা বর্দ্ধন্তে ॥৬৯॥ বয়ং ক্ষীয়ামঃ ॥৭০॥ তদেনং
ত্বং বারয়িতুমর্হসি তথা যথাস্মান্ ভজেদিতি ॥৭১॥
অথ বিশ্বরূপং নন্দনবনমুপগতং মাতোবাচ ॥৭২॥
পুত্র ! কিং পরপক্ষবর্দ্ধনস্ত্বং মাতুলপক্ষং
নাশয়সি ॥৭৩॥ নার্হস্যেবং কর্ত্তুমিতি ॥৭৪॥

ভারতকৌমুদী

হে ইতি। হে স্বসঃ ভগিনি ! ত্রিশিরা ইতি বিশ্বরূপস্যৈব নামান্তরম্ ॥৬৮॥
তত ইতি। ততঃ প্রত্যক্ষভাগগ্রহণেনাধিকলাভাৎ ॥৬৯॥
বয়মিতি। ক্ষীয়ামঃ ক্ষীণা ভবামঃ। আর্ষোঽয়ং প্রয়োগঃ ॥৭০॥
তদিতি। ভজেৎ প্রত্যক্ষতোঽধিকভাগদানেন সেবেত ॥৭১॥
অথেতি। নন্দনবনম্ ইন্দ্রোদ্যানম্ ॥৭২॥
পুত্রেতি। নাশয়সি দেবৈর্বলবদ্ভিঃ সদ্ভির্হন্যমানত্বাৎ ॥৭৩॥

ভারতভাবদীপঃ

জগদ্ধর্ষয়তো যস্মাত্তস্মাত্তৌ হৃষী হৃষ্যতেরিন্ তস্মেগুপধাৎ কিদিতি কিত্ত্বম্, অলুক্সমাসঃ। হৃষী অগ্নীষোমৌ কেশাবংশূ যস্য স হৃষীকেশ ইত্যর্থঃ ॥৬৭॥ হরিনাম নির্ব্বক্তি ইলেতি। "ইঠ্ঠোপহূতা সহ দিবে"ত্যাদিমন্ত্রেণাহূতোঽহং তদ্যোগাদ্যজ্ঞভাগং হরেহর্হরণং কুর্ব্বেঽতোঽহং হরিরিত্যর্থঃ। বর্ণশ্চ হরিহর্রিন্মণিতুল্যস্তস্মাদ্ধরিরিতি ॥৬৮॥ ঋতধামশব্দং নির্ব্বক্তি—ধামেতি। ধামশব্দো লোকসারবাচী। ঋতমবাধিতং ধাম সত্তাস্ফূর্ত্তিরূপং যস্য ঋতধামেত্যর্থঃ ॥৬৯॥ নষ্টাং জলে মগ্নাং গাং ধরণীং বিন্দতি লভত ইতি গোবিন্দ ইত্যর্থঃ ॥৭০॥ হীনানি ত্যক্তানি রোমাণীব রোমাণ্যংশবোঽবয়বা যেন সঃ। শিপিবিষ্ট ইত্যর্থঃ। তেন শিপিনা রূপেণ যৎকিঞ্চিদাবিষ্টং যেনা

তাহার পর অসুরগণ হিরণ্যকশিপুকে অগ্রবর্ত্তী করিয়া যাইয়া, নিজদের ভগিনী ও বিশ্বরূপের মাতার নিকট বর প্রার্থনা করিল ॥৬৭॥

ভগিনি ! তোমার পুত্র এই ত্রিশিরা বিশ্বরূপ দেবগণের পুরোহিত হইয়া যজ্ঞের ভাগ দিয়াছেন, আর পরোক্ষভাবে আমাদিগকে তাহা অর্পণ করিয়াছেন ॥৬৮॥

তাহাতেই দেবতারা বৃদ্ধি পাইতেছে ॥৬৯॥ আমরা ক্ষীণ হইয়া যাইতেছি ॥৭০॥

অতএব তুমি বিশ্বরূপকে সেইভাবে বারণ কর, যাহাতে সে আমাদের পক্ষ অবলম্বন করে' ॥৭১॥

তাহার পর একদা বিশ্বরূপ নন্দনবনে গিয়াছিলেন, তখন তাঁহার মাতা তাঁহাকে বলিলেন ॥৭২॥

যথাগতমিতি ॥৮৪॥ তাস্ত্বাষ্ট্র উবাচ ॥৮৫॥
ক গমিষ্যথাস্যতাং তাবন্ময়া সহ শ্রেয়ো ভবিষ্যতীতি ॥৮৬॥
তাস্তমব্রুবন্ বয়ং বেদস্ত্রিয়োঽপ্সরস ইন্দ্রং দেবং
বরদং পুরা প্রভবিষ্ণুং বৃণীমহ ইতি ॥৮৭॥ অথ তা
বিশ্বরূপোঽব্রবীৎ ॥৮৮॥ অদ্যৈব সেন্দ্রা দেবা ন
ভবিষ্যন্তীতি ॥৮৯॥ ততো মন্ত্রান্ জজাপ ॥৯০॥ তৈর্মন্ত্রৈ-
রবর্দ্ধত ত্রিশিরাঃ ॥৯১॥ একেনাস্যেন সর্ব্বলোকেষু
যথাবদ্দ্বিজৈঃ ক্রিয়াবদ্ভির্যজ্ঞেষু সুহুতং সোমং পপৌ ॥৯২॥

ভারতকৌমুদী

গচ্ছেতি। যথা আগতং তথৈব বয়ং গচ্ছামহে গচ্ছামঃ ॥৮৪॥

তা ইতি। তা অপ্সরসঃ, ত্বাষ্ট্রো বিশ্বরূপঃ ॥৮৫॥

কেতি। আস্যতাং স্থীয়তাম্, শ্রেয়ো মঙ্গলম্ ॥৮৬॥

তা ইতি। পুরা আগামিনি কালে, "নিকটাগামিকে পুরা" ইত্যমরঃ, প্রভবিষ্ণুম্ অসুরজয়েন প্রভাবশীলম্ ॥৮৭॥

অথেতি। তা অপ্সরসঃ ॥৮৮॥

অদ্যেতি। ইন্দ্রেণ সহেতি সেন্দ্রাঃ, ন ভবিষ্যন্তি ন স্থাস্যন্তি ॥৮৯॥

তত ইতি। জজাপ বিশ্বরূপঃ ॥৯০॥

তৈরিতি। ত্রীণি শিরাংসি যস্য স তাদৃশঃ ॥৯১॥

ভারতভাবদীপঃ

সর্বমিতি ত্বং জগল্লয়স্থিতিজন্মস্থানমিত্যর্থঃ ॥৮৪॥ মম বহ্নিস্বরূপস্যার্চ্চিষো বর্দ্ধকমিতি শেষঃ ॥৮৫—৮৬॥ ত্রয়ো ধাতব উপাধিভূতাঃ সন্ত্যস্য স ত্রিধাতুঃ ॥৮৭—৮৯॥ বিভুপদং ব্যাচষ্টে—ন চাদিমিতি

আমরা যেমন আসিয়াছি, তেমনই যাইতেছি ॥৮৪॥

তখন বিশ্বরূপ অপ্সরাদিগকে বলিলেন ॥৮৫॥

তোমরা কোথায় যাইবে? আমার সহিত এইখানেই থাক, তোমাদের মঙ্গল হইবে ॥৮৬॥

তখন অপ্সরারা বিশ্বরূপকে বলিল—'আমরা দেবস্ত্রী অপ্সরা এবং ইন্দ্র দেবতা, বরদাতা ও পরে প্রভাবশালী হইবেন। সুতরাং আমরা তাঁহাকেই বরণ করিব' ॥৮৭॥

তাহার পর বিশ্বরূপ তাহাদিগকে বলিলেন ॥৮৮॥

অদ্যই ইন্দ্রের সহিত দেবতারা নিঃশেষ হইবে ॥৮৯॥

তদনন্তর বিশ্বরূপ মন্ত্র জপ করিতে লাগিলেন ॥৯০॥

বিশ্বরূপ সেই মন্ত্রজপে ত্রিমস্তক হইয়া বৃদ্ধি পাইলেন ॥৯১॥

একেনান্নম্ ॥৯৩॥ একেন সেন্দ্রান্ দেবান্ ॥৯৪॥
অথেন্দ্রস্তং বিবর্দ্ধমানং সোমপানাপ্যায়িতসর্ব্বগাত্রং
দৃষ্ট্বা চিন্তামাপেদে সহ দৈবৈঃ ॥৯৫॥ তে দেবাঃ
সেন্দ্রা ব্রহ্মাণমভিজগ্মুঃ ॥৯৬॥ ত ঊচুঃ ॥৯৭॥
বিশ্বরূপেণ সর্ব্বযজ্ঞেষু সুহুতঃ সোমঃ পীয়তে ॥৯৮॥
বয়মভাগাঃ সংবৃত্তাঃ ॥৯৯॥ অসুরপক্ষো বর্দ্ধতে ॥১০০॥

ভারতকৌমুদী

একেনেতি। আস্যেন মুখেন, সুহুতং সম্যক্ প্রদত্তম্, সোমং সোমরসম্ ॥৯২॥
একেনেতি। অন্নং পপৌ বুভুজ ইত্যর্থঃ ॥৯৩॥
একেনেতি। একেন মুখেন, সেন্দ্রান্ দেবান্ পাতুমারেভ ইতি শেষঃ ॥৯৪॥
অথেতি। সোমপানেন আপ্যায়িতানি বৰ্দ্ধিতানি সর্ব্বাণি গাত্রাণি যস্য তম্ ॥৯৫॥
ত ইতি। ইন্দ্রেণ সহেতি সেন্দ্রাঃ ॥৯৬॥
ত ইতি। তে সেন্দ্রা দেবাঃ ॥৯৭॥
বিশ্বেতি। সুহুতঃ সম্যক্ প্রদত্তঃ, সোমঃ সোমরসঃ ॥৯৮॥
বয়মিতি। অভাগা যজ্ঞভাগপ্রাপ্তিশূন্যাঃ, সংবৃত্তা জাতাঃ ॥৯৯॥
অসুরেতি। বর্দ্ধতে বলবৃদ্ধিমান্ ভবতি ॥১০০॥

ভারতভাবদীপঃ

॥৯১—৯২॥ ত্রীণি ককুদাস্যস্থপ্রদেশাঃ স্কন্ধপোত্রদংষ্ট্রা যস্য ত্রিককুদঃ শরীরস্তেতি সামানাধিকারণ্যম্ ॥৯৩॥ বিশেষেণ রিণক্তি তত্ত্বানাং পরিসংখ্যানাথ্যং প্রবিলয়ং করোতীতি বিরিঞ্চ ইত্যর্থঃ।

তিনি একমুখদ্বারা ত্রিভুবনে ক্রিয়াশালী ব্রাহ্মণের যথাযথভাবে যজ্ঞে প্রদত্ত সোমরস পান করিতে লাগিলেন ॥৯২॥

অন্য মুখদ্বারা অন্নভোজন করিতে থাকিলেন ॥৯৩॥

অপর মুখদ্বারা ইন্দ্রের সহিত দেবগণকে ভোজন করিবার উপক্রম করিলেন ॥৯৪॥

তাহার পর ইন্দ্র বিশ্বরূপকে বিশেষরূপে বৃদ্ধি পাইতে এবং সোমপানে বর্দ্ধিত শরীর হইতে দেখিয়া, দেবগণের সহিত চিন্তা প্রাপ্ত হইলেন ॥৯৫॥

তাহার পর ইন্দ্রের সহিত সেই দেবতারা ব্রহ্মার নিকট গমন করিলেন ॥৯৬॥

ক্রমে তাঁহারা ব্রহ্মাকে বলিলেন ॥৯৭॥

বিশ্বরূপ সমস্ত যজ্ঞে প্রদত্ত সোমরস পান করিতেছেন ॥৯৮॥

আমরা সে সকল যজ্ঞের ভাগশূন্য হইয়া গিয়াছি ॥৯৯॥

সুতরাং অসুরগণ বৃদ্ধি পাইতেছে ॥১০০॥

বয়ং ক্ষীয়ামঃ ॥১০১ তদর্হসি নো বিধাতুং শ্রেয়ো-
ঽনন্তরমিতি ॥১০২॥ তান্ ব্রহ্মোবাচ ॥১০৩॥ ঋষির্ভার্গব
স্তপস্তপ্যতে দধীচঃ ॥১০৪॥ স যাচ্যতাং বরম্ ॥১০৫॥
স যথা কলেবরং জহ্যাত্তথা বিধীয়তাম্ ॥১০৬॥
তস্যাস্থিভির্বজ্রং ক্রিয়তামিতি ॥১০৭॥ ততো দেবা
স্তত্রাগচ্ছন্ যত্র দধীচো ভগবানৃষিস্তপস্তেপে ॥১০৮॥
সেন্দ্রা দেবাস্তং তথাভিগম্যোচুঃ ॥১০৯॥ ভগবংস্তপঃ

ভারতকৌমুদী

বয়মিতি। বয়ং দেবাঃ, ক্ষীয়ামঃ ক্ষীণা ভবামঃ ॥১০১॥
তদিতি। হে ব্রহ্মন্! অনন্তরং নঃ অস্মাকম্ শ্রেয়ো মঙ্গলং বিধাতুং অমর্হসি ॥১০২॥
তানিতি। তান্ সেন্দ্রান্ দেবান্ ॥১০৩॥
ঋষিরিতি। ভৃগোরপত্যং ভার্গবঃ, দধীচো নাম ॥১০৪॥
স ইতি। স দধীচো বরং যাচ্যতাম্, যাচেদ্বিকর্ম্মকঃ ॥১০৫॥
স ইতি। জহ্যাৎ ত্যজেৎ, বিধীয়তাং যুষ্মাভিঃ ॥১০৬॥
তস্যেতি। ক্রিয়তাং নির্ম্মীয়তাম্ ॥১০৭॥
তত ইতি। ভগবান্ অণিমাদ্যৈশ্বর্য্যবান্ ॥১০৮॥
সেন্দ্রা ইতি। তথা তাদৃশং তপস্যন্তম্ ॥১০৯॥

ভারতভাবদীপঃ

রেচনাদিতি পাঠে রেচনদ্বারা তৎসাধ্যং চেতনমেব লক্ষণীয়ম্ ॥১০৪॥ কপিলং পীতম্। আদিত্য

আর আমরা ক্ষীণ হইয়া যাইতেছি ॥১০১॥
অতএব দেবদেব! ইহার পরে আমাদের মঙ্গল আপনি বিধান করুন ॥১০২॥
ব্রহ্মা সেই দেবগণকে বলিলেন ॥১০৩॥
ভৃগুবংশীয় দধীচমুনি তপস্যা করিতেছেন ॥১০৪॥
তোমরা যাইয়া তাঁহার নিকট বর প্রার্থনা কর ॥১০৫॥
তিনি যাহাতে দেহত্যাগ করেন তাহা কর ॥১০৬॥
পরে তাঁহার অস্থিদ্বারা বজ্রনির্ম্মাণ কর' ॥১০৭॥
তদনন্তর ভগবান্ দধীচঋষি যে স্থানে তপস্যা করিতেছিলেন, দেবতারা সেই স্থানে গমন করিলেন ॥১০৮॥
পরে ইন্দ্রের সহিত দেবতারা দধীচ মুনির নিকট যাইয়া বলিলেন ॥১০৯॥

সুকুশলমভিন্নঞ্চেতি ॥১১০॥
তান্ দধীচ উবাচ ॥১১১॥ স্বাগতং ভবদ্‌ভ্যঃ উচ্যতাং
কিং ক্রিয়তামিতি যদ্বক্ষ্যথ তৎ করিষ্যামি ॥১১২॥
তে তমব্রুবন্ শরীরপরিত্যাগং লোকহিতার্থং ভবান্
কর্ত্তুমর্হতীতি ॥১১৩॥ অথ দধীচস্তথৈবাবিমনাঃ
সুখদুঃখসমো মহাযোগী আত্মানং সমাধায় শরীর-
পরিত্যাগঞ্চকার ॥১১৪॥ তস্য পরমাত্মন্যপসৃতে
তান্যস্থীনি ধাতা সংগৃহ্য বজ্রমকরোৎ ॥১১৫॥ তেন

ভারতকৌমুদী

ভগবন্নিতি। সুকুশলং বিশেষমঙ্গলময়ম্ অভিন্নমভগ্নঞ্চ ॥১১০॥

তানিতি। তান্ সেন্দ্রান্ দেবান্ ॥১১১॥

স্বিতি। স্বাগতং সুখেনাগমনমিতি প্রশ্নঃ। কিং ক্রিয়তাং ময়া ॥১১২॥

ত ইতি। তে সেন্দ্রা দেবাঃ। লোকহিতার্থমিত্যনেন নিষ্প্রয়োজনো ন শরীরত্যাগ ইতি সূচিতম্ ॥১১৩॥

অথেতি। অবিমনা অবিষণ্ণচিত্তঃ। যোগেনাত্মানং সমাধায় নিজজীবং পরমাত্মনি সংযোজ্য ॥১১৪॥

তস্যেতি। পরমাত্মনি পরমাত্মাভিন্নে জীবাত্মনি "তত্ত্বমসি" ইতি শ্রুতেঃ, ধাতা নাম কশ্চিদ্দেবঃ ॥১১৫॥

ভগবন্! আপনার তপস্যার মঙ্গল ত? কোন কারণে তপস্যা ভগ্ন হয় নাই ত? ॥১১০॥

দধীচ দেবগণকে বলিলেন—॥১১১॥

'আপনাদের শুভাগমন ত? বলুন, আমি আপনাদের কি করিব, আপনারা যাহা বলিবেন, আমি তাহাই করিব' ॥১১২॥

তখন দেবতারা দধীচকে বলিলেন—'আপনি জগতের হিতসাধনের নিমিত্ত দেহত্যাগ করুন' ॥১১৩॥

তাহার পর সুখে ও দুঃখে সমানজ্ঞানকারী ও মহাযোগী দধীচ অবিষণ্ণ চিত্ত থাকিয়া, আপন জীবাত্মাকে পরমাত্মাতে সংযুক্ত করিয়া দেহত্যাগ করিলেন ॥১১৪॥

তখন দধীচের জীবাত্মা নির্গত হইয়া গেলে, ধাতা তাঁহার অস্থি গ্রহণ করিয়া, তাহাদ্বারা বজ্রনির্ম্মাণ করিলেন ॥১১৫॥

বজ্রেনাভেদ্যেনাপ্রধৃষ্যেণ ব্রহ্মাস্থিসম্ভূতেন বিষ্ণু-
প্রবিষ্টেন ইন্দ্রো বিশ্বরূপং জঘান ॥১১৬॥ শিরসাঞ্চাস্য
চ্ছেদনমকরোৎ ॥১১৭॥ তস্মাদনন্তরং বিশ্বরূপগাত্র-
মথনসম্ভবং ত্বাষ্ট্রোৎপাদিতমেবারিং বৃত্রমিন্দ্রো জঘান ॥১১৮॥
তস্যাং দ্বৈধীভূতায়াং ব্রহ্মবধ্যায়াং ভয়াদিন্দ্রো
দেবরাজ্যং পর্য্যত্যজৎ ॥১১৯॥ অপ্সুসম্ভবাঞ্চ শীতলাং
মানসসরোগতাং নলিনীং প্রতিপেদে ॥১২০॥ তত্র
চৈশ্বর্য্যযোগাদনুমাত্রো ভূত্বা বিসগ্রন্থিং প্রবিবেশ ॥১২১॥

ভারতকৌমুদী

তেনেতি। ব্রহ্মণো ব্রাহ্মণস্য অস্থিসম্ভূতেন ॥১১৬॥

শিরসামিতি। শিরসাং ত্রয়াণামেব মস্তকানাম্, অস্য বিশ্বরূপস্য ॥১১৭॥

তস্মাদিতি। ত্বাষ্ট্রেণ তেন বিশ্বরূপেণৈব উৎপাদিতং স্বগাত্রত এবোৎপাদনাৎ। অতএব বৃত্রস্যাপি ব্রাহ্মণত্বমিতি ভাবঃ ॥১১৮॥

তস্যামিতি। ব্রহ্মবধ্যায়াং ব্রহ্মহত্যাজনিতমহাপাপে, দ্বৈধীভূতায়াং মূর্ত্তিমত্তয়া পৃথগ্ভূতায়াং সত্যাম্ ॥১১৯॥

অপ্স্বিতি। অপ্সু জলে সম্ভবামুৎপন্নাম্। নলিনীং পদ্মলতাং প্রতিপেদে ইন্দ্রঃ প্রাপ ॥১২০॥

তত্রেতি। ঐশ্বর্য্যযোগাৎ অণিমাদিবিভূতিসম্বন্ধাৎ, অনুমাত্রঃ অতীব সূক্ষ্মো ভূত্বা বিসগ্রন্থিং তস্যা নলিন্যা মৃণালগ্রন্থিমধ্যম্ প্রবিবেশ ইন্দ্রঃ ॥১২১॥

ভারতভাবদীপঃ

পুরুষং প্রকৃত্যাচ্ছান্দোগ্যে "আপ্রণখাৎ সর্ব্ব এব সুবর্ণ" ইতি শ্রুতেঃ ॥১১৫॥ ছন্দসি সমষ্টি

ব্রাহ্মণের অস্থিসম্ভূত সেই বজ্র, অভেদ্য ও অপ্রধৃষ্য হইল এবং বিষ্ণু তাহাতে প্রবেশ করিলেন ; এইরূপ বজ্রদ্বারা ইন্দ্র বিশ্বরূপকে বধ করিলেন ॥১১৬॥

আর তিনি সেই বজ্রদ্বারাই বিশ্বরূপের তিনটী মস্তক ছেদন করিলেন ॥১১৭॥

তাহার পর দেবতারা বিশ্বরূপের শরীর মন্থন করিতে লাগিলে, তাহা হইতে সেই বিশ্বরূপেরই উৎপাদিত বৃত্র নামে এক দেবশত্রু উৎপন্ন হইল ; ইন্দ্র সেই বজ্র-দ্বারা সেই বৃত্রকেও বধ করিলেন ॥১১৮॥

সেই ব্রহ্মহত্যাজনিত মহাপাপ মূর্ত্তিমান্ হইয়া পৃথক্ ভাবে প্রকাশ পাইলে ইন্দ্র তাহার ভয়ে দেবরাজ্য পরিত্যাগ করিলেন ॥১১৯॥

এবং তিনি যাইয়া মানসসরোবরের জলে উৎপন্ন শীতল পদ্মলতার নিকটে উপস্থিত হইলেন ॥১২০॥

অথ ব্রহ্মবধ্যাভয়প্রনষ্টে ত্রৈলোক্যনাথে শচীপতৌ
জগদনীশ্বরং বভূব ॥১২২॥ দেবান্ রজস্তমশ্চাবিবেশ ॥১২৩॥
মন্ত্রা ন প্রাবর্ত্তন্ত॥১২৪॥ মহর্ষীণাং রক্ষাংসি প্রাদুরভবন্ ॥১২৫॥
ব্রহ্ম চোৎসাদনং জগাম ॥১২৬॥ অনিন্দ্রাশ্চাবলা
লোকাঃ সুপ্রধৃষ্যা বভূবুঃ ॥১২৭॥ অথ দেবা ঋষয়
শ্চায়ুষঃ পুত্রং নহুষং নাম দেবরাজ্যেঽভিষিষিচুঃ ॥১২৮॥
নহুষঃ পঞ্চভিঃ শতৈর্জ্যোতিষাং ললাটে জ্বলদ্ভিঃ
সর্ব্বভূততেজোহরৈস্ত্রিপিষ্টপং পালয়াম্বভূব ॥১২৯॥

ভারতকৌমুদী

অথেতি। ব্রহ্মবধ্যাভয়েন প্রনষ্টে অদৃশ্যতাং গতে সতি। অনীশ্বরং রাজশূন্যম্ ॥১২২॥

দেবানিতি। রজস্তমসোরাবেশাৎ দেবাঃ কামক্রোধমোহাদ্যাবিষ্টা বভূবুরিত্যর্থঃ ॥১২৩॥

মন্ত্রা ইতি। ন প্রাবর্ত্তন্ত যজ্ঞাদৌ প্রচলিতা নাসন্, রাজশাসনাভাবেন বর্ণানাং স্বস্বকর্ম্মভ্রষ্টতয়া যজ্ঞাদীনামেবাভাবাদিতি ভাবঃ ॥১২৪॥

মহর্ষীণামিতি। তপস্যাদিকালে মহর্ষীণাং সমীপে তদ্বিঘ্নকরণায় রক্ষাংসি প্রাদুরভবন্ ॥১২৫॥

ব্রহ্মেতি। ব্রহ্ম বেদশ্চ উৎসাদনং লোপং জগাম, "বেদস্তত্ত্বং তপোব্রহ্ম" ইত্যমরঃ ॥১২৬॥

অনিন্দ্রা ইতি। অনিন্দ্রা ইন্দ্রশূন্যা লোকা জনাঃ, খাদ্যাদ্যভাবাদবলাঃ শক্তিশূন্যাঃ, অতএব সুপ্রধৃষ্যা সুখেন অভিভবনীয়া বভূবুঃ ॥১২৭॥

অথেতি। আয়ুষ আয়ুর্নামকস্য চন্দ্রবংশীয়স্য রাজ্ঞঃ ॥১২৮॥

নহুষ ইতি। ললাটে জ্বলদ্ভিঃ সর্ব্বভূততেজোহরৈঃ জ্যোতিষাং তেজসাং পঞ্চভিঃ শতৈঃ কিরণৈর্বিশিষ্টঃ সন্ ত্রিপিষ্টপং স্বর্গং পালয়াম্বভূব ॥১২৯॥

ক্রমে তিনি নিজের অনিমাপ্রভৃতি ঐশ্বর্য্যের প্রভাবে অত্যন্ত সূক্ষ্ম হইয়া, সেই পদ্মলতার মৃণালের গ্রন্থির ভিতরে প্রবেশ করিলেন ॥১২১॥

ত্রিভুবনের অধিপতি ইন্দ্র ব্রহ্মহত্যা পাপের ভয়ে অদৃশ্য হইলে, ত্রিভুবন অরাজক হইয়া পড়িল ॥১২২॥

তখন রজোগুণ ও তমোগুণ দেবগণে প্রবেশ করিল ॥১২৩॥

মন্ত্রের প্রচলন থাকিল না ॥১২৪॥

রাক্ষসেরা মহর্ষিগণের নিকটে প্রকাশ পাইতে লাগিল ॥১২৫॥

বেদ লুপ্ত হইল ॥১২৬॥

ইন্দ্র না থাকায় লোকসকল দুর্ব্বল হইয়া পরাজেয় হইতে লাগিল ॥১২৭॥

তাহার পর দেবগণ ও ঋষিগণ আয়ুর পুত্র নহুষকে নিয়া দেবরাজ্যে অভিষিক্ত করিলেন ॥১২৮॥

অথ লোকাঃ প্রকৃতিমাপেদিরে স্বস্থাশ্চ হৃষ্টাশ্চ বভূবুঃ ॥১৩০॥
অথোবাচ নহুষঃ সর্ব্বং মাং শক্রোপভুক্তমুপস্থিতম্
ঋতে শচীমিতি ॥১৩১॥ স এবমুক্ত্বা শচীসমীপ-
মগমৎ ॥১৩২॥ উবাচ চৈনাং সুভগে ! অহমিন্দ্রো-
দেবানম্ ॥১৩৩॥ ভজস্ব মামিতি ॥১৩৪॥ তং শচী-
প্রত্যুবাচ প্রকৃত্যা ত্বং ধর্ম্মবৎসলঃ সোমবংশোদ্ভবশ্চ
নার্হসি পরপত্নীধর্ষণং কর্ত্তুমিতি ॥১৩৫॥ তামথোবাচ
নহুষঃ ॥১৩৬॥ ঐন্দ্রং পদময়ধ্যাস্থিতে ময়া ॥১৩৭॥

ভারতকৌমুদী

অথেতি। প্রকৃতিং স্বভাবম্ আপেদিরে প্রাপুঃ, স্বস্থাঃ সুস্থাঃ ॥১৩০॥
অথেতি। উবাচ অনুচরবর্গমিতি শেষঃ ॥১৩১॥
স ইতি। স নহুষঃ ॥১৩২॥
উবাচেতি। এনাং শচীম্, হে সুভগে সুন্দরি ! ॥১৩৩॥
ভজস্বেতি। ভজস্ব রতিদানেন সেবস্ব ॥১৩৪॥
তমিতি। প্রকৃত্যা স্বভাবেন। পরপত্ন্যা ধর্ষণং বলেন রমণম্ ॥১৩৫॥
তামিতি। অথ অনন্তরম্, তাং শচীম্ ॥১৩৬॥

ভারতভাবদীপঃ

লিঙ্গাভিমানী সূত্রাত্মা ভুবি চতুর্ম্মুখঃ ॥১১৮—১৩১॥ ক্রমবিভাগঃ—পদদ্বয়মাদায় পূর্ব্বং বিসৃজ্যোত্তরমুত্তরেণ সন্দধ্যাৎ যথা অগ্নিমীলে ঈলে পুরোহিতং যজ্ঞস্যেত্যাদি অক্ষরবিভাগঃ

তখন নহুষ আপন ললাটে প্রজ্বলিত সমস্তপ্রাণীর তেজোনাশক মহাতেজের কিরণ প্রকাশ করিতে থাকিয়া, স্বর্গরাজ্য পালন করিতে থাকিলেন ॥১২৯॥

তাহার পর সমস্ত লোকই প্রকৃতিস্থ, সুস্থ ও হৃষ্ট হইল ॥১৩০॥

তাহার পর একদা নহুষ অনুচরবর্গকে বলিলেন 'একশচী ব্যতীত ইন্দ্রোপভুক্ত সমস্ত বস্তুই আমার ভোগে আসিয়াছে ॥১৩১॥

নহুষ এইরূপ বলিয়া শচীর নিকটে গমন করিলেন ॥১৩২॥

এবং বলিলেন—'সুন্দরি ! বর্ত্তমানে আমি দেবতাদের মধ্যে ইন্দ্র ॥১৩৩॥

অতএব তুমি আমাকে ভজন কর' ॥১৩৪॥

তখন শচী তাঁহাকে বলিলেন—'আপনি স্বভাবতঃ ধর্ম্মবৎসল এবং চন্দ্রবংশে উৎপন্ন। অতএব আপনি পরপত্নী ধর্ষণ করিতে পারেন না' ॥১৩৫॥

তাহার পর নহুষ শচীকে বলিলেন—॥১৩৬॥

অহমিন্দ্রস্য রাজ্যরত্নহরঃ ॥১৩৮॥ নাত্রাধর্ম্মঃ কশ্চিৎ
ত্বমিন্দ্রোপভুক্তেতি ॥১৩৯॥ সা তমুবাচ ॥১৪০॥ অস্তি মম
কিঞ্চিদ্ব্রতমপর্য্যবসিতং তস্যাবভৃথে ত্বামুপগমিষ্যামি
দেবাহোভিরিতি ১৪১॥ স শচ্যৈবমভিহিতো
জগাম ॥১৪২॥ অথ শচী দুঃখশোকার্ত্তা ভর্ত্তৃদর্শনলালসা
কারণ, মুক্তির স্থান, সূক্ষ্ম, পরম আশ্রয়, অচল, এবং সংযতচিত্ত সাংখ্যজ্ঞানী ও যোগীরা, আপনাদের উদারচিত্তে জ্ঞানদ্বারা এই সেই সনাতনকে ধারণ করেন; জগতের সৃষ্টিকর্ত্তা সেই নারায়ণই ব্রহ্ম ॥৪৮॥

(৪৮) অমৃতস্য পদম্···বঙ্গ নি···উদারব্রতং···বঙ্গ···উদাহৃতং তম্···নি।

* 'ষট্চত্বারিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ'···বঙ্গ বৰ্দ্ধ, ষট্পঞ্চাশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ' নি।

একত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—ঃঃ—

জনমেজয় উবাচ।

শ্রুতং ভগবতস্তস্য মাহাত্ম্যং পরমাত্মনঃ।
জন্ম ধর্ম্মগৃহে চৈব নরনারায়ণাত্মকম্ ॥১॥
মহাবরাহস্রষ্টা চ পিণ্ডোৎপত্তিঃ পুরাতনী।
প্রবৃত্তৌ চ নিবৃত্তৌ চ যো যথা পরিকল্পিতঃ ॥২॥
তথা চ নঃ শ্রুতো ব্রহ্মন্! কথ্যমানস্ত্বয়ানঘ!।
যচ্চ তৎ কথিতং পূর্ব্বং ত্বয়া হয়শিরো মহৎ ॥৩॥
হব্যকব্যভুজো বিষ্ণুরুদক্পূর্ব্বে মহোদধৌ।
তচ্চ দৃষ্টং ভগবতা ব্রহ্মণা পরমেষ্ঠিনা ॥৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

শ্রুতমিতি। ধর্ম্মস্য দেবস্য গৃহে ধর্ম্মপুত্রতয়েত্যর্থঃ ॥১॥

মহেতি। যো নিয়মঃ। নঃ অস্মাভিঃ। হব্যকব্যে ভুঙ্‌ক্তে ইতি হব্যকব্যভুজঃ। "নাম্ন্যুপধপ্রীকৃ-কৃজ্ঞাং কঃ" ইতি ভুজের্নাম্ন্যুপধত্বাৎ কঃ প্রত্যয়ঃ। উদক্পূর্ব্বে উত্তরপূর্ব্বকোণস্থে আবির্ভূত ইতি শেষঃ ॥২—৪॥

ভারতভাবদীপঃ

শ্রুতং ভগবতস্তস্যেত্যাদিরধ্যায়ো হয়গ্রীবাবতারস্য প্রয়োজনং মাহাত্ম্যঞ্চ প্রতিপাদয়তি; তস্য তাৎপর্য্যং রজস্তমোভ্যাং বেদা নষ্টাস্তিরোহিতার্থা ভবন্তি সত্ত্বেন স্বর্থতঃ সম্যক্ প্রকাশন্ত ইতি ॥১—২॥ হব্যকব্যভুজঃ মূলবিভুজাদিত্বাৎ কঃ, আকারান্তঃ শব্দঃ। উদক্পূর্ব্বে ঐশানকোণে,

---

জনমেজয় বলিলেন—'সেই ভগবান্ পরমাত্মা বিষ্ণুর মাহাত্ম্য এবং ধর্ম্মের গৃহে নরনারায়ণরূপে জন্ম শুনিয়াছি ॥১॥

নিষ্পাপ ব্রাহ্মণ! আপনার মুখে সেই মহাবরাহকৃত পুরাতন পিণ্ডোৎপত্তি এবং প্রবৃত্তি ও নিবৃত্তিবিষয়ে যে ধর্ম্ম পরিকল্পিত ছিল, তাহাও আমরা শ্রবণ করিয়াছি। তাহার পর আপনি পূর্ব্বে যে সেই মহাহয়শিরের কথা বলিয়াছেন, তাহাও শুনিয়াছি, আর হব্যকব্যভোজী বিষ্ণু উত্তরপূর্ব মহাসমুদ্রে যে আবির্ভূত হইয়াছিলেন, তাহা ভগবান্ পরমেষ্ঠী ব্রহ্মা দেখিয়াছিলেন ॥২—৪॥

কিং তদুৎপাদিতং পূর্ব্বং হরিণা লোকধারিণা।
রূপং প্রভাবং মহতামপূর্ব্বং ধীমতাম্বর ! ॥৫॥
দৃষ্ট্বা হি বিবুধশ্রেষ্ঠমপূর্ব্বমমিতৌজসম্।
তদশ্বশিরসং পুণ্যং ব্রহ্মা কিমকরোন্মুনে ! ॥৬॥
সংশয়ং ব্রহ্মন্ ! পুরাণং জ্ঞানসম্ভবম্।
কথয়স্বোত্তমমতে ! মহাপুরুষনির্ম্মিতম্।
পাবিতাঃ স্ম ত্বয়া ব্রহ্মন্ ! পুণ্যাঃ কথয়তাঃ কথাঃ ॥৭॥
বৈশম্পায়ন উবাচ।
কথয়িষ্যামি তে সর্ব্বং পুরাণং বেদসম্মিতম্।
জগৌ যদ্ভগবান্ ব্যাসো রাজ্ঞঃ পারিক্ষিতস্য বৈ ॥৮॥

ভারতকৌমুদী

কিমিতি। অপূর্ব্বং মহতাং প্রভাবং দধানং রূপমিত্যর্থঃ ॥৫॥

দৃষ্ট্বেতি। বিবুধশ্রেষ্ঠং দেবপ্রধানম্, অপূর্ব্বমদ্ভুতম্ ॥৬॥

এতমিতি। জ্ঞানসম্ভবং জ্ঞানবিষয়ম্। মহাপুরুষনির্ম্মিতং রূপমধিকৃতং জাতমিতি শেষঃ। পাবিতাঃ পবিত্রীকৃতাঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৭॥

কথয়িষ্যামীতি। জগৌ উবাচ। পরিক্ষিতঃ প্রাচীনস্য তদাখ্যস্য রাজ্ঞঃ অপত্যং ভীমসেনো নাম তস্য সমীপে ॥৮॥

জ্ঞানিশ্রেষ্ঠ ! লোকধারী নারায়ণ পূর্ব্বে কি জন্য, অদ্ভুত সেই মহাপ্রভাবশালী রূপ ধারণ করিয়াছিলেন ? ॥৫॥

মুনি ! ব্রহ্মা সেই দেবশ্রেষ্ঠ, অমিততেজা, অদ্ভুত ও পবিত্র সেই হয়শিরার রূপ দেখিয়া কি করিয়াছিলেন ॥৬॥

ব্রাহ্মণ ! আমার মনে দীর্ঘকাল যাবৎ এইরূপ সংশয় হইয়া আসিতেছে। অতএব মহামতি ! মহাপুরুষ নারায়ণকৃত সেই হয়শিরার কথা আপনি বলুন। ব্রাহ্মণ ! আপনি আমাদিগকে পবিত্র করিয়াছেন। অতএব সেই পবিত্র কথা বলুন' ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—'রাজা ! ভগবান্ বেদব্যাস আপনারই বংশে আপনার পিতা পরিক্ষিতের পূর্ব্ববর্ত্তী আর এক পরিক্ষিতের পুত্র রাজা ভীমসেনের নিকটে যাহা বলিয়াছিলেন, আমি আপনার নিকটে বেদের তুল্য সেই প্রাচীন সমস্ত বিষয় বলিব ॥৮॥

(৩) পুণ্যাং কথয়তাং কথাম্···বঙ্গ বর্দ্ধ।

শ্রুত্বাশ্বশিরসো মূর্ত্তিং দেবস্য হরিমেধসঃ।
উৎপন্নসংশয়ো রাজা এতদেবমচোদয়ৎ ॥৯॥

জনমেজয় উবাচ।

যদ্দর্শিতবান্ ব্রহ্মা দেবং হয়শিরোধরম্।
কিমর্থং তৎ সমভবদ্মমাচক্ষ্ব সত্তম! ॥১০॥

বৈশম্পায়ন উবাচ।

যৎ কিঞ্চিদিহ লোকে বৈ দেহসত্ত্বং বিশাম্পতে!।
সর্ব্বং পঞ্চভিরাবিষ্টং ভূতৈরীশ্বরবুদ্ধিজৈঃ ॥১১॥
ঈশ্বরো হি জগৎস্রষ্টা প্রভুর্নারায়ণো বিরাট্।
ভূতান্তরাত্মা বরদঃ সগুণো নির্গুণোঽপি চ।
ভূতপ্রলয়মত্যন্তং শৃণুষ্ব নৃপসত্তম! ॥১২॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। হরিমেধসো নারায়ণস্য। রাজা ভীমসেনঃ, অচোদয়ৎ ব্যাসমপৃচ্ছৎ।৯॥

যদিতি। দর্শিতবান্ দৃষ্টবান্। "ইড়াগম আর্ষঃ, তৎ হয়শিরোরূপম্ ॥১০॥

যদিতি। দেহসত্ত্বং শরীরদ্রব্যম্। ভূতৈঃ ক্ষিত্যাদিভিঃ ॥১১॥

ঈশ্বর ইতি। সাকারত্বে সগুণঃ সত্ত্বাদিগুণবান্, নিরাকার-চিন্ময়ত্বে চ নির্গুণঃ সত্ত্বাদিগুণশূন্যঃ। অত্যন্তং সাকল্যেন। ষট্পাদঃ শ্লোকঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

মহোদধৌ তৎসমীপে ইদমুত্তরাঘয়ি ॥৩—৪॥ অপূর্ব্বং প্রাগদৃষ্টম্ ॥৫॥ অপূর্ব্বমদ্ভুতম্ ॥৬—৯॥ দর্শিতবাংস্তদশ্বশিরোরূপম্ ॥১০॥ বেদো বেদহর্ত্তা বেদাধ্যায়ী বেদহরণমিত্যাদিকং সর্ব্বং ভগবল্লীলামাত্রমিতি পৃষ্টস্তোত্তরং বক্ষ্যংস্তজ্জন্মেন সৃষ্টিমেব তাবদুপক্রমতে—যৎকিঞ্চিদিতি ॥১১॥

সেই রাজা ভীমসেন নারায়ণের হয়শীর্ষরূপ শ্রবণ করিয়া, সংশয়াপন্ন হইয়া এইরূপই প্রশ্ন বেদব্যাসের নিকট করিয়াছিলেন ॥৯॥

জনমেজয় বলিলেন—'সাধুশ্রেষ্ঠ! ব্রহ্মা অশ্বের ন্যায় মস্তকধারী নারায়ণকে সেই যে দেখিয়াছিলেন, নারায়ণের সেই রূপটী কি জন্য হইয়াছিল, তাহা আপনি আমার নিকট বলুন ॥১০॥

বৈশম্পায়ন বলিলেন—'নরনাথ! এই জগতে যে কিছু দেহ আছে, সে সমস্তই ঈশ্বরবুদ্ধিজাত পঞ্চভূতকর্ত্তৃক আবিষ্ট ॥১১॥

---

(১১) ভূতৈরীশ্বরবুদ্ধিভিঃ—বঙ্গ বর্দ্ধ।

ধরণ্যামথ লীনায়ামপ্সু চৈকার্ণবে পুরা।
জ্যোতিভূ'তে জলে চাপি লীনে জ্যোতিষি চানিলে ॥১৩॥
বায়ৌ চাকাশসংলীনে আকাশে চ মনোঽনুগে।
ব্যক্তে মনসি সংলীনে ব্যক্তে চাব্যক্ততাং গতে ॥১৪॥
অব্যক্তে পুরুষং যাতে পুংসি সর্ব্বগতেঽপি চ।
তম এবাভবৎ সর্বং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥১৫॥ (বিশেষকম্)
তমসো ব্রহ্ম সংভূতং তমো মূলামৃতাত্মকম্।
তদ্বিশ্বভাবসংজ্ঞান্তং পৌরুষীং তনুমাশ্রিতম্ ॥১৬॥

ভারতকৌমুদী

ধরণ্যামিতি। অপ সু জলে, জ্যোতির্ভূ'তে লীনতয়া তেজোরূপত্বং প্রাপ্তে। মনোঽনুগে মনসি প্রবিষ্টে, তস্মিন্ ব্যক্তে মনসি চ অব্যক্ততাং গতে প্রকৃতিত্বং প্রাপ্তে অব্যক্তে প্রকৃতৌ, পুংসি পুরুষে সর্ব্বগতে ব্রহ্মণি যাতে চ তমঃ অন্ধকার এব ॥১৩—১৫॥

তমস ইতি। তমসঃ সর্ব্বাভাবরূপাৎ তস্মাদন্ধকারাৎ ব্রহ্ম ব্রহ্মবৎ কিমপি সূক্ষ্মং তত্ত্বং সম্ভূতমাবির্ভূ'তম্, তচ্চ তমঃ মূলমমৃতং মুক্তিরেব আত্মা স্বরূপং যস্য তৎ কার্য্যকারণয়োরভেদাৎ তদ্ব্রহ্ম, বিশ্বে সর্ব্বে ভাবাঃ পদার্থা স্তেষাং সংজ্ঞা ঘটপটাদিনামানি অন্তে সৃষ্টেঃ পরং যস্য তৎ তাদৃশং সৎ, পৌরুষীং তনুং পুরুষদেহমাশ্রিতমভবৎ ॥১৬॥

ভারতভাবদীপঃ

ঈশ্বরবুদ্ধিভিরীশ্বরসঙ্কল্পমাত্রৈঃ ॥১২॥ লয়মাহ—ভূতেতি ॥১৩—১৪॥ ব্যক্তে মহত্তত্ত্বে মনো লীনং তদ্ব্যক্তেঽপ্যব্যক্ততাং গুণসাম্যাবস্থাং গতে সতি ॥১৫॥ পুরুষং স্বমর্থং পুংসি সর্বগতে ব্রহ্মণি লীনে

জগতের সৃষ্টিকর্ত্তা, প্রভাবশালী, বিরাট্ পুরুষ, প্রাণিগণের অন্তরাত্মা, বরদাতা সগুণ ও নির্গুণ নারায়ণই ঈশ্বর। রাজশ্রেষ্ঠ! এখন আপনি ভূতগণের মহাপ্রলয় শ্রবণ করুন ॥১২॥

পূর্ব্বকালে একমাত্র সমুদ্রজলে পৃথিবী লীন হইলে, জল তেজ হইয়া গেলে, তেজ বায়ুতে লয় পাইলে, বায়ু আকাশে প্রবেশ করিলে, মনের অনুগামী ব্যক্ত আকাশ মনে লয় পাইলে, ব্যক্ত মন প্রকৃতিত্ব প্রাপ্ত হইলে, প্রকৃতি পুরুষে প্রবেশ করিলে এবং পুরুষ ব্রহ্মে লীন হইলে সমস্তই একমাত্র অন্ধকার হইয়াছিল; তৎকালে অন্য কিছুই জানা যাইত না ॥১৩—১৫॥

সেই অন্ধকারের মধ্য হইতে ব্রহ্মবৎ এক সূক্ষ্ম তত্ত্ব আবির্ভূ'ত হইয়াছিল; সেই অন্ধকার মূল ব্রহ্ম হইতে অভিন্ন (কার্য্য ও কারণ অভিন্ন এই মতে), সেই সূক্ষ্ম পদার্থই সৃষ্টির পরে নানাসংজ্ঞা লাভ করিয়াছে এবং পুরুষদেহ ধারণ করিয়াছে ॥১৬॥

সোঽনিরুদ্ধ ইতি প্রোক্তস্তৎ প্রধানং প্রচক্ষতে।
তদব্যক্তমিতি জ্ঞেয়ং ত্রিগুণং নৃপসত্তম। ॥১৭॥
বিদ্যাসহায়বান্ দেবো বিষ্বক্‌সেনো হরিঃ প্রভুঃ।
অপ্‌স্বেব শয়নং চক্রে নিদ্রাযোগমুপাগতঃ ॥১৮॥
জগতশ্চিন্তয়ন্ সৃষ্টিং চিত্রাং বহুগুণোদ্ভবাম্।
তস্য চিন্তয়তঃ সৃষ্টিং মহানাত্মগুণঃ স্মৃতঃ ॥১৯॥
অহঙ্কারস্ততো জাতো ব্রহ্মা স তু চতুর্ম্মুখঃ।
হিরণ্যগর্ভো ভগবান্ সর্বলোকপিতামহঃ ॥২০॥

ভারতকৌমুদী

স ইতি। স ইতি বিধেয়লিঙ্গঃ, তদিত্যুদ্দেশ্যলিঙ্গম্, প্রধানং প্রকৃতিম। ত্রয়ো গুণাঃ সত্ত্বরজস্তমাংসি যস্মিন্ তৎ ॥১৭॥

বিদ্যেতি। বিদ্যাসহায়বান্ জ্ঞানবান্, দেবো দ্যোতমানঃ, বিষ্বক্ সমন্তাৎ সেনা শক্তির্যস্য সঃ, প্রভুঃ প্রভাববান্, হরির্নারায়ণঃ, অপ্‌সু কারণসলিল এব শয়নং চক্রে শয়িত ইব নিষ্ক্রিয় আসীৎ, নিদ্রাযোগং যোগনিদ্রামুপাগতঃ সন্ ॥১৮॥

জগত ইতি। বহুভ্যো গুণেভ্যঃ সত্ত্বাদিভ্য উদ্ভবতীতি তাম্, চিত্রাং নানাবিধাং জগতঃ সৃষ্টিং চিন্তয়ন্নাসীৎ। "স ঐক্ষত বহুস্যাম্ প্রজায়েয়" ইতি শ্রুতেঃ। তাং সৃষ্টিং চিন্তয়তশ্চ তস্য মহান্ অপ্রধৃষ্য আত্মগুণ আত্মন এব সৃষ্টিক্ষমতা আবির্ভূতঃ স্মৃতঃ। তদেব মহত্তত্ত্বম্ ॥১৯॥

ভারতভাবদীপঃ

সতি প্রলয়াবস্থায়াং তম এবাভবৎ সর্ব্বং বিশেষবিজ্ঞানং সর্বং লুপ্তমিত্যর্থঃ ॥১৬॥ তমসঃ সকাশাৎ ব্রহ্ম জগৎকারণং পরব্যোমাখ্যমুৎপন্নম্। তমঃ কুত উৎপন্নমিত্যাকাঙ্ক্ষায়ামাহ—তমো মূলা বৃতাত্মকমিতি। অধিষ্ঠানমাত্রাত্মকমুরগ ইব রজ্জুমাত্রাত্মকঃ তন্মূলামৃতং স্বাধ্যস্ততমসা উপেতং সন্বিশ্বভাবাঃ সর্বং রূপং সংজ্ঞানামতদস্তঃ প্রপঞ্চাত্মকমিত্যর্থঃ। পৌরুষীং বৈরাজীম্ ॥১৭॥ অনিরুদ্ধ এব সূক্ষ্মরূপোঽব্যক্তসংজ্ঞিতো জ্ঞেয়ঃ ॥১৮॥ বিদ্যা নির্ব্বিশেষচিন্মাত্রাকারা চেতোবৃত্তিঃ,

রাজশ্রেষ্ঠ! সেই সূক্ষ্ম পদার্থকেই অনিরুদ্ধ বলা হইয়াছে এবং মুনিরা তাঁহাকেই প্রকৃতি বলেন; আর আপনারাও সেই প্রকৃতিকেই ত্রিগুণাত্মক অব্যক্ত বলিয়া জানিবেন ॥১৭॥

বিদ্যাসহায়শালী, সর্ব্বশক্তিমান্ ও প্রভাবযুক্ত নারায়ণদেব যোগনিদ্রা অবলম্বন করিয়া, জলেই শয়ন করিয়াছিলেন ॥১৮॥

তৎকালে তিনি সত্ত্বাদিগুণ হইতে উৎপন্ন নানাবিধ জগৎ সৃষ্টি করিবার চিন্তা করিলেন, সেই সৃষ্টি চিন্তা করিবার সময়ে, তাহা হইতে ত্রিগুণময় মহত্তত্ত্ব আবির্ভূত হইল ॥১৯॥

পদ্মেঽনিরুদ্ধাৎ সম্ভূতস্তদা পদ্মনিভেক্ষণঃ।
সহস্রপত্রে দ্যুতিমানুপবিষ্টঃ সনাতনঃ ॥২১॥
দদৃশেঽদ্ভুতসঙ্কাশো লোকানাপোময়ান্ প্রভুঃ।
সত্ত্বস্থঃ পরমেষ্ঠী স ততো ভূতগণান্ সৃজন্ ॥২২॥
পূর্ব্বমেব চ পদ্মস্য পত্রে সূর্য্যাংশুসপ্রভে।
নারায়ণকৃতৌ বিন্দূ অপামাস্তাং গুণোত্তরৌ ॥২৩॥
তাবপশ্যৎ স ভগবাননাদিনিধনোঽচ্যুতঃ।
একস্তত্রাভবদ্বিন্দুর্মধ্বাভো রুচিরপ্রভঃ ॥২৪॥

ভারতকৌমুদী

অহঙ্কার ইতি। ততো মহতঃ। হিরণ্যং সৃষ্টিক্ষমতাধনম্ গর্ভে যস্য সঃ ॥২০॥

পদ্ম ইতি। পদ্মে মহত্ত্বস্বরূপে, অনিরুদ্ধাৎ তস্মাৎ প্রধানাৎ, সম্ভূতঃ পরম্পরয়া জাতঃ ॥২১॥

দদৃশ ইতি। ততঃ অদ্ভুতসঙ্কাশশ্চতুর্ম্মুখাদিধারণাদাশ্চর্য্যতুল্যঃ, প্রভুঃ প্রভাবশালী, সত্ত্বস্থঃ সৃষ্ট্যধ্যবসায়বান্, পরমে স্রষ্টৃপদে তিষ্ঠতীতি পরমেষ্ঠী স ব্রহ্মা আপোময়ান্ জলময়ান্ লোকান্ দদৃশে দদর্শ ততঃ ভূতগণাংশ্চ সৃজন্ দদৃশে সৃষ্টৈর্লোকৈঃ ॥২২॥

পূর্ব্বমিতি। সূর্য্যাংশূনাং সমানা প্রভা যস্য তস্মিন্। অপাং জলস্য। গুণেন স্বচ্ছতয়া উত্তরৌ উত্তমৌ বিন্দূ কণদ্বয়ম্ ॥২৩॥

তাবিতি। স ব্রহ্মা। মধ্বাভো মধুতুল্যঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

অপ্সু নির্ব্বিশেষে ব্রহ্মণি শয়নং চক্রে বিলয়ং জগাম ॥১৯॥ স এব চিদ্রূপো জগতঃ সৃষ্টিং চিন্তয়ন্ বহুস্যাং প্রজায়েয়েতীক্ষণং কুর্ব্বন ॥২০—২১॥ পদ্মে ব্রহ্মাণ্ডে অনিরুদ্ধাদহঙ্কারাৎ সম্ভূত

সেই মহত্তত্ত্ব হইতে অহঙ্কার জন্মিল, সেই অহঙ্কারই চতুর্ম্মুখ ব্রহ্মা এবং তিনিই ভগবান্ হিরণ্যগর্ভ ও সর্ব্বলোকপিতামহ ॥২০॥

তখন পদ্মনয়ন, তেজস্বী ও সনাতন ব্রহ্মা প্রকৃতি হইতে উৎপন্ন হইয়া, সেই সহস্রদল পদ্মে উপবিষ্ট হইলেন ॥২১॥

আশ্চর্য্যমূর্ত্তি, প্রভাবশালী, অধ্যবসায়সম্পন্ন ও স্রষ্টৃপদে অধিষ্ঠিত ব্রহ্মা প্রথমে সমস্ত জগৎ জলময় দেখিলেন, তাহার পর তিনি ভূতসমূহ সৃষ্টি করিতে আরম্ভ করিলেন ॥২২॥

সূর্য্যকিরণের ন্যায় উজ্জ্বল সেই পদ্মপত্রে নারায়ণকৃত নির্ম্মল দুইটী জলবিন্দু পূর্ব্বেই ছিল ॥২৩॥

ভগবান্ অনাদিনিধন নারায়ণ ও ব্রহ্মা সেই জলবিন্দু দুইটী দেখিলেন ; তাহার মধ্যে একটী জলবিন্দুর মধুর ন্যায় সুন্দর কান্তি ছিল ॥২৪॥

স তামসো মধুর্জ্জাতস্তদা নারায়ণাজ্ঞয়া।
কঠিনস্ত্বপরো বিন্দুঃ কৈটভো রাজসস্তু সঃ ॥২৫॥
তাবভ্যধাবতাং শ্রেষ্ঠৌ তমোরজোগুণান্বিতৌ।
বলবন্তৌ গদাহস্তৌ পদ্মনালানুসারিণৌ ॥২৬॥
দদৃশাতেঽরবিন্দস্থং ব্রহ্মাণমমিতপ্রভম্।
সৃজন্তং প্রথমং বেদাংশ্চতুরশ্চারুবিগ্রহান্ ॥২৭॥
ততো বিগ্রহবন্তৌ তৌ বেদান্ দৃষ্ট্বাসুরোত্তমৌ।
সহসা জগৃহতুর্বেদান্ ব্রহ্মণঃ পশ্যতস্তদা ॥২৮॥
অথ তৌ দানবশ্রেষ্ঠৌ বেদান্ গৃহ্য সনাতনান্।
রসাং বিবিশতুস্তূর্ণমুদকপূর্বে মহোদধৌ ॥২৯॥

ভারতকৌমুদী

স ইতি। স মধুপ্রভো জলবিন্দুঃ তামসো মধুর্নাম দৈত্যো জাতঃ, বিন্দুর্জলকণঃ মার্কণ্ডেয়পুরাণে দেবীমাহাত্ম্যে তু বিষ্ণুকর্ণমলাৎ মধুকৈটভয়োর্জন্মাভিহিতম্। তচ্চ কল্পভেদাদবিরুদ্ধম্ ॥২৫॥

তাবিতি। পদ্মনালং অনুসরত ইতি তৌ ॥২৬॥

দদৃশাতে ইতি। চতুরশ্চতুঃসংখ্যকান্, সৃজন্তং স্মরণপূর্ব্বকং লিখিত্বা পুস্তকস্থান্ কুর্ব্বন্তম্, স্বয়মপি পরত্র সনাতনানিত্যভিধানাৎ "ন কশ্চিৎ বেদকর্ত্তা চ বেদঃস্মর্ত্তা পিতামহঃ" ইতি মনু বচনাৎ। "ষাণ্মাসিকেঽপি সময়ে ভ্রান্তিঃ সঞ্জায়তে নৃণাম্ ধাত্রাক্ষরাণি সৃষ্টানি পত্রারূঢ়াণ্যতঃ পুরা" ইতি স্মৃত্যন্তরাচ্চ। অত এব চারুবিগ্রহানিতি দৈত্যয়োশ্চ হরণসম্ভব ইতি ভাবঃ। চারুবিগ্রহান্ সুন্দরমূর্ত্তীন্ ॥২৭॥

তত ইতি। বিগ্রহবন্তৌ বলবদ্দেহশালিনৌ। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥২৮॥

তমোগুণময় সেই জলবিন্দুটী নারায়ণের আদেশে মধুনামে দৈত্য হইল; আর রজোগুণময় কঠিন অপর জলবিন্দুটী কৈটভনামে দৈত্য হইয়া গেল ॥২৫॥

রজোগুণ ও তমোগুণান্বিত, বলবান্ ও গদাধারী সেই অসুর শ্রেষ্ঠেরা, ব্রহ্মাধিষ্ঠিত পদ্মনালের দিকে ধাবিত হইল ॥২৬॥

তখন তাহারা দেখিল, অসাধারণ তেজস্বী ব্রহ্মা পদ্মের উপরে থাকিয়া, সর্ব্বপ্রথমে সুন্দরমূর্ত্তি চারিটী বেদ সৃষ্টি করিয়া রাখিয়াছেন ॥২৭॥

তাহার পর সবলদেহ সেই অসুরশ্রেষ্ঠেরা বেদ কয়টীকে দেখিয়া, ব্রহ্মার সাক্ষাতেই তৎক্ষণাৎ সেই বেদগুলিকে গ্রহণ করিল ॥২৮॥

(২৯) উদকপূর্ণে মহোদধৌ—বঙ্গ বর্দ্ধ।

ততো হৃতেষু বেদেষু ব্রহ্মা কশ্মলমাবিশৎ।
ততো বচনমীশানং প্রাহ বেদৈর্ব্বিনাকৃতঃ ॥৩০॥

ব্রহ্মোবাচ।

বেদা মে পরমং চক্ষুর্ব্বেদা মে পরমং বলম্।
বেদা মে পরমং ধাম বেদা মে ব্রহ্মচোত্তরম্ ॥৩১॥
মম বেদা হৃতাঃ সর্ব্বে দানবাভ্যাং বলাদিতঃ।
অন্ধকারা হি মে লোকা জাতা বেদৈর্ব্বিনাকৃতাঃ ॥৩২॥
বেদানৃতে হি কিং কুর্য্যাং লোকানাং সৃষ্টিমুত্তমাম্।
অহো বত মহদ্দুঃখং বেদনাশনজং মম ॥৩৩॥
প্রাপ্তং দুনোতি হৃদয়ং তীব্রং শোকপরায়ণম্।
কো হি শোকার্ণবে মগ্নং মামিতোঽদ্য সমুদ্ধরেৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

অথেতি। গৃহ্য গৃহীত্বা। রসাং রসাতলম্। উদক্‌পূর্ব্বে উত্তরপূর্ব্বকোণস্থে প্রথমং মহোদধৌ বিবিশতুঃ পরঞ্চ রসাতলমিতি ভাবঃ ॥২৯॥

তত ইতি। কশ্মলং শোকমোহম্। বিনাকৃতো বিরহিতঃ ॥৩০॥

বেদা ইতি। চক্ষুঃ সর্ব্বদর্শনহেতুত্বাৎ বলং সর্ব্বসৃষ্টিসাধকত্বাৎ। ধাম আশ্রয়ঃ স্থিতিহেতুত্বাৎ উত্তরং পরমং ব্রহ্ম শ্রেয়স্ত্বাৎ ॥৩১॥

মমেতি। অন্ধকারাস্তদাচ্ছন্না ইব অজ্ঞেয়ত্বাৎ ॥৩২॥

বেদানিতি। ঋতে বিনা, কিং কেন প্রকারেণ ॥৩৩॥

তাহার পর সেই দানবশ্রেষ্ঠেরা সেই সনাতন বেদ চারিটী গ্রহণ করিয়া, উত্তর-পূর্ব্ব সমুদ্রে প্রবেশ করিল, পরে সেই পথে পাতালে যাইয়া উপস্থিত হইল ॥২৯॥

বেদগুলি অপহৃত হইলে ব্রহ্মা শোকে মুগ্ধ হইয়া পড়িলেন, পরে তিনি বেদ-বিহীন হইয়া ঈশ্বরকে এই কথা বলিলেন ॥৩০॥

ব্রহ্মা বলিলেন—'বেদ আমার পরম চক্ষু, বেদ আমার পরম বল, বেদ আমার উত্তম আশ্রয় এবং বেদ আমার পরম ব্রহ্ম ॥৩১॥

হায়, দানবেরা বলপূর্ব্বক এইস্থান হইতে আমার সমস্ত বেদ হরণ করিয়া লইয়া গিয়াছে। সুতরাং বেদবিহীন লোকসকল আমার নিকটে অন্ধকারময় হইয়া পড়িয়াছে ॥৩২॥

বেদব্যতীত আমি কি প্রকারে উত্তম লোকসৃষ্টি করিব; হায়, বেদনাশনিবন্ধন আমার গুরুতর দুঃখ উপস্থিত হইয়াছে ॥৩৩॥

বেদাংস্তাংশ্চানয়েন্নষ্টান্ কস্য চাহং প্রিয়ো ভবে।
ইত্যেবং ভাষমাণস্য ব্রহ্মণো নৃপসত্তম ! ॥৩৫॥
হরেস্তোত্রার্থমুদ্ভূতা বুদ্ধির্বুদ্ধিমতাম্বর !।
ততো জগৌ পরং জপ্যং প্রাঞ্জলিপ্রগ্রহঃ প্রভুঃ ॥৩৬॥ (যুগ্মকম্)

ব্রহ্মোবাচ।

ওঁ নমস্তে ব্রহ্মহৃদয় ! নমস্তে মম পূর্ব্বজ !।
লোকাদ্য ! ভুবনশ্রেষ্ঠ ! সাংখ্যযোগনিধে ! প্রভো ! ॥৩৭॥
ব্যক্তাব্যক্তকরাচিন্ত্য ! ক্ষেমং পন্থানমাস্থিত !।
বিশ্বভুক্। সর্ব্বভূতানামন্তরাত্মন্নযোনিজ ! ॥৩৮॥

ভারতকৌমুদী

প্রাপ্তমিতি। প্রাপ্তমুপস্থিতং তীব্রং দুঃখং কর্ত্তৃ, শোকপরায়ণং মম হৃদয়ং দুনোতি তাপয়তি ॥৩৪॥

বেদানিতি। নষ্টানদৃশ্যতাং গতান্। ভবে ভবামি। জগৌ উবাচ, অঞ্জলিপ্রগ্রহেণ পাণিদ্বয়-সংযোগকরণেন সহেতি সঃ, প্রভুর্ব্রহ্মা ॥৩৫—৩৬॥

নম ইতি "যন্ন্যূনঞ্চাতিরিক্তঞ্চ যাচ্ছিদ্রং যদযজ্ঞিয়ম্। তদোঙ্কারপ্রযুক্তেন সর্ব্বঞ্চাবিকলং ভবেৎ॥" ইতি যোগিযাজ্ঞবল্ক্যবচনাৎ প্রথমং প্রণবোচ্চারণম্। ব্রহ্মণো মম হৃদয় হৃদয়তুল্য !। হে লোকাদ্য ! জগদাদে ! ॥৩৭॥

ব্যক্তেতি। ব্যক্তানি মহদাদীনি অব্যক্তং প্রকৃতিঞ্চ করোতীতি সঃ তৎ সম্বোধনম্। এবমন্যত্র ক্ষেমং পন্থানং নিরাকারত্বম্ আস্থিত আশ্রিতঃ তাপাদ্যসম্ভবাৎ, অযোনিজ ! অকারণা-বির্ভূত ! ॥৩৮॥

ভারতভাবদীপঃ

আবির্ভূতো ব্রহ্মা ॥২২—২৩॥ পদ্মস্য পত্রে অংশৈকদেশে ॥২৪—৩৭॥ রজস্তমোভ্যামভিভূতৈর্নষ্টজ্ঞানৈরীশ্বর এব জপধ্যানাদিনা জ্ঞানলাভার্থমনুসরণীয় ইত্যাশয়েনাহ—ওঁ নমস্তে ইতি ॥৩৮॥

উপস্থিত তীব্র দুঃখ আমার শোকার্ত্ত মনকে সন্তপ্ত করিতেছে, আমি শোক-সাগরে মগ্ন হইয়াছি ; এই অবস্থায় কোন্ ব্যক্তি আমাকে আজ এই শোকসাগর হইতে উদ্ধার করিবে ॥৩৪॥

আমি কাহার প্রিয়, কে আমার সেই বিনষ্ট বেদ আনিয়া দিবে, বুদ্ধিমৎপ্রধান রাজশ্রেষ্ঠ ! এইরূপ বলিবার সময়ে ব্রহ্মার নারায়ণকে স্তব করিবার বিষয়ে বুদ্ধি জন্মিল ; তাহার পর ব্রহ্মা কৃতাঞ্জলি হইয়া, উত্তমপাঠ্য নারায়ণস্তব পাঠ করিতে লাগিলেন ॥৩৫—৩৬॥

হে ব্রহ্মার হৃদয় ! ব্রহ্মার অগ্রজ ! জগতের আদি ! জগতের শ্রেষ্ঠ ! সাংখ্য ও যোগের সাগর ! প্রভু ! আপনাকে নমস্কার করি ॥৩৭॥

অহং প্রসাদজস্তুভ্যং লোকধামস্বয়ম্ভুবঃ।
ত্বত্তো মে মানসং জন্ম প্রথমং দ্বিজপূজিতম্ ॥৩৯॥
চাক্ষুষং বৈ দ্বিতীয়ং মে জন্ম চাসীৎ পুরাতনম্।
ত্বৎপ্রসাদাত্তু মে জন্ম তৃতীয়ং বাচিকং মহৎ ॥৪০॥
ত্বত্তঃ শ্রবণজঞ্চাপি চতুর্থং জন্ম মে বিভো!।
নাসত্যঞ্চাপি মে জন্ম ত্বত্তঃ পঞ্চমমুচ্যতে ॥৪১॥

ভারতকৌমুদী

অহমিতি। প্রসাদজঃ অনুগ্রহাজ্জাতঃ, তুভ্যং তব, লোকানাং ধাম আশ্রয়শ্চাসৌ স্বয়ম্ভুশ্চেতি তস্য ॥৩৯॥

চাক্ষুষমিতি। চক্ষুষ ইদং চাক্ষুষম্। বাচা কৃতং বাচিকম্ ॥৪০॥

ত্বত্ত ইতি। শ্রবণজং কর্ণাজ্জাতম্। নাসত্যং অশ্বিনীকুমাররূপম্ ॥৪১॥

ভারতভাবদীপঃ

তুভ্যং তব, লোকধামপ্রকাশকঃ স চাসৌ স্বয়ম্ভুশ্চ তস্য ॥৩৯॥ ত্বত্তো ম ইতি। "নমু জ্ঞানম-প্রতিমং যস্য বৈরাগ্যঞ্চ জগৎপতেঃ। ঐশ্বর্য্যং চৈব ধর্ম্মশ্চ সহসিদ্ধং চতুষ্টয়'মিতি স্মৃত্যা সহা—"যমীক্ষাঞ্চক্রে যন্মদন্যন্নাস্তি কস্মান্নু বিভেমীতি কস্মাদ্ধ্যভেষ্যৎ দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতী"তি শ্রুত্যা তত্তাৎপর্য্যেণ চ ব্রহ্মণঃ স্বতঃসিদ্ধজ্ঞানত্বমুক্তম্, সতি চ জ্ঞানে জন্মান্তরং নাস্তীতি কথং তস্য সপ্তজন্মান্যুচ্যন্তে ? অভ্যুপগমে স্বাজ্ঞানসিদ্ধজ্ঞানস্য বৈফল্যম্; অতো ব্যর্থং মোক্ষধর্ম্মাখ্যানমিতি চেদত্র ক্রমঃ—অত্র হ্যহঙ্কারাদুৎপন্নশ্চতুর্ম্মুখঃ স্বস্য বৈরাজং রূপং সর্ব্বনামরূপাত্মকমনুসন্দধানো মন্যতে যদা যদা যদ্যৎ প্রকাশতে তত্তদেবোৎপন্নমিতি তাবন্তি বৈরাজানি জন্মানীতি। স্থূলপ্রপঞ্চাত্মকং মানসং ভোগদ্বারা সংস্থাপ্তকরঃ প্রথমং বৈরাজং জন্ম; রূপপ্রপঞ্চাত্মকং চাক্ষুষং ততোঽপি বাহ্যত্বাদ্দ্বিতীয়ম্ ॥৪০॥ বচনমাত্রোপস্থাপিতমেরুস্বর্গাদ্যাত্মকং ততোঽপি বাহ্যত্বাৎ তৃতীয়ম্। অস্য ভোগ্যত্বান্তরঙ্গস্তোপস্থাপকো বেদাত্মা নাম প্রপঞ্চস্ততো

আপনি ব্যক্ত ও অব্যক্ত সৃষ্টি করিয়াছেন, আপনি অচিন্তনীয়, আপনি মঙ্গলময়পথ অবলম্বন করিয়াছেন, আপনি সর্ব্বভোজী, আপনি সর্ব্বভূতের অন্তরাত্মা এবং আপনি অযোনিজাত, আপনাকে নমস্কার করি ॥৩৮॥

আপনি জগতের আশ্রয় ও স্বয়ম্ভু, আপনার অনুগ্রহেই আমি জন্মিয়াছি, ব্রাহ্মণপূজিত আমার প্রথম জন্ম আপনার মন হইতে হইয়াছিল ॥৩৯॥

আমার পুরাতন দ্বিতীয় জন্ম আপনার চক্ষু হইতে হইয়াছিল এবং আমার প্রশস্ত তৃতীয় জন্ম, আপনারই অনুগ্রহে, আপনার বাক্য হইতে প্রকাশ পাইয়াছিল ॥৪০॥

প্রভু! আপনার কর্ণ হইতে আমার চতুর্থ জন্ম হইয়াছিল। মুনিরা আপনা হইতেই আমার অশ্বিনীকুমাররূপ পঞ্চম জন্ম বলেন ॥৪১॥

অণ্ডজঞ্চাপি মে জন্ম ত্বত্তঃ ষষ্ঠং বিনির্ম্মিতম্।
ইদঞ্চ সপ্তমং জন্ম পদ্মজন্মেতি বৈ প্রভো! ॥৪২॥
সর্গে সর্গে হ্যহং পুত্রস্তব ত্রিগুণবর্জ্জিত!।
প্রথমঃ পুণ্ডরীকাক্ষঃ প্রধানগুণকল্পিতঃ ॥৪৩॥
ত্বমীশ্বরস্বভাবশ্চ কর্ম্মবন্ধঃ স্বয়ম্ভুবঃ।
ত্বয়া বিনির্ম্মিতোহহং বৈ বেদচক্ষুর্বয়োহতিগঃ ॥৪৪॥
তে মে বেদা হৃতাশ্চক্ষুরন্ধো জাতোহস্মি জাগৃহি।
দদস্ব চক্ষূংষি মম প্রিয়োহহং তে প্রিয়োহসি মে ॥৪৫॥

ভারতকৌমুদী

অণ্ডজমিতি। বিনির্ম্মিতং ত্বয়ৈব বিহিতম্ ॥৪২॥

সর্গ ইতি। সর্গে সর্গে সৃষ্টৌ সৃষ্টৌ। হে ত্রিগুণবর্জ্জিত! চিন্ময়ত্বাৎ সত্ত্বাদিগুণহীন!। প্রধানগুণেন সত্ত্বেন কল্পিতঃ ॥৪৩॥

ত্বমিতি। কর্ম্মণা বধ্নাতীতি কর্ম্মবন্ধঃ। স্বয়ম্ভুবো মম, বয়োহতিগো বাল্যাদিবয়ঃশূন্যঃ ॥৪৪॥

ত ইতি। চক্ষুশ্চক্ষুস্বরূপা বেদাঃ। দদস্বেতি "দদ দানে ইত্যস্য প্রয়োগঃ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

হপি বাহ্যত্বাচ্চতুর্থঃ ॥৪১॥ নাসত্যামিতি। অশ্বিদেবত্যঘ্রাণজং জন্ম গন্ধপ্রপঞ্চাত্মকং নামোল্লেখ-পূর্বকরূপস্মারকতয়া ততোহপি বহিরঙ্গত্বাৎ পঞ্চমম্। অণ্ডং ব্রহ্মাণ্ডং তদ্দর্শনসংস্কারজং বাসনাত্মকং স্বাপ্নপ্রপঞ্চময়ং ততোহপি বাহ্যং ষষ্ঠম্ ॥৪২॥ ততোহপি বাহ্যং পদ্যতে গম্যত ইতি বা পদনীয়ং বা পাদ্মং সর্বপ্রাণিধীবাসনোদ্বোধকং কারণাত্মকমিদং সপ্তমম্। ইতোহপি বাহ্যত্বং শুদ্ধ চিন্মাত্রো-হষ্টমঃ। সর্বেষু কার্যেষ্বনুগতত্বাৎ পিতাহঞ্চ ত্বৎসত্ত্বয়ৈব কার্যসপ্তকরূপেণ মানসত্বয়া ত্বৎপুত্রো হস্মীত্যাহ—সর্গে সর্গে ইতি ॥৪৩॥ প্রধানং মুখ্যো গুণঃ সত্ত্বং তেন কল্পিতঃ শুদ্ধসত্ত্বময়শরীর

আপনা হইতেই আমার অণ্ডজ ষষ্ঠ জন্ম হইয়াছিল এবং প্রভু! এই আমার সপ্তম জন্ম পদ্ম হইতে উৎপন্ন, ইহাও আপনিই করিয়াছেন ॥৪২॥

হে ত্রিগুণহীন! প্রত্যেক সৃষ্টিতেই আমি আপনার পুত্র হইয়াছি, আপনি প্রথম সত্ত্বগুণময় পুণ্ডরীকাক্ষ ॥৪৩॥

আপনি ঈশ্বরস্বরূপ এবং কর্ম্মদ্বারা স্বয়ম্ভু আমাকে বদ্ধ রাখিয়াছেন আর আপনিই আমাকে বেদচক্ষু ও বাল্যাদিবয়ো বিহীনভাবে নির্ম্মাণ করিয়াছেন ॥৪৪॥

প্রভু! আমার চক্ষুস্বরূপ সেই বেদসকল অসুরেরা হরণ করিয়াছে, আমি অন্ধ হইয়া গিয়াছি। অতএব আপনি জাগরিত হউন, আমার চক্ষু দান করুন, আমি আপনার প্রিয়, আপনিও আমার প্রিয় ॥৪৫॥

এবং স্তুতঃ স ভগবান্ পুরুষঃ সর্বতোমুখঃ।
জহৌ নিদ্রামথ তদা বেদকার্য্যার্থমুদ্যতঃ ॥৪৬॥
ঐশ্বর্য্যেণ প্রয়োগেণ দ্বিতীয়াং তনুমাস্থিতঃ।
সুনাসিকেন কায়েন ভূত্বা চন্দ্রপ্রভস্তদা ॥৪৭॥
কৃত্বা হয়শিরঃ শুভ্রং বেদানামালয়ঃ প্রভুঃ।
তস্য মূর্দ্ধা সমভবদ্দ্যৌঃ সনক্ষত্রতারকা ॥৪৮॥
কেশাশ্চাস্যাভবন্দীর্ঘা রবেরংশুসমপ্রভাঃ।
কর্ণাবাকাশপাতালে ললাটং ভূতধারিণী ॥৪৯॥
গঙ্গা সরস্বতী শ্রোণ্যৌ ভ্রুবাবাস্তাং মহোদধী।
চক্ষুষী সোমসূর্য্যৌ তে নাসা সন্ধ্যা পুনঃ স্মৃতা ॥৫০॥

ভারতকৌমুদী

এবমিতি। সর্ব্বতঃ সমস্তানুমুখানি যস্য সঃ, সর্ব্বদর্শীত্যর্থঃ। বেদানাং কার্য্যমুদ্ধরণং তদর্থমুদ্যতো বভূব ॥৪৬॥

ঐশ্বর্য্যেণেতি। প্রযুজ্যত ইতি প্রয়োগস্তেন ঐশ্বর্য্যেণ অণিমাদ্যন্তর্গতপ্রাকাম্যাখ্যেন তদা চন্দ্রপ্রভঃ শুদ্ধো ভূত্বা, শোভনা নাসিকা যস্য তেন কায়েন দ্বিতীয়াং তনুং শরীরম্ আস্থিত আশ্রিতবান্ ॥৪৭॥

কৃত্বেতি। বেদানামালয় আশ্রয়ঃ প্রভুর্নারায়ণঃ শুভ্রং হয়শিরঃ অশ্ববন্মস্তকং কৃত্বা তস্থাবিতি শেষঃ। নক্ষত্রং ধ্রুবাদি তারকাশ্চাশ্বিন্যাদিঃ। দ্যৌরাকাশম্ ॥৪৮॥

কেশা ইতি। অংশুসমপ্রভাঃ কিরণবদুজ্জ্বলাঃ। ভূতধারিণী পৃথিবী ললাটমভবৎ ॥৪৯॥

গঙ্গেতি। গঙ্গা সরস্বতী চ নদ্যৌ শ্রোণ্যৌ নিতম্বৌ, মহোদধী ভ্রুবৌ, সোমসূর্য্যৌ চ তে চক্ষুষী আস্তাম্, সন্ধ্যা পুনর্নাসা স্মৃতা ॥৫০॥

ব্রহ্মা এইরূপ স্তব করিলে, সর্ব্বদর্শী ভগবান্ সেই মহাপুরুষ নারায়ণ, তখন বেদ উদ্ধার করিবার জন্য উদ্যত হইয়া নিদ্রাত্যাগ করিলেন ॥৪৬॥

তখন তিনি আপন ঐশ্বর্য্য প্রয়োগ করিয়া, সুন্দর নাসিকাযুক্ত দেহে চন্দ্রের ন্যায় শুভ্রবর্ণ হইয়া, দ্বিতীয় শরীর ধারণ করিলেন ॥৪৭॥

বেদের আশ্রয় ও প্রভাবশালী নারায়ণ, এইভাবে শুভ্রবর্ণ অশ্বের ন্যায় মস্তক করিয়া অবস্থান করিলেন। ধ্রুবাদি নক্ষত্র ও অশ্বিন্যাদি তারাযুক্ত আকাশ তাহার মস্তক হইল ॥৪৮॥

তাঁহার কেশকলাপ সূর্য্যকিরণের ন্যায় উজ্জ্বল ও দীর্ঘ হইল; আকাশ ও পাতাল কর্ণদ্বয় হইয়া গেল এবং পৃথিবী ললাট হইল ॥৪৯॥

ওঁকারস্তস্য সংস্কারো বিদ্যুজ্জিহ্বা চ নির্ম্মিতা।
দন্তাশ্চ পিতরো রাজন্! সোমপা ইতি বিশ্রুতাঃ ॥৫১॥
গোলোকো ব্রহ্মলোকশ্চ ওষ্ঠাবাস্তাং মহাত্মনঃ।
গ্রীবা চাস্যাভবদ্রাজন্! কালরাত্রির্গুণোত্তরা ॥৫২॥
এতদ্ধয়শিরঃ কৃত্বা নানামূর্ত্তিভিরাবৃতম্।
অন্তর্দধৌ স বিশ্বেশো বিবেশ চ রসাং প্রভুঃ ॥৫৩॥
রসাং পুনঃ প্রবিষ্টশ্চ যোগং পরমমাস্থিতঃ।
শৈক্ষ্যং স্বরং সমাস্থায় উদ্গীথং প্রাসৃজৎ স্বরম্ ॥৫৪॥
সস্বরঃ সানুনাদী চ সর্ব্বশঃ স্নিগ্ধ এব চ।
বভূবান্তর্মহীভূতঃ সর্ব্বভূতগুণো হিতঃ ॥৫৫॥

ভারতকৌমুদী

ওঙ্কার ইতি। ওঙ্কারঃ প্রণব এব, সংস্ক্রিয়তে অনেনেতি সংস্কারঃ অভবৎ, সোমপা ইতি বিশ্রুতাঃ পিতরশ্চ দন্তা অভবন্ ॥৫১॥

গোলোক ইতি। গুণৈঃ সংহারাদিপ্রভাবৈঃ, উত্তরা শ্রেষ্ঠা ॥৫২॥

এতদিতি। হয়শিরঃ অশ্বশিরোবন্মস্তকযুক্তং শরীরম্। রসাং রসাতলম্ ॥৫৩॥

রসামিতি। স বিশ্বেশঃ রসাং রসাতলং প্রবিষ্টঃ পুনঃ পরমং যোগমাস্থিতশ্চ সন্, শৈক্ষ্যং শিক্ষাসম্বন্ধিনম্ শিক্ষাশাস্ত্রোক্তং স্বরমুদাত্তাদিকং সমাস্থায় অবলম্ব্য, উদ্গীথং গানাত্মকং স্বরং প্রাসৃজৎ আবিষ্কৃতবান্ ॥৫৪॥

স ইতি। স স্বরঃ, সানুনাদী প্রতিধ্বনিমান্। অন্তর্মহ্যাং পাতালে ভূতো ব্যাপ্তঃ, সর্ব্বেষামেব ভূতানাং প্রাণিনাং গুণঃ স্বররূপ উৎকর্ষো যস্মাৎ স হিতশ্চ বভূব ॥৫৫॥

গঙ্গা ও সরস্বতী নদী নিতম্বদ্বয়, দুইটী মহাসমুদ্র ভ্রূযুগল এবং চন্দ্র ও সূর্য্য নয়নদ্বয় হইল, আর সন্ধ্যা তাঁহার নাসিকারূপ ধারণ করিল ॥৫০॥

রাজা! প্রণব তাঁহার সংস্কার করিল, বিদ্যুৎ জিহ্বা হইল এবং 'সোমপ' নামে বিখ্যাত পিতৃলোকেরা দন্ত হইলেন ॥৫১॥

রাজা! গোলোক ও ব্রহ্মলোক সেই মহাত্মা হয়শিরার ওষ্ঠ হইল এবং গুণবতী কালরাত্রি তাঁহার গ্রীবা হইলেন ॥৫২॥

প্রভাবশালী সেই বিশ্বেশ্বর নারায়ণ নানা মূর্ত্তিযুক্ত এইরূপ হয়শিরো মূর্ত্তি ধারণ করিয়া অন্তর্হিত হইলেন এবং পাতালে যাইয়া প্রবেশ করিলেন ॥৫৩॥

তিনি পাতালে প্রবিষ্ট হইয়া, পরম যোগ অবলম্বন করিয়া, শিক্ষাশাস্ত্রোক্ত উদাত্তপ্রভৃতি স্বর প্রকাশপূর্ব্বক, উদ্গীথ স্বর (বেদভাগ বিশেষ) আবিষ্কার করিলেন ॥৫৪॥

ততস্তাবসুরৌ কৃত্বা বেদান্ সময়বন্ধনান্।
রসাতলে বিনিক্ষিপ্য যতঃ শব্দস্ততো দ্রুতৌ ॥৫৬॥
এতস্মিন্নন্তরে রাজন্! দেবো হয়শিরোধরঃ।
জগ্রাহ বেদানখিলান্ রসাতলগতো হরিঃ ॥৫৭॥
প্রাদাচ্চ ব্রহ্মণে ভূয়স্ততঃ স্বাং প্রকৃতিং গতঃ।
স্থাপয়িত্বা হয়শির উদক্পূর্বে মহোদধৌ।
বেদানামালয়ঞ্চাপি বভূবাশ্বশিরাস্ততঃ ॥৫৮॥
অথ কিঞ্চিদপশ্যন্তৌ দানবৌ মধুকৈটভৌ।
পুনরাজগ্মতুস্তত্র বেগিতৌ পশ্যতাঞ্চ তৌ।
যত্র বেদা বিনিক্ষিপ্তাস্তৎ স্থানং শূন্যমেব চ ॥৫৯॥

ভারতকৌমুদী

তত ইতি। সময়স্য এতাবতঃ কালস্য বন্ধনং স্থিতৌ নিয়মনং যেষাং তান্ বিনিক্ষিপ্য স্থাপয়িত্বা, যতো যস্মাৎ দেশাৎ, শব্দঃ স উদ্গীথঃ স্বরঃ আগত ইতি শেষঃ। ততস্তস্মিন্ দেশে দ্রুতৌ দ্রুতং গতবন্তৌ ॥৫৬॥

এতস্মিন্নিতি। অন্তরে অবসরে হয়শিরোধরঃ অশ্বমস্তকধারী ॥৫৭॥

প্রাদাদিতি। অশ্বশিরা হরিঃ উদক্পূর্ব্বে উত্তরপূর্বকোণস্থে মহোদধৌ বেদানামালয়ং হয়শিরস্তদ্রূপম্, স্থাপয়িত্বা স্বাং প্রকৃতিং নারায়ণরূপং গতো বভূব। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫৮॥

অথেতি। তত্র শব্দোৎপত্তিস্থানে কিঞ্চিদপশ্যন্তৌ। পশ্যতামিত্যাড়াগমাভাব আর্ষঃ। বিনিক্ষিপ্তাঃ স্থাপিতাঃ, তৎ স্থানঞ্চ শূন্যমপশ্যতাম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫৯॥

সেই উদাত্তপ্রভৃতি স্বরের প্রতিধ্বনি হইতে লাগিল এবং তাহা সর্ব্বপ্রকারে স্নিগ্ধ হইল, ক্রমে পাতালে ব্যাপ্ত হইয়া পড়িল, আর তাহা তত্রত্য সমস্ত প্রাণীর স্বরমাধুর্য্য ও হিত উৎপাদন করিল ॥৫৫॥

তদনন্তর সেই অসুরেরা সময় নিরূপণ করিয়া, বেদগুলিকে পাতালে রাখিয়া, যে স্থান হইতে সেই উদ্গীথস্বর আসিতেছিল, সেই দিকে ধাবিত হইল ॥৫৬॥

রাজা! এই সময়ে অশ্বমস্তকধারী নারায়ণ, পাতালে যাইয়া সমস্ত বেদ গ্রহণ করিলেন ॥৫৭॥

তাহার পর অশ্বশিরা নারায়ণ তথা হইতে উঠিয়া, পুনরায় ব্রহ্মাকে বেদগুলি দান করিলেন এবং উত্তরপূর্ব্ব মহাসমুদ্রে বেদের আশ্রয়স্বরূপ সেই অশ্বশিরোরূপ রাখিয়া, আপন নারায়ণ স্বরূপ ধারণ করিলেন ॥৫৮॥

তাহার পর সেই দানব মধু ও কৈটভ সেস্থানে কিছু না দেখিয়া যে স্থানে বেদ

তত উত্তমমাস্থায় বেগং বলবত্তাম্বরৌ।
পুনরুত্তস্থতুঃ শীঘ্রং রসানামালয়াত্তদা ॥৬০॥
দদৃশাতে চ পুরুষং তমেবাদিকরং প্রভুম্।
শ্বেতং চন্দ্রবিশুদ্ধাভমনিরুদ্ধতনৌ স্থিতম্ ॥৬১॥
ভূয়োঽপ্যমিতবিক্রান্তং নিদ্রাযোগমুপাগতম্।
আত্মপ্রমাণরচিতে অপামুপরি কল্পিতে ॥৬২॥
শয়নে নাগভোগাঢ্যে জ্বালামালাসমাবৃতে।
নিষ্কল্মষেণ সত্ত্বেন সম্পন্নং রুচিরপ্রভম্ ॥৬৩॥ (বিশেষকম্)
তং দৃষ্ট্বা দানবেন্দ্রৌ তৌ মহাহাসমমুঞ্চতাম্।
উচতুশ্চ সমাবিষ্টৌ রজসা তমসা চ তৌ ॥৬৪॥

ভারতকৌমুদী

তত ইতি। বরৌ মধুকৈটভৌ। রসানামালয়াৎ পাতালাৎ ॥৬০॥

দদৃশাতে ইতি। দদৃশাতে দদৃশতুঃ। আদিং ব্রহ্মাণং করোতীতি আদিকরস্তম্, অনিরুদ্ধতনৌ প্রাগুক্তে নারায়ণশরীরে। আত্মপ্রমাণেন নিজপরিমাণেন রচিতে নির্ম্মিতে। শয়নে শয্যায়াং নাগভোগাঢ্যে অনন্তনাগশরীরযুক্তে, জ্বালামালয়া তস্যৈব নাগস্য শিরোমণিপ্রভাসমূহেন সমাবৃতে। নিষ্কল্মষেণ নির্দ্দোষেণ সত্ত্বেন অধ্যবসায়েন ॥৬১—৬৩॥

তমিতি। অমুঞ্চতাং কৃতবন্তৌ। সমাবিষ্টাবন্বিতৌ ॥৬৪॥

রাখিয়াছিল পুনরায় বেগে সেই স্থানে আগমন করিল এবং সে স্থানও শূন্যই দেখিল ॥৫৯॥

তাহার পর অত্যন্ত বলবান্ মধু ও কৈটভ গুরুতর বেগ অবলম্বন করিয়া, সত্বর তখনই পাতাল হইতে পুনরায় উঠিল ॥৬০॥

ক্রমে তাহারা দেখিল ব্রহ্মার জনক, প্রভাবশালী, চন্দ্রের ন্যায় নির্ম্মল শ্বেতবর্ণ এবং অত্যন্ত বিক্রমশালী শরীরধারী সেই মহাপুরুষ নারায়ণ পুনরায় যোগনিদ্রা অবলম্বন করিয়া শয্যার উপরে রহিয়াছেন। সেই শয্যাটী জলের উপরে অনন্তনাগের দেহে তাঁহারই পরিমাণে রচিত এবং অনন্তনাগের শিরোমণির প্রভায় আলোকিত ছিল, তাহাতে তিনি নির্দ্দোষ অধ্যবসায়যুক্ত হইয়া, মনোহর কান্তিতে প্রকাশ পাইতেছিলেন ॥৬১—৬৩॥

সেই অসুরেরা তাঁহাকে দেখিয়া বিশাল হাস্য করিল এবং রজোগুণ ও তমোগুণে আবিষ্ট হইয়া বলিল—॥৬৪॥

অয়ং স পুরুষঃ শ্বেতঃ শেতে নিদ্রামুপাগতঃ।
অনেন নূনং বেদানাং কৃতমাহরণং রসাৎ ॥৬৫॥
কস্যৈষ কো নু খল্বেষ কিঞ্চ স্বপিতি ভোগবান্।
ইত্যুচ্চারিতবাক্যৌ তৌ বোধয়ামাসতুর্হরিম্ ॥৬৬॥
যুদ্ধার্থিনৌ হি বিজ্ঞায় বিবুদ্ধঃ পুরুষোত্তমঃ।
নিরীক্ষ্য চাসুরেন্দ্রৌ তৌ ততো যুদ্ধে মনো দধে ॥৬৭॥
অথ যুদ্ধং সমভবত্তয়োর্নারায়ণস্য বৈ।
রজস্তমোবিষ্টতনূ তাবুভৌ মধুকৈটভৌ।
ব্রহ্মণোঽপচিতিং কুর্ব্বন্ জঘান মধুসূদনঃ ॥৬৮॥
ততস্তয়োর্বধেনাশু বেদাপহরণেন চ।
শোকাপনয়নঞ্চক্রে ব্রহ্মণঃ পুরুষোত্তমঃ ॥৬৯॥

ভারতকৌমুদী

অয়মিতি। আহরণমপহরণম্। রসাৎ রসাতলাৎ ॥৬৫॥

কস্যেতি। কস্য সম্বন্ধী। ভোগবান্ উত্তমশয্যায়ামবস্থানেন সুখানুভববান্। বোধয়ামাসতু-র্জাগরয়ামাসতুঃ ॥৬৬॥

যুদ্ধেতি। বিবুদ্ধো জাগরিতঃ। মনোদধে ইচ্ছাঞ্চকার ॥৬৭॥

অথেতি। রজস্তমোভ্যাং বিষ্টে অন্বিতে তনু শরীরে যয়োস্তৌ। অপচিতিমুপকারম্। ষট্-পাদঃ শ্লোকঃ ॥৬৮॥

তত ইতি। বেদানামপহরণেন পাতালাদানয়নেন ॥৬৯॥

এই সেই শ্বেতবর্ণ পুরুষ নিদ্রিত হইয়া শয়ন করিয়া রহিয়াছে, এই পুরুষটাই নিশ্চয় পাতাল হইতে বেদ আনয়ন করিয়াছে ॥৬৫॥

এই পুরুষটা কাহার? এবং কে? কেনই বা নাগশয্যায় শয়ন করিয়া রহিয়াছে? এই সকল বাক্য বলিয়া মধু ও কৈটভ, নারায়ণের নিদ্রাভঙ্গ করিল ॥৬৬॥

নারায়ণ জাগরিত হইয়া মধু ও কৈটভের দিকে দৃষ্টিপাত করিয়া, তাহাদিগকে যুদ্ধার্থী জানিয়া, তাহার পর যুদ্ধেই মনোনিবেশ করিলেন ॥৬৭॥

তাহার পর মধু ও কৈটভের সহিত নারায়ণের যুদ্ধ হইতে লাগিল; ক্রমে নারায়ণ ব্রহ্মার উপকার করিবার ইচ্ছায় রজোগুণ ও তমোগুণান্বিত সেই মধু ও কৈটভকে বধ করিলেন ॥৬৮॥

তখন নারায়ণ বেদ আনয়ন এবং মধু ও কৈটভের বধদ্বারা, ব্রহ্মার শোক দূর করিলেন ॥৬৯॥

ততঃ পরিবৃতো ব্রহ্মা হরিণা বেদসৎকৃতঃ।
নির্ম্মমে স তদা লোকান্ কৃৎস্নান্ স্থাবরজঙ্গমান্ ॥৭০॥
দত্ত্বা পিতামহায়াগ্র্যাং মতিং লোকবিসর্গিকীম্।
তত্রৈবান্তর্দ্দধে দেবো যত এবাগতো হরিঃ ॥৭১॥
তৌ দানবৌ হরির্হত্বা কৃত্বা হয়শিরস্তনুম্।
পুনঃ প্রবৃত্তিধর্ম্মার্থং তামেব বিদধে তনুম্ ॥৭২॥
এবমেব মহাভাগো বভূবাশ্বশিরা হরিঃ।
পৌরাণমেতৎ প্রখ্যাতং রূপং বরদমৈশ্বরম্ ॥৭৩॥
যো হ্যেতদ্ব্রাহ্মণো নিত্যং শৃণুয়াদ্ধারয়ীত বা।
ন তস্যাধ্যয়নং নাশমুপগচ্ছেৎ কদাচন ॥ ৪॥
আরাধ্য তপসোগ্রেণ দেবং হয়শিরোধরম্।
পঞ্চালেন ক্রমঃ প্রাপ্তো দেবেন পথি দেশিতে ॥৭৫॥

ভারতকৌমুদী

তত ইতি। পরিবৃত উপদিষ্টঃ, বেদৈর্ব্বেদদানেন সৎকৃত আদৃতঃ ॥৭০॥

দত্ত্বেতি। পিতামহায় ব্রহ্মণে, লোকানাং বিসর্গিকীং সৃষ্টিবিষয়াম্ অগ্র্যাং শ্রেষ্ঠাং মতিং দত্ত্বা ॥৭১॥

তাবিতি। হয়শিরস্তনুম্ অশ্বমস্তকশরীরম্। প্রবৃত্তিধর্ম্মার্থং সাংসারিকধর্ম্মকরণার্থম্, তাং নারায়ণরূপাম্ ॥৭২॥

এবমিতি। পৌরাণং পুরাণোক্তম্। ঐশ্বরমীশ্বরকৃতম্ ॥৭৩॥

য ইতি। ধারয়ীত শ্রুত্বা মনসি দধ্যাৎ। অধ্যয়নং বেদাদীনাম্ ॥৭৪॥

তদনন্তর নারায়ণ বেদ সকল দান করিয়া আদর করিলে, ব্রহ্মা তাঁহারই উপদেশে স্থাবরজঙ্গমাত্মক সমস্ত জগৎ সৃষ্টি করিতে লাগিলেন ॥৭০॥

অশ্বশিরা নারায়ণ ব্রহ্মাকে লোকসৃষ্টিবিষয়ে উত্তম বুদ্ধি দান করিয়া, যে স্থান হইতে ঐ মূর্ত্তিতে আসিয়াছিলেন, সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥৭১॥

নারায়ণ অশ্বমস্তকশরীর ধারণপূর্ব্বক মধু ও কৈটভকে বধ করিয়া, পুনরায় সাংসারিক ধর্ম্ম করিবার জন্য সেই নারায়ণ মূর্ত্তিই ধারণ করিলেন ॥৭২॥

মহাত্মা নারায়ণ এই ভাবেই অশ্বশিরা হইয়াছিলেন; বরদাতা ও ঈশ্বর নারায়ণের এই রূপটী পুরাণে বিখ্যাত আছে ॥৭৩॥

যে ব্রাহ্মণ এই উপাখ্যান প্রত্যহ শ্রবণ করেন বা মনে রাখেন, তাঁহার অধ্যয়ন কখনও বিনষ্ট হয় না ॥৭৪॥

এতদ্ধয়শিরো রাজন্নাখ্যানং তব কীর্ত্তিতম্ ।
পুরাণং বেদসমিতং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥৭৬॥
যাং যামিচ্ছেত্তনুং দেবঃ কর্ত্তুং কার্য্যবিধৌ কচিৎ ।
তাং তাং কুর্য্যাদ্বিকুর্ব্বাণঃ স্বয়মাত্মানমাত্মনা ॥৭৭॥
এষ বেদনিধিঃ শ্রীমানেষ বৈ তপসো নিধিঃ ।
এষ যোগশ্চ সাংখ্যঞ্চ ব্রহ্ম চাগ্র্যং হরির্বিভুঃ ॥৭৮॥
নারায়ণপরা বেদা যজ্ঞা নারায়ণাত্মকাঃ ।
তপো নারায়ণপরং নারায়ণপরা গতিঃ ॥৭৯॥
নারায়ণপরং সত্যমৃতং নারায়ণাত্মকম্ ।
নারায়ণপরো ধর্ম্মঃ পুনরাবৃত্তিদুর্ল্লভঃ ॥৮০॥

ভারতকৌমুদী

আরাধ্যেতি। পঞ্চালেন তদাখ্যেন মুনিনা, ক্রমো নাম বেদভাগঃ, দেশিতে উপদিষ্টে ॥৭৫॥

এতদিতি। হয়শিরো হয়শিরোবিষয়কম্ বেদসমিতং বেদতুল্যম্ ॥৭৬॥

যামিতি। কার্য্যবিধৌ কর্ম্মকরণবিষয়ে। বিকুর্ব্বাণো বিকৃতং কুর্ব্বন্ ॥৭৭॥

এষ ইতি। যোগঃ সাংখ্যঞ্চ তদুভয়লভ্যঃ, অগ্র্যং পরং ব্রহ্ম ॥৭৮॥

নারেতি। নারায়ণ এব আত্মা স্বরূপং যেষাং তে, "যজ্ঞেন যজ্ঞমযজন্ত দেবাঃ" ইতি শ্রুতেঃ ॥৭৯॥

নারেতি। ঋতং ব্রহ্ম। পুনরাবৃত্তির্দুর্লভা যেন সঃ ॥৮০॥

পঞ্চালমুনি ভীষণ তপস্যা দ্বারা হয়শিরার আরাধনা করিয়া, তাঁহারই উপদিষ্ট পথে 'ক্রমনামক' বেদভাগ প্রাপ্ত হইয়াছিলেন ॥৭৫॥

রাজা! আপনি আমাকে যে বিষয়ে প্রশ্ন করিয়াছিলেন, এই আমি আপনার নিকট সেই বেদের তুল্য প্রাচীন হয়শিরার উপাখ্যান বলিলাম ॥৭৬॥

ভগবান্ নারায়ণ যে কোন কার্য্যের জন্য, যে যে মূর্ত্তি ধারণ করিবার ইচ্ছা করেন, তিনি নিজেই নিজকে বিকৃত করিয়া, নিজেই সেই সব মূর্ত্তি ধারণ করিতে পারেন ॥৭৭॥

এই নারায়ণ বেদের আশ্রয়, সর্ব্বসম্পদ্‌যুক্ত, তপস্যার আধার এবং ইনি সাংখ্য ও যোগলভ্য, পরব্রহ্ম, হরি ও সর্ব্বব্যাপী ॥৭৮॥

সমস্ত বেদ নারায়ণতৎপর, সকল যজ্ঞ নারায়ণস্বরূপ, নিখিল তপস্যা নারায়ণ বিষয়ে এবং নারায়ণই সকলের শেষ গতি ॥৭৯॥

সত্যের চরম লক্ষ্য নারায়ণ, পরব্রহ্ম নারায়ণস্বরূপ এবং নারায়ণবিষয়ক ধর্ম্ম হইলে আর সংসারে আসিতে হয় না ॥৮০॥

প্রবৃত্তিলক্ষণশ্চৈব ধর্ম্মো নারায়ণাত্মকঃ।
নারায়ণাত্মকো গন্ধো ভূমৌ শ্রেষ্ঠতমঃ স্মৃতঃ ॥৮১॥
অপাঞ্চাপি গুণা রাজন্ রসা নারায়ণাত্মকাঃ।
জ্যোতিষাঞ্চ পরং রূপং স্মৃতং নারায়ণাত্মকম্ ॥৮২॥
নারায়ণাত্মকশ্চাপি স্পর্শো বায়ুগুণঃ স্মৃতঃ।
নারায়ণাত্মকশ্চৈব শব্দ আকাশসম্ভবঃ ॥৮৩॥
মনশ্চাপি ততো ভূতমব্যক্তগুণলক্ষণম্।
নারায়ণপরঃ কালো জ্যোতিষাময়নঞ্চ যৎ ॥৮৪॥
নারায়ণপরা কীর্ত্তিঃ শ্রীশ্চ লক্ষ্মীশ্চ দেবতাঃ।
নারায়ণপরং সাংখ্যং যোগো নারায়ণাত্মকঃ ॥৮৫॥
কারণং পুরুষো হ্যেষাং প্রধানঞ্চাপি কারণম্।
স্বভাবশ্চৈব কর্ম্মাণি দৈবং যেষাঞ্চ কারণম্ ॥৮৬॥

ভারতকৌমুদী

প্রবৃত্তীতি। প্রবৃত্তিঃ স্বর্গাদিজননযত্ন এব লক্ষণং যস্য সঃ ॥৮১॥

অপামিতি। রসাঃ "রসো বৈ সঃ" ইতি শ্রুতেঃ ॥৮২॥

নারেতি। "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেরিতি ভাবঃ ॥৮৩॥

মন ইতি। ততো নারায়ণাৎ ভূতং জাতম্, অব্যক্তস্য প্রকৃতের্গুণাঃ সত্ত্বরজস্তমাংসি লক্ষণানি যস্য তৎ। জ্যোতিষাং জীবরূপতেজসাম্ যদয়নমাশ্রয়ঃ সোঽপি নারায়ণঃ ॥৮৪॥

নারেতি। শ্রীঃ শোভা, লক্ষ্মীঃ সম্পৎ, দেবতা ইন্দ্রাদয়ঃ ॥৮৫॥

কারণমিতি। মতান্তরেষু স্বভাবঃ, কর্ম্মাণি, দৈবঞ্চ যেষাং পদার্থানাং কারণম্, এষাং তেষাং পদার্থানাং সাংখ্যমতে এষ পুরুষঃ সাক্ষিভাবেন কারণম্, প্রধানং প্রকৃতিশ্চাপি উপাদানং কারণম্ ॥৮৬॥

প্রবৃত্তিধর্ম্মও নারায়ণস্বরূপ এবং ভূমির শ্রেষ্ঠগুণ নারায়ণস্বরূপ ॥৮১॥

রাজা! জলের গুণ রস নারায়ণস্বরূপ, তেজের গুণ রূপ নারায়ণস্বরূপ ॥৮২॥

বায়ুর গুণ স্পর্শ নারায়ণস্বরূপ এবং আকাশোৎপন্ন শব্দ নারায়ণস্বরূপ ॥৮৩॥

সাত্ত্বিক, রাজসিক ও তামসিক মন নারায়ণ হইতে উৎপন্ন, কাল নারায়ণস্বরূপ এবং জীবের যিনি আশ্রয় সেই ব্রহ্মও নারায়ণস্বরূপ ॥৮৪॥

কীর্ত্তি, শোভা, সম্পদ ও দেবগণ নারায়ণস্বরূপ, সাংখ্যজ্ঞান নারায়ণস্বরূপ এবং যোগ নারায়ণস্বরূপ ॥৮৫॥

অধিষ্ঠানং তথা কর্ত্তা কারণঞ্চ পৃথগ্‌বিধম্‌।
বিবিধা চ তথা চেষ্টা দৈবঞ্চৈবাত্র পঞ্চমম্‌ ॥৮৭॥
পঞ্চকারণসংখ্যাতো নিষ্ঠা সর্ব্বত্র বৈ হরিঃ।
তত্ত্বং জিজ্ঞাসমানানাং হেতুভিঃ সর্ব্বতোমুখৈঃ ॥৮৮॥
তত্ত্বমেকো মহাযোগী হরির্নারায়ণঃ প্রভুঃ।
ব্রহ্মাদীনাং সলোকানামৃষীণাঞ্চ মহাত্মনাম্‌ ॥৮৯॥
সাংখ্যানাং যোগিনাঞ্চৈব যতীনামাত্মবেদিনাম্‌।
মনীষিতং বিজানাতি কেশবো ন তু তস্য তে ॥৯০॥
যে কেচিৎ সর্বলোকেষু দৈবং পিত্র্যঞ্চ কুর্ব্বতে।
দানানি চ প্রযচ্ছন্তি তপ্যন্তে চ তপো মহৎ ॥৯১॥

ভারতকৌমুদী

অধীতি। চেষ্টা কর্ত্তুর্ব্যাপারঃ, অত্র সৃষ্টিমাত্রে দৈবঞ্চ পঞ্চমং কারণম ॥৮৭॥

পঞ্চেতি। তত্ত্বং যাথার্থ্যং জিজ্ঞাসমানানাং জ্ঞাতুমিচ্ছূনাং সম্বন্ধে সর্ব্বতোমুখৈঃ সর্ব্বপ্রকারৈঃ হেতুভির্যুক্তিভিঃ, সর্ব্বত্র সৃষ্টিমাত্রে হরিঃ পঞ্চকারণসংখ্যাত উক্তপঞ্চবিধকারণতয়া কথিতঃ,-নিষ্ঠা নাশহেতুরপি কথিতঃ ॥৮৮॥

তত্ত্বমিতি। মহাযোগী প্রভুশ্চ একো হরির্নারায়ণ এব, লোকৈঃ সৃষ্টজনৈঃ সহেতি তেষাং ব্রহ্মাদীনাং মহাত্মনামৃষীণাঞ্চ মধ্যে তত্ত্বং যথার্থং বস্তু, অনশ্বরত্বাৎ ॥৮৯॥

সাংখ্যানামিতি। মনীষিতমভিপ্রেতম্‌। তস্য কেশবস্য তু মনীষিতং তে সাংখ্যাদয়ো ন বিজানন্তি ॥৯০॥

বিভিন্ন মতে স্বভাব, কর্ম্ম ও দৈব যে সকল পদার্থের কারণ বলিয়া কথিত আছে; সাংখ্যমতে পুরুষ সাক্ষিরূপে সেইগুলির কারণ এবং প্রকৃতি সেগুলির উপাদান কারণ ॥৮৬।

অধিষ্ঠান, কর্ত্তা, নানাবিধ কারণ, কর্ত্তার বহুবিধ ব্যাপার এবং পঞ্চম দৈব এইগুলি পদার্থমাত্রেরই কারণ ॥৮৭॥

যাঁহারা তত্ত্ব জানিতে ইচ্ছা করেন, তাঁহাদের নিকটে সর্ব্বপ্রকার হেতুদ্বারা ইহাই বলা যায় যে, সমস্ত পদার্থবিষয়েই একমাত্র নারায়ণ উক্ত পঞ্চবিধ কারণ এবং তিনিই নাশের হেতু ॥৮৮॥

মহাযোগী ও প্রভাবশালী একমাত্র হরি নারায়ণই, সমস্ত লোকের সহিত ব্রহ্মা প্রভৃতির ও মহাত্মা ঋষিগণের মধ্যে যথার্থ বস্তু ॥৮৯॥

সাংখ্যজ্ঞানী, যোগী, ব্রহ্মচারী ও আত্মজ্ঞগণের অভিপ্রায় নারায়ণ জানেন; কিন্তু নারায়ণের অভিপ্রায় তাঁহারা জানেন না ॥৯০॥

সর্ব্বেষামাশ্রয়ো বিষ্ণুরৈশ্বরং বিধিমাস্থিতঃ।
সর্ব্বভূতকৃতাবাসো বাসুদেবেতি চোচ্যতে ॥৯২॥ (যুগ্মকম্)
অয়ং হি নিত্যঃ পরমো মহর্ষির্ম্মহাবিভূতির্গুণবর্জ্জিতাখ্যঃ।
গুণৈশ্চ সংযোগমুপৈতি শীঘ্রং কালো যথার্ত্তাবৃতুসংপ্রযুক্তঃ ॥৯৩॥
নৈবাস্য বিন্দন্তি গতিং মহাত্মনো ন চাগতিং কশ্চিদিহানুপশ্যতি।
জ্ঞানাত্মকাঃ সন্তি হি যে মহর্ষয়ঃ পশ্যন্তি নিত্যং পুরুষং গুণাধিকম্ ॥৯৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নারায়ণীয়ে একত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ * ॥০॥

ভারতকৌমুদী

য ইতি। দৈবং পূজাদিকম্, পিত্র্যং শ্রাদ্ধাদিকং কর্ম্ম। আশ্রয় উদ্দেশ্যম্, ঐশ্বরং বিধিম্ ঈশ্বরভাবম্। সর্ব্বেষু ভূতেষু প্রাণিষু কৃত আবাসো জীবরূপেণ স্থিতির্যেন সঃ ॥৯১—৯২॥

অয়মিতি। মহর্ষির্বদরিকাশ্রমে তপশ্চরণাৎ, মহতী বিভূতিরৈশ্বর্য্যং যস্য সঃ, নিরাকারত্বে গুণহীনঃ। ঋতুসংপ্রযুক্তঃ কালো যথা ঋতৌ বসন্তাদৌ কুত্রচিৎ পুষ্পাদিযুক্তঃ কুত্রচিচ্চ তদযুক্তঃ তথা অয়মপি নিরাকারত্বে গুণবর্জ্জিতাখ্যো গুণহীনঃ সাকারত্বে চ শীঘ্রং গুণৈঃ সংযোগমুপৈতি ॥৯৩॥

নেতি। অজ্ঞানিনঃ অস্য মহাত্মনো নারায়ণস্য গতিমবস্থাং নৈব বিন্দন্তি লভন্তে, কশ্চিদপ্যজ্ঞানী অস্যাগতিং অস্তর্ধানাদিকং নানুপশ্যতি। । যে তু জ্ঞানমাত্মনি যেষাং তে তাদৃশঃ মহর্ষয়ঃ সন্তি তে নিত্যং গুণৈঃ প্রভাবৈরধিকং পুরুষং নারায়ণং পশ্যন্তি ॥৯৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে একত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ইত্যর্থঃ ॥৪৪॥ যতো বেদচক্ষুরহমতো বয়োঽতিগঃ কালজিৎ। অধ্যায়শেষঃ স্পষ্টার্থঃ ॥৪৫—৯৪॥
ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩৩১॥

ত্রিভুবনে যে কোন লোক দেবকার্য্য ও পিতৃকার্য্য করে, দান করে বা গুরুতর তপস্যা করে, জীবরূপে সকলপ্রাণিস্থিত ও ঈশ্বরভাবসম্পন্ন নারায়ণ, সেই সমস্ত কার্য্যেরই উদ্দেশ্য এবং তাঁহাকেই বাসুদেব বলা হয় ॥৯১—৯২॥

এই নারায়ণ অবিনশ্বর পরম মহর্ষি ও মহাবিভূতিসম্পন্ন এবং ঋতুযুক্ত কাল যেমন বিভিন্ন ঋতুতে বিভিন্নরূপ ধারণ করে, তেমন ইনিও সাকার অবস্থায় সত্বর গুণযুক্ত হন, আবার নিরাকার অবস্থায় গুণহীন হইয়া থাকেন ॥৯৩॥

---

* '…সপ্তচত্বারিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '…সপ্তপঞ্চাশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ'—নি।

দ্বাত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—ঃঃ—

জনমেজয় উবাচ।

অহো হ্যেকান্তিনঃ সর্বান্ প্রীণাতি ভগবান্ হরিঃ।
বিধিপ্রযুক্তাং পূজাঞ্চ গৃহ্লাতি ভগবান্ স্বয়ম্ ॥১॥
যে তু দগ্ধেন্ধনা লোকে পুণ্যপাপবিবর্জ্জিতাঃ।
তেষাং ত্বয়াভিনির্দ্দিষ্টা পারম্পর্য্যাগতা গতিঃ ॥২॥
চতুর্থ্যাঞ্চৈব তে গত্যাং গচ্ছন্তি পুরুষোত্তমম্।
একান্তিনস্তু পুরুষো গচ্ছন্তি পরমং পদম্ ॥৩॥

ভারতকৌমুদী

অহো ইতি। একান্তিন একাগ্রভক্তান্। বিধিপ্রযুক্তাং যথাবিধিকৃতাম্ ॥১॥

য ইতি। দগ্ধানি জ্ঞানাগ্নিনা প্লুষ্টানি ইন্ধনানি পুণ্যপাপানি যেষাং তে। পারম্পর্য্যাগতা প্রথমং স্বর্গঃ পরং ব্রহ্মলোকস্তৎপরঞ্চ বৈকুণ্ঠলোক ইতি ক্রমেণ প্রাপ্তা ॥২॥

চতুর্থ্যামিতি। উক্তক্রমেণ তিস্রো গতীরতিক্রম্য চতুর্থ্যাং গত্যাং পুরুষোত্তমং গচ্ছন্তি তদভিন্না ভবন্তি। ইত্যেবং ক্রমেণ একান্তিন একান্তভক্তাঃ পুরুষাঃ পরমং পদং গচ্ছন্তি ॥৩॥

ভারতভাবদীপঃ

যান্যেতানি ব্রহ্মণঃ সপ্ত জন্মান্যুক্তানি মানসং চাক্ষুসং বাচিকং শ্রাবণং নাসত্যমণ্ডজং পাদ্মং চেতি তান্যেব পরব্রহ্মণঃ স্বরূপাণি, তেষামেকোপাস্তিস্তুতিদ্বারা চরমস্তুতমেহয়মধ্যায় আরভ্যতে—অহো হ্যেকান্তিন ইত্যাদি। সর্ব্বান্ সপ্তবিধব্রহ্মণো ব্যস্তোপাসকান্ সমস্তোপাসকাংশ্চ ॥১॥ দগ্ধেন্ধনা নষ্টবাসনাঃ, পারম্পর্য্যাগতা গুরুসম্প্রদায়াগতা, গতির্জ্ঞানম্ ॥২॥ চতুর্থ্যাম্ অনিরুদ্ধ

....

অজ্ঞানী লোকেরা এই মহাত্মার অবস্থা লাভ করিতে পারে না, কিংবা কোন অজ্ঞানী লোকই ইঁহার অন্তর্ধ্যানাদি দেখিতে পায় না; কিন্তু জ্ঞানী যে সকল মহর্ষি আছেন, তাঁহারাই সর্ব্বদা সর্ব্বাধিকগুণসম্পন্ন নারায়ণকে দেখিতে পান ॥৭৪॥

—ঃ০ঃ—

জনমেজয় বলিলেন—'কি আশ্চর্য্য! ভগবান্ নারায়ণ একান্ত ভক্ত সকলকেই সন্তুষ্ট করেন এবং সেই ভগবান্ স্বয়ং যথাবিধানে সেই একান্ত ভক্তকৃত পূজা গ্রহণ করিয়া থাকেন ॥১॥

জগতে যাঁহারা জ্ঞানাগ্নিদ্বারা পুণ্যপাপরূপ কাষ্ঠ দগ্ধ করিয়া পুণ্যপাপবর্জ্জিত হইয়া যান, আপনি তাঁহাদের পরম্পরাপ্রাপ্ত গতির কথা বলিয়াছেন ॥২॥

নূনমেকান্তধর্ম্মোঽয়ং শ্রেষ্ঠো নারায়ণপ্রিয়ঃ।
অগত্বাগতয়স্তিস্রো যদ্গচ্ছন্ত্যব্যয়ং হরিম্ ॥৪॥
সহোপনিষদান্ বেদান্ যে বিপ্রাঃ সম্যগাস্থিতাঃ।
পঠন্তি বিধিমাস্থায় যে চাপি যতিধর্ম্মিণঃ ॥৫॥
তেভ্যো বিশিষ্টং জানামি গতিমেকান্তিনাং নৃণাম্।
কেনৈষ ধর্ম্মঃ কথিতো দেবেন ঋষিণাপি বা ॥৬॥ (যুগ্মকম্)
একান্তিনাঞ্চ কা চর্য্যা কদা চোৎপাদিতা বিভো!।
এতন্মে সংশয়ং ছিন্ধি পরং কৌতূহলং হি মে ॥৭॥

ভারতকৌমুদী

ভক্তেরসাধারণৈকান্তিকত্বে ফলমাহ নূনমিতি। তিস্রো গতয়ঃ গতীঃ, অগত্বা অপ্রাপ্য তাদৃশ একান্তভক্তঃ, যদ্যস্মাৎ সহসৈব অব্যয়ং হরিং গচ্ছতি ॥৪॥

সহেতি। উপনিষদ্ভিঃ সহেতি সহোপনিষদাস্তান্। অদন্তত্বমার্ষম্। সম্যগ্ বিধানম্। বিধিং ব্রহ্মচর্য্যাদিনিয়মম্। বিশিষ্টামুৎকৃষ্টাম্ ॥৫—৬॥

একেতি। চর্য্যা আচারঃ, উৎপাদিতা সা চর্য্যা ॥৭॥

ভারতভাবদীপঃ

প্রত্যুম্নসঙ্কর্ষণানপেক্ষ্য চতুর্থ্যাং বাসুদেবাখ্যায়াম্। হরিভক্তানাং বিশেষমাহ—একান্তিনস্থিতি। একান্তিনো নিষ্কামভক্তাঃ ॥৩॥ গতয়ঃ গতীঃ, অনিরুদ্ধাদীংস্ত্রীনপ্যপাস্যৈব বাসুদেবং গচ্ছন্তী-

---

সেই একান্ত ভক্ত পুরুষেরা চতুর্থ গতিতে নারায়ণকে লাভ করেন, এই ভাবে তাঁহারা পরম্পদ প্রাপ্ত হইয়া থাকেন ॥৩॥

আবার অসাধারণ এই একান্ত ভক্তিধর্ম্ম নিশ্চয়ই শ্রেষ্ঠ ও নারায়ণের প্রিয়; যেহেতু সেইরূপ মহাত্মা পূর্ব্বোক্ত তিনটী গতি প্রাপ্ত না হইয়া, একেবারে অবিনশ্বর নারায়ণকে লাভ করেন ॥৪॥

যে সকল ব্রাহ্মণ সমীচীন বিধান অবলম্বন করিয়া উপনিষদের সহিত বেদ পাঠ করেন, কিংবা যাঁহারা শাস্ত্রনির্দ্দিষ্ট নিয়ম অবলম্বন করিয়া সন্ন্যাসী হন; তাঁহাদের অপেক্ষাও একান্ত ভক্ত মনুষ্যগণের উৎকৃষ্ট গতি হয়, ইহা আমি জানি। এই ধর্ম্মটী কোন্ দেবতা বা কোন্ ঋষি বলিয়াছেন? ॥৫—৬॥

প্রভাবশালী মহর্ষি! একান্ত ভক্তগণের কি প্রকার আচার এবং তাহা কোন্ সময়ে উৎপাদন করা হইয়াছিল; আমার অত্যন্ত কৌতুক জন্মিয়াছে; অতএব আপনি আমার এই সংশয় ছেদন করুন ॥৭॥

বৈশম্পায়ন উবাচ।

সমুপোঢ়েম্বনীকেষু কুরুপাণ্ডবয়োর্ম্মৃধে।
অর্জ্জুনে বিমনস্কে চ গীতা ভগবতা স্বয়ম্ ॥৮॥
অগতিশ্চ গতিশ্চৈব পূর্ব্বং তে কথিতা ময়া।
গহনো হ্যেষ ধর্ম্মো বৈ দুর্ব্বিজ্ঞেয়োঽকৃতাত্মভিঃ ॥৯॥
সম্মিতঃ সামবেদেন পুরৈবাদিযুগে কৃতঃ।
ধার্য্যতে স্বয়মীশেন রাজন্! নারায়ণেন চ ॥১০॥
এতদর্থং মহারাজ! পৃষ্টঃ পার্থেন নারদঃ।
ঋষিমধ্যে মহাভাগঃ শৃণ্বতোঃ কৃষ্ণভীষ্ময়োঃ ॥১১॥

ভারতকৌমুদী

সমিতি। সমুপোঢ়েষু সন্নিবেশিতেষু, মৃধে যুদ্ধে। বিমনস্কে আত্মীয়ানাং হন্তব্যতয়া যুদ্ধান্নি বর্ত্তিতুমিচ্ছৌ সতি, গীতা সা চর্য্যা কথিতা ॥৮॥

অগতিরিতি। অগতির্ভগবতঃ অপ্রাপ্তিঃ, গতিঃ প্রাপ্তিশ্চ। অকৃতাত্মভিঃ অবিহিতশমদমা দ্যর্জ্জনযত্নৈঃ ॥৯॥

সম্মিত ইতি। সামবেদেন সম্মিতস্তুল্যঃ কৃত এষ ধর্ম্মঃ ॥১০॥

এতদিতি। পার্থেন যুধিষ্ঠিরেণ। ‘প্রচ্ছির্দ্বিকর্ম্মকঃ’ ॥১১॥

ভারতভাবদীপঃ

ত্যর্থঃ ॥৪॥ জাপকেভ্যোঽপি ভক্তানাং শ্রেষ্ঠাং গতিমাহ—সহেতি ॥৫—৮॥ অগতির্গতিশূন্যো জ্ঞানধর্ম্মঃ, গতির্গতিমানুপাসনাধর্ম্মঃ ॥৯॥ সামবেদেন সম্মিতঃ সামবেদোক্তং তত্ত্বমসীতি বাক্যং যথাধিকারিণঃ সদ্যোজ্ঞানজনকমেবং বৈষ্ণবধর্ম্মোঽপি শমাদিমতাং সদ্যঃকৈবল্যহেতুরিত্যর্থঃ। তথা চ যোগশাস্ত্রে তীব্রবৈরাগ্যবতামাসন্নং সমাধিলাভং প্রস্তুত্য “মৃদুমধ্যাতিমাত্রত্বাত্ততোঽপি বিশেষঃ” ইতি মৃদুতীব্রমধ্যতীব্রাতিমাত্রতীব্রবৈরাগ্যবতামাসন্ন আসন্নতর আসন্নতমঃ সমাধিলাভ

বৈশম্পায়ন বলিলেন—কুরুপাণ্ডবের যুদ্ধে উভয়পক্ষের সৈন্য সন্নিবেশিত হইলে এবং অর্জ্জুন যুদ্ধ করিতে অনিচ্ছুক হইয়া পড়িলে, স্বয়ং ভগবান্ কৃষ্ণ এই আচার বলিয়াছিলেন ॥৮॥

আমি পূর্ব্বে আপনার নিকটে ভগবানের প্রাপ্তি ও অপ্রাপ্তির বিষয় বলিয়াছি; অশিক্ষিত লোকের পক্ষে এই ধর্ম্ম দুরূহ ও দুর্ব্বিজ্ঞেয় ॥৯॥

রাজা! পূর্ব্বে সত্যযুগে এই ধর্ম্ম উৎপাদন করা হইয়াছিল, ইহা সামবেদের তুল্য এবং স্বয়ং মহাদেব ও নারায়ণ, এই ধর্ম্ম ধারণ করেন ॥১০॥

মহারাজ! ঋষিগণের মধ্যে এবং কৃষ্ণ ও ভীষ্মের সমক্ষে, যুধিষ্ঠির মহাত্মা নারদের নিকট এই বিষয় প্রশ্ন করিয়াছিলেন ॥১১॥

গুরুণা চ মমাপ্যেষ কথিতো নৃপসত্তম !।
যথা তৎ কথিতং তত্র নারদেন তথা শৃণু ॥১২॥
যদাসীন্মানসং জন্ম নারায়ণমুখোদ্‌গতম্।
ব্রহ্মণঃ পৃথিবীপাল ! তদা নারায়ণঃ স্বয়ম্ ॥১৩॥
তেন ধর্ম্মেণ কৃতবান্ দৈবং পিত্র্যঞ্চ ভারত !।
ফেনপা ঋষয়শ্চৈব তং ধর্ম্মং প্রতিপেদিরে ॥১৪॥ (যুগ্মকম্)
বৈখানসাঃ ফেনপেভ্যো ধর্ম্মমেতং প্রপেদিরে।
বৈখানসেভ্যঃ সোমস্তু ততঃ সোঽন্তর্দ্দধে পুনঃ ॥১৫॥

ভারতকৌমুদী

গুরুণেতি। গুরুণা বেদব্যাসেন, এষ ধর্ম্মঃ ॥১২॥

যদেতি। মানসং নারায়ণস্যৈব সঙ্কল্পজাতম্, দৈবং পৈত্র্যঞ্চ কর্ম্ম ॥১৩—১৪॥

ভারতভাবদীপঃ

ইত্যুক্তা "ঈশ্বরপ্রণিধানাদ্বেতীশ্বরপ্রণিধানস্য সর্ব্বাধিক্যমুচ্যতে। ঈশেন মহাদেবেন ॥১০—১২॥ যদাসীদিতি। অত্র মানসাদীনাং সপ্তানাং পূর্ব্বপূর্ব্বস্মিন্নুত্তরেষাং সর্ব্বেষামনুগমোঽস্তি ন তূত্তরস্মিন্নুত্তরস্মিন্ পূর্ব্বপূর্ব্বস্য; কারণং হি কার্য্যেঽনুগতং ন তু কার্য্যস্য কারণেঽনুগমোঽস্তীতি প্রসিদ্ধং লোকে। তত্র মানসং নাম স্থূলং সমিৎকুশাজ্যগন্ধপুষ্পধূপদীপাদ্যুপকরণং শালগ্রাম ব্রাহ্মণাদিপ্রতিমালম্বনং দৈবং পিত্র্যঞ্চ ধর্ম্মং নারায়ণেনোপদিষ্টং ফেনপাদয়োঽনুবর্ত্তন্তে ইতি শ্লোকত্রয়ার্থঃ। অয়ং ভাবঃ—অগ্ন্যর্কতোয়শালগ্রামপ্রতিমাদিষু স্থূলালম্বনেষ্বৈকাগ্র্যেণাদরনৈরন্তর্য্য-দীর্ঘকালোপোদ্বলিতাং দৃষ্টিং দধ্যোপাসীনস্যাগ্ন্যাদীনাং চেতনং রূপং দৃষ্টিগোচরং ভবতি। তত্র হি জড়মধ্যস্তং রজ্জ্বামিব সর্পঃ, স যথা চিরং নিরীক্ষ্যমাণো লীয়তে রজ্জুশ্চ প্রকাশতে তদ্বদিহাপ্যগ্ন্যাদীনাং তীব্রাভিনিবেশেন নিরীক্ষ্যমাণানাং জাড্যং লীয়তে চৈতন্যঞ্চ প্রকাশতে। সেয়ং মহাবিদেহা নাম ধারণা যাং প্রকৃত্যোক্তং যোগসূত্রকৃতা—"বহিরকল্পিতা বৃত্তির্মহাবিদেহা ততঃ প্রকাশাবরণক্ষয়" ইতি। দেহবিস্মরণে সতি যা বাহ্যাকারাবৃত্তিঃ সা অকল্পিতা অন্যা কল্পিতা। অন্যাং সিদ্ধায়ামেব প্রতিমাদীনাং জাড্যং তিরোধীয়তে নান্যথা; তদ্বদনন্তে চৈতন্যে পরিচ্ছেদোঽধ্যস্তস্তৈবেক্ষণেন প্রবিলাপনীয়স্তেন তদীয়মানন্ত্যং প্রকাশতে। যৎ কৃষ্ণশরীরে যশোদয়ার্জ্জুনেন

রাজশ্রেষ্ঠ ! আমার গুরু বেদব্যাসও এই ধর্ম্ম বলিয়াছেন। নারদ সেইস্থানে যেরূপ ধর্ম্ম বলিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুন ॥১২॥

ভরতনন্দন রাজা ! নারায়ণের মুখ হইতে যখন ব্রহ্মার মানস জন্ম হইয়াছিল, তখন স্বয়ং নারায়ণ সেই ধর্ম্ম অনুসারে দেবকার্য্য ও পিতৃকার্য্য করিয়াছিলেন। তাহার পর ফেনপায়ী ঋষিরা সেই ধর্ম্ম লাভ করেন ॥১৩—১৪॥

(১৫) ধর্ম্মং তং প্রতিপেদিরে…বঙ্গ নি।

যদাসীচ্চাক্ষুষং জন্ম দ্বিতীয়ং ব্রহ্মণো নৃপ ।
তদা পিতামহেনৈব সোমাদ্ধর্ম্মঃ পরিশ্রুতঃ ॥১৬॥
নারায়ণাত্মকো রাজন্ ! রুদ্রায় প্রদদৌ চ তম্ ।
ততো যোগস্থিতো রুদ্রঃ পুরা কৃতযুগে নৃপ ! ॥১৭॥
বালখিল্যান্ ঋষীন্ সর্বান্ ধর্ম্মমেনমপাঠয়ৎ ।
অন্তর্দ্দধে ততো ভূয়স্তস্য দেবস্য মায়য়া ॥১৮॥ (যুগ্মকম্)
তৃতীয়ং ব্রহ্মণো জন্ম যদাসীদ্বাচিকং মহৎ ।
তত্রৈষ ধর্ম্মঃ সম্ভূতঃ স্বয়ং নারায়ণান্ নৃপ ! ॥১৯॥

ভারতকৌমুদী

বৈখেতি। বৈখানসা বনবাসিনঃ, প্রাপোদিরে প্রাপুঃ ॥১৫॥
যদেতি। চাক্ষুষং নারায়ণস্য চক্ষুষ উৎপন্নম্। পিতামহেন ব্রহ্মণা ॥১৬॥
নারেতি। নারায়ণাত্মকো ব্রহ্মা। তং ধর্ম্মম্। অন্তর্দ্দধে স ধর্ম্মঃ, তস্য রুদ্রস্য ॥১৭—১৮॥
তৃতীয়মিতি। বাচিকং নারায়ণবচনাদুৎপন্নম ॥১৯॥

ভারতভাবদীপঃ

চ দৃষ্টং তস্যাপি সবিশেষত্বমেব প্রাবল্যাৎ নির্ব্বিশেষচিন্মাত্রাত্মনা তিষ্ঠেদিতি ॥১৩—১৫॥ যদাসীচ্চাক্ষুষমিতি। চাক্ষুষং চক্ষুর্গ্রাহ্যং তেজঃ সূর্য্যাদিরশ্মিরূপম্, তত্র নিবিড়তরশুক্লভাস্বরান্ধকারকল্পে প্রত্যস্তমিতসমস্তবিশেষরূপে দৃষ্টিং ধারয়তোঽপি পূর্বসন্দেহবিস্মরণে সতি তত্রৈব বিশ্বরূপং প্রকাশতে। ততশ্চিন্মাত্রমিতি দ্বিতীয়ো যোগপ্রকারঃ। এতৌ দ্বৌ বাহ্যালম্বনৌ যোগৌ ॥১৬—১৮॥ আন্তরালম্বনং তৃতীয়মাহ—তৃতীয়মিতি। বাচিকং বাঙ্‌নির্ব্বর্ত্যং মন্ত্রার্থচিন্তনপূর্বকং জপম্, তত্রাপি মাতৃকাস্মরণমতীত্য মন্ত্রার্থমাত্রং ধ্যায়তস্তদাকারায়াং চিত্তবৃত্তৌ পুনঃ

পরে বনবাসী ঋষিরা সেই ফেণপায়ী ঋষিগণের নিকট এই ধর্ম্ম প্রাপ্ত হন ; তদনন্তর চন্দ্র সেই বনবাসিগণের নিকট এই ধর্ম্ম পাইয়াছিলেন ; তৎপরে আবার এই ধর্ম্ম অন্তর্হিত হয় ॥১৫॥

রাজা ! যখন ব্রহ্মার দ্বিতীয় চাক্ষুষ জন্ম হইয়াছিল ; তখন ব্রহ্মাই চন্দ্রের নিকট এই ধর্ম্ম শ্রবণ করেন ॥১৬॥

রাজা ! নারায়ণস্বরূপ ব্রহ্মা রুদ্রকে সেই ধর্ম্ম দান করেন। নরনাথ ! তাহার পর পূর্ব্বকালে সত্যযুগে যোগী রুদ্র সমস্ত বালখিল্যঋষিকে এই ধর্ম্ম পড়াইয়াছিলেন। তাহার পর আবার সেই রুদ্রদেবের মায়ায় এই ধর্ম্ম অন্তর্হিত হয় ॥১৭—১৮॥

নরনাথ ! যখন নারায়ণের বাক্য হইতে ব্রহ্মার তৃতীয় মহাজন্ম হইয়াছিল, তখন স্বয়ং নারায়ণ হইতে পুনরায় এই ধর্ম্ম উৎপন্ন হয় ॥১৯॥

সুপর্ণো নাম তমৃষিঃ প্রাপ্তবান্ পুরুষোত্তমাৎ।
তপসা বৈ সুতপ্তেন দমেন নিয়মেন চ ॥২০॥
ত্রিঃ পরিক্রান্তবানেতৎ সুপর্ণো ধর্ম্মমুত্তমম্।
যস্মাত্তস্মাদ্ব্রতং হ্যেতৎ ত্রিসৌপর্ণমিহোচ্যতে ॥২১॥
ঋগ্‌বেদপাঠপঠিতং ব্রতমেতদ্ধি দুশ্চরম্।
সুপর্ণাচ্চাপ্যধিগতো ধর্ম্ম এষ সনাতনঃ ॥২২॥
বায়ুনা দ্বিপদাং শ্রেষ্ঠ! কথিতো জগদায়ুষা।
বায়োঃ সকাশাৎ প্রাপ্তশ্চ ঋষিভির্বিঘসাশিভিঃ ॥২৩॥ (যুগ্মকম্)
ততো মহোদধিশ্চৈব প্রাপ্তবান্ ধর্ম্মমুত্তমম্।
অন্তর্দধে ততো ভূয়ো নারায়ণসমাহিতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

সুপর্ণ ইতি। দমেন ইন্দ্রিয়দমনেন, নিয়মেন উপবাসাদিনা ॥২০॥

ত্রিরিতি। ত্রিঃ পরিক্রান্তবান্ প্রত্যহং ত্রিবারং পঠিতবান্ ॥২১॥

ঋগ্‌বেদেতি। ঋগ্‌বেদপাঠবৎ পঠিতম্ কথিতং হে দ্বিপদাং শ্রেষ্ঠ মনুষ্যপ্রধান! জগতাম্ আয়ুষা আয়ুষ্কারিণা বায়ুনাদি চ সুপর্ণেন কথিত এষ সনাতনো ধর্ম্মঃ সুপর্ণাদধিগতঃ প্রাপ্তঃ। বিঘসাশিভির্যজ্ঞশেষভোজিভিশ্চ ঋষিভিঃ, বায়োঃ সকাশাদেষ ধর্ম্মঃ প্রাপ্তঃ ॥২২—২৩॥

তত ইতি। অন্তর্হিত্বা ভূয়ো নারায়ণে সমাহিতঃ স্থিতোঽভূদেষ ধর্ম্মঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

পূর্ব্ববদ্বেশ্বরূপ্যাদিগমদ্বারা চিন্মাত্রেণাবস্থানম্ ॥১৯—২০॥ ত্রিঃ পরিক্রান্তবান্ ত্রিরাবর্ত্তিতবান্, প্রত্যহমিতি শেষঃ ॥২১॥ ঋগ্বেদপাঠপঠিতং ত্রিসৌপর্ণং "চতুষ্কপর্দ্দা যুবতিঃ সুপেশা" ইত্যাদি

তৎকালে সুপর্ণনামে এক ঋষি সুন্দররূপে অনুষ্ঠিত তপস্যা, ইন্দ্রিয়দমন ও নিয়মপালনদ্বারা, নারায়ণ হইতে সেই ধর্ম্ম পাইয়াছিলেন ॥২০॥

সুপর্ণ ঋষি এই উত্তম ধর্ম্ম যেহেতু প্রত্যহ তিনবার পাঠ করিতেন, সেই হেতু এই ধর্ম্মকে ত্রিসৌপর্ণ বলা হয় ॥২১॥

মনুষ্যশ্রেষ্ঠ! এই দুষ্কর ব্রত ঋগ্‌বেদপাঠের ন্যায় কথিত হইয়া থাকে। জগতের আয়ুর কারণ বায়ু এই সনাতন ধর্ম্ম সুপর্ণ ঋষির নিকট প্রাপ্ত হন; আবার যজ্ঞশেষভোজী ঋষিরা বায়ুর নিকট প্রাপ্ত হইয়াছিলেন ॥২২—২৩॥

পরে মহাসমুদ্র সেই ঋষিগণের নিকট হইতে এই উত্তম ধর্ম্ম পাইয়াছিলেন;

যদা ভূয়ঃ শ্রবণজা সৃষ্টিরাসীন্মহাত্মনঃ।
ব্রহ্মণঃ পুরুষব্যাঘ্র! তত্র কীর্ত্তয়তঃ শৃণু ॥২৫॥
জগৎ স্রষ্টুমনা দেবো হরির্নারায়ণঃ স্বয়ম্।
চিন্তয়ামাস পুরুষং জগৎসর্গকরং প্রভুম্ ॥২৬॥
অথ চিন্তয়তস্তস্য কর্ণাভ্যাং পুরুষঃ স্মৃতঃ।
প্রজাসর্গকরো ব্রহ্মা তমুবাচ জগৎপতিঃ ॥২৭॥
সৃজ প্রজাঃ পুত্র! সর্বা মুখতঃ পাদতস্তথা।
শ্রেয়স্তব বিধাস্যামি বলং তেজশ্চ সুব্রত! ॥২৮॥
ধর্ম্মঞ্চ মত্তো গৃহ্ণীষ্ব সাত্বতং নাম নামতঃ।
তেন সৃষ্টং কৃতযুগং স্থাপয়স্ব যথাবিধি ॥২৯॥

ভারতকৌমুদী

যদেতি। শ্রবণজা নারায়ণকর্ণাজ্জাতা। কীর্ত্তয়তো বদতো মৎসকাশাৎ ॥২৫॥

জগদিতি। জগতঃ সর্গকরং সৃষ্টিকারিণং ব্রহ্মাণম্ ॥২৬॥

অথেতি। স্মৃত উৎপন্নতয়া। জগৎপতির্নারায়ণঃ ॥২৭॥

সৃজেতি। হে পুত্র ব্রহ্মন্!। মুখতঃ পাদত ইতি সন্দংশপাতন্যায়েন বাহুত উরুতশ্চেতি লভ্যতে ॥২৮॥

ধর্ম্মমিতি। সাত্বতং সত্বগুণময়ম্। ইত্যর্থে পৃষোদরাদিত্বান্নিপাতঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

সুপর্ণলিঙ্গকং মন্ত্রত্রয়ম্ ॥২২—২৪॥ যদা ভূয় ইতি। শ্রবণজা অনাহতধ্বনিরূপা। এতদেব নাদব্রহ্ম, হংসোপনিষৎপ্রসিদ্ধম্ ॥২৫—২৬॥ তদুপাসনাজ্জগৎসৃষ্ট্যাদিসামর্থ্যং ভবতীত্যাহ—

তাহার পরে এই ধর্ম্ম আবার অন্তর্হিত হইয়াছিল এবং নারায়ণে যাইয়া রহিয়াছিল ॥২৪॥

পুরুষশ্রেষ্ঠ! আবার যখন নারায়ণের কর্ণযুগল হইতে মহাত্মা ব্রহ্মার সৃষ্টি হইয়াছিল; সেই সময়ের কথা আমি বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥২৫॥

হরি নারায়ণদেব জগৎ সৃষ্টি করিবার ইচ্ছা করিয়া, নিজেই প্রভাবশালী জগতের সৃষ্টিকারী ব্রহ্মাকে চিন্তা করিলেন ॥২৬॥

তাহার পর উক্তরূপ চিন্তাকারী নারায়ণের কর্ণযুগল হইতে লোকসৃষ্টিকারী ব্রহ্মা উৎপন্ন হইলেন; তখন জগদীশ্বর নারায়ণ তাঁহাকে বলিলেন—॥২৭॥

'সুব্রত পুত্র! তুমি তোমার মুখ, বাহু, উরু ও চরণ হইতে সমস্ত লোক সৃষ্টি কর; আমি তোমার মঙ্গল, বল ও তেজ বিধান করিব ॥২৮॥

ততো ব্রহ্মা নমশ্চক্রে দেবায় হরিমেধসে।
ধর্ম্মঞ্চাগ্র্যং সজগ্রাহ সরহস্যং সসংগ্রহম্ ॥৩০॥
আরণ্যকেন সহিতং নারায়ণমুখোদ্ভবম্।
উপদিশ্য ততো ধর্ম্মং ব্রহ্মণেঽমিততেজসে ॥৩১॥
ত্বং কর্ত্তা যুগধর্ম্মাণাং নিরাশীঃ কর্ম্মসংজ্ঞিতম্।
জগাম তমসঃ পারং যত্রাব্যক্তং ব্যবস্থিতম্ ॥৩২॥ (বিশেষকম্)
ততোঽথ বরদো দেবো ব্রহ্মা লোকপিতামহঃ।
অসৃজৎ স ততো লোকান্ কৃৎস্নান্ স্থাবরজঙ্গমান্ ॥৩৩॥
ততঃ প্রাবর্ত্তত তদা আদৌ কৃতযুগং শুভম্।
ততো হি সাত্বতো ধর্ম্মো ব্যাপ্য লোকানবস্থিতঃ ॥৩৪॥
তেনৈবাদ্যেন ধর্ম্মেণ ব্রহ্মা লোকবিসর্গকৃৎ।
পূজয়ামাস দেবেশং হরিং নারায়ণং প্রভুম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

তত ইতি। হরিমেধসে নারায়ণায়। রহস্যেন মন্ত্রেণ সহেতি সরহস্যস্তম্, সংগ্রহেণ বিধিনা চ সহেতি সসংগ্রহস্তম্। আরণ্যকেন তদাখ্যয়া উপনিষদা অমিততেজসে ব্রহ্মণে কর্ম্মসংজ্ঞিতং ধর্ম্মম্ উপদিশ্য ত্বং ব্রহ্মা নিরাশীর্নিষ্কামো ভূত্বা যুগধর্ম্মাণাং কর্ত্তা ভবেতি উপদিশ্য চ, যত্র অব্যক্তং প্রধানং ব্যবস্থিতং তত্তমসঃ পারং বিশুদ্ধসত্ত্বং স্থানং জগাম ॥৩০—৩২॥

তত ইতি। লোকানাং প্রজাপতীনাং কশ্যপাদীনাং পিতামহঃ ॥৩৩॥

তত ইতি। কৃতযুগং সত্যযুগম্। সাত্বতঃ সত্ত্বগুণময়ঃ ॥৩৪॥

আমার নিকট হইতে 'সাত্বত' নামক ধর্ম্ম গ্রহণ কর এবং সেই ধর্ম্মানুসারে ও যথাবিধানে, নিজসৃষ্ট সত্যযুগ স্থাপন কর ॥২৯॥

তাহার পর ব্রহ্মা নারায়ণদেবকে নমস্কার করিলেন এবং তাঁহার মুখ হইতে নির্গত বিধি, মন্ত্র ও উপনিষদের সহিত শ্রেষ্ঠ ধর্ম্ম গ্রহণ করিলেন। তদনন্তর তিনি অমিততেজা ব্রহ্মাকে সেই কর্ম্মনামক ধর্ম্ম উপদেশ দিয়া এবং তুমি নিষ্কাম হইয়া যুগধর্ম্ম সকল প্রবর্ত্তন কর' এইরূপ আদেশ করিয়া, যেস্থানে প্রকৃতি রহিয়াছেন, সেই তমোগুণাতীত শুদ্ধ সত্ত্বময়স্থানে গমন করিলেন ॥৩০—৩২॥

তাহার পর বরদাতা ও লোকপিতামহ ব্রহ্মা, স্থাবরজঙ্গমাত্মক সমস্ত জগৎ সৃষ্টি করিলেন ॥৩৩॥

